الإِقْتِرَاض مِنْ : ঋণ গ্রহণ করা। ধার নেওয়া। কর্জ নেওয়া।

اِقْتِرَاف الذَّنْب : অপরাধে লিপ্ত হওয়া।

اِقْتِرَاف المَرَض : রোগের নিকটবর্তী হওয়া।

اِقْتِرَاء الضَّيْف : আতিথেয়তা করা। মেহমানদারি করা।

الإِقْتِسَار عَلَى الأَمْر : বাধ্য করা। বলপ্রয়োগ করা। জবরদস্তি করা।

الإِقْتِسَام : নিজেদের মধ্যে ভাগাভাগি করা। বণ্টন করা।

اِقْتِسَام الأَرْبَاح : মুনাফা বণ্টন করা।

الإِقْتِصَاد فِي : ১. মধ্যপন্থা। ২. পরিমিত ব্যয়। মিতব্যয়। ৩. অর্থনীতি। ৪. সঞ্চয়। সেভিং।

الإِقْتِصَاد الرَّأْسَمَالِيّ : পুঁজিবাদী অর্থনীতি।

الإِقْتِصَاد السَّاكِن : জমাট অর্থনীতি। অপরিবর্তনীয় অর্থনৈতিক অবস্থা।

الإِقْتِصَادُ غَيْر المُتَغَيِّر : অপরিবর্তনীয় অর্থনৈতিক অবস্থা। জমাট অর্থনীতি।

الإِقْتِصَاد فِي التَّكْلِفَة : মিতব্যয়িতা।

الإِقْتِصَاد المُتَأَزِّم : সঙ্কটপূর্ণ অর্থনীতি।

الإِقْتِصَاد المُتَحَرِّك : পরিবর্তনীয় অর্থনীতি।

الإِقْتِصَاد المُتَدَهْوِر : পতনোন্মুখ অর্থনীতি। পড়ন্ত অর্থনীতি।

اِقْتِصَاد المَنْزِل : পারিবারিক আয়-ব্যয়ের পদ্ধতি।

الإِقْتِصَاد المُوَجَّه : পরিকল্পিত অর্থনীতি।

الإِقْتِصَادِيّ : ১. অর্থনীতিবিদ। অর্থনীতি বিশারদ। ২. অর্থনীতি-বিষয়ক। অর্থনীতি সম্পর্কিত।

إِقْتِصَادِيًّا : অর্থনৈতিকভাবে। আর্থিকভাবে।

الإِقْتِصَادِيَّات : অর্থনীতি। অর্থব্যবস্থা। অর্থনৈতিক বিষয়াদি। ইকনমিক্স।

إِقْتِصَادِيَّة التَّكَالِيف : ব্যয় সঙ্কোচন নীতি।

الإِقْتِصَار : স্বল্পতা। সীমাবদ্ধতা।

الإِقْتِصَاص : ঘটনা বর্ণনা করা। গল্প বলা।

إِقْتِصَاص الأَثَر : পদাঙ্ক অনুসরণ করা।

الإِقْتِضَاء : প্রয়োজন। চাহিদা। তাগাদা। দাবি।

الإِقْتِضَاب : কর্তন করা। সংক্ষেপ করা। সংক্ষিপ্ত করা।

الإِقْتِطَاع مِنْ : বেতন কর্তন করা।

الإِقْتِفَاء : চিহ্ন দেখে দেখে চলা। চিহ্ন তালাশ করা।

إِقْتِفَاء الأَثَر : পদাঙ্ক অনুসরণ করা। পশ্চাতে চলা। অনুগামী হওয়া।

الإِقْتِلَاع : মূলোৎপাটন করা। উপড়ে ফেলা।

إِقْتِلَاع جُذُور التَّفْرِقَة العُنْصُرِيَّة : বংশগত বিভেদের মূলোৎপাটন করা।

إِقْتِلَاع السُّلْطَة مِنْ : অধিকার ছিনিয়ে নেওয়া। কর্তৃত্ব ছিনিয়ে নেওয়া।

الإِقْتِنَاع بِكَذَا : মেনে নেওয়া। স্বীকার করা। তৃপ্ত হওয়া।

إِقْتِنَاعُ المُجْتَمَع الدَّوْلِي : আন্তর্জাতিক সমাজের সন্তুষ্টি।

إِقْتِنَاص السُّلْطَة : কর্তৃত্ব অর্জন করা।

إِقْتِيَاد المُتَّهَم لِلْمَخْفَر أَوْ إِلَى النَّظَارَة : অপরাধীকে ধরে থানায় বা হাজতে নিয়ে যাওয়া।

الأُقْحُوَان (ج) أَقَاحِي : ডেইজি। [পুষ্পবিশেষ, যার তেল জোড়ার ব্যথায় ব্যবহৃত হয়।]

الإِقْدَام (ج) إِقْدَامَات : পদক্ষেপগ্রহণ। উদ্যোগ।

الإِقْدَام عَلَى : পদক্ষেপ গ্রহণ করা। উদ্যোগী হওয়া। কাজের জন্য প্রস্তুত হওয়া। সাহস করা।

الإِقْدَامُ عَلَى الوَظِيفَة : চাকরির আবেদন গ্রহণ করা।

الأَقْدَم : সিনিয়র। প্রাচীন। প্রবীণ। জ্যেষ্ঠ।

أَقْدَم عُضْو فِي كَذَا : প্রবীণতম সদস্য।

الأَقْدَمِيَّة : সিনিয়রিটি। জ্যেষ্ঠতা। অগ্রবর্তিতা।

الأَقْدَمِيَّة العَسْكَرِيَّة : সামরিক শ্রেষ্ঠত্ব।

الأَقْدَمُون : প্রাচীনকালের লোক। আগের দিনের মানুষ।

الإِقْرَار : ১. প্রমাণ করা। জমানো। নির্দিষ্ট করা। পাস করা। স্থির রাখা। ২. ঘোষণা। বিবৃতি।

إِقْرَارُ بِالتَّلَف : লোকসান স্বীকার করা।

الإِقْرَار الجُمْرُكِيّ : কাস্টম ডিক্লারেশন।

إِقْرَار الدُّسْتُور : আইন পাস করা।

الإِقْرَار الرَّسْمِيّ : সরকারি অনুমোদন। সরকারি স্বীকৃতিপত্র।

الإِقْرَار السَّنَوِيّ : বার্ষিক ঘোষণা। বার্ষিক ডিক্লারেশন।

الإِقْرَارُ الْكِتَابِيّ : হলফনামা। লিখিত স্বীকারোক্তি।

الإِقْرَارُ الْمُؤَقَّت : সাময়িক ডিক্লারেশন। সাময়িক অনুমোদন।

إِقْرَار وَقْف إِطْلَاقِ النَّار : অস্ত্রবিরতি চুক্তি বহাল রাখা। স্থায়ী করা।

إِقْرَار الْقَرَار : প্রস্তাব পাস করা।

إِقْرَانُ الصَّيَّاد : এক গুলিতে দুই শিকার করা।

الأَقْرَبُ : নিকটতম। ঘনিষ্ঠতম।

الأَقْرَبُ (ج) أَقَارِب : নিকটাত্মীয়। আত্মীয়।

فِي أَقْرَب وَقْتٍ مُمْكِنٍ : যত দ্রুত সম্ভব। সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে।

الأَقْرَع (ج) أَقَارِع، قُرْع : টেকো। টাকযুক্ত। টাকমাথা।

أَقْرَنَ إِقْرَانًا : মিলিত করা। যুক্ত করা। মিলানো।

أَقْرَنُ الْحَوَاجِب : যুগল ভ্রুবিশিষ্ট। মিলিত ভ্রুবিশিষ্ট।

الإِقْسَام بِـ : শপথ করা। কসম করা।

الإِقْسَام بِيَمِينِ الْوَلَاء لِـ : মৈত্রীচুক্তির শপথ করা।

الإِقْسَام عَلَى الْمُصْحَف : কুরআনের শপথ করা। কুরআনের কসম খাওয়া।

أَقْسَام (وا) الْقِسْم : বিভাগ। শাখা। অনুষদ।

الأَقْسَام الْفَرْعِيَّة : অধীনস্থ শাখাসমূহ।

الإِقْسَاط : ইনসাফ করা। ন্যায়বিচার করা।

الإِقْسَاء : কঠোর বানানো। শক্ত করা।

الإِقْصَاء عَنْ : সরানো। হটিয়ে দেওয়া। বিদূরিত করা। দূর করা।

الإِقْصَاء مِنَ الْمَنْصِب : পদচ্যুত করা। অপসারণ করা। বরখাস্ত করা। অব্যাহতি দেওয়া।

الأَقْصَى (ج) أَقَاصِي : অনেক দূর।

أَقْصَى الشَّيْء : সর্বশেষ। সর্বোচ্চ।

أَقْصَى مَا يُمْكِن : সর্বোচ্চ। সর্বশেষ।

إِقْضَاض الْمَضْجَع : বিছানা শক্ত করা।

أَقْطَاب (وا) الْقُطْب : শীর্ষস্থানীয় নেতৃবর্গ।

أَقْطَاب السِّيَاسَة : প্রবীণ রাজনীতিবিদ। শীর্ষ রাজনীতিবিদ।

أَقْطَاب الصِّنَاعَة : বড় কারিগর।

أَقْطَار (وا) الْقُطْر : দেশ। রাষ্ট্র। ভূখণ্ড।

الأَقْطَار النَّامِيَة : উন্নয়নশীল রাষ্ট্র।

الأَقْطَار النَّائِيَة : দূরদূরান্তের দেশসমূহ।

الإِقْطَاع : জায়গিরদারি। জমিদারি।

الإِقْطَاع عَن : সম্পর্ক ছিন্ন করা। বয়কট করা।

إِقْطَاع النَّهْر : নদীশাসন। নদীর পানি ভিন্ন দিকে প্রবাহিত করা।

الإِقْطَاعَة (ج) إِقْطَاعَات : জায়গির। জমিদারি। সামন্তরাজ্য।

الإِقْطَاعِيّ : জমিদারি সম্পর্কিত।

الإِقْطَاعِيَّة : জমিদারি। জায়গির প্রথা। সামন্ততন্ত্র।

أَقْطَعَه الأَرْض : জমি দান করা। এলট বরাদ্দ দেওয়া।

أَقْطَعَه مَعَاشًا : পেনশন দেওয়া।

الإِقْعَاد : উদ্যম নষ্ট করা।

الإِقْعَاد بِهِ : বসানো। বসিয়ে দেওয়া। উদ্যম নষ্ট করা। উদ্যোগ নষ্ট করা।

الإِقْعَاد بِالْمَكَان : স্থায়ীভাবে বসবাস করা।

الإِقْفَال : ১. লক করা। তালাবদ্ধ করা। ২. নল বন্ধ করা। ৩. লাইট বন্ধ করা।

إِقْفَال الحَدِيْث مَعَ أَحد : কথাবার্তা বন্ধ করা। আলোচনা বন্ধ করা।

إِقْفَال الحِسَاب : হিসাব বন্ধ করা। ক্লোজ করা।

إِقْفَال المَحْضَر : রেজিস্ট্রার বন্ধ করা।

الأَقَلّ : স্বল্পতম। ন্যূনতম। কম।

أَقَلَّ إِقْلاَلاً : হ্রাস করা। কমানো।

الإِقْلاَع مِن : বিরত থাকা। বর্জন করা।

إِقْلاَعُ المَرْكَب : জাহাজের নোঙ্গর উঠানো।

إِقْلاَع الطَّائِرَة مِنَ المَطَار : বিমান ছেড়ে যাওয়া। রওয়ানা হওয়া। বিমানবন্দর ত্যাগ করা।

أَقْلَفُ (وا) القُلْفُ : খতনাবিহীন। অখতনাকৃত।

الإِقْلاَقُ : অস্থির বানানো। পেরেশান করা।

الأَقَلِّيَّة : সংখ্যালঘিষ্ঠতা। সংখ্যাল্পতা।

الأَقَلِّيَّة (ج) أَقَلِّيَّات : সংখ্যালঘু। সংখ্যালঘু সম্প্রদায়।

الإِقْلِيْم (ج) أَقَالِيْم : দেশ। প্রদেশ। ভূখণ্ড। ডিসট্রিক্ট। জেলা। অঞ্চল। এলাকা।

الإِقْلِيم المُتَمَتِّع بِالحُكْم الذَّاتِي : স্বাধীন প্রদেশ।

الإِقْلِيْمِيُّ : প্রাদেশিক। রাষ্ট্রীয়।

الإِقْلِيْمِيَّة : আঞ্চলিকতা।

إِقْمَار اللَّيْل : রাত জ্যোৎস্নাপ্লাবিত হওয়া। চাঁদের আলোতে রাত আলোকিত হওয়া।

أَقْمِشَة (وا) القُمَاش : বস্ত্র। কাপড়। পোশাক।

الأَقْمِشَة القُطْنِيَّة : সুতি কাপড়।

الإِقْنَاع : সম্মত করা। রাজি করানো। সন্তুষ্ট করা। তৃপ্ত করা।

الإِقْنَاعِيّ : সান্ত্বনাদায়ক। সান্ত্বনামূলক।

إِقْنَاع الإِنَاء : পাত্র নোয়ানো।

الأَقْنَى (ج) قُنْو : বাঁকানো ঠোঁটবিশিষ্ট। উত্থিত নাকবিশিষ্ট।

أَقْنَى إِقْنَاءً : সম্পদ দান করা। সম্পদশালী করা।

أَقْوَاسُ النَّصر : সংবর্ধনা মঞ্চ।

الإِقْوَاء : ১. দারিদ্র। দরিদ্র হওয়া। ২. বিরান হওয়া।

أ ——— ك

الأَكَادِيمِيَّة : একাডেমি। বিদ্যায়তন। শিক্ষালয়।

الإِكْبَاب عَلَى الأَمْر : ব্যস্ত হওয়া। মগ্ন হওয়া।

الأَكْبَر : সবচেয়ে বড়। সর্ববৃহৎ। বৃহত্তম।

أَكْبَر رَقْم قِيَاسِيّ : সবচেয়ে বড় রেকর্ড।

الاِكْتِتَاب (ج) اِكْتِتَابَات : চাঁদা।

الاِكْتِتَاب فِيْ كَذَا : চাঁদা দেওয়া। পত্রিকার গ্রাহক হওয়া। অংশগ্রহণ করা।

الاِكْتِدَاح لِلْعِيَال : পরিবারবর্গের জন্য উপার্জন করা।

الاِكْتِرَاب : ব্যথিত হওয়া। কষ্ট পাওয়া। দুঃখিত হওয়া। উদ্বিগ্ন হওয়া।

اَلإِكْتِرَاث لِلأَمْرِ : পরোয়া করা।

اَلإِكْتِرَاء : ভাড়ায় নেওয়া।

اَلإِكْتِسَاب : অর্জন করা। উপার্জন করা। পাওয়া।

اِكْتِسَابُ الإِسْتِحْقَاق : উপযোগিতা অর্জন করা।

اِكْتِسَابُ السُّمْعَة : সুখ্যাতি অর্জন করা। প্রসিদ্ধি অর্জন করা।

اِكْتِسَاب سُمْعَة الفَضْل : ক্রেডিট অর্জন করা।

اِكْتِسَاب المَهَارَة : দক্ষতা অর্জন করা।

اِكْتِسَاب النُّفُوذ : কর্তৃত্ব অর্জন করা।

اِكْتِسَاب الخِبْرَة : অভিজ্ঞতা অর্জন করা।

اِكْتِسَاب المُبَارَاة : ম্যাচ জিতা।

اَلإِكْتِسَابِيّ : ১. উপার্জন-বিষয়ক। ২. উপার্জিত। অর্জিত।

اَلإِكْتِسَاح : পরিষ্কার করা। সাফাই করা।

اِكْتِسَاح البَالُوعَة : নর্দমা সাফ করা।

اَلإِكْتِسَاء : পরিধান করা। পরা। পোশাক পরা।

اَلإِكْتِشَاف (ج) اِكْتِشَافَات : আবিষ্কার। উন্মোচন। উদ্ঘাটন। অনুসন্ধান। প্রকাশ।

اِكْتِشَاف شَيْء : অনুসন্ধান করা। অন্বেষণ করা।

اَلإِكْتِشَاف العِلْمِيّ : বৈজ্ঞানিক গবেষণা।

اِكْتِشَاف القِيَام بِالأَعْمَال التَّخْرِيبِيَّة : ধ্বংসাত্মক কর্মকাণ্ডের অনুসন্ধান করা।

اَلإِكْتِظَاظ بِكَذَا : পূর্ণ হওয়া। ভিড় হওয়া।

لِاكْتِظَاظ : ভিড়। চাপ। গাদাগাদি। ঠাসাঠাসি।

لِاكْتِظَاظ مِنَ الطَّعَام : বমি বমি ভাব হওয়া। অতিভোজনের ফলে খারাপ লাগা।

اَلأَكْتَع (ج) كُتْع : লেংড়া। খোঁড়া।

اَلإِكْتِفَاء : তৃপ্তি। অল্পেতুষ্টি।

اَلإِكْتِفَاء الإِقْتِصَادِي : অর্থনৈতিক স্বনির্ভরতা।

اَلإِكْتِفَاء الذَّاتِي : আত্মনির্ভরশীলতা।

اَلإِكْتِفَاء بِكَذَا : তুষ্ট হওয়া। তৃপ্ত হওয়া।

اَلإِكْتِلَاء : বিনিদ্র থাকা। ঘুম না আসা।

اَلإِكْتِمَال : পূর্ণ হওয়া।

اِكْتِمَال الصُّورَة عَن كَذَا : আকৃতি পূর্ণ হওয়া।

اِكْتِمَال حُضُور المَدْعُوِّين : আমন্ত্রিত সকল অতিথি এসে যাওয়া।

اِكْتِمَال العَدَد : সংখ্যা পূর্ণ হওয়া।

اَلإِكْتِنَاز : পুঞ্জীভূত করা। সঞ্চয় করা।

اِكْتِنَاف الشَّيْء : বেষ্টন করা। বেষ্টনী দেওয়া। ঘিরে রাখা। বেড়া দেওয়া।

اِكْتِنَاف مَشَاعِر الوُدّ : ভালোবাসার উদ্দীপনা রাখা।

اِكْتِنَاه الأَمْر : প্রকৃত অবস্থা বুঝতে পারা। বাস্তবতা উপলব্ধি করা। ভালোভাবে বুঝতে পারা।

اَلإِكْتِوَاء بِالنَّار : আগুনে জ্বলা। প্রজ্বলিত হওয়া। [কাপড়] ইস্ত্রিকৃত হওয়া।

اَلإِكْتِهَال : মধ্যবয়সী হওয়া। পৌঢ় হওয়া।

اَلإِكْتِئَاب : বিষণ্ন হওয়া। নিরাশ হওয়া। নিরুৎসাহিত হওয়া।

أُكْتُوبَر : অক্টোবর মাস।

اَلإِكْثَار : ১. বেশি করা। বৃদ্ধি করা। বাড়ানো। ২. ধনবান হওয়া।

اَلإِكْثَار فِي الكَلَام : বাচালতা করা। মুখরাপনা করা।

الإِكْثَار مِنَ الفِعْل : অধিক কাজ করা।

أَكْثَر فَأَكْثَر : বেশির চেয়ে বেশি।

أَكْثَر مِنَ اللاَّزِم : প্রয়োজনের অতিরিক্ত।

الأَكْثَرِيَّة : সংখ্যাগরিষ্ঠতা। মেজরিটি।

الأَكْثَرِيَّة البَسِيطَة : সাধারণ সংখ্যাগরিষ্ঠতা।

الأَكْثَرِيَّة السَّاحِقَة : বিপুল সংখ্যাগরিষ্ঠতা।

الأَكْثَرِيَّة المُطْلَقَة : নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা।

الأَكْحَل (ج) كُحْل : কালো চক্ষুবিশিষ্ট। কালো।

الإِكْدَاء : ১. কার্পণ্য করা। ২. বিফল হওয়া।

الإِكْذَاب : মিথ্যা বলতে বাধ্য করা।

الأُكْذُوبَة (ج) أَكَاذِيْب : মিথ্যা। অসত্য।

الأَكْر (ج) أَكْرَات : একর। [জমির মাপবিশেষ]

إِكْرَامًا لَهُ : সম্মানে। সম্মানার্থে।

إِكْرَامًا لِخَاطِر فُلاَن : অমুকের মন রক্ষার্থে।

إِكْرَامًا لِوُجُوْدِه : অমুকের সম্মানার্থে।

الإِكْرَامِيّ : ১. সম্মানসূচক। ২. অবৈতনিক।

الإِكْرَامِيَّة (ج) إِكْرَامِيَّات : ফিস। সম্মানী। ভাতা। পারিতোষিক। পুরস্কার। বখশিশ।

إِكْرَامِيَّة المُحَامِيْ : উকিলের ফিস।

الإِكْرَاه : বাধ্যকরণ। বলপ্রয়োগ। জবরদস্তি। বাধ্যবাধকতা।

الإِكْرَاء : ভাড়া দেওয়া। ভাড়ায় দেওয়া।

إِكْزِيْمَا : একজিমা। [চর্মরোগবিশেষ]

الإِكْسَاب : কামাই করতে দেওয়া। লাভ করতে দেওয়া।

إِكْسَاب الجِدَّة وَالرُّوَاء : শক্তি ও সৌন্দর্য অর্জন করতে দেওয়া।

الإِكْسَاء : পরানো। পরিধান করানো।

الإِكْسِبْرِيْس : এক্সপ্রেস।

الأَكْسَجَة : অক্সিজেনযুক্ত করা। অক্সিজেন সরবরাহ করা।

الأُكْسِجِيْن : অক্সিজেন।

الأُكْسِيْد (ج) أَكَاسِيد : অক্সাইড। অক্সিজেনের যৌগ।

الإِكْسِيْر : স্পর্শমণি। পরশমণি। অমরত্ব-সুধা।

الإِكْفَال : জামিন করা। জিম্মাদার করা।

الإِكْفِهْرَار : অন্ধকার। তিমির। তমসা। মলিনতা।

إِكْفِهْرَار الجَوّ : আকাশ মেঘলা হওয়া। পরিবেশ বিনষ্ট হওয়া।

إِكْفِهْرَار الوَجْه : চেহারা মলিন করা।

الإِكْلاَل : ক্লান্ত করা।

أَكَلَ عَلَيْهِ الدَّهْر أَكْلاً : পুরাতন করা। দৃষ্টি ক্ষীণ করা।

الأُكْلَة (ج) أُكُلاَت : খাবার। খাদ্য।

إِكْلاَح الوَجْه : চেহারা কুঁচকে যাওয়া। গোমড়া হওয়া।

الإِكْلِيْل (ج) أَكَالِيْل : তাজ। মুকুট।

أَكْمَام القَمِيْص (وا) الكُمّ : জামার হাতা। আস্তিন।

إِكْمَال الإِنْسِجَام : সমতাপূর্ণ করা।

الأَكْمَه (ج) كُمْه : অন্ধ। জন্মান্ধ।

أَكْيَاس (وا) الكِيْس : থলে। ব্যাগ।

أَكْيَاسُ البَرِيد : ডাকের থলে।

الأَكِيْدُ : জোরদার। জোরালো। নিশ্চিত। স্থির। দৃঢ়। জরুরি।

أ ——— ل

الإِلَاحَةُ بِاليَدِ : হাত নাড়িয়ে ইশারা করা।

الأَلْي : সেনাদল। সামরিক ইউনিট। ডিভিশন।

الأَلْبِسَة الجَاهِزَة : তৈরি পোশাক।

الأَلْبُوم : এলবাম। ফটো ইত্যাদি রাখার খাতা।

اِلْتِيَاعُ القَلْب : অন্তর জ্বলা। ব্যথা করা।

الإِلْتِئَام : ১. সংযুক্ত হওয়া। মিলিত হওয়া। সমবেত হওয়া। ২. ঐক্য। ৩. ক্ষত সেরে উঠা।

اِلْتِئَام المَجْلِس : বৈঠকের অভিন্নতা।

الإِلْتِبَاس : সংশয়। সন্দেহ।

الإِلْتِثَام : চেহারা ঢেকে রাখা। কাপড়ের পট্টি বাঁধা।

الإِلْتِجَاء إِلَى النَّاسِ : ১. আপিল করা। ২. আশ্রয় গ্রহণ করা।

الإِلْتِجَاءُ السِّيَاسِيّ : রাজনৈতিক আশ্রয়।

الإِلْتِحَاقُ بِـ : ১. নথিভুক্ত হওয়া। যুক্ত হওয়া। ২. অন্তর্ভুক্তি। সংযুক্তি। সংশ্লিষ্টতা। প্রবেশ। ভর্তি।

الإِلْتِحَاقُ بِالخِدْمَةِ : সেবার সাথে সংশ্লিষ্ট হওয়া।

الإِلْتِحَاق بِالسِّلْكِ الدِّبْلُومَاسِي : কূটনৈতিক পেশার সাথে সংশ্লিষ্ট হওয়া।

الإِلْتِحَاق بِالمَدْرَسَة : মাদরাসায় ভর্তি হওয়া।

الإِلْتِحَاد عَنِ الدِّين : ধর্মহীন হওয়া।

الإِلْتِحَام : সংযুক্ত হওয়া।

الإِلْتِحَام بِـ : সংযুক্ত হওয়া। সংলগ্ন হওয়া।

اِلْتِحَام الجُرْح : ক্ষতস্থান সেরে উঠা।

اِلْتِحَام الحَرْبِ بَيْنَهُم : প্রচণ্ড যুদ্ধ হওয়া।

الإِلْتِحَاء : দাড়ি লম্বা করা। দাড়ি রাখা।

الإِلْتِذَاذُ بِـ : স্বাদ গ্রহণ করা। মজা পাওয়া।

الإِلْتِزَامُ (ج) اِلْتِزَامَات : ১. ঠিকা। জিম্মাদারি। দায়িত্ববোধ। সংশ্লিষ্টতা। সংযুক্ততা। ২. কর্তব্য। ৩. রাষ্ট্রের পক্ষ থেকে দেওয়া ছাড়।

اِلْتِزَامُ الشَّيْءِ و بِهِ : অনুগত হওয়া। বাধ্য হওয়া। দায়িত্বশীল হওয়া।

اِلْتِزَامُ الأَقَلِّيَّةِ لِرَأْيِ الأَغْلَبِيَّةِ : সংখ্যালঘুরা সংখ্যাগরিষ্ঠদের অনুগত থাকা।

الإِلْتِزَام بِجَدْوَلِ الأَعْمَال : এজেন্ডার মধ্যে সীমাবদ্ধ থাকা।

الإِلْتِزَام بِرَأْيِ الأَغْلَبِيَّة : সংখ্যাগরিষ্ঠদের মতকে প্রাধান্য দেওয়া।

الإِلْتِزَام بِعَمَلٍ مُعَيَّن : ঠিকা নেওয়া। দায়িত্ব গ্রহণ করা।

الإِلْتِزَام بِسِيَاسَةِ الدِّفَاع : আত্মরক্ষামূলক পলিসি অনুযায়ী চলা।

الإِلْتِزَامُ بِالعَهْدِ (بِالوَعْدِ) : প্রতিজ্ঞার উপর অটল থাকা।

الإِلْتِزَامُ بِالقَاعِدَة : আইনকানুনের প্রতি শ্রদ্ধাশীল থাকা। মেনে চলা।

اِلْتِزَامُ العَمَل : কাজের দায়িত্ব নেওয়া। ইজারাদার হওয়া।

الإِلْتِزَام بِالْقَوَانِيْن : আইনের বাধ্যবাধকতা।

الإِلْتِزَامُ بِالتَّقَالِيْد : রসম-রেওয়াজ মেনে চলা। প্রথা মেনে চলা।

اِلْتِزَام الْيَقَظَة : সতর্ক থাকা। সচেতন থাকা।

اِلْتِزَامًا : চুক্তিতে। ঠিকায়।

الإِلْتِزَامَات : ১. বাধ্যবাধকতা। জিম্মাদারি। ২. ঠিকা। ৩. ছাড়। ৪. শর্তাবলি।

الإِلْتِزَامَات عَلٰى : অর্পিত চুক্তি।

الإِلْتِزَامَات التَّعَاقُدِيَّة : চুক্তির শর্তাবলি।

الإِلْتِزَاقُ : সংযুক্ত হওয়া। সংলগ্ন থাকা।

الإِلْتِصَاقُ : সংযুক্ত হওয়া। সংলগ্ন থাকা।

اِلْتِصَاق الإِفْتِرَاء بِأَحَد : অপবাদ আরোপিত হওয়া।

الإِلْتِظَاءُ : আগুন প্রজ্বলিত হওয়া। শিখায়িত হওয়া।

اِلْتِفَاف الثُّعْبَان : সাপের কুণ্ডলী পাকানো।

اِلْتِفَاف الْقَوْم عَلٰى : সমবেত হওয়া। জড়ো হওয়া। জমায়েত হওয়া। একত্রিত হওয়া।

اِلْتِفَاتَة (ج) اِلْتِفَاتَات : মনোযোগ। একনজর।

الإِلْتِقَاء بِأَحَد : সাক্ষাৎ করা।

اِلْتِقَاء الْعُيُون : চোখাচোখি হওয়া। দৃষ্টি বিনিময় হওয়া।

اِلْتِقَاط الصُّوْرَة : ফটো তোলা।

الإِلْتِقَافُ : ক্যাচ করা। দ্রুতগতিতে ধরা।

الإِلْتِمَاسُ : ১. দরখাস্ত। আবেদন। প্রার্থনা। ২. সন্ধান করা। আপিল করা।

اِلْتِمَاس شَيْءٍ مِنْ أَحَد : কোনো বিষয়ে দরখাস্ত করা।

الإِلْتِمَاس عَنْ شَيْءٍ : অনুসন্ধান করা। তালাশ করা।

الإِلْتِوَاءُ : ১. বক্রতা। ২. কুটিল ও পেঁচযুক্ত হওয়া।

اِلْتِوَاء الأَمْر عَلٰى : জটিল ও দুষ্কর হওয়া।

الإِلْتِهَابُ : ১. জ্বলন। স্ফীত। ২. আগুন প্রজ্বলিত হওয়া। ব্যথা করা।

اِلْتِهَابُ الأُذُن : কানের ব্যথা। কর্ণশূল।

اِلْتِهَاب الرِّئَة : নিউমোনিয়া। [রোগবিশেষ]

اِلْتِهَاب الزَّائِدَة الدُّوْدِيَّة : অ্যাপেন্ডিসাইটিস। রোগবিশেষ যাতে অন্ত্র-সংলগ্ন নল ফুলে যায় এবং তাতে ব্যথা অনুভূত হয়।

اِلْتِهَاب الكلوة : কিডনীর প্রদাহ।

اِلْتِهَاب اللُّوْزَتَيْن : টনসিলের ব্যথা। টনসিল ফোলা।

اِلْتِهَاب الْمَعِدَة : পাকস্থলীর প্রদাহ।

الإِلْتِهَاب الوَرِيْدِيّ : ধমনির প্রদাহ।

اِلْتَهَبَ عَطَشًا : পিপাসায় কাতর হওয়া।

الإِلْتِهَام : সম্পূর্ণটুকু খেয়ে ফেলা। গলাধঃকরণ করা। গিলে ফেলা।

الإِلْتِهَاء بِكَذَا : রসিকতা করা। চিত্তবিনোদন করা। খেলাধুলায় মত্ত হওয়া।

الْأَلْثَغُ (ج) لُثْغ : তোতলা।

الْإِلْجَاء أَحَد إِلَى : ১. বাধ্য করা।
২. আশ্রয় দেওয়া।

الْإِلْحَاحُ فِي السُّؤَال : পীড়াপীড়ি করে চাওয়া। অনুনয়-বিনয় করে চাওয়া।

الْإِلْحَاح فِي الْمُطَالَبَة : শক্তভাবে তাগাদা করা।

إِلْحَاق شَيْء بِكَذَا : ১. বৃদ্ধি করা। সংযুক্ত করা। ২. নথিভুক্ত করা। যুক্ত করা।
৩. শামিল করা। ভর্তি করা।

الْإِلْحَام : সংযুক্ত করা। সংশ্লিষ্ট করা।

الْأَلْحَى (ج) لُحْي : লম্বা দাড়িবিশিষ্ট।

الْأَلَدّ : জীবনের শত্রু। ঝগড়াটে।

إِلْزَام أَحَد بِشَيْء : বাধ্য করা। আবশ্যক করা। অনুগত করা।

الْإِلْزَام بِالدَّفْع : পরিশোধ করতে বাধ্য করা।

الْإِلْزَامِيّ : আবশ্যিক। বাধ্যতামূলক।

الْإِلْزَاق : যুক্ত করা। লাগিয়ে দেওয়া। সংযুক্ত করা।

الْأَلْسَنُ (ج) لُسْن : বাগ্মী। বিশুদ্ধভাষী।

الْإِلْصَاقُ : সংযুক্ত করা। লাগানো।

الْإِلْصَاق بِه : লটকানো। ঝুলানো।

إِلْصَاق الرُّقْعَة عَلَى : লেবেল লাগানো।

الْأَلْعَاب : খেলাধুলা। খেলা।

أَلْعَاب خِفَّة الْيَد : বাজিগরি। ভেল্কিবাজি।

الْأَلْعَابُ الرِّيَاضِيَّة : শরীরচর্চা। ব্যায়াম। কারাতে।

الْأَلْعَابُ النَّارِيَّة : আতশবাজি।

إِلْعَاب الْأَصَابِع : আঙ্গুলের উপর নাচানো।

الْأُلْعُوبَة (ج) أَلَاعِيب : খেলনা। খেলা।

أَلْغَاز (وا) اللُّغْز : ধাঁধা। হেঁয়ালি।

الْإِلْغَاز فِي الْكَلَام : ধাঁধা বলা। কৌতুকপূর্ণ কথা বলা।

أَلْغَام (وا) اللُّغْم : মাইন। বিস্ফোরক।

الْإِلْغَام : ডিনামাইট দ্বারা কোনো কিছু উড়িয়ে দেওয়া। মাইন বসানো। মাইন পাতা।

الْإِلْغَاء : রহিতকরণ। ক্যান্সেল করা। বাতিল করা। মুলতবি করা।

إِلْغَاء الِاتِّفَاق : চুক্তি বতিল করা।

إِلْغَاء الْإِجَازَة الْمَمْنُوحَة : লাইসেন্স বাতিল করা।

إِلْغَاء الْأَحْكَام : সিদ্ধান্ত বাতিল করা।

إِلْغَاء الْأَحْكَام الْعُرْفِيَّة : সামরিক শাসন উঠিয়ে নেওয়া। মার্শাল 'ল' সমাপ্ত করা।

إِلْغَاء الِامْتِيَاز : লাইসেন্স বাতিল করা।

إِلْغَاء الِامْتِيَازَات الْأَجْنَبِيَّة : বৈদেশিক সুযোগ বাতিল করা।

إِلْغَاء الْأَوَامِر : বিধিবিধান রহিতকরণ।

إِلْغَاء الْخَطَر عَنْ : বাধ্যবাধকতা উঠানো।

إِلْغَاء الرَّقَابَة : সেন্সর উঠিয়ে নেওয়া।

إِلْغَاء الرَّقَابَة عَنِ الصُّحُف : পত্রিকার উপর থেকে সেন্সর উঠিয়ে নেওয়া।

إِلْغَاء الطَّلَب : অর্ডার ক্যান্সেল করা।

إِلْغَاء العُبُودِيَّة : দাসত্বের সমাপ্তি।

إِلْغَاء العَقْد : চুক্তি বাতিল করা।

إِلْغَاء القَوَانِيْن : আইন ভঙ্গ করা। আইন রহিত করা।

إِلْغَاء قِيْمَة العُمْلَة : মুদ্রার মূল্য বাতিল করা।

إِلْغَاء المُرَافَعَة : আপিল খারিজ করা।

إِلْغَاء المُرَتَّب : বেতন বন্ধ করা।

إِلْغَاء المُعَاهَدَة : চুক্তি বাতিল করা।

إِلْغَاء النِّظَام : সিসটেম খতম করা।

إِلْغَاء النُّقُود : মুদ্রা বন্ধ করা। বাতিল করা।

إِلْغَاء الزِّيَارَة : ভ্রমণ বাতিল করা।

إِلْغَاء القَرَار : সিদ্ধান্ত বা প্রস্তাব বাতিল করা।

إِلْقَاح أُنْثَى الحَيَوَان : প্রাণীকে গর্ভবতী বানানো। গর্ভোৎপাদন করা।

إِلْقَاح النَّبَات : গাছের কলম কাটা। নর-মাদার সংমিশ্রণ ঘটিয়ে ফলদায়ক বানানো।

إِلْقَاح بِلِقَاح مَرَضٍ مُعْدٍ : সংক্রামক ও মহামারি ইত্যাদি রোগের প্রতিষেধক টিকা দেওয়া।

إِلْقَاء الأَوَامِر إِلَى وَ لِـ : হুকুম জারি করা। নির্দেশ জারি করা।

إِلْقَاء الخُطْبَة : বক্তৃতা করা। ভাষণ দেওয়া।

إِلْقَاء الخُطْبَة الحَمَاسِيَّة : জ্বালাময়ী বক্তৃতা দেওয়া।

إِلْقَاء الدَّرْس عَلَى التَّلَامِيْذ : পাঠ দান করা। সবক পড়ানো।

إِلْقَاء الشِّقَاق بَيْنَهُمْ : যুদ্ধ বাঁধানো।

إِلْقَاء القَبْض عَلَى : এ্যারেস্ট করা। গ্রেফতার করা।

إِلْقَاء القَنَابِل عَلَى : বোমাবর্ষণ করা।

إِلْقَاء الكَلِمَة : বক্তৃতা করা। ভাষণ দেওয়া।

إِلْقَاء المَسْئُوْلِيَّة عَلَى : দায়িত্ব অর্পণ করা।

إِلْقَاء المُهِمَّة عَلَى عَاتِقِ فُلَان : কারো ঘাড়ে দায়িত্ব চাপিয়ে দেওয়া।

إِلْقَاء السَّمْع إِلَى : কান লাগিয়ে শোনা। মনোযোগ দেওয়া।

إِلْقَاء القَوْل وبِالْقَوْل إِلَى : অবহিত করা। কথা পৌঁছে দেওয়া।

الإِلْقَاء بِالنَّفْسِ فِيْ كَذَا : লিপ্ত করা।

إِلْقَاء الرُّعْب فِي : ভীতি সৃষ্টি করা।

إِلْقَاء الحَبْلِ عَلَى العَاتِقِ : স্বাধীন ছেড়ে দেওয়া।

إِلْقَاء عَصَا التَّرْحَال : যাত্রা বিরতি দেওয়া। অবস্থান করা।

إِلْقَاء السُّؤَال : প্রশ্ন করা। প্রশ্ন ছুড়ে মারা।

إِلْقَاء الشَّيْء عَن : ক্ষমা করা। মাফ করা।

إِلْقَاء الشَّيْء فِي الرَّوْع : অন্তরে কোনো কিছু ঢেলে দেওয়া। উদ্রেক করা।

إِلْقَاء المَرْأ بِنَفْسِهِ بَيْنَ أَنْيَابِ المَوْت : নিজেকে মৃত্যুর মুখে ফেলা।

الأَلْكَن (ج) لُكْنٌ ، لُكْنَاء : তোতলা।

الإِلْمَام بِشَيْءٍ : অবগতি। অত্যধিক আগ্রহ। দক্ষতা।

الإلمام بشيء بصورة مبسطة وسريعة : কোনো কিছু হালকাভাবে অধ্যয়ন করা।

إلمام البلد : দেশকে ঐক্যবদ্ধ করা।

الألم المبرح : প্রচণ্ড ব্যথা।

الألماس : হীরা।

ألمانيا : জার্মানি। [মধ্য ইউরোপের প্রসিদ্ধ দেশ]

الإلماع باليد : ইশারা করা।

ألوباثيا : এলোপ্যাথিক।

الألومنيوم : অ্যালুমিনিয়ম।

الإلواء : কঠিন ও জটিল বানানো। বাঁকা করা।

الإلهاب : অগ্নি প্রজ্বলিত করা।

إلهاب الحماس : উত্তেজিত করা। অগ্নিশর্মা করা।

الإلهاب المشاعر : আবেগকে উত্তেজিত করা।

الإلهاء عن : অসতর্ক করা। অমনোযোগী করা।

إلى الآن : এতক্ষণ পর্যন্ত।

إلى أن : এমনকি। যে পর্যন্ত। যতক্ষণ পর্যন্ত।

إلى درجة لا يمكن إحتمالها : অসহ্যের সীমা পর্যন্ত। অসহনীয় পর্যায়ে।

إليك : তোমার জন্য। তোমার নামে। তোমার দিকে।

إليك عني : এখান থেকে দূর হও! সরে যাও। দূর হও।

إليك هذا : এই নাও।

أ ـــــ م

الأم : আসল। মূল। শিকড়।

الأمة (ج) أمم : জাতি। সম্প্রদায়। গোষ্ঠী।

إماتة النفس : আত্মহত্যা করা। আত্মহনন করা।

الأمارة (ج) أمارات : প্রতীক। সঙ্কেত। আলামত। চিহ্ন। রহস্য। গোপন লক্ষণ।

الإمارة (ج) إمارات : আমীর শাসিত রাষ্ট্র। আমীরাত।

أمارة المخططات : পরিকল্পনা বিভাগ।

الإماطة عن : হটানো। সরানো।

الإماعة : দ্রবীভূত করা। গলানো।

أماكن (وا) المكان : স্থান। জায়গা।

أماكن التسلية : বিনোদন-কেন্দ্র। পার্ক।

أماكن اللهو : বিনোদন-কেন্দ্র।

الأمان : সেফটি। সংরক্ষণ। হেফাজত।

الأمانة (ج) أمانات : পরিচালন। সেক্রেটারিশিপ।

أمانة السر : সচিবালয়। সেক্রেটারিয়েট।

الأمانة العامة : সেক্রেটারি জেনারেলের দফতর।

الأماني الوطنية : জাতীয় আশা-আকাঙ্ক্ষা। জাতীয় প্রত্যাশা।

الإمبراطور : সম্রাট। মহারাজ।

الإمبراطورة : মহারানী। রাজমহিষী।

الإمبراطوري : রাজকীয়। এম্পারিয়াল।

الإمبراطوريات الاستعمارية : সাম্রাজ্যবাদী রাজত্ব।

الإمبراطورية : সাম্রাজ্যবাদ।

الإمبريالية : রাজতন্ত্র। সাম্রাজ্যবাদ। এ্যামপিরিয়ালিজম।

امتياح العفو : ক্ষমা চাওয়া।

الإمتثال : আনুগত্য। বশ্যতা।

امتثال الأوامر : আদেশ পালন করা। আনুগত্য করা।

امتثال الطريقة : পন্থা অবলম্বন করা।

الإمتحان : পরীক্ষা। যাচাই। পরখ। টেস্ট।

امتحان الدخول : ভর্তি-পরীক্ষা।

امتحان العملة : মুদ্রা যাচাই করা।

امتحان القبول : ভর্তি-পরীক্ষা।

امتحان المسابقة : প্রতিযোগিতার পরীক্ষা।

الإمتحان الملحق : অন্তর্বর্তী পরীক্ষা।

الإمتحان النهائي : ফাইনাল পরীক্ষা। চূড়ান্ত পরীক্ষা।

الإمتحاء : নিশ্চিহ্ন হওয়া।

امتخاض اللبن : মাখন বের করা।

الإمتداد : বৃদ্ধি। সংযোজন। ধারাবাহিকতা। উন্নতি। ক্রমান্বয়। বিস্তার।

الإمتزاج : মিক্স হওয়া। মিশ্রিত হওয়া। দ্রবীভূত হওয়া।

الإمتشاط : কেশবিন্যাশ করা। চুল আঁচড়ানো। চুল পরিপাটি করা।

امتصاص السلع : পণ্য ঘাটতি।

امتصاص غضب الشعب : জনতার ক্রোধ প্রশমিত হওয়া।

الإمتطاء : আরোহণ করা। সওয়ার হওয়া। চড়া।

الإمتاع : ভোগ করতে দেওয়া। উপভোগ করানো। উপকৃত করা।

الإمتعاض : বিরক্ত হওয়া। অসন্তুষ্ট হওয়া।

أمتعة (وا) المتاع : লাগেজ। সামান। দ্রব্য।

أمتعة البيت : ফার্নিচার।

أمتعة الجيش : সামরিক সামান।

أمتعة السفر : পাথেয়। ব্যাগেজ। লাগেজ।

أمتعة المسافرين : পর্যটকদের সামগ্রী।

الإمتعاض من الأمر : খারাপ মনে হওয়া। অসন্তুষ্ট হওয়া।

الإمتلاك : ১. কবজা। নিয়ন্ত্রণ। ২. মালিক হওয়া।

امتلاك السلطة : কর্তৃত্ব অর্জন করা। অধিকার রাখা।

الإمتناع عن... : অংশগ্রহণ না করা। অস্বীকার করা। বিরত থাকা। নিবৃত্ত থাকা।

الإمتناع عن إبداء الرأي : মত প্রদান না করা। মত প্রদান করা হতে বিরত থাকা।

الإمتناع عن الإجراءات : পদক্ষেপ গ্রহণ না করা।

الإمتناع عن التصويت : ভোটাভুটিতে অংশগ্রহণ না করা। ভোট না দেওয়া।

الإمتهان : হেয় জ্ঞান করা। তুচ্ছ মনে করা।

الإمتهان لإرادة الشعب : জনগণের চাহিদাকে পদদলিত করা।

الإمتياز (ج) امتيازات : বৈশিষ্ট্য। শ্রেষ্ঠত্ব। স্বাতন্ত্র্য। অগ্রাধিকার। পার্থক্য। সুবিধা। বিশেষ অধিকার। লাইসেন্স। ছাড়। কন্সেশন। রেয়াত।

الامتياز الحكومي : সরকারি কন্সেশন। রেয়াত। ছাড়।

امتياز السكة الحديدية : রেলওয়ে কন্সেশন।

الامتيازات الأجنبية : বৈদেশিক ছাড়।

الامتيازات الإضافية : অতিরিক্ত ছাড়।

امتيازات البرلمان : পার্লামেন্টারি ছাড়।

الامتيازات التي تمنح للدولة الأجنبية : ভিন্ন দেশকে প্রদত্ত ছাড়।

الامتيازات الدبلوماسية : কূটনৈতিক ছাড়।

الامتيازات الضريبية : শুল্ক ছাড়। শুল্কমুক্তি।

الامتيازات الممنوحة : প্রদত্ত ছাড়। রেয়াত।

الأمثل (ج) أماثل : উত্তম। উন্নততর। শ্রেষ্ঠতর। উৎকৃষ্ট।

الأمثولة (ج) أماثيل : উদাহরণ। দৃষ্টান্ত। শিক্ষা।

الأمجد : অতি সম্মানিত। শ্রেষ্ঠতর।

إمحال المطر : অনাবৃষ্টি। বৃষ্টি না হওয়া।

إمداد أحد : ১. অবকাশ দেওয়া। সুযোগ দেওয়া। ২. সহায়তা প্রদান করা।

إمداد الأرض : জমিতে সার দেওয়া।

إمداد البصر إلى : দৃষ্টি নিবদ্ধ করা। দৃষ্টিপাত করা।

إمداد الجند : সেনাবাহিনীর শক্তি বৃদ্ধি করা।

إمداد القلم : কলম কালিতে ডুবানো।

الإمدادات : সরবরাহসমূহ। সাপ্লাই।

الإمداء : অবকাশ দেওয়া। সুযোগ দেওয়া।

الأمر (ج) أمور : ১. অর্ডার। আদেশ। নির্দেশ। হুকুম। ২. বিষয়। ব্যাপার।

الأمر بشيء : অর্ডার দেওয়া।

الأمر الإداري : সরকারি নির্দেশ।

الأمر بالوقف : স্টে-অর্ডার। স্থগিতাদেশ।

أمر التحويل : ট্রান্সফার অর্ডার।

أمر التسليم : ডেলিভারি অর্ডার।

أمر التشغيل : ওয়ার্ক অর্ডার।

أمر الحظر للتجول : কারফিউ অর্ডার।

أمر الدفع : পেমেন্ট অর্ডার।

الأمر الرسمي بالحضور للمحكمة : আদালতের সমন।

الأمر الشاذ : আশ্চর্যজনক কথা বা বিষয়। অসাধারণ ঘটনা।

أمر الشراء : ক্রয় অর্ডার।

الأمر العسكري : মিলিটারি অর্ডার।

الأمر القضائي : আদালতের নির্দেশ।

الأمر لا يعدو كذا : কথা এতটুকুই। কথা এর চেয়ে বেশি নয়।

أمر المحكمة : আদালতের নির্দেশ।

الأمر الواقع : বাস্তব অবস্থা।

أمر الهدم : ধ্বংসকরণের নির্দেশ।

المرأة في عصمة الرجل : বিবাহিতা।

أمراض السمن : স্থূলতার রোগ।

الأمراض المستعصية : দুরারোগ্য ব্যাধি। মরণব্যাধি। জটিল রোগ।

الأَمْرَاضُ المُعْضِلَةُ : জটিল রোগ।

الأَمْرَدُ (ج) مُرْدٌ : শ্মশ্রুবিহীন। দাড়িবিহীন।

الأَمْرَطُ (ج) مِرَاطٌ، مُرُطٌ، مُرْطٌ : পাখাবিহীন। পালকবিহীন।

إِمْرَاغُ العِرْضِ : সম্মান নষ্ট করা।

الأَمْرَكَةُ : আমেরিকান বানানো।

الأَمْرِيكَا اللَّاتِينِيَّةُ : ল্যাটিন আমেরিকা।

أَمْرِيكَا الوُسْطَى : মধ্য আমেরিকা।

أَمْرِيكِيٌّ : আমেরিকান। মার্কিন।

أَمْرِيكَان (وا) الأَمْرِيكِيُّ : আমেরিকার বাসিন্দা।

الإِمْسَاكُ : ১. ধরা। ক্যাচ করা। ২. কবজা। নিয়ন্ত্রণ। ৩. কার্পণ্য।

إِمْسَاكُ الأَعْصَابِ : নিয়ন্ত্রণ লাভ করা।

الإِمْسَاكُ بِالجُنَاةِ : অপরাধীদের গ্রেপ্তারি।

إِمْسَاكُ الدَّفَاتِرِ : বুককিপিং। রেজিস্ট্রার সংশোধন করা।

إِمْسَاكُ الشَّيْءِ عَلَى النَّفْسِ : সংবরণ করা। বিরত থাকা।

إِمْسَاكُ اللِّسَانِ مِنْ : নীরব থাকা। জিহ্বাকে সংযত রাখা।

أَمْسَكَ الشَّيْءَ وَبِهِ : গ্রেফতার করা। ক্যাচ করা। ধরা। ধারণ করা।

الأُمْسِيَّةُ (ج) أُمْسِيَّاتٌ : সন্ধ্যা। বিকাল। সায়াহ্ন।

الأُمْسِيَّةُ الشِّعْرِيَّةُ : গজল সন্ধ্যা। সান্ধ্যকালীন কবিতার আসর। সাংস্কৃতিক সন্ধ্যা।

إِمْشَاءُ الدَّوَاءِ أَحَدًا : ওষুধ পেট নরম করা।

الإِمْضَاضُ : কষ্ট দেওয়া। আঘাত করা।

الإِمْضَاءُ : ১. সম্পাদন করা। বাস্তবায়ন করা। ২. স্বাক্ষর দেওয়া। সই করা।

الإِمْضَاءُ بِالتَّوْكِيلِ : অন্যের পক্ষ থেকে দস্তখত করা। পক্ষে স্বাক্ষর করা।

إِمْضَاءُ الوَصِيَّةِ : অসিয়ত পূর্ণ করা।

الإِمْضَاءَاتُ المُصَدَّقُ عَلَيْهَا : সত্যায়িত দস্তখত।

الإِمْضَاءَةُ (ج) إِمْضَاءَاتٌ : দস্তখত। স্বাক্ষর। সই। সহি।

إِمْضَاءُ السَّيْفِ : তলোয়ার ধার করা। তরবারি চালানো।

إِمْضَاءُ الصَّكِّ : নিজের দস্তখতে চেক জারি করা।

إِمْطَارُ الرَّصَاصِ عَلَى : গোলাবর্ষণ করা।

إِمْطَارُ القَنَابِلِ عَلَى : বোমাবর্ষণ করা।

إِمْطَاءُ الدَّابَّةِ : আরোহণ করা।

الإِمَّعُ، الإِمَّعَةُ : সুযোগসন্ধানী। চাটুকার।

الإِمْعَانُ : গভীরতায় পৌঁছা।

الإِمْكَانَاتُ و الإِمْكَانِيَّاتُ : মাধ্যম। উপকরণাদি।

الإِمْكَانِيَّةُ (ج) إِمْكَانِيَّاتٌ : যোগ্যতা। সম্ভাব্যতা। সামর্থ্য।

الإِمْكَانِيَّةُ الاِقْتِصَادِيَّةُ : অর্থনৈতিক-শক্তি।

الإِمْكَانِيَّاتُ بِلَا حُدُودٍ : অসংখ্য উপকরণ।

إِمْكَانِيَّةُ التَّطْبِيقِ أَوِ التَّنْفِيذِ : প্রচলনযোগ্য হওয়া।

الإِمْكَانِيَّات الضَّخْمَة : ব্যাপক উপকরণাদি।
الإِمْكَانِيَّات العَسْكَرِيَّة : সামরিক উপকরণাদি।
الإِمْكَانِيَّات المَحْدُودَة : সীমিত উপকরণ।
الأَمَل (ج) آمَال : আশা। আকাঙ্ক্ষা। প্রত্যাশা।
الأَمَل الضَّئِيل : ক্ষুদ্র বাসনা।
الإِمْلَال : বিরক্ত করা। ক্লান্ত করা।
الإِمْلَاق : সীমাহীন দারিদ্র্য। অভাব। অনটন।
إِمْلَاء الإِرَادَة عَلَى أَحَد : নিজের ইচ্ছা অন্যের উপর চাপিয়ে দেওয়া।
الأَمْلَس (ج) مُلْس : মসৃণ। পিচ্ছিল। চিক্কন।
إِمْلَاك أَحَد عَلَى : প্রেসিডেন্ট বানানো। মালিক বানানো।
إِمْلَاء الشَّيْء عَلَى أَحَد : অনুভূতিশীল করা।
إِمْلَاء القَوْل عَلَى : লেখানো। লিপিবদ্ধ করানো।
أُمَم (وا) الأُمَّة : জাতি। সম্প্রদায়। গোষ্ঠী।
الأُمَم المُتَّحِدَة : সম্মিলিত জাতিপুঞ্জ। জাতিসংঘ।
الأُمَم المُتَحَضِّرَة : সভ্য সমাজ। সংস্কৃতিশীল সমাজ।
الأُمَم المُتَقَدِّمَة : উন্নত বিশ্ব।
الأُمَم المُتَخَلِّفَة : অনুন্নত দেশসমূহ।
الأُمَمِي : ইন্টারন্যাশনাল। আন্তর্জাতিক।
الإِمْنَان : দুর্বল করা।
الأَمْن : সেফটি। নিরাপত্তা।
الأَمْن الجَمَاعِي : জাতীয় নিরাপত্তা।

الأَمْن الشَّخْصِي : ব্যক্তিগত নিরাপত্তা।
أَمَّنَ عَلَى الحَيَاة تَأْمِينًا : জীবনবিমা করা।
الأَمْن عَلَى النَّفْس : জীবন নিরাপদ হওয়া।
الأُمْنِيَّة (ج) أَمَانِي : আশা। আকাঙ্ক্ষা।
الأَمْوَال (وا) المَال : সম্পত্তি। পুঁজি। মূলধন।
الأَمْوَال الثَّابِتَة : স্থাবর সম্পত্তি।
الأَمْوَال الطَّائِلَة : অগাধ সম্পদ।
الأَمْوَال العَاطِلَة : অকেজো পুঁজি।
الأَمْوَال غَيْر المُقَرَّرَة : পরোক্ষ ট্যাক্স।
الأَمْوَال المُقَرَّرَة : প্রত্যক্ষ বা সরাসরি ট্যাক্স।
الأَمْوَال المَنْقُولَة : অস্থাবর সম্পত্তি।
الأَمْوَال المَوْقُوفَة : ওয়াকফকৃত সম্পদ। ট্রাস্ট ফান্ড।
الأَمْوَال المُهَرَّبَة : স্মাগলিং পণ্য। চোরাই দ্রব্য।
الأُمُور التَّافِهَة : সাধারণ বিষয়।
الأُمُور التَّافِهَة القَيِّمَة : সাধারণ বিষয়াদি।
الأُمُور الجَارِيَة : সাম্প্রতিক বিষয়াদি।
إِمْهَار المَرْأَة : স্ত্রীকে মোহরানা দেওয়া।
الإِمْهَال : অবকাশ দেওয়া। সুযোগ দেওয়া।
الأُمِّيَّة : মূর্খতা। নিরক্ষরতা।
الأَمِير (ج) أُمَرَاء : শাহজাদা। যুবরাজ। রাজকুমার। আমির। শাসনকর্তা।
أَمِير الأَي : কর্নেল। ব্রিগেডিয়ার জেনারেল।
أَمِير البَحْر : নৌ-সেনাপতি। অ্যাডমিরাল।
أَمِير البِلَادِ : রাষ্ট্রপ্রধান। প্রেসিডেন্ট।

أَمِيرُ اللِّوَاء : ব্রিগেডিয়ার জেনারেল। মেজর নেজনারেল।

أَمِيرُ الْمُؤْمِنِيْن : ইসলামি রাষ্ট্রের প্রধান।

الأَمِيْرَال : নৌ-সেনাপতি। অ্যাডমিরাল।

الأَمِيْرَةُ (ج) أَمِيْرَات : রাজকুমারী। শাহজাদি।

أَمِيْرِكَا : আমেরিকা।

الأَمِيْرِكِيّ : আমেরিকান। মার্কিন।

الأَمِيْرِيّ : সরকারি। রাষ্ট্রীয়। শাহী। রাষ্ট্র-সম্পর্কিত।

الأَمِيْرِيَّة : রাজত্ব। রাজত্বের পরিধি।

الأَمِيْن (ج) أُمَنَاء : সচিব। সেক্রেটারি। রক্ষক। হিসাবরক্ষক। দায়িত্বশীল। আমানতদার। পরিচালক।

أَمِيْن جَلَسَات الْمُؤْتَمِر : মিটিং অফিসার।

أَمِيْن السِّرّ : সেক্রেটারি।

أَمِيْن الصُّنْدُوق : হিসাব রক্ষক। ক্যাশিয়ার। কোষাধ্যক্ষ। ট্রেজারার।

أَمِيْن الْعَاصِمَة : গভর্নর।

الأَمِيْن الْعَامّ : জেনারেল সেক্রেটারি। সেক্রেটারি জেনারেল।

الأَمِيْن عَلَى : রক্ষক। প্রহরী।

الأَمِيْن عَلَى الصُّنْدُوْق : ক্যাশিয়ার। হিসাবরক্ষক। ট্রেজারার।

الأَمِيْن عَلَى الْمَكْتَبَة : লাইব্রেরিয়ান। গ্রন্থাগারিক।

أَمِيْن الْمَحْفُوْظَات : সংরক্ষণাগারের পরিচালক। পুরাতন কাগজসমূহের রক্ষক।

أَمِيْن الْمَخْزَن : স্টোরকীপার।

أَمِيْن الْمَكْتَبَة : লাইব্রেরিয়ান। গ্রন্থাগারিক।

أ —— ن

إِنَابَة الشَّخْص : প্রতিনিধি বানানো।

الإِنَابَة عَنْ : স্থলাভিষিক্ত করা।

أَنَا بَرِيْءٌ مِنْه : আমি এর থেকে মুক্ত। এর সাথে আমার সম্পর্ক নেই।

أَنَابِيْب (وا) الأُنْبُوبَة : পাইপ। নল।

الإِنَارَة : আলোকিত করা। লাইটিং।

الإِنَاطَة : সম্পৃক্ত করা। দায়িত্ব অর্পণ করা।

أَنَا مَدِيْن لَكَ : আমি আপনার নিকট কৃতজ্ঞ।

الأَنَانَاس : আনারস। [ফলবিশেষ]

الأَنَانِيَّة : আমিত্ব।

الأَنْبَاء : সংবাদ। খবর। নিউজ।

الأَنْبَاء الدُّوَلِيَّة : আন্তর্জাতিক সংবাদ।

الأَنْبَاء السُّوْقِيَّة : বাজারি সংবাদ।

الأَنْبَاء الْعَالَمِيَّة : বিশ্ব সংবাদ।

الأَنْبَاء الْمَحَلِّيَّة : স্থানীয় সংবাদ। লোকাল সংবাদ।

الأَنْبَة : আম। আম্র [ফল]।

اِنْبِثَاق الشَّيْء مِنْ كَذَا : ফলাফল স্বরূপ বের হওয়া।

الأَنْبَج : আম। আম্র [ফল]।

الإِنْبِرَاء : সম্মুখে আগমন করা। প্রতিযোগিতায় লিপ্ত হওয়া। চ্যালেঞ্জ করা।

أَنْبَاطٌ : পানি উত্তোলন করা।

اِنْبِعَاث : জাগরণ। উত্থান। আবির্ভাব। পুনরুত্থান।

اِنْبِعَاث الرَّائِحَة الْكَرِيْهَة : দুর্গন্ধ ছড়ানো।

اِنْبِعَاث فِي السَّيْر : দ্রুতগতিতে চলা।

اِنْبِاع الْمَاء : পানি প্রবাহিত করা।

أُنْبُوب (ج) أَنَابِيْب : পাইপ। নল। টিউব।

أُنْبُوب الاِخْتِبَار : টেস্ট টিউব।

أُنْبُوب الْفَخَّارِي : মাটির পাইপ। টিউব।

أُنْبُوبَة (ج) أَنَابِيْب : পাইপ। নল। ইক্ষুর দুই গিঁটের মধ্যবর্তী অংশ।

أُنْبُوبَة مَعْجُون الأَسْنَان : পেস্ট টিউব।

اِنْتِيَاب : উপস্থিত হওয়া। সম্মুখে আসা। এসে পড়া। আপতিত হওয়া।

إِنْتَاج : ১. সৃষ্টি। ২. উৎপন্নশস্য। ফলাফল। ৩. উৎপন্নদ্রব্য। ৪. তৈরি করা সৃষ্টি করা। ৫. চতুষ্পদ জন্তুর বাচ্চা প্রস করা। ৬. জমিতে ফসল উৎপন্ন হওয়া।

إِنْتَاج الأَدَبِيّ : সৃজনশীল সাহিত্য। সাহিত্য।

إِنْتَاج الأَسْلِحَة : অস্ত্র তৈরি করা।

إِنْتَاج الأَهْلِيّ : দেশীয় পণ্য। স্বদেশে উৎপন্নদ্রব্য।

إِنْتَاج الْجِهَاز : মেশিন তৈরি করা।

إِنْتَاج السَّنَوِيّ : বার্ষিক উৎপাদন।

إِنْتَاج الصَّغِيْر : সংক্ষিপ্ত উৎপাদন।

إِنْتَاج الصِّنَاعِيّ : শিল্প উৎপাদন।

إِنْتَاج الْعَقْلِيّ : কল্পনাপ্রসূত।

الإِنْتَاج عَنْ : ফলাফল বের করা।

إِنْتَاج الْفَائِدَة : ফায়দা দেওয়া। উপকার হওয়া।

الإِنْتَاج الْفِكْرِيّ : কল্পনাপ্রসূত। মনগড়া।

الإِنْتَاج الْمُتَنَاقِص : ঘাটতিমূলক উৎপাদন।

الإِنْتَاجَات : উৎপাদন। সৃষ্টি। তৈরি।

الإِنْتَاجِيّ : উৎপাদনসংক্রান্ত। উৎপাদনশীল।

الإِنْتَاجِيَّة : উৎপাদন ক্ষমতা। উৎপাদন যোগ্যতা।

الإِنْتِبَاه : সতর্কতা। সচেতনতা। জাগরণ। নোটিশ। মনোযোগ।

الإِنْتِبَاه إِلَى : নোট করা। মনোযোগী হওয়া। সতর্ক হওয়া। সচেতন হওয়া।

الإِنْتِبَاه لِلأَمْر : প্রস্তুত হওয়া। উদ্বুদ্ধ হওয়া।

الإِنْتِبَاه مِنَ النَّوْم : সজাগ হওয়া। ঘুম ভাঙা।

الإِنْتِبَار : ১. ক্ষত সেরে উঠা। ২. মঞ্চে আরোহণ করা।

الإِنْتِثَار : ছড়িয়ে যাওয়া। ঝড়ে পড়া।

الإِنْتِنَاء عَنْ : দূরে যাওয়া। দূরবর্তী হওয়া।

الإِنْتِحَاب : বিলাপ করা। উচ্চৈঃস্বরে কাঁদা।

الإِنْتِحَار : আত্মহত্যা করা। আত্মহনন করা। আত্মাহুতি দেওয়া।

الإِنْتِحَال : গ্রহণ করা। ধারণ করা। অন্যের জিনিসকে নিজের বলে দাবি করা।

إِنْتِحَال الْمَذْهَب : পন্থা অবলম্বন করা। মতাবলম্বন করা।

إِنْتِخَاب (ج) إِنْتِخَابَات : ১. নির্বাচন। ২. কোনো কাজ বা ব্যক্তিকে বাছাই করা। ৩. ছাটাই করা। চয়ন করা। অবলম্বন করা।

إِنْتِخَاب أَعْضَاء : মেম্বার বা সদস্য বানানো।

إِنْتِخَاب أَعْضَاء الْبَرْلَمَان : পার্লামেন্টের সদস্য নির্বাচন করা।

الْإِنْتِخَاب بِالْإِجْمَاع : সকলের অংশগ্রহণমূলক নির্বাচন।

الْإِنْتِخَاب الْحُرّ : অবাধ নির্বাচন। স্বাধীন নির্বাচন।

إِنْتِخَاب رَئِيس الْجَلْسَة : সভাপতি নির্বাচন।

إِنْتِخَاب رَئِيس الْجُمْهُورِيَّة : প্রেসিডেন্ট নির্বাচন।

الْإِنْتِخَاب الشَّعْبِيّ : গণভোট।

الْإِنْتِخَاب الشَّفَوِيّ : মৌখিক ভোট।

الْإِنْتِخَاب الْعَامّ الْمُبَاشِر : সরাসরি নির্বাচন।

الْإِنْتِخَاب الْفَرْدِيّ : একক নির্বাচন।

الْإِنْتِخَاب الْفَرْعِيّ : মধ্যবর্তী নির্বাচন। উপ-নির্বাচন। সংসদ সদস্যের শূন্য আসনে নির্বাচন।

الْإِنْتِخَابَات الْبَرْلَمَانِيَّة : পার্লামেন্ট নির্বাচন। সংসদ নির্বাচন।

الْإِنْتِخَابَات الرِّئَاسِيَّة : প্রেসিডেন্ট নির্বাচন।

الْإِنْتِخَابَات عَلَى الْأَبْوَاب : ইলেকশন মাথার উপর। অতি সন্নিকটে। দ্বারপ্রান্তে।

الْإِنْتِخَابَات فِي مُنْتَصَف الدَّوْرَة : মধ্যবর্তী নির্বাচন।

الْإِنْتِخَابَات النِّيَابِيَّة : পার্লামেন্টারি নির্বাচন। সংসদ নির্বাচন।

الْإِنْتِخَابِيّ : নির্বাচন সংক্রান্ত। নির্বাচনী। নির্বাচন-বিষয়ক।

الْإِنْتِدَاب : প্রতিনিধিত্ব। দায়িত্ব অর্পণ করা। সাময়িক রাষ্ট্র পরিচালনার অধিকার।

إِنْتِدَاب الْأُمَم الْمُتَّحِدَة : জাতিসংঘের সাময়িক তত্ত্বাবধান।

الْإِنْتِدَاب السِّيَاسِيّ : জাতিসংঘের পক্ষ থেকে প্রদত্ত রাষ্ট্র পরিচালনার সাময়িক অধিকার।

إِنْتِدَاب الشَّخْص : প্রতিনিধি নিয়োগ করা।

الْإِنْتِدَاب فِي شَيْء : প্রতিনিধিত্ব করা।

إِنْتِدَاب أَحَد إِلَى الْأَمْر وَلَهُ : কাউকে কোনো কাজের প্রার্থী বানানো।

إِنْتِدَاء الْقَوْم : লোকেরা সভাস্থলে একত্রিত হওয়া।

الْإِنْتَرْنِت : ইন্টারনেট (Internet)।

الْإِنْتِزَاع : উৎপাটন করা। উপড়ানো।

الْإِنْتِزَاع إِلَى : ১. সদৃশ হওয়া। ২. আগ্রহী হওয়া।

إِنْتِزَاع التَّنَازُلَات عَنْ : ছাড় রহিত করা। রেয়াত খতম করা।

إِنْتِزَاع الْحُرِّيَّة مِنْ : স্বাধীনতা ছিনিয়ে নেওয়া।

إِنْتِزَاع السُّلْطَة مِنْ : ক্ষমতা কেড়ে নেওয়া। ক্ষমতাচ্যুত করা।

إِنْتِزَاع الشَّيْء عَنْ : কেড়ে নেওয়া। অর্জন করা।

إِنْتِزَاع السِّلَاح عَنْ : নিরস্ত্রীকরণ।

إِنْتِزَاعُ الْفُرْصَة : সুযোগ বের করা।

اِنْتِزَاع النُّفُوْذ مِنْ : ক্ষমতা ছিনিয়ে নেওয়া। ক্ষমতাচ্যুত করা।

الاِنْتِسَاب : সম্পৃক্ত হওয়া। যুক্ত হওয়া।

الاِنْتِسَاب إِلَى الْمَدْرَسَة : মাদরাসায় ভর্তি হওয়া।

الاِنْتِشَار : বিস্তৃত হওয়া। ছড়িয়ে পড়া।

اِنْتِشَار الاِضْطِرَاب : বিশৃঙ্খলা ছড়িয়ে পড়া।

اِنْتِشَار الْجَرِيْدَة وَنُفُوْذُهَا : পত্রিকার প্রচার।

اِنْتِشَارُ الشَّائِعَة عَنْ كَذَا : গুজব ছড়িয়ে পড়া।

اِنْتِشَارُ الصَّوْتِ : ধ্বনি অনুরণিত হওয়া।

اِنْتِشَار الْفَسَاد دَاخِلَ الْحِزْبِ : পার্টিতে বিশৃঙ্খলা সৃষ্টি হওয়া।

الاِنْتِشَال : বের করা।

اِنْتِشَال الْجُثَث : লাশ বের করে আনা।

اِنْتِشَال طَاقِم السَّفِيْنَة : জাহাজের কর্মচারীদের বের করে আনা।

الاِنْتِشَاء : নেশাগ্রস্ত হওয়া। নেশা করা।

الاِنْتِصَار : সফলতা। কৃতকার্যতা। বিজয়।

الاِنْتِصَار الْجَبَّار : বিপুল বিজয়। ব্যাপক সফলতা।

الاِنْتِصَار الْكَاسِح : সর্বব্যাপী সফলতা। ব্যাপক সফলতা।

اِنْتَصَرَ مِنْ : প্রতিশোধ গ্রহণ করা।

اِنْتَصَرَ لِ : সাহায্য করা। সমর্থন করা। পক্ষ সমর্থন করা।

الاِنْتِظَام : ১. বিন্যস্ত হওয়া। শৃঙ্খলা। ২. নিয়ম। বিন্যাস। ৩. সুশৃঙ্খল ও সদাচারী হওয়া।

الاِنْتِظَام فِيْ خُطَّةٍ وَاحِدَة : একই পরিকল্পনার অধীনে সমবেত হওয়া।

الاِنْتِعَاش : ১. উন্নত হওয়া। সুস্থ হওয়া। প্রাণবন্ত হওয়া। ২. জমি চাষের উপযোগী হওয়া।

اِنْتِعَاش الاِقْتِصَاد : অর্থনীতির উন্নতি হওয়া।

الاِنْتِعَاش فِي الاِقْتِصَاد : অর্থনীতির অগ্রগতি।

الاِنْتِعَاشِيّ : স্পন্দনশীল।

الاِنْتِفَاضَة : কম্পন। আন্দোলন। নাড়া। ঝাঁকুনি। জাগরণ।

الاِنْتِفَاضَة الشَّعْبِيَّة : গণজাগরণ। গণআন্দোলন।

الاِنْتِفَاع : প্রফিট অর্জন করা। উপকৃত হওয়া।

الاِنْتِفَاء : বিতাড়িত হওয়া। নির্বাসিত হওয়া।

اِنْتِفَاء الشَّرْعِيَّة : আইন ভঙ্গ করা। আইন অমান্য করা। আইনের বিরোধিতা করা। বৈধতার অস্বীকার করা।

أَنْتَ فِي وَادٍ وَنَحْنُ فِي وَادٍ : তোমার ও আমার জগৎ ভিন্ন। তুমি এক জগতে, আমি অন্য জগতে।

الاِنْتِقَاض مِنَ السُّلْطَة : কর্তৃত্ব হ্রাস করা।

الاِنْتِقَاد : ১. সমালোচনা করা। ছিদ্রান্বেষণ করা। ২. হাতে হাতে মূল্য পরিশোধ করা।

الاِنْتِقَاد الصَّحَفِيّ : পত্রিকার সমালোচনা।

الاِنْتِقَال : স্থানান্তর। পরিবর্তন। ইন্তেকাল।

اِنْتِقَال الْمُؤْتَمَر إِلَى جَدْوَل الأَعْمَال : এজেন্ডার প্রতি কনফারেন্সের মনোযোগী হওয়া।

الإِنْتِكَاثُ : ভেঙে যাওয়া। চূর্ণ হওয়া।

الإِنْتِمَاءُ إِلَى : সম্পর্ক রাখা। সম্পৃক্ত হওয়া।

الإِنْتِمَاءُ إِلَى الحِزْبِ : পার্টির সাথে সম্পর্ক রাখা।

الإِنْتِمَاءُ إِلَى المُنَظَّمَةِ : আন্দোলনে অন্তর্ভুক্ত হওয়া।

أَنْتَ مَسْئُولٌ عَنْ أَمْرِكَ : আপনি আপনার কাজের দায়িত্বশীল।

أَنْتَ وَاهِمٌ : তোমার ধারণা ভুল।

أَنْتَ وَشَأْنُكَ : আপনি আপনার কাজ সম্পর্কে অবগত।

الإِنْتِهَاجُ : পলিসি অবলম্বন করা।

الإِنْتِهَاجُ السِّيَاسِيُّ : রাজনৈতিক পলিসি।

إِنْتِهَازُ الفُرْصَةِ : সুযোগের সদ্ব্যবহার করা।

الإِنْتِهَازِيُّ : সুযোগসন্ধানী। সুবিধাবাদী।

الإِنْتِهَازِيَّةُ : সুবিধাবাদ। সুযোগের সন্ধান।

الإِنْتِهَاكُ : বিরোধিতা।

إِنْتِهَاكُ الإِتِّفَاقِ وَالْمُعَاهَدَةِ : চুক্তি ভঙ্গ করা। চুক্তির বিরোধিতা করা।

إِنْتِهَاكُ الحُرْمَةِ : অবমাননা। মানহানি।

إِنْتِهَاكُ قَرَارِ الخَطَرِ بِكَذَا : নিয়মানুবর্তিতার সিদ্ধান্তের বিরোধিতা।

الإِنْتِهَاكَاتُ : বিরোধিতাসমূহ।

الإِنْتِهَاءُ : শেষ হওয়া। সমাপ্ত হওয়া।

إِنْتِهَاءُ الإِنْفِجَارَاتِ : উত্তেজনার সমাপ্তি হওয়া।

إِنْتِهَاءُ التَّعْيِينِ : নিয়োগ শেষ হওয়া।

إِنْتِهَاءُ الحَرْبِ : যুদ্ধ বন্ধ হওয়া।

إِنْتِهَاءُ العَقْدِ : চুক্তির মেয়াদ শেষ হওয়া।

إِنْتِهَاءُ فَتْرَةِ عَمَلِ السَّفِيرِ فِي قُطْرٍ : কোনো দেশের রাষ্ট্রদূতের কাজের সময়সীমা শেষ হওয়া।

إِنْتِهَاءُ المَأْمُورِيَّةِ : অভিযান শেষ হওয়া।

إِنْتِهَاءُ الهُدْنَةِ : সন্ধির সময়সীমা শেষ হওয়া।

إِنْتِهَاءُ المُهِمَّةِ : মিশন সমাপ্ত হওয়া। অভিযান শেষ হওয়া।

الإِنْتِيَابُ : পালাক্রমে আসা। আপতিত হওয়া।

إِنْتِيَابُ الحَالَةِ العَصَبِيَّةِ : উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হওয়া।

إِنْتِيَابُ رُوحِ الإِسْتِسْلَامِ : পরাজয়ের অনুভূতি সৃষ্টি হওয়া।

إِنْتِيَابُ الضِّيقِ : নাভিশ্বাস উঠা। দম বন্ধ হওয়া।

إِنْتِيَابُ القَلَقِ : দুশ্চিন্তাগ্রস্ত হওয়া।

أَنْتِين : অ্যান্টেনা (Antenna)। এরিয়াল।

إِنْثِيَالُ المَعَانِي : অনুভূতির উদয়।

الإِنْجَابُ : ১. উত্তম স্বভাব। ২. বংশীয়। ৩. প্রশংসনীয় হওয়া। ৪. সন্তানবিশিষ্ট হওয়া। ৫. ভদ্রসন্তানের পিতা হওয়া।

الإِنْجَازُ (ج) إِنْجَازَاتٌ : সফলতা। পূর্ণতা।

إِنْجَازُ الأَعْمَالِ : কর্ম সম্পাদন করা।

إِنْجَازُ الأَمْرِ قَبْلَ مَوْعِدِهِ : নির্ধারিত সময়ের পূর্বে কার্য সম্পাদন করা।

إِنْجَاز خُطَط التَّنْمِيَة : উন্নয়নশীল পরিকল্পনাসমূহ বাস্তবায়ন করা।

إِنْجَاز الْمَشَارِيع الْمُخَطَّطَة : চিহ্নিত পরিকল্পনাসমূহ বাস্তবায়ন করা।

إِنْجَاز الْوَعْد : অঙ্গীকার পূর্ণ করা।

الإِنْجَازَات : সফলতাসমূহ।

الإِنْجَام : প্রকাশিত হওয়া। উদিত হওয়া।

الإِنْجِلاء : ১. বিচ্ছিন্ন হওয়া। ২. দূরীভূত হওয়া।

الإِنْجِلاء عَنْ : ফলদায়ক হওয়া। ফলাফল প্রকাশ পাওয়া।

إِنْجِلْتَرَا : ইংল্যান্ড।

الإِنْجِلِيزِي : ইংরেজি। ইংরেজ।

أَنْحَاء (وا) النَّحْو : কোণ। পার্শ্ব। দিক।

الإِنْحِدَار : নেমে আসা। গড়িয়ে পড়া।

إِنْحِدَارُ الأَرْض : ঢালু জায়গা। ভূমিতে অবতরণ।

الإِنْحِدَار مِنَ الأَصْلِ كَذَا : কোনো বংশ বা গোত্রের হওয়া।

الإِنْحِصَار : অবরুদ্ধ হওয়া। সীমাবদ্ধ হওয়া।

الإِنْحِصَار فِي كَذَا : সীমাবদ্ধ হওয়া।

الإِنْحِطَاط : অবক্ষয়। অবনতি। দুর্বলতা। পতন। অধঃপতন। হ্রাস। অবতরণ।

الإِنْحِلَال : নষ্ট। খারাবি। পতন। অধঃপতন। বিচ্ছিন্নতা। দুর্বলতা। ঢিলেমি। অলসতা।

إِنْحِلَال الْحِزْب : দল ভেঙ্গে যাওয়া।

الإِنْحِيَاز : পক্ষপাতিত্ব। সম্পৃক্ততা।

الإِنْحِيَاز إِلَى : পক্ষপাতিত্ব করা।

الإِنْحِيَاز مِنْ : দূরবর্তী হওয়া। পৃথক হওয়া।

عَدَم الإِنْحِيَاز : জোটনিরপেক্ষতা।

الإِنْخِذَال : লজ্জিত হওয়া। ব্যর্থ হওয়া।

الإِنْخِرَاط : অন্তর্ভুক্তি।

الإِنْخِرَاط فِي الْعَمَل : কাজে ব্যস্ত হওয়া।

الإِنْخِرَاق : ছিদ্রযুক্ত হওয়া। বিদীর্ণ হওয়া।

الإِنْخِفَاض : ১. পতন। অবনতি। হ্রাস। ২. নিচু হওয়া।

اِنْفَاض الأَسْعَار : মূল্যহ্রাস পাওয়া।

اِنْخِفَاض أَسْعَار الإِنْتَاجَات : উৎপাদনের মূল্য হ্রাস পাওয়া।

اِنْخِفَاض الإِنْتَاجِيَّة : উৎপাদনক্ষমতা হ্রাস পাওয়া।

اِنْخِفَاض الصَّادِرَات : রপ্তানি হ্রাস পাওয়া।

اِنْخِفَاض الْعُمْلَة : মুদ্রা হ্রাসপ্রাপ্ত হওয়া। মুদ্রামান কমে যাওয়া।

اِنْخِفَاض الْقُدْرَة الشِّرَائِيَّة : ক্রয়ক্ষমতা হ্রাস পাওয়া।

الإِنْدِثَار : চিহ্ন মুছে যাওয়া। নিশ্চিহ্ন হওয়া।

الإِنْدِحَار : সমাপ্তি। পতন। অধঃপতন।

الإِنْدِفَاع : ১. উত্তেজনা। ২. নির্ভয়ে আসা। ৩. ধাক্কা দেওয়া। বন্যার ন্যায় আসা।

اِنْدِفَاع الشَّبَاب : যৌবনের উন্মাদনা।

الإِنْدِفَاع فِي شَيْء : দৌড়ঝাঁপ। লিপ্ততা।

الإِنْدِفَاع عَلَى : ভিড়। ভিড়াভিড়ি।

الإِنْدِفَاع وَرَاء شَيْء : কোনো দিকে প্রবাহিত হওয়া।

الإنْدِفَاعُ الكَبِيْر : দ্রুতগতি। ক্ষিপ্রগতি।

الإنْدِلَاع الإضْطِرَابَات : বিশৃঙ্খলা মাথা চাড়া দেওয়া। দানা বাঁধা।

إنْدِلَاع الحَرْب : যুদ্ধের দাবানল জ্বলে উঠা।

الإنْدِمَاج فِيْ شَيْء : যুক্ত হওয়া। একটি অন্যটির মধ্যে প্রবিষ্ট হওয়া।

الإنْدِمَاجِيّ : অন্তর্ভুক্তমূলক। অন্তর্ভুক্তি।

إنْدُونِيْسِيَا : ইন্দোনেশিয়া [দেশ]।

الإنْدَاء : ভিজানো। সিক্ত করা।

الإنْذَار : সতর্ক করা। সতর্কীকরণ। ওয়ার্নিং। নোটিশ। ঘোষণা। সতর্কতা। এ্যালার্ম দেওয়া।

الإنْذَار بِخَطَر : এ্যালার্ম। সতর্ক-সঙ্কেত।

الإنْذَار بِالغَارَة الجَوِّيَّة : বিমান হামলার সতর্ক-সঙ্কেত।

إنْذَار التَّنْبِيْه : এ্যালার্ম। সতর্ক-সঙ্কেত।

الإنْذَار القَضَائِيّ : আদালতের সমন। নোটিশ।

الإنْذَار المُبَكِّر : ফার্স্ট ওয়ার্নিং।

الإنْذَار النِّهَائِيّ : আল্টিমেটাম। চূড়ান্ত নোটিশ।

الأنْذَال (وا) النَّذْل : নিম্নশ্রেণির লোক।

الإنْذِعَار : ভয় পাওয়া। সন্ত্রস্ত হওয়া।

إنْزَال جُنُوْد المِظَلَّات : ছত্রীসেনা অবতরণ করানো। নামানো।

إنْزَال الشَّحْنَة مِنَ السَّفِيْنَة : জাহাজ থেকে মাল খালাস করা।

إنْزَال عُقُوْبَة الإعْدَام : মৃত্যুদণ্ড দেওয়া।

إنْزَال القُوَّة : সেনাবাহিনী মোতায়েন করা। সেনা নামানো।

الإنْزَاف : রক্তাক্ত করা। রক্ত প্রবাহিত করা।

الإنْزِعَاج : বিরক্ত হওয়া।

الإنْزِوَاء : নিভৃত কোণে অবস্থান নেওয়া। নির্জনতা অবলম্বন করা।

الإنْسِجَام : একাত্মতা। বনিবনা। সামঞ্জস্য। জোড়। সঙ্গতি।

إنْسِجَام الشَّيْء مَعَ كَذَا : মিল হওয়া। ফিট হওয়া। সামঞ্জস্য হওয়া।

الإنْسِجَام مَعَ : ফিট হওয়া।

أنْسِجَة الدِّمَاغ (وا) نَسِيْج : মস্তিষ্কের আবরণী।

الإنْسِحَاب : পিছনে সরে যাওয়া। প্রত্যাগমন।

الإنْسِحَاب الجُزْئِيّ : আংশিক প্রত্যাহার।

إنْسِحَاب جَمِيْع العَنَاصِر الأجْنَبِيَّة : সকল বিদেশিকে দেশ হতে বহিষ্কার করা।

إنْسِحَاب القُوَّات إلَى الخُطُوْط : সেনাবাহিনী ব্যারাকে ফিরে যাওয়া। সেনা প্রত্যাহার করা।

إنْسِحَاب القُوَّات مِنْ : সেনা প্রত্যাহৃত হওয়া।

الإنْسِحَاب الكَامِل : পরিপূর্ণ প্রত্যাহার।

الإنْسِحَاب مِنْ : নির্জনতা অবলম্বন করা।

الإنْسِحَاب مِنَ السُّلْطَة التَّنْفِيْذِيَّة : ব্যবস্থাপনা বিষয় থেকে পৃথক হওয়া।

الْإِنْسِحَاب مِنَ الْعَمَل : কর্মবিরতি দেওয়া। কর্ম পরিহার করা।

الْإِنْسِحَاب مِنَ الْوَظِيفَة : পদচ্যুত হওয়া।

الْإِنْسِحَاق : চূর্ণ হওয়া। গুঁড়ো হওয়া।

الْإِنْسِدَاد : বন্ধ হওয়া। বাধাপ্রাপ্ত হওয়া।

اِنْسِدَاد الْحَاجَة : প্রয়োজন পূর্ণ হওয়া।

اِنْسِدَاد الْفَرَاغ : শূন্যস্থান পূর্ণ হওয়া।

الْإِنْسِلَات مِنْ : পলায়ন করা।

الْإِنْسِلَاك : অংশগ্রহণ করা। প্রবিষ্ট হওয়া।

الْإِنْسِلَال إِلَى : কোথাও সন্তর্পণে প্রবেশ করা। আস্তে গিয়ে পৌঁছা।

الْإِنْسِلَال مِنْ مَكَان : কোনো স্থান হতে চুপিসারে বেরিয়ে যাওয়া। অজান্তে বেরিয়ে যাওয়া।

الْإِنْسِيَاب : বিনা বাধায় আসা-যাওয়া করা। স্বাভাবিক আসা-যাওয়া করা।

إِنْشًا فَإِنْشًا : ইঞ্চি ইঞ্চি করে।

الْإِنْشَاء : ১. সৃষ্টি করা। তৈরি করা। অস্তিত্ব দান করা। ২. প্রতিষ্ঠাকরণ। সৃষ্টি। রচনা। ৩. লিখন-পদ্ধতি। রচনা-লিখন। ৪. নির্মাণ।

إِنْشَاء الصُّنْدُوق لِكَذَا : ফান্ড গঠন করা।

إِنْشَاء الصُّنْدُوق بِرَأْس مَال كَذَا : এত পরিমাণ পুঁজি দ্বারা ফান্ড গঠন করা।

إِنْشَاء الْعَلَاقَات التِّجَارِيَّة : বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করা।

إِنْشَاء الْعَلَاقَات الدِّبْلُومَاسِيَّة : কূটনৈতিক সম্পর্ক স্থাপন করা।

إِنْشَاء الْقَاعِدَة الْحَرْبِيَّة : সামরিক ঘাঁটি বানানো।

إِنْشَاء الْمَحَطَّات لِلْقُوَى الْكَهْرَبَائِيَّة : বিদ্যুতের পাওয়ার স্টেশন বানানো।

إِنْشَاء الْمُرَاسَلَات : চিঠি লেখালেখি।

إِنْشَاء الْمُؤَسَّسَات : প্রতিষ্ঠান গঠন করা।

الْإِنْشَائِيّ : সৃজনশীল। গঠনমূলক। রচনামূলক।

أَنْشِطَة (وا) النَّشَاط : তৎপরতা। তৎপর প্রতিষ্ঠানসমূহ।

الْإِنْشِقَاق : বিদীর্ণ হওয়া। ফেটে যাওয়া।

الْإِنْشِقَاق عَنْ : বেরিয়ে যাওয়া। ফেটে যাওয়া।

الْإِنْشِقَاق الدَّاخِلِيّ : অভ্যন্তরীণ বিশৃঙ্খলা।

الْإِنْشِقَاقِيّ : বিচ্ছিন্নতাবাদী।

الْإِنْشِقَاقِيَّة : বিচ্ছিন্নতাবাদ।

الْأُنْشُودَة (ج) أَنَاشِيد : গান। গীত। সঙ্গীত।

الْأُنْشُوطَة (ج) أَنَاشِيط : গ্রন্থি। গেরো। গিরা।

الْإِنْصِبَابُ : প্রবাহিত হওয়া। গড়িয়ে পড়া।

اِنْصِدَاع الشَّيْء : বিদীর্ণ হওয়া। ফেটে যাওয়া।

الْإِنْصِرَاع : পড়ে যাওয়া। আছাড় খাওয়া।

الْإِنْصِرَافُ عَنِ الْمَبَادِئ : মূলনীতি থেকে সরে যাওয়া।

الْإِنْصِرَام : বিচ্ছিন্ন হওয়া।

اِنْصِرَام الْأَجَل : মৃত্যু আসা। হায়াত শেষ হওয়া।

الْإِنْصِهَار فِي : দ্রবীভূত হওয়া। মিশ্রিত হওয়া।

الْإِنْصِيَاعُ : প্রত্যাবর্তন করা। অনুগত হওয়া। ক্ষিপ্রগতিতে দৌড়ানো।

الإِنْصِيَاع لِأَحَد : অনুগত হওয়া। বাধ্য হওয়া।

إِنْصِيَاع الطَّائِر : পাখি আকাশে উড়া।

الإِنْضِبَاط : সংহত হওয়া। সুশৃঙ্খল হওয়া।

الإِنْضِمَام إِلَى : যুক্ত হওয়া। অন্তর্ভুক্ত হওয়া।

الإِنْضِمَام إِلَى التَّيَّار : ধারায় প্রবাহিত হওয়া।

الإِنْضِمَام إِلَى الجَمْعِيَّة : দলে অন্তর্ভুক্ত হওয়া। দলে যোগ দেওয়া।

الإِنْضِمَام إِلَى الدُّوَل الأُخْرَى : ভিন্ন রাষ্ট্রের সাথে সম্পৃক্ত হওয়া।

الإِنْضِمَام إِلَى المُعَاهَدَة : চুক্তিতে শামিল হওয়া। চুক্তিবদ্ধ হওয়া।

إِنْضَمَّتِ الدَّوْلَة إِلَى بَلَد آخَر : কোনো দেশ অন্য দেশের সাথে একীভূত হয়ে যাওয়া।

الإِنْطِبَاع : প্রভাবান্বিত হওয়া।

إِنْطِبَاعَات (وا) الإِنْطِبَاع : প্রভাব-প্রতিপত্তি।

الإِنْطِبَاق عَلَى شَيْء : ফিট হওয়া। সামঞ্জস্য হওয়া।

الإِنْطِلَاق : ১. স্টার্ট হওয়া। চালু হওয়া। ২. প্রস্থান করা। যাওয়া। ছুটে যাওয়া। ৩. গোলাগুলি হওয়া। ফায়ার হওয়া। ৪. স্বাধীনতা। আন্দোলন। ৫. মুক্তি। রেহাই।

الإِنْطِلَاق فِي العَمَل : কর্ম চালু রাখা। কাজে ব্যস্ত থাকা।

إِنْطِلَاق القَذِيفَة : গোলাগুলি হওয়া। গুলি বের হওয়া।

إِنْطِلَاق المِدْفَع : তোপ বের হওয়া।

إِنْطِلَاق النَّار : গুলি হওয়া। ফায়ার হওয়া। অগ্নি বর্ষিত হওয়া।

الإِنْطِلَاق نَحْوَ التَّقَدُّم : উন্নয়নের দিকে ধাবিত হওয়া।

إِنْطِلَاق الوَبَاء : মহামারি ছড়িয়ে পড়া।

إِنْطِلَاقًا مِنْ كَذَا : অমুক জিনিসের অধীনে।

إِنْطِلَاقًا مِنَ المَبَادِئ : মূলনীতির আলোকে। মূলনীতির অধীনে।

الإِنْطِلَاقَة : সফর। ভ্রমণ। পর্যটন। আন্দোলন।

إِنْطَلَقَ التِّلِفُون صَارِخًا : টেলিফোনের রিং জোরে বেজেছে।

إِنْطَلَقَ مُسْرِعًا : ঝটপট দৌড়েছে। ক্ষিপ্রগতিতে চলেছে।

إِنْطَلَقَ وَجْهُه : চেহার বিকশিত হওয়া। সহাস্য হওয়া। প্রফুল্ল হওয়া।

إِنْطَلَقَ مِنْ بَيْنِهِمَا سِرًّا : সন্তর্পণে বের হয়ে গিয়েছে। চোখ ফাঁকি দিয়ে বেরিয়ে পড়েছে।

إِنْطَلَقَت رَصَاصَات الشَّتِيمَة : গালি বর্ষিত হয়েছে। অশ্লীল বাক্যের বিস্ফোরণ ঘটেছে।

الإِنْطِوَاء عَلَى التَّمْيِيز أَوِ التَّفْرِقَة : বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া।

الإِنْطِوَائِيَّة : স্বার্থপরতা। স্বার্থান্ধতা।

الإِنْطِوَائِيّ : স্বার্থপর। স্বার্থান্ধ।

الإِنْطِيَاء : মুক্ত আকাশে উড্ডীন হওয়া।

أُنْظُر خَلْفَه : পিছনে দেখুন।

أَنْظِمَة (وا) النِّظَام : পদ্ধতি। সিস্টেম। পন্থা। মূলনীতি। উসূল।

الإِنْعَاش : চতুর বানানো। বিচক্ষণ বানানো। প্রাণবন্ত করা। চাঙ্গা করা।

إِنْعَاش الأَرْض : জমি চাষোপযোগী করা।

إِنْعَاش الإِنْتَاج : উৎপাদন বৃদ্ধি করা।

الإِنْعَام بِالوِسَام عَلَى : পদক দেওয়া।

إِنْعِجَام الشَّيْء عَلَى : অস্পষ্ট হওয়া।

الإِنْعِدَام : অস্তিত্বহীন হওয়া। বিলীন হওয়া।

الإِنْعِرَاج : লেংড়া হওয়া। খোঁড়া হওয়া। বক্র হওয়া। বাঁকা হওয়া। মোচড় খাওয়া।

الإِنْعِزَالِيَّة : বিচ্ছিন্নতাবাদ। বিচ্ছিন্নতাবাদ প্রবণ।

الإِنْعِزَال : বিচ্ছিন্ন হওয়া। সম্পর্ক ছিন্ন করা। আলাদা হওয়া। নির্জনতা অবলম্বন করা। নিঃসঙ্গ হওয়া। সঙ্কুচিত হওয়া।

الإِنْعِزَالِيُّون : বিচ্ছিন্নতাবাদী সম্প্রদায়।

الإِنْعِصَار : নিষ্কাশিত হওয়া। নিংড়িত হওয়া।

الإِنْعِطَاف (ج) إِنْعِطَافَات : বাঁক। মোড়।

الإِنْعِقَاد : অনুষ্ঠিত হওয়া। সংঘটিত হওয়া। সম্পন্ন হওয়া।

إِنْعِقَاد الاجْتِمَاع : সমাবেশ অনুষ্ঠিত হওয়া।

إِنْعِقَاد الشَّرَاب أَوِ اللَّبَن : দুধ বা শরাব শুষ্ক হওয়া। শুকিয়ে যাওয়া। গাঢ় হওয়া।

إِنْعِقَاد المُؤْتَمَر : কনফারেন্স অনুষ্ঠিত হওয়া।

الإِنْعِكَاس (ج) إِنْعِكَاسَات : প্রভাব। প্রতিবিম্ব। ছায়া।

الإِنْعِكَاس عَلَى شَيْء : প্রভাবান্বিত হওয়া। প্রভাবিত হওয়া।

الإِنْعِكَاس لِكَذَا : ছায়া। প্রতিবিম্ব।

الإِنْعِكَاسَات : প্রভাব-প্রতিপত্তি।

الإِنْغِشَاش : ভেজাল মিশ্রিত হওয়া। প্রতারিত হওয়া।

الإِنْغِطَاط فِي المَاء : পানিতে ডুব দেওয়া।

الإِنْفَاق الحُكُومِيّ : সরকারি খরচ।

الإِنْفَاق المُفْرِط : অপব্যয়। অনর্থক খরচ।

الإِنْفِتَات : চূর্ণবিচূর্ণ হওয়া।

الأَنَفَة : অহংকার। গর্ব। দর্প। অহমিকা।

الإِنْفِجَار (ج) إِنْفِجَارَات : বিস্ফোরণ।

إِنْفِجَار الاشْتِبَاكَات : বিশৃঙ্খলা ছড়িয়ে পড়া।

إِنْفِجَار الخِلَاف فُجْأَة : হঠাৎ বিশৃঙ্খলা সৃষ্টি হওয়া।

الإِنْفِجَار الذَّرِّيّ : পারমাণবিক বিস্ফোরণ। এটম বোমার বিস্ফোরণ।

إِنْفِجَار المَاء : পানি প্রবাহিত হওয়া। প্লাবিত হওয়া।

إِنْفِجَار المَعْرَكَة : যুদ্ধ বাধা।

الإِنْفِجَار مِنَ الغَضَب : ক্রোধে ফেটে পড়া।

إِنْفِجَار النَّاس عَلَى : ঝাঁপিয়ে পড়া। হঠাৎ আক্রমণ করা।

إِنْفِجَار النِّزَاع : বিবাদ সৃষ্টি হওয়া। গণ্ডগোল বাধা।

الإِنْفِجَارِيّ : বিস্ফোরণমুখ।

اِنْفَجَرَتِ القَنَابِل فِيْ مَكَان : কোথাও বোমা বিস্ফোরণ হওয়া।

الإِنْفِرَاج : দুঃখ বিদূরিত হওয়া। কষ্ট দূর হওয়া। প্রশস্ত হওয়া। খুলে যাওয়া। আরাম পাওয়া। কষ্ট লাঘব হওয়া।

الإِنْفِرَادُ : একা হওয়া। একাকী হওয়া। বিচ্ছিন্ন হওয়া।

الإِنْفِرَادُ بِالسُّلْطَة : ডিক্টেটরশিপ হওয়া। এককভাবে কর্তৃত্ব করা।

الإِنْفِرَاد بِالعَمَل : কোনো কাজে অসাধারণ হওয়া। অনন্য হওয়া। একাকী সম্পাদন করা।

الإِنْفِرَاق عَنْ : পৃথক হওয়া। বিচ্ছিন্ন হওয়া।

الإِنْفِرَاز : বিদীর্ণ হওয়া।

الإِنْفِسَاح : প্রশস্ত হওয়া।

الإِنْفِسَاخ : রহিত হওয়া। বাতিল হওয়া।

اِنْفِسَاخ الخُطْبَة : বাগদান বাতিল হওয়া।

الإِنْفِسَاد : নষ্ট হওয়া। দুর্গন্ধময় হওয়া।

الإِنْفِصَال : ১. বিচ্ছিন্নতা। ২. ফাটল সৃষ্টি হওয়া।

اِنْفِصَال الخِيَاطَة : সেলাই খুলে যাওয়া।

الإِنْفِصَالِيَّة : বিচ্ছিন্নতাবাদ।

الإِنْفِصَام : পৃথক হওয়া। বিচ্ছিন্ন হওয়া।

الإِنْفِضَاض : খুলে যাওয়া। বিদূরিত হওয়া। ভেঙ্গে যাওয়া।

اِنْفِضَاض المُؤْتَمَر : কনফারেন্স সমাপ্ত হওয়া।

الإِنْفِعَال : ১. প্রভাব। উত্তেজিতকরণ। অসন্তুষ্টি। রগচটা। তীক্ষ্ণানুভূতি। ২. কার্যকর হওয়া।

الإِنْفِعَال العَاطِفِيّ : আবেগময় প্রতিক্রিয়া।

الإِنْفِعَال والعَصَبِيَّة : আবেগপ্রবণতা ও সাম্প্রদায়িকতা।

الإِنْفِكَاك : খুলে যাওয়া। শিথিল হওয়া। বিচ্ছিন্ন হওয়া।

الإِنْفِلَات : মুক্ত হওয়া। নিয়ন্ত্রণমুক্ত হওয়া।

الإِنْفِلَاج : পক্ষাঘাতগ্রস্ত হওয়া।

الإِنْفُلُونْزَا : ইনফ্লুয়েঞ্জা। ফ্লু।

الإِنْقَاذ : মুক্ত করা। বাঁচিয়ে নিয়ে যাওয়া।

إِنْقَاذ أَرْوَاح الأَبْرِيَاء : নিষ্পাপদের জীবন রক্ষা করা।

إِنْقَاذ الأَزْمَة : সঙ্কট নিরসন করা।

إِنْقَاذ حَيَاة الرَّهَائِن : জিম্মি মুক্ত করা।

إِنْقَاذ السُّمْعَة : সুনাম রক্ষা করা।

طَرْدُ الْمُنَظَّمَةِ قُوَّاتِ الْاِحْتِلَالِ : সংস্থার পক্ষ থেকে অধিকৃত সৈনিকদের বিতাড়িত করা।

الطَّرْفُ (ج) أَطْرَافٌ : সাইড। কিনারা। শেষাংশ। প্রান্ত। গ্রুপ। পক্ষ।

الطَّرْفُ الْآخَرُ : দ্বিতীয়পক্ষ। অপরপক্ষ।

طَرْفُ الْخِمَارِ : আঁচল। কাপড়ের প্রান্ত।

الطَّرْفُ فِي الْقَضِيَّةِ : মামলার পক্ষ।

الطَّرْفُ فِي النِّزَاعِ أَوِ الدَّعْوَى أَوِ الْعَقْدِ : পার্টি। গ্রুপ। দল।

الطَّرْفُ الْمُسْتَدَقُّ : নিব। তীক্ষ্ণপ্রান্ত। ফলা।

الطَّرْفَانِ : প্রতিদ্বন্দ্বী ব্যক্তিদ্বয়। বাদী-বিবাদী।

الطَّرْفَانِ الْمَعْنِيَّانِ : সংশ্লিষ্ট দুইপক্ষ।

طُرُقُ التِّجَارَةِ : ব্যবসার পদ্ধতি।

الطُّرُقُ الدِّبْلُومَاسِيَّةُ : ডিপ্লোমেটিক মাধ্যম।

الطُّرُقُ الْفَرْعِيَّةُ : সাইড রোড।

الطُّرُقُ الْمُخْتَصَرَةُ : সংক্ষিপ্ত রাস্তা।

طُرُوحَاتٌ (وا) الطَّرْحُ : উত্থাপন। পেশকরণ।

الطَّرِيُّ : সজীব। তরতাজা। তাজা।

الطَّرِيدُ : বহিষ্কৃত। তিরস্কৃত। লম্পট।

الطَّرِيفُ (ج) طُرَفٌ : নতুন। দুর্লভ অসাধারণ। শ্রেষ্ঠ। উৎকৃষ্ট।

الطَّرِيقُ (ج) طُرُقٌ : রোড। সড়ক। রাস্তা। রুট।

الطَّرِيقُ الْأَرْضِيُّ : কাঁচা রাস্তা। মাটির রাস্তা।

طَرِيقُ التَّخْطِيطِ : প্লানিংয়ের পদ্ধতি।

الطَّرِيقُ الْجَانِبِيُّ : পাশাপাশি পথ।

الطَّرِيقُ الرَّئِيسِيُّ : প্রধান সড়ক। মহাসড়ক। রাজপথ।

طَرِيقُ عَدَمِ الْانْحِيَازِ : জোটনিরপেক্ষতা মূলক পন্থা।

الطَّرِيقُ الْمَسْدُودُ : বন্ধরাস্তা।

الطَّرِيقَةُ (ج) طَرَائِقُ : নিয়ম। নীতি। আচরণ। ফ্যাশন। সিসটেম। পন্থা। পথ।

الطَّرِيقَةُ التَّجْرِيبِيَّةُ : পরীক্ষামূলক-নীতি।

طَرِيقَةُ التَّفْكِيرِ : আইডিয়োলজি IDEOLOGY. গবেষণা-নীতি।

الطَّرِيقَةُ الْعَصَبِيَّةُ : পক্ষপাতমূলক-নীতি।

الطَّرِيقَةُ الْعِلْمِيَّةُ : বৈজ্ঞানিক পদ্ধতি।

الطَّرِيقَةُ الْفَنِّيَّةُ : বৈজ্ঞানিক পন্থা।

الطَّرِيقَةُ فِي التَّصْوِيتِ : ভোটিং পদ্ধতি। ভোটের নিয়ম।

ط ـــــ ع

الطَّعَامُ (ج) أَطْعِمَةٌ : খাদ্যদ্রব্য। খাবার।

الطَّعْمُ : স্বাদ। টেস্ট। আস্বাদন।

الطَّعْنُ عَلَى : অভিযোগ করা। সমালোচনা করা।

الطَّعْنَةُ (ج) طَعْنَاتٌ : খোঁচা। আঘাত। খ্যাতি। বিচ্ছুরণ।

طَعَنَهُ وَفِيهِ : তাকে খোঁচা মারল। তার নিন্দা করল। দোষারোপ করল।

ط ـــــ غ

اَلطُّغْيَانُ وَالْاِسْتِبْدَادُ : জুলুম ও স্বেচ্ছাচারিতা।

ط ـــــ ف

طَفَتْ صُوَرٌ أَمَامَ الْعَيْنِ : চোখের সামনে ছবি ইত্যাদি ভাসতে থাকা।

طَفِرَتِ الدُّمُوْعُ مِنَ الْعَيْنِ : ফোঁটা ফোঁটা করে অশ্রু পড়া।

اَلطِّفْلُ (ج) أَطْفَالٌ : সন্তান। বেবী। দুগ্ধজাত সন্তান। শিশু।

اَلطِّفْلُ غَيْرُ الشَّرْعِيِّ لِ : অবৈধ সন্তান। জারজ সন্তান।

اَلطِّفْلِيُّ (خَاصٌّ بِالْأَطْفَالِ) : শিশু-বিষয়ক। শিশুসুলভ। শিশু-সম্বন্ধীয়।

اَلطُّفُوْلِيُّ : শিশুদের উপযোগী।

ط ـــــ ق

اَلطَّقْسُ (ج) طُقُوْسٌ : আবহাওয়া। মৌসুম। ঋতু। রীতিনীতি।

طَقْمُ الْأَسْنَانِ : দাঁতের প্লেট।

ط ـــــ ل

طُلَّابُ السَّلَامِ : শান্তিকামী। শান্তিপ্রিয়।

اَلطَّلَّاسَةُ : ডাস্টার। মোছনযন্ত্র।

اَلطَّلَاقَةُ : বাকপটুত্ব। চেহারার দীপ্তি।

اَلطِّلَاءُ (ج) أَطْلِيَةٌ : পালিশ। রং। পেইন্ট। গিল্টি।

اَلطَّلَّاءُ : গিল্টিকারক। পেইন্টার।

طِلَاءُ الْأَظَافِرِ : নখপালিশ।

اَلطِّلَاءُ بِالْكَهْرَبَاءِ : ইলেক্ট্রো প্লাটিং। বৈদ্যুতিক পেইন্টিং।

اَلطَّلَائِعُ الثَّوْرِيَّةُ : বিপ্লবী সৈন্য।

طَلَائِعُ الشَّيْءِ : আরম্ভ। শুরু। প্রথম ভাগ।

اَلطَّلَبُ (ج) طَلَبَاتٌ : রিকুইস্ট। অর্ডার। ডিমান্ড। চাহিদা। আবেদনপত্র। APPLICATION. নিবেদন। আপিল। প্রার্থনা।

طَلَبُ الْاِجْتِمَاعِ لِكَذَا : বৈঠক ডাকা। অধিবেশন ডাকা।

اَلطَّلَبُ الْبَرِيْدِيُّ : মেইল অর্ডার।

اَلطَّلَبُ بِالْإِلْحَاحِ : বিনয়ের সাথে আবেদন।

اَلطَّلَبُ التِّجَارِيُّ : অর্ডার। ORDER.

طَلَبُ التَّعْوِيْضِ عَنْ : অভিযোগ করা। ক্লেইম করা। ক্ষতিপূরণ দাবি করা।

طَلَبُ التَّوَظُّفِ : চাকরির জন্য আবেদন।

اَلطَّلَبُ الثَّابِتُ : সস্থায়ী আবেদন।

طَلَبُ الدَّوْلَةِ عَقْدَ الْاِجْتِمَاعِ الطَّارِئِ : দেশের পক্ষ থেকে জরুরি অধিবেসন ডাকার দাবি।

طَلَبُ السَّمَاحِ لِفُلَانٍ بِكَذَا : কাউকে অনুমতি দেওয়ার দরখাস্ত করা।

طَلَبُ الشَّيْءِ : অর্ডার দেওয়া।

اَلطَّلَبُ عَلَى الْعُمَّالِ : লেবার-ডিমান্ড।
اَلطَّلَبُ عَلَى الْقَرْضِ : ঋণ-ডিমান্ড।
اَلطَّلَبُ الْقَوِيُّ : ব্যাপক চাহিদা।
طَلَبُ اللِّقَاءِ مَعَ أَحَدٍ : সাক্ষাৎকারের অনুমতি চাওয়া।
اَلطَّلَبُ الْمُسْتَعْجَلُ : আর্জেন্ট অর্ডার।
طَلَبُ الْمُقَابَلَةِ : সাক্ষাৎকারের আবেদন।
طَلَبُ الْمُكَالَمَةِ التِّلِفُونِيَّةِ : টেলিফোন কল চাওয়া।
طَلَبُ الْمُنَاقَصَةِ : টেন্ডার আহ্বান করা।
اَلطَّلَبُ مِنَ الْمَحْكَمَةِ إِثْبَاتَ الْمِلْكِيَّةِ : আদালতের পক্ষ থেকে মালিকানার দাবির সপক্ষে প্রমাণ চাওয়া।
طَلَبَ إِلَيْهِ أَنْ : আপিল করা।
طَلَبَ مِنْهُ كَذَا : আপিল করা। আবেদন করা।
اَلطَّلَبُ الْمُؤَجَّلُ : বিলম্বে পরিশোধযোগ্য অর্ডার।
اَلطَّلَبُ النَّامِيُّ : ক্রমবর্ধমান চাহিদা।
طَلَبُ الْوَظِيفَةِ : চাকরির দরখাস্ত।
طَلَبُ وَقْفِ الْمُسَاعَدَاتِ النَّوَوِيَّةِ لِكَذَا : পারমাণবিক সাহায্য বন্ধ করার আহ্বান।
طَلَبُ الْيَدِ لِلزَّوَاجِ : অফার করা। বিবাহের আবেদন করা।
طَلَبَهُ تِلِيفُونِيًّا : টেলিফোনে ডাকা।
اَلطَّلَبَاتُ غَيْرُ الْمُنَفَّذَةِ : অবাস্তবায়িত অর্ডারসমূহ।
اَلطَّلَبَاتُ الَّتِي لَمْ تُسَلَّمْ : অবাস্তবায়িত অর্ডারসমূহ।
اَلطَّلَبَاتُ الْمُتَكَرِّرَةُ : উপর্যুপরি অর্ডার।
اَلطَّلَبَاتُ الْمَوْسِمِيَّةُ : ঋতুকালীন অর্ডার। সিজনাল অর্ডার।
اَلطَّلَبَةُ الْمُتَفَوِّقُونَ : বৃত্তিধারী ছাত্রসমূহ।
اَلطِّلَّسْمُ (ج) طَلَاسِمُ : ম্যাজিক। হেঁয়ালি। জটিল কথা। তেলেসমাতি। দ্ব্যর্থবোধক কথা।
اَلطَّلْقُ : মুক্ত। স্বাধীন। সহাস্য। প্রফুল্ল।
اَلطَّلَقَاتُ الْجَوِّيَّةُ : হাওয়াই ফায়ারিং। ফাঁকা গুলি।
طَلَقَاتُ الْمَدَافِعِ : তোপধ্বনি।
طَلَقَاتُ الْمِدْفَعِيَّةِ : তোপখানার গোলাবর্ষণ।
اَلطَّلْقَةُ النَّارِيَّةُ (ج) طَلَقَاتٌ : গোলাগুলি। ফায়ার।
اَلطَّلِيعَةُ (ج) طَلَائِعُ : ভ্যান। মালবাহী গাড়ি। আগমনের সংবাদদাতা।

ط ــــــ م

اَلطَّمَاطِمُ : টমেটো।
طَمْأَنَهُ عَلَى شَيْءٍ طَمْأَنَةً : সান্ত্বনা দেওয়া।
اَلطُّمَأْنِينَةُ : শান্তি। আরাম। বিরাম। প্রশান্তি। রেস্ট।
طَمَحَ الرَّجُلُ إِلَى كَذَا (ف) طُمُوحًا : আশার দৃষ্টিতে দেখা। তাকিয়ে থাকা।
طَمَرَتِ الْآثَارُ (ن) طُمُورًا : চিহ্ন মিটে যাওয়া।

اَلطَّمْسُ : মুছে ফেলা। বিকৃত করা।

اَلطَّمْعُ (ج) أَطْمَاعٌ : লোভ। লালসা। উদ্দেশ্য। লিপ্সা। প্রত্যাশা।

طَمَعَ فِيْ لِقَائِهِ (ف) طَمْعًا : দর্শন লাভের জন্য ব্যাকুল হওয়া। সাক্ষাতের প্রত্যাশী হওয়া।

طَمْأَنَهُ عَلٰى : সান্ত্বনা দেওয়া। প্রবোধ দেওয়া।

اَلطُّمُوْحُ : উচ্চাশা। উচ্চাকাঙ্ক্ষা।

اَلطَّمُوْحُ : উচ্চাকাঙ্ক্ষী। উচ্চাভিলাষী।

اَلطُّمُوْحَاتُ : অনেক আশা। উচ্চাভিলাষসমূহ। আশা-আকাঙ্ক্ষা।

ط ——— ن

اَلطَّنُّ (ج) أَطْنَانٌ : টন। [২০ হন্দর; প্রায় ২৭ $\frac{১}{২}$ মণ]

اَلطَّنُّ الْمِتْرِيُّ : ১০০০ কিলোগ্রাম।

ط ——— و

اَلطَّوَارِئُ : ইমারজেন্সী। জরুরি অবস্থা।

طَوَاعِيَةً : স্বেচ্ছায়। সন্তুষ্টচিত্তে।

اَلطُّوَالُ : অনেক লম্বা।

اَلْخَطُّ الطُّوَالُ : প্রধান সড়ক। মহাসড়ক।

اَلطُّوْبُ (ج) أَطْوَابٌ : ইষ্টক। ইট।

اَلطُّوْبُ الْحَرَارِيُّ : পাকা ইট।

اَلطَّوْرُ (ج) أَطْوَارٌ : অবস্থা। পর্যায়।

طَوَّرَهُ - تَطْوِيْرًا : উন্নত করা। পরিবর্তন করা। অগ্রসর করা। ত্বরান্বিত করা।

طَوْعَ إِشَارَتِهِ : কারো ইঙ্গিতে চলা। অনুগত।

طَوَّعَهُ تَطْوِيْعًا : অনুগত বানানো। বাধ্য করা। সহজ করা। স্বেচ্ছাসেবী বানানো।

اَلطَّوْقُ (ج) أَطْوَاقٌ : পরিধি। পরিবেষ্টন।

طَوِيَ (س) طَوًى : ক্ষুধা লাগা। পেটে 'কুলহুওয়াল্লাহু' পড়া।

طَوِيْلُ الْأَجَلِ : দীর্ঘমেয়াদ।

طَوِيْلُ الْأَمَدِ : দীর্ঘমেয়াদ।

طَوِيْلُ الْمَدٰى : সুদূরপ্রসারী। দূরপাল্লার।

ط ——— ي

اَلطَّيُّ (ج) أَطْوَاءٌ : ভাঁজ। ফোল্ডিং।

طَيَّ كَذَا : কোনো জিনিসের সাথে গ্রোথিত। সংশ্লিষ্ট। যুক্ত।

اَلطَّيَّارُ : পাইলট। বৈমানিক।

طَيَّارُ الْفَضَاءِ : নভোচারী।

اَلطَّيِّبُ : ভালো। উত্তম। সেরা। সুন্দর। বেশ। সুস্বাদু। ঠিক আছে। ভালো [কোনো কথার উত্তরে বলা হয়]।

اَلطَّيَرَانُ : উড্ডয়ন। উর্ধ্ববিচরণ। ফ্লাইং। বিমান চলাচল।

اَلطَّيَرَانُ الْمَدَنِيُّ : আভ্যন্তরীণ বিমান চলাচল।

ظ

ظ : আরবি বর্ণমালার ১৭ তম বর্ণ।

ظ ـــــ ا

اَلظَّافِرُ : সফলকাম। বিজয়ী। কৃতকার্য।

اَلظَّالِمُ : স্বেচ্ছাচার। অত্যাচারী। বে-ইনসাফ।

اَلظَّاهِرُ : প্রতীয়মান। স্পষ্ট। দৃশ্যমান। প্রকাশিত। জাহির। বাহ্যিক। বাহিরের।

اَلظَّاهِرَةُ (ج) ظَوَاهِرُ : দৃশ্য। দৃশ্যপট। প্রতীয়মান। প্রদর্শনশীল। পরিস্থিতি।

اَلظَّاهِرَةُ الْجَوِّيَّةُ : আবহাওয়ার পরিস্থিতি।

اَلظَّاهِرَةُ الْعَالَمِيَّةُ : আন্তর্জাতিক পরিস্থিতি।

ظ ـــــ ر

اَلظَّرْفُ الَّذِي عَلَيْهِ طَابِعٌ : টিকিটযুক্ত খাম।

اَلظَّرْفُ الَّذِي عَلَيْهِ طَابِعُ الْبَرِيْدِ : ডাকটিকিটযুক্ত খাম।

اَلظُّرُوفُ : অবস্থা। পরিস্থিতি।

اَلظُّرُوفُ الْخَطِيرَةُ : সঙ্কটময় পরিস্থিতি। ভয়াবহ পরিস্থিতি।

اَلظُّرُوفُ الدَّقِيقَةُ لِلْغَايَةِ : মারাত্মক নাজুক পরিস্থিতি।

اَلظُّرُوفُ الْعَصَبِيَّةُ : সাম্প্রদায়িক পরিস্থিতি।

ظُرُوفُ الْعَمَلِ : কাজের ধরন।

اَلظُّرُوفُ الْمُشَدَّدَةُ : কঠিন পরিস্থিতি।

ظ ـــــ ف

اَلظَّفَرُ : বিজয়। সফলতা। কৃতকার্যতা।

ظَفِرَ بِالشَّيْءِ (س) ظَفَرًا : পাওয়া। অর্জন করা। হাসিল করা।

ظ ـــــ ل

ظَلَّ التِّلِيْفُوْن هَادِئًا بِسَبَبِ الْعَطَلِ الدَّاخِلِيِّ : অভ্যন্তরীণ গোলযোগের কারণে টলিফোন নীরব ছিল।

ظ ـــــ ن

اَلظَّنُّ (ج) ظُنُوْنٌ : ধারণা। আন্দাজ। অনুমান।

ظ ـــــ و

اَلظَّوَاهِرُ الطَّبِيْعَةُ : প্রাকৃতিক দৃশ্য।

ظ ـــــ ه

اَلظِّهَارَةُ : বহিরাবরণ। আচ্ছাদন।

ظَهَّرَ - تَظْهِيرًا : ব্যাক করা। পিছনে হটানো।

اَلظُّهُوْرُ : প্রকাশ। আবির্ভাব। আত্মপ্রকাশ। উত্থান।

ظُهُوْرُ الْخِلَافِ دَاخِلَ الْحُكُوْمَةِ : রাষ্ট্রের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করা।

ع : আরবি বর্ণমালার ১৮ তম বর্ণ।

ع ـــــ ا

اَلْعَابِرُ : হালকা। আলতো। বহমান। উড়ন্ত।

عَابِرُ السَّبِيْلِ : যাত্রী। প্যাসেঞ্জার। পথিক। মুসাফির। আগন্তুক।

عَابِرَةُ الْمُحِيْطَاتِ : গভীর সমুদ্রে চলাচলকারী জাহাজ। ডুবু জাহাজ।

اَلْعَاتِي : দাম্ভিক। তীব্র। প্রচণ্ড।

عَاتَبَهُ . مُعَاتَبَةً : তিরস্কার করা।

اَلْعَاثِرُ : ভুল। মন্দ। উদ্দেশ্যহীন।

اَلْحَظُّ الْعَاثِرُ : দুর্ভাগ্য।

اَلْعَاجُ : হস্তীদন্ত। হাতির দাঁত।

اَلْعَاجِزُ (ج) عَجَزَةٌ : দুর্বল। অসমর্থ। অসম্পূর্ণ। অকৃতকার্য।

اَلْعَاجِزُ عَنْ : ফেল। অকৃতকার্য। সমর্থহীন।

اَلْعَاجِزُ عَنِ الدَّفْعِ : পরিশোধ করতে অপারগ। আদায়ে অক্ষম।

اَلْعَاجِزُ عَنِ الْعَمَلِ : কাজে অপারগ।

اَلْعَاجِلُ : তাৎক্ষণিক। জরুরি। দ্রুত।

عَاجِلًا : তাড়াতাড়ি। এখনই। জলদি। অতিসত্বর।

عَاجِلًا أَوْ آجِلًا : সত্বর বা বিলম্বে।

اَلْعَاجِيُّ : হস্তীদন্ত নির্মিত।

عَادَ بِالْكَرَامَةِ (ن) عَوْدًا : সম্মান বহাল করা।

عَادَ الْهُدُوْءُ إِلَى كَذَا : শান্তি প্রতিষ্ঠা হওয়া।

عَادَةً : সাধারণত।

عَادَتِ الثِّقَةُ إِلَى : বিশ্বস্ততা বহাল হওয়া।

عَادَتْ حَرَكَةُ الْمُرُوْرِ : যাতায়াত শুরু হওয়া।

اَلْعَادِيُّ : মামুলি। রীতিসম্মত। প্রথাগত। প্রাকৃতিক। স্বভাবসুলভ। প্রচলিত।

اَلْعَادِيَاتُ : পুরাতত্ত্ব।

اَلْعَارِضَةُ الْخَشَبِيَّةُ أَوِ الْمَعْدَنِيَّةُ (ج) عَوَارِضُ : বিম। কড়িকাঠ। গার্ডার।

عَارَضَهُ . مُعَارَضَةً : বিরোধিতা করা।

اَلْعَارِفُ بِالشَّيْءِ : পরিচয়। জ্ঞাত হওয়া।

عَارِفُ الْجَمِيْلِ : অনুগ্রহ স্বীকারকারী। কৃতজ্ঞ।

اَلْعَارِفُوْنَ : অভিজ্ঞ ব্যক্তিবর্গ।

اَلْعَارِيَةُ : ঋণ। কর্জ। লোন। উলঙ্গ নারী। অস্থায়ী।

اَلْعَازِلُ : পৃথককারী। তারতম্যকারী।

عَاشَ شَيْئًا كَذَا (ض) عَيْشًا : সর্বদা কোনো জিনিসের সাথে থাকা। কোনো বিষয়কে জীবনের অংশ বানিয়ে নেওয়া।

عَاشَ ضِمْنَ حُدُوْدٍ لَا يَتَجَاوَزُ : সে সীমার মধ্যে থেকে জীবনযাপন করেছে।

عَاشَ فُلَانٌ : অমুক ভাই জিন্দাবাদ। [শ্লোগান]

عَاشَ فِيْ رَغَدٍ : স্বাচ্ছন্দ্যে জীবনযাপন করা।

عَاشَ الْقَضِيَّةَ : বিষয়টি ভালোভাবে উপলব্ধি করা।

اَلْعَاصِفَةُ (ج) عَوَاصِفُ : ঝঞ্ঝা। ঝঞ্ঝাবার্তা। ধূলিঘূর্ণি। তুফান।

اَلْعَاصِفَةُ الرَّعْدِيَّةُ : বজ্রসহ বৃষ্টি।

اَلْعَاصِفَةُ الشَّعْبِيَّةُ : জনতার ঢল।

اَلْعَاصِفَةُ الْهَوْجَاءُ : ভয়াবহ ঝড়।

اَلْعَاصِمَةُ (ج) عَوَاصِمُ : রাজধানী।

اَلْعَاطِفَةُ (ج) عَوَاطِفُ : আবেগ। অনুভূতি। সহানুভূতি। দয়া।

اَلْعَاطِفَةُ الثَّأْرِيَّةُ : প্রতিশোধমূলক অনুভূতি।

اَلْعَاطِفَةُ الصَّادِقَةُ : সঠিক অনুভূতি।

اَلْعَاطِفِيُّ : আবেগাপ্লুত। আবেগপ্রবণ।

عَافَاهُ . مُعَافَاةً : সুস্থ করা। সুস্থতা দান করা। শান্তিতে রাখা।

اَلْعَاقِلُ : জ্ঞানী। বুদ্ধিমান।

اَلْعَاقِلُ الْحَازِمُ : বিচক্ষণ বুদ্ধিমান।

اَلْعَالِيْ : ১. খুব ভালো। যথার্থ। ২. হাই। বুলন্দ।

عَالِمُ الْاِقْتِصَادِ : অর্থনীতিবিদ।

عَالَمُ التِّجَارَةِ : ব্যবসার জগৎ।

اَلْعَالَمُ الثَّالِثُ : উন্নয়নশীল দেশসমূহ। তৃতীয় বিশ্ব।

اَلْعَالَمُ الْحُرُّ : (يُطْلَقُ عَلَى غَيْرِ الْبِلَادِ الشُّيُوعِيَّةِ) মুক্তবিশ্ব।

اَلْعَالَمُ الْخَارِجِيُّ : বহির্বিশ্ব।

اَلْعَالَمُ الرَّأْسُمَالِيُّ : পুঁজিবাদী বিশ্ব।

اَلْعَالِمُ الطَّبِيْعِيُّ : বৈজ্ঞানিক। পদার্থবিজ্ঞানী।

اَلْعَالَمُ الْإِسْلَامِيُّ : মুসলিম বিশ্ব।

اَلْعَالَمُ الْعَرَبِيُّ : আরব জাহান।

عَالَمُ الْعَجَائِبَاتِ : রহস্যময় দুনিয়া।

اَلْعَالَمُ النَّامِيُّ : উন্নয়নশীল বিশ্ব।

اَلْعَالِيُّ : মহান। উচ্চ। উঁচু। হাই।

اَلْعَامُّ : সাধারণ। জেনারেল। মিলিত। ঢালাও। প্রচলিত। সার্বজনীন।

عَامُ الْحَسْمِ : সিদ্ধান্তমূলক বছর।

اَلْعَامِرُ : বসতিপূর্ণ। জনবহুল।

اَلْعَامِلُ (ج) عُمَّالٌ : কারিগর। শিল্পী। কর্মচারী। ওয়ার্কার। শ্রমিক। চাকর। শাসনকর্তা। গভর্নর।

- (ج) عَوَامِلُ : কারণ। হেতু। ইঞ্জিন।

اَلْعَامِلُ الْأَسَاسِيُّ (ج) اَلْعَوَامِلُ الْأَسَاسِيَّةُ : মূল উৎস।

اَلْعَامِلُ بِالْأَجْرِ : বেতনভোগী কর্মচারী।

اَلْعَامِلُ بِالْيَوْمِيَّةِ : দিনমজুর।

عَامِلُ التِّلِغْرَافِ : টেলিগ্রাফ কর্মচারী। টেলিগ্রাফার।

عَامِلُ التِّلِغْرَافِ اللَّاسِلْكِيِّ : ওয়ারলেস অপারেটর।

عَامِلُ التِّلِفُونِ : টেলিফোন অপারেটর।

عَامِلُ الْجَمْعِ : (فِي الْمَطْبَعَةِ) । কম্পোজিটর।

عَامِلُ الضُّعْفِ : দুর্বলতার কারণ।

عَامِلُ الضَّغْطِ : চাপের কারণ।

عَامِلُ الْعَاطِفَةِ : আবেগের কারণ।

اَلْعَامِلُ عَلَى كَذَا : । পরিচালক। কার্যনির্বাহক। পরিদর্শক।

اَلْعَامِلُ فِي الْمَنْجَمِ : খনিশ্রমিক।

عَامِلُ الْمِصْعَدِ : লিফটম্যান।

عَامِلُ الْمَصْلَحَةِ : কল্যাণের চাহিদা।

عَامِلُ الْمَطْبَعَةِ : প্রিন্টার।

اَلْعَامِلُ الْمِيكَانِيكِيُّ (كَعَامِلِ التِّلِغْرَافِ) : অপারেটর। মেশিন চালক।

عَامِلُ الْوَقْتِ : যুগের চাহিদা। সময়ের ডাক।

اَلْعَامِيُّ : প্রচলিত। আওয়ামী। সাধারণ।

عَانَتِ الْحُكُومَةُ أَزْمَةً مُعَانَاةً : সরকার সমস্যার সম্মুখীন হয়েছে।

عَانَقَ فُلَانٌ عِنَاقًا حَارًّا : উৎসাহের সাথে সাক্ষাৎ করা।

عَانَى ـ مُعَانَاةً : কষ্ট করা। ভোগ করা।

عَانَى مِنْ كَذَا : সহ্য করা। কষ্ট পাওয়া।

اَلْعَاهَةُ (ج) عَاهَاتٌ : সঙ্কট। দুর্দশা। বিপদাপদ।

عَاهَدَ نَفْسَهُ عَلَى شَيْءٍ : সিদ্ধান্ত করা। প্রতিশ্রুতি দেওয়া। নিজের উপর কোনো বিষয় প্রতিজ্ঞাবদ্ধ হওয়া।

اَلْعَائِدُ (ج) عَوَائِدُ : ট্যাক্স। রাজস্ব। কর। জমির খাজনা। সঞ্চয়। উদ্বৃত্ত। মুনাফা।

اَلْعَائِدُ الصَّافِيُّ : নীট মুনাফা। মূল সঞ্চয়।

اَلْعَائِدُ الضَّخْمُ : বিশাল আমদানি। ব্যাপক মুনাফা।

عَائِدَاتُ النِّفْطِ : পেট্রল আমদানি।

اَلْعَائِدَةُ (ج) عَائِدَاتٌ وعَوَائِدُ : লাভ। আমদানি। মুনাফা। প্রফিট।

اَلْعَائِقُ (م) اَلْعَائِقَةُ (ج) عَوَائِقُ : বাধা। প্রতিবন্ধক। অন্তরায়।

اَلْعَائِلُ : ফ্যামিলিম্যান।

اَلْعَائِلَةُ (ج) عَائِلَاتٌ : পরিবার। সহধর্মিণী। স্ত্রী।

اَلْعَائِلَةُ الْمَالِكَةُ : রাজকীয় পরিবার। রাজপরিবার।

اَلْعَائِلِيُّ : দাম্পত্য। বৈবাহিক। পারিবারিক।

اَلْعَائِمُ : সাঁতারু। যে সন্তরণ করে। ভাসমান জিনিস। সাঁতাররত।

ع —— ب

اَلْعِبْءُ : লোড। বোঝা। চার্জ।

عِبْءُ الْإِثْبَاتِ : প্রমাণ করার দায়িত্ব।

اَلْعِبَارَةُ (ج) عِبَارَاتٌ : প্যারাগ্রাফ। শব্দগুচ্ছ। শব্দসমষ্টি। চিঠি ইত্যাদির বিষয়বস্তু। পাঠাংশ। শব্দ।

اَلْعِبَارَةُ عَنْ كَذَا : এর উদ্দেশ্য হলো এই। অর্থাৎ সেটা এই। [কোনো জিনিসের উদ্দেশ্য বুঝানোর জন্য।]

اَلْعِبَارَةُ الْمَحْمُومَةُ : উত্তেজিত বাক্য।

اَلْعِبَارَةُ الْمَشْطُوبَةُ أَوِ الْمَحْذُوفَةُ : রহিত বাক্য। ক্যান্সেলকৃত বাক্য।

عَبَّدَ الطَّرِيقَ تَعْبِيدًا : পথ সুগম করা। রাস্তা সমতল করা।

عَبْدُ الْمَطَالِبِ : প্রবৃত্তির দাস। ইচ্ছার অধীন।

عَبَاءَةُ الْبَرْدِ : শীতের ঢিলা পোশাকবিশেষ। গাউন।

عَبْرَ الْأَجْيَالِ : যুগ যুগ ধরে।

عَبْرَ الْبَحْرِ : সমুদ্রপার। সমুদ্রে।

عَبْرَ التَّارِيخِ : ইতিহাসে।

عَبْرَ الْجِسْرِ : পুলের ওপার।

عَبْرَ الْقُرُونِ : ইতিহাসে।

عَبْرَ كَذَا : অমুকের পূর্বে। পর্দার অন্তরালে। আড়ালে। মধ্যে। নিম্নে। ইত্যবসরে। ইতোমধ্যে। মাধ্যম।

عَبَّرَ عَنْ كَذَا تَعْبِيرًا : ব্যাখ্যা করা। বর্ণনা করা। স্বপ্নের ব্যাখ্যা করা।

عَبْرَ الْمُحِيطَاتِ : সমুদ্রে। সাগরের ওপার।

عَبْرَ وَسَائِلِ الْإِعْلَامِ : সংবাদপত্রের মাধ্যমে।

اَلْعَبْرَةُ (ج) عَبَرَاتٌ : অশ্রু।

اَلْعَبْقَرِيُّ : কর্মক্ষম। নিপুণ। অসাধারণ। প্রতিভাবান। মহান ব্যক্তি।

اَلْعَبْقَرِيُّ الْمُلْهَمُ : আল্লাহ প্রদত্ত প্রতিভার অধিকারী।

اَلْعَبْوَةُ : প্যাকিং। প্যাকেট।

اَلْعَبْوَةُ النَّاسِفَةُ : বিস্ফোরক। বোমা।

اَلْعُبُودِيَّةُ : দাসত্ব। গোলামি। উপাসনা। অধীনস্থতা।

اَلْعُبُورُ : অতিক্রম করা। ক্রসিং।

ع —— ت

اَلْعَتَادُ (ج) أَعْتُدٌ، أَعْتِدَةٌ : সরঞ্জাম। বিশেষ উদ্দেশ্যে তৈরিকৃত সামান।

اَلْعَتَادُ الْعَسْكَرِيُّ : সামরিক সরঞ্জাম। ফৌজি সামান।

اَلْعَتَبَةُ (ج) عَتَبَاتٌ، عَتَبٌ : চৌকাঠ। আস্তানা।

عَتَبَةُ الشَّيْخِ وَضَرِيحُهُ : আস্তানা। দরগাহ।

ع —— ج

اَلْعَجَّانُ : যে আটা গোলায়।

عُجَّةُ الْبَيْضِ : অমলেট। ডিমের বড়াবিশেষ। OMELET.

اَلْعَجْزُ : অপক্কতা। নষ্ট। ধ্বংস। ক্ষতি। লোকসান। ঘাটতি। বাধ্যবাধকতা। দুর্বলতা। অক্ষমতা। বার্ধক্য।

اَلْعَجْزُ عَنْ إِتْمَامِ شَيْءٍ : কোনো কাজ সমাপ্ত করতে না পারা। অকৃতকার্য হওয়া। অক্ষম হওয়া।

اَلْعَجْزُ الْغِذَائِيُّ : খাদ্য ঘাটতি।

اَلْعَجْزُ فِي الْمِيزَانِيَّةِ : বাজেট ঘাটতি।

عَجْزُ الْمِيزَانِ : ভারসাম্যহীনতা।

عَجْزُ الْمِيزَانِيَّةِ : বাজেট ঘাটতি।

اَلْعَجْزُ فِي التَّسْلِيمِ : মালামাল সোপর্দ করতে অপারগ।

عَجْزُ مِيزَانِ الْقُوَى : শক্তির ভারসাম্যহীনতা।

عَجْمُ الْعُودِ : যাচাই করা।

عَجَنَ الدَّقِيقَ (ن، ض) عَجْنًا : ময়দা বা আটা গোলানো।

اَلْعَجِيْنُ : গোলানো আটা।

عَجِيْنُ الْفَوَاكِه : ফলের মোরব্বা।

عَجِيْنَةُ الْوَرَقِ : খামিরকৃত ধাতু যা দিয়ে কাগজ তৈরি করা হয়।

ع —— د

اَلْعَدُّ : কাউন্টিং। গণনা।

اَلْعَدَّادُ : মিটার। কাউন্টার। গণনাকারী।

عَدَّادُ الْأُجْرَةِ : ট্যাক্সি-মিটার।

عَدَّادُ الْغَازِ : গ্যাস-মিটার।

اَلْعَدَالَةُ : ইনসাফ। ন্যায়বিচার। সাম্যতা। আদালত। ন্যায়পরায়ণতা।

اَلْعِدَاءُ : বিরোধিতা। শত্রুতা।

اَلْعِدَاءُ السَّافِرُ : প্রকাশ্য শত্রুতা। খোলাখুলি দুশমনি।

اَلْعِدَائِيُّ : শত্রুতামূলক। বিরোধিতামূলক। প্রতিদ্বন্দ্বিতামূলক।

عِدَّةُ التِّلِفُوْنِ : টেলিফোন সেট।

اَلْعَدَدُ (ج) أَعْدَادٌ : নম্বর। অংক। সংখ্যা। গণনা। হিসাব। পরিসংখ্যান।

اَلْعَدَدُ الْخَاصُّ عَنِ الصُّحُفِ وَغَيْرِهِ : পত্রিকা ইত্যাদির বিশেষ সংখ্যা।

عَدَدُ السُّكَّانِ : জনসংখ্যা।

اَلْعَدَدُ الْمُمْتَازُ : বিশেষ সংখ্যা।

عَدَدٌ مِنَ الْجَرِيْدَةِ أَوِ الْمَجَلَّةِ : পত্রিকার সংখ্যা।

عَدَّهُ عَنْ كَذَا (ن) عَدًّا : গণনা করা। শুমার করা।

عَدَمُ الْاِتِّفَاقِ عَلَى شَيْءٍ : কোনো ব্যাপারে একমত না হওয়া।

عَدَمُ الْخُضُوْعِ لِسُلْطَةِ الْمَرْكَزِ : কেন্দ্রের নের্তৃত্বাধীন না হওয়া।

عَدَمُ الْاِسْتِقْرَارِ : অনিশ্চয়তা। অস্থায়িত্ব। অস্থিতিশীলতা।

عَدَمُ الْاِلْتِفَاتِ : অমনোযোগী। অবহেলা।

عَدَمُ الْاِمْتِثَالِ لِأَحَدٍ : আদেশ অমান্য করা।

عَدَمُ الْاِنْسِجَامِ : অমিল। অসামঞ্জস্য। অসঙ্গতি।

عَدَمُ الْاِنْحِيَازِ : নিরপেক্ষতা। জোটনিরপেক্ষতা।

عَدَمُ الْاِنْضِبَاطِ : অনিয়ম করা। ডিসিপিলিন ভঙ্গ করা।

عَدَمُ الْبَتِّ : অনিশ্চয়তায় ফেলা। পেইন্ডিংয়ে রাখা।

عَدَمُ التَّفْرِقَةِ : মিল।

عَدَمُ تَقْدِيْرِ الْجَمِيْلِ : অকৃতজ্ঞতা। অনুগ্রহ বিস্মৃতি।

عَدَمُ التَّمَرْكُزِ : অকেন্দ্রীয়।

عَدَمُ التَّنَاسُقِ : অনৈক্য। অমিল।

عَدَمُ التَّنْفِيْذِ : অবলবৎ। বহাল না থাকা।

عَدَمُ التَّوْفِيْقِ : অকৃতকার্য।

عَدَمُ الثِّقَةِ : অনাস্থা। অবিশ্বাস।

عَدَمُ الْحَذَرِ : অসাবধানতা।

عَدَمُ الْحُضُوْرِ : অনুপস্থিতি।

عَدَمُ الْخِبْرَةِ : অনভিজ্ঞতা।

عَدَمُ الْخُرُوْجِ عَلٰى جَدْوَلِ الْأَعْمَالِ : এজেন্ডার সীমালঙ্ঘন করা।

عَدَمُ الشَّرْعِيَّةِ : অবৈধতা।

عَدَمُ شَرْعِيَّةِ نِظَامِ الْحُكْمِ الْجَدِيْدِ : নতুন রাষ্ট্র পরিচালনার পদ্ধতি অবৈধ হওয়া।

عَدَمُ الطَّاقَةِ : অসামর্থ্যতা।

عَدَمُ الْعُنْفِ : নমনীয়তা।

عَدَمُ الْفَصْلِ فِيْ : পেইন্ডিংয়ে রাখা। অনিশ্চয়তায় ফেলা।

عَدَمُ الْفَعَّالِيَّةِ : অমনোরমতা। অমনোযোগিতা।

عَدَمُ الْقَبُوْلِ : না-মঞ্জুরি।

عَدَمُ الْكِفَايَةِ : অনুপযোগিতা। অসমর্থতা।

عَدَمُ الْمَعْرِفَةِ بِأَحَدٍ : অপরিচয়।

عَدَمُ الْوُصُوْلِ إِلٰى : কোনো ফলাফলে বা সিদ্ধান্তে না পৌছা।

عَدَّنَ - تَعْدِيْنًا : খনি খনন করা।

عَدُوُّ الرَّقْمِ الْوَاحِدِ : ১ নম্বর শত্রু।

اَلْعَدُوُّ الرَّئِيْسِيُّ : প্রধান শত্রু।

اَلْعُدْوَانُ : শত্রুতা। দুশমনি। অত্যাচার। আক্রমণ। বৈরিতা।

اَلْعُدْوَانُ بِغَيْرِ الْاِسْتِفْزَازِ : উত্তেজনাহীন আক্রমণ।

اَلْعُدْوَانُ السَّافِرُ : প্রকাশ্য জুলুম।

اَلْعُدْوَانُ الصَّارِخُ : প্রকাশ্য শত্রুতা।

اَلْعُدْوَانِيُّ : অত্যাচারমূলক। শত্রুতামূলক।

اَلْعُدُوْلُ عَنِ الْاِسْتِقَالَةِ : ইস্তেফা প্রত্যাহার করা।

عَدِيْمُ الضَّرَرِ : অহিতকর।

ع ــــــ ذ

عَذَرَهُ (ض) عُذْرًا : ক্ষমা করা। ক্ষমার্হ মনে করা। আপত্তি গ্রহণ করা।

عُذُوبَةُ الْكَلِمَاتِ : কথার মিষ্টতা।

ع ــــــ ر

اَلْعِرَاكُ : যুদ্ধ। লড়াই। দ্বন্দ্ব।

اَلْعَرَبَةُ (ج) عَرَبَاتٌ : গাড়ি WAGON. ওয়াগন।

عَرَبَةُ الْأَكْلِ : খাবারগাড়ি। ডাইনিং কার।

عَرَبَةُ الْأَمْتِعَةِ : লাগেজ-বগি।

عَرَبَةُ الْبَرِيْدِ : মেল-বগি। ডাকবাহী-বগি।

عَرَبَةُ الْبِضَاعَةِ : ওয়াগন।

عَرَبَةُ التَّرُولِي : ট্রলি-বাস। ট্রাম-গাড়ি।

اَلْعَرَبَةُ الْجَوِّيَّةُ : আকাশ পথে চলাচলকারী গাড়ি। আকাশযান।

عَرَبَةُ الْحَمَّالِ : কুলির ঠেলাগাড়ি।

اَلْعَرَبَةُ الصَّغِيْرَةُ : ট্রলি। TROLLEY.

عَرَبَةُ الصَّهْرِيْجِ : ট্যাংক কার।

عَرَبَةُ الطَّعَامِ (عَرَبَةٌ ذَاتُ رُفُوْفٍ تُدْفَعُ عَلٰى عَجَلَاتٍ صَغِيْرَةٍ فِيْ حُجْرَةِ الطَّعَامِ) : ডিনার ওয়াগন। খাবার গাড়ি।

عَرَبَةُ الْعَفْشِ : লাগেজ-ভ্যান। মালগাড়ি।

اَلْعَرَبَةُ لِلْجَرِّ : ট্রলি। TROLLEY.

عَرَبَةُ الْمُسْتَشْفٰى : AMBULANCE. এ্যাম্বুলেন্স।

عَرَبَةُ الْمِدْفَعِ : তোপ-গাড়ি।

اَلْعَرَبَةُ الْمُغَطَّاةُ : বদ্ধ গাড়ি।

عَرَبَةُ النَّوْمِ (حَافِلَةُ النَّوْمِ فِي الْقِطَارِ) : SLEEPING CAR. শোয়ার গাড়ি। রেলের যে বগি যাত্রীদের শোয়ার জন্য নির্দিষ্ট থাকে।

عَرَبَاتُ النَّوْمِ : SLEEPERs. শোয়ার গাড়িসমূহ। রেলের যে বগিসমূহ যাত্রীদের শোয়ার জন্য নির্দিষ্ট থাকে।

اَلْعَرْبَدَةُ : চরিত্রহীন হওয়া। দুষ্টামি করা।

اَلْعُرْسُ (ج) أَعْرَاسٌ : বাসররাত। বর-কন্যার প্রথম মিলনরাত্রি। বিবাহ অনুষ্ঠান। অলিমার দাওয়াত।

اَلْعِرْسُ (ج) أَعْرَاسٌ : বর। কনে। জামাতা। পত্নী।

عَرَّشَ الْبَيْتَ تَعْرِيشًا : গৃহ নির্মাণ করা। ছাদ ঢালাই করা।

عَرْشُ الْمَمْلَكَةِ : রাজাসন।

اَلْعِرْضُ (ج) أَعْرَاضٌ : সম্মান। ইজ্জত।

اَلْعَرْضُ : উপঢৌকন। হাদিয়া। প্রদর্শনী। সাপ্লাই। সরবরাহ। অফার।

عَرَّضَ الْبَلَدَ لِلْمُؤَامَرَةِ : দেশকে ষড়যন্ত্রে লিপ্ত করা।

عَرْضُ السِّعْرِ : অফার করা।

عَرَّضَ السَّلَامَ الدُّوَلِيَّ إِلَى الْخَطَرِ : আন্তর্জাতিক নিরাপত্তা হুমকির মুখে ফেলা।

عَرَضَ عَلَيْهِ كَذَا (ض) عَرْضًا : উপস্থিত করা। পেশ করা। হাজির করা। দেখানো।

عَرْضُ الْفِيْلَمِ : সিনেমা দেখানো। ফিল্ম দেখানো।

عَرْضُ الْقَرَارِ عَلَى الْمُؤْتَمِرِ : সম্মেলনে প্রস্তাব রাখা।

عَرْضُ الْقَضِيَّةِ عَلَى الْمَحْكَمَةِ : আদালতে মামলা দায়ের করা।

اَلْعَرْضُ الْكُلِّيُّ : পরিপূর্ণ সাপ্লাই।

عَرَّضَ لِكَذَا تَعْرِيْضًا : নিশানা বানানো। টার্গেট করা।

اَلْعَرْضُ الْمُوجَزُ : সংক্ষিপ্ত প্রদর্শনী। সংক্ষিপ্ত পরিদর্শন।

عَرَّضَ النَّفْسَ لِلْمَوْتِ : মৃত্যু মুখে ঠেলে দেওয়া।

اَلْعَرْضُ وَالطَّلَبُ : চাহিদা ও ডিমান্ড।

اَلْعُرْضَةُ : উদ্দেশ্য। লক্ষ্য। নিশানা। চিহ্ন।

عُرْضَةً لِلْخَطَإِ : ভুলক্রমে। ভুলের চিহ্ন।

اَلْعَرَضِيُّ : অস্থায়ী। বৈপত্তিক। আকস্মিক। তাৎক্ষণিক। জরুরি।

اَلْعُرْفُ : প্রচলন। প্রথা। রেওয়াজ। সিসটেম।

اَلْعُرْفُ التِّجَارِيُّ : কমার্শিয়াল সিসটেম। ব্যবসার পদ্ধতি।

اَلْعُرْفُ الدِّبْلُومَاسِيُّ : কূটনৈতিক নীতি / নিয়ম।

عُرْفًا : সাধারণত। প্রচলিতভাবে।

عَرَّفَهُ بِفُلَانٍ تَعْرِيْفًا : পরিচয় করানো।

اَلْعُرْفِيُّ : প্রথাগত। প্রচলিত।

عَرَّقَ بِالرُّخَامِ تَعْرِيقًا : মোজাইক করা। মার্বেলিং করা।

اَلْعَرْقَلَةُ (ج) عَرَاقِيلُ : প্রতিবন্ধকতা। বাধা। জটিলতা। অসুবিধা।

عَرْقَلَةُ الْحَرَكَةِ : চলাচলে বিঘ্ন ঘটানো।

عَرْقَلَةُ الْمَسَاعِيْ : উৎসাহে ফাটল সৃষ্টি করা। উদ্দীপনা নষ্ট করা।

عَرْقَلَةُ الْمَسِيْرَةِ : রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করা। ব্যারিকেট দেওয়া।

اَلْعُرُوبَةُ : আরবি-ভাষী হওয়া। আরবত্ব। আরববাদ।

اَلْعُرْوَةُ (ج) عُرًى : ছাগলের পাল। মানব যূথ। কন্টকিত বৃক্ষ। শহরতলী।

اَلْعَرُوسُ وَ الْعَرُوسَةُ (ج) عَرَائِسُ : বর। জামাতা। কনে। পত্নী।

اَلْعُرُوضُ الْفَنِّيَّةُ : টেকনিক্যাল প্রদর্শনী।

اَلْعَرِيْضَةُ (ج) عَرَائِضُ : পিটিশন। আরজি। আবেদন। দরখাস্ত।

عَرِيْضَةُ الدَّعْوٰى : আর্জি ও দাবি।

اَلْعَرِيْفُ (ج) عُرَفَاءُ : MONITOR ক্লাস-ক্যাপ্টেন। নেতা। সুদক্ষ। সুপরিচিত। বিশেষজ্ঞ। দায়িত্বশীল ব্যক্তি।

عَرِيْفُ الْحَفْلِ : সভার সভাপতি। ঘোষক।

اَلْعَرِيْقُ : নিমজ্জিত। প্রাচীন। সেকেলে। উচ্চবংশীয়। সম্ভ্রান্ত। সুপ্রতিষ্ঠিত। শক্ত। মজবুত।

اَلْعَرِيْنُ (ج) عُرُنٌ : বাঘের বাসস্থান। বন্যপ্রাণীর আস্তানা।

ع —— ز

عَزَفَ السَّلَامَ الْوَطَنِيَّ : জাতীয় সঙ্গীতের বাদ্য বাজানো।

اَلْعَزْقَةُ : ওয়াসার।

اَلْعَزْلُ : পদচ্যুতকরণ। অব্যহতিপ্রদান। বরখাস্তকরণ। অপসারণ।

عَزَلَ الْبَلَدَ عَنْ : দেশ ভাগ করা। সেপারেশন করা।

اَلْعَزْلُ عَنِ الْمُجْتَمِعِ : সমাজচ্যুত করা। সমাজ হতে বিচ্ছিন্ন করা।

عَزَلَ الْقُوَّةَ : সৈন্যদের নিরস্ত্র করা।

اَلْعَزْلُ مِنَ السِّلَاحِ : নিরস্ত্র।

عَزَلَ أَحَدًا مِنَ الْعَرْشِ : গদি থেকে নামানো। ক্ষমতাচ্যুত করা।

اَلْعَزْلُ مِنَ الْمَنْصَبِ : পদচ্যুত করা।

اَلْعَزْلَةُ الدِّبْلُوْمَاسِيَّةُ : কূটনৈতিক বিচ্ছিন্নতা।

اَلْعَزْمُ الْأَكِيْدُ : দৃঢ়প্রতিজ্ঞা।

اَلْعَزْمُ الْمُصَمَّمُ : দৃঢ়সংকল্প।

عَزَمَ عَلٰى (ض) عَزْمًا : দৃঢ়সংকল্প করা।

عَزِيْزُ النَّفْسِ : উচ্চমর্যাদাসম্পন্ন। দাম্ভিক।

ع —— س

عَسَّ (وا) اَلْعَاسُّ : নৈশপ্রহরী। জুলুম করা।

اَلْعَسْكَرُ (ج) عَسَاكِرُ : লস্কর। সৈন্য। দল। সেনা। সেনাবাহিনী।

عَسْكَرَ الْجَيْشُ عَسْكَرَةً : সৈন্যদের কোথাও গিয়ে অবস্থান করা। ক্যাম্প বানানো। তাঁবু গাড়া। শিবির স্থাপন করা।

اَلْعَسْكَرَةُ فِيْ : শিবির স্থাপন করা। তাঁবু গাড়া। যাত্রা বিরতি দেওয়া।

اَلْعَسْكَرِيُّ : মিলিটারি সৈন্য। সৈনিক। সামরিক। সেনা-বিষয়ক।

ع —— ش

اَلْعُشُّ (ج) أَعْشَاشٌ، عُشَشٌ : পাখির বাসা।

اَلْعَشَاءُ : ডিনার। নৈশভোজ। রাতের খাবার।

اَلْعَشَاءُ الرَّسْمِيُّ تَكْرِيْمًا لِفُلَانٍ : কারো সম্মানে সরকারি ডিনার পার্টি। নৈশভোজের আয়োজন।

اَلْعَشَاءُ الْفَاخِرُ : জমকালো ডিনার।

اَلْعُشْبُ (ج) أَعْشَابٌ : সবুজ ঘাস।

اَلْعِشَّةُ : কুটির। কুঁড়েঘর।

اَلْعِشْرَةُ : সঙ্গ। মেলামেশা।

عَشَّشَ الطَّائِرُ تَعْشِيْشًا : পাখি বাসা বানানো।

اَلْعَشْوَائِيُّ : এলোপাথাড়ি। অগোছালো। অবিন্যস্ত।

ع —— ص

اَلْعَصَا السِّحْرِيَّةُ : যাদুর লাঠি।

اَلْعِصَابَةُ : ১. লীগ। দল। ২. ব্যান্ডেজ।

عِصَابَةُ أَجْرَامٍ : দুষ্কৃতিকারী দল।

اَلْعِصَابَةُ الْحَاكِمَةُ : সরকারি দল।

اَلْعُصَارَةُ : রস। সারাংশ।

اَلْعَصَّارَةُ : নিংড়ানোর মেশিন। রস বের করার মেশিন। নিংড়ানোর যন্ত্র।

عَصَبُ الْحَيَاةِ الْاِقْتِصَادِيَّةِ : অর্থনৈতিক জীবনোপায়ের মেরুদণ্ড।

اَلْعُصْبَةُ (ج) عُصَبٌ : দল। গ্রুপ। সম্প্রদায়। লীগ। দল। যূথ। সংগঠন। সংঘ। কনফেডারেশন।

اَلْعُصْبَةُ الْإِسْلَامِيَّةُ : মুসলিম লীগ। ইসলামি দল।

اَلْعَصَبِيُّ : সাম্প্রদায়িক। রগচটা।

اَلْعَصَبِيَّةُ : ক্রোধ। রাগ। উত্তেজনা। অত্যুগ্রতা। অসন্তুষ্টি। সন্ত্রস্ততা। সাম্প্রদায়িকতা। দলীয় মনোভাব। স্বজনপ্রীতি। স্বদলপ্রীতি।

اَلْعَصَبِيَّةُ الْعُنْصُرِيَّةُ : বংশগত পক্ষপাতিত্ব। সাম্প্রদায়িকতা।

اَلْعَصْرُ (ج) عُصُوْرٌ : কাল। ডেট। যুগ। সময়।

عَصَّرَ الشَّيْءَ تَعْصِيْرًا : মডার্ন বানানো। আধুনিক করা।

عَصْرُ الذَّرَّةِ : পারমাণবিক যুগ।

اَلْعَصْرَنَةُ : যুগোপযোগী বানানো। মডার্ন বানানো।

اَلْعَصْرِيُّ : আধুনিক। মডার্ন। নতুন। আধুনিক যুগের। কলিকালের। আপটুডেট।

عَصَفَ بِهِ الْغَضَبُ (ض) عَصْفًا : ক্রোধান্বিত হওয়া।

عَصَفَتِ الرِّيْحُ (ض) عَصْفًا : তুফান আসা। ঝড়ো হাওয়া প্রবাহিত হওয়া।

عَصَفَتِ الْمِحْنَةُ بِكَذَا : সীমাহীন পরীক্ষার সম্মুখীন হওয়া। সঙ্কটের কবলে পড়া।

اَلْعِصْمَةُ : সতীত্ব। পুণ্যশীলতা। সংযমশীলতা। অকপটতা।

اَلْعُصُوْرُ الْمُظْلِمَةُ : অন্ধকার যুগ।

اَلْعِصْيَانُ : বিদ্রোহ। বিপ্লব। বিরোধিতা। অবাধ্যতা।

اَلْعِصْيَانُ الْمَدَنِيُّ : সিভিল বিদ্রোহ।

اَلْعِصْيَانُ الْمُسَلَّحُ : সশস্ত্র বিদ্রোহ।

اَلْعَصِيْرُ : রস। নিঃসৃতসার। সংক্ষিপ্তসার।

عَصِيْرُ الْوَرْدِ : গোলাপ নিঃসৃত রস। গোলাপজল।

ع ـــــ ض

اَلْعَضْوُ (ج) أَعْضَاءٌ : সদস্য। মেম্বার।

اَلْعَضْوُ الدَّائِمُ : আজীবন সদস্য। লাইফ মেম্বার।

اَلْعَضْوُ الْعَامِلُ : তৎপর বা সক্রিয় সদস্য।

اَلْعَضْوُ الْفَخْرِيُّ : HONOURARY MEMBER. অনারারী সদস্য।

اَلْعَضْوُ فِي الْأُمَمِ الْمُتَّحِدَةِ : জাতিসংঘের সদস্য।

اَلْعَضْوُ فِي النِّقَابَةِ : কর্পোরেটর।

عَضْوُ الْمَجْلِسِ : কাউন্সিলর।

عَضْوُ مَجْلِسِ الْإِدَارَةِ الْمُنْتَدَبِ : ব্যবস্থাপনা পরিচালক। ম্যানিজিং ডাইরেক্টর।

اَلْعَضْوُ الْمُحْتَرَمُ : সম্মানিত সদস্য।

عَضْوُ مَجْلِسِ النُّوَّابِ : পার্লামেন্ট মেম্বার। সংসদ সদস্য।

اَلْعَضْوُ الْمُرَاقِبُ : পরিদর্শক সদস্য।

اَلْعَضْوِيَّةُ : মেম্বারশিপ। সদস্যপদ।

عَضْوِيَّةُ الشَّرَفِ : সম্মানিত সদস্যপদ।

اَلْعَضْوِيَّةُ الْفَخْرِيَّةُ : সম্মানিত সদস্যপদ।

اَلْعَضْوِيَّةُ فِي الْأُمَمِ الْمُتَّحِدَةِ : জাতিসংঘের সদস্যপদ।

ع ـــــ ط

اَلْعَطَّارُ : আতর-বিক্রেতা। পারফিউমার।

اَلْعَطَالَةُ : বেকারত্ব। কর্মহীনতা।

اَلْعَطَاءُ (ج) عَطَاءَاتٌ : টেন্ডার। কর্মক্ষমতা।

اَلْعَطَاءُ الْخَيْرِيُّ : খয়রাতি দান।

اَلْعَطَاءُ الْمُلْصَقُ عَلَيْهِ الطَّوَابِعُ : টিকিটযুক্ত টেন্ডার।

اَلْعَطَبُ : ধ্বংস। নষ্ট। অনিষ্টতা।

اَلْعَطَبُ الظَّاهِرُ : বাহ্যিক পরিবর্তন।

اَلْعِطْرُ بِرَائِحَةٍ ذَكِيَّةٍ : উত্তম সুরভিযুক্ত আতর।

اَلْعِطْرُ الْجَذَّابُ : হৃদয়গ্রাহী আতর। পছন্দনীয় সুগন্ধি। আকর্ষণীয় সুগন্ধি।

اَلْعِطْرُ ذُو الْمُسْتَوَى الرَّفِيْعِ : উন্নতমানের আতর।

اَلْعِطْرُ الرَّائِجُ : জনপ্রিয় সপ্রচলিত আতর।

اَلْعَطْفُ : সহানুভূতি। সহমর্মিতা।

اَلْعَطْفُ عَلَى أَحَدٍ : দয়া করা। সহানুভূতি করা।

ع ـــــ ظ

اَلْعَظَمَةُ الْكَاذِبَةُ : মিথ্যা অহংকার।

ع ـــــ ف

اَلْعِفْرِيْتُ (ج) عَفَارِيْتُ : ভূত। প্রেত। দৈত্য। দানব।

اَلْعَفْشُ : আসবাবপত্র। মালপত্র। লাগেজ। পাথেয়। ভ্রমণসামগ্রী।

اَلْعَفْشُ الزَّائِدُ عَلَى الْمُصَرَّحِ بِهِ : অনুমতির অতিরিক্ত মাল।

العفش المسموح به على تذكرة السفر : এক টিকিটে নেওয়ার অনুমতি পরিমাণ আসবাবপত্র।

العفش المسموح به مجانا على التذكرة : এক টিকিটে ফ্রি নেওয়ার মতো মাল।

عفش اليد : হাতের মাল। হাতের সামান।

العفو عن الجرائم السياسية : রাজনৈতিক অপরাধের ক্ষমা।

العفو عن المجرمين : অভিযুক্তদের ক্ষমা।

ع —— ق

العقاب (ج) عقوبات : শাস্তি। সাজা। দণ্ড। আজাব।

العقاب الرادع : দৃষ্টান্তমূলক শাস্তি।

العقار (ج) عقارات : জায়গির। স্থাবর সম্পত্তি। ভূসম্পত্তি। জমি।

العقار المضاد للجراثيم : পেনিসিলিন। জীবাণুনাশক ঔষধ।

العقار الوقائي : প্রতিষেধক ঔষধ।

العقائدي : আকিদাগত।

العقبة : প্রতিবন্ধকতা। কঠরতা।

العقبة الرئيسية : মারাত্মক অন্তরায়। বড় বাধা। প্রধান অন্তরায়।

العقد (ج) عقود : চুক্তি। সন্ধি। এগ্রিমেন্ট।

عقد الاتفاق : সন্ধি করা। চুক্তি করা।

عقد الاتفاقية : চুক্তি করা। সন্ধি করা।

عقد الاجتماع : সভা করা।

عقد الاجتماع مع أحد : সাক্ষাৎ করা।

عقد الاجتماع بين فلان وفلان : দু ব্যক্তির মধ্যে পরিচয় করিয়ে দেওয়া।

عقد الاجتماع في مكان : কোথাও মিটিং করা।

عقد به الأمل (ض) عقدا : আশায় বুক বাঁধা।

عقد الإيجار : ভাড়ায় লেনদেনের চুক্তি।

عقد البيع : ক্রয়বিক্রয়ের লেনদেন।

عقد التأمين : ইনস্যুরেন্স চুক্তি।

عقد التأمين على الحياة : জীবন বিমা করানো।

عقد التنازل : অব্যাহতি গ্রহণের চুক্তি।

عقد التمليك : স্বত্বচুক্তি।

العقد الرسمي : সরকারি চুক্তি।

عقد الرهن : বন্ধক চুক্তি। রাহনের চুক্তি।

العقد الزمني : (فترة عشر سنوات) : দশ বছরের সময়কাল।

عقد الشركة : অংশগ্রহণের চুক্তি। অংশীদারিত্বের চুক্তি।

عقد الصفقة : ব্যবসায়ী লেনদেন। বাণিজ্যিক লেনদেন।

عقد صفقة الأسلحة : অস্ত্রচুক্তি।

عقد الصفقة مع أحد : ক্রয়বিক্রয়-চুক্তি।

عقد الصلح : শান্তিচুক্তি। সন্ধিচুক্তি।

العقد العرفي : ব্যক্তিগত চুক্তি।

عقد العزم على : দৃঢ় সংকল্প করা।

عقد العمل : লেবার-চুক্তি। কাজের চুক্তি।

عَقْدُ الْقِسْمَةِ : বণ্টনচুক্তি।

عَقْدُ الْمُبَاحَثَاتِ : সাক্ষাৎকার গ্রহণ করা। ইন্টারভিউ নেওয়া। আলাপ-আলোচনা করা।

عَقْدُ الْمُفَاوَضَاتِ : আলোচনা করা। কথাবার্তা বলা।

عَقْدُ الْمُؤْتَمَرِ الصَّحَفِيِّ : প্রেস কনফারেন্স ডাকা। সাংবাদিক সম্মেলন ডাকা।

عَقْدُ الْمُؤْتَمَرِ الصَّحَفِيِّ فِيْ خِتَامِ الزِّيَارَةِ : পরিদর্শন সমাপনী করে প্রেস কনফারেন্স আহ্বান করা। সাংবাদিক সম্মেলন করা।

اَلْعَقْدُ الْمُؤَقَّتُ : অস্থায়ী চুক্তি।

عَقْدُ النَّدْوَةِ : সেমিনার করা।

عَقْدُ النَّدَوَاتِ مَعَ فُلَانٍ : কারো সাথে পরামর্শ করা।

عَقْدُ نَقْلِ الْمِلْكِيَّةِ : মালিকানা হস্তান্তর করার চুক্তি।

اَلْعَقْلُ الْإِلِكْتُرُوْنِيُّ : কম্পিউটার।

اَلْعَقْلَانِيَّةُ : বুদ্ধিমত্তা। বিচক্ষণতা।

اَلْعَقْلَنَةُ : যথার্থ বানানো। বোধগম্য বানানো।

اَلْعَقْلِيَّةُ : মানসিকতা।

اَلْعُقْمُ : বন্ধ্যাত্ব। অর্থহীনতা।

عَقَّمَ - تَعْقِيْمًا : অর্থহীন বানানো। বেকার বানানো। অকেজো করা। রোগজীবাণু নষ্ট করা। বন্ধ্যা করা।

عُقُوْبَةُ الْإِعْدَامِ : ফাঁসির শাস্তি। মৃত্যুদণ্ড।

اَلْعُقُوْبَةُ الْبَدَنِيَّةُ : শারীরিক শাস্তি।

اَلْعُقُوْبَاتُ الْجِنَائِيَّةُ : ফৌজদারি শাস্তি।

اَلْعُقُوْبَاتُ الْمَالِيَّةُ : অর্থনৈতিক বয়কট। অর্থদণ্ড।

عُقُوْدُ الْمُقَاوَلَاتِ : ঠিকাদারি চুক্তি।

اَلْعُقُوْلُ الْإِلِكْتُرُوْنِيَّةُ : কম্পিউটার।

اَلْعَقِيْدُ : লেফটেন্যান্ট কর্নেল। সামরিক পদবিশেষ।

اَلْعَقِيْدَةُ (ج) عَقَائِدُ : দৃঢ় ইচ্ছা। ধর্ম। বিশ্বাস। ধর্মীয় ধারণা। ধর্মীয় বিশ্বাস। মতবাদ। ধর্মমত। মতাদর্শ।

اَلْعَقِيْدَةُ الْعَسْكَرِيَّةُ : সামরিক মতবাদ।

اَلْعَقِيْدَةُ الْوَاعِيَةُ : চৈতন্য মতবাদ।

اَلْعَقِيْلَةُ (ج) عَقَائِلُ : লেডী। মিসেস। খানম। বেগম। স্ত্রী। সম্মানিতা স্ত্রীলোক। ভদ্র মহিলা।

اَلْعَقِيْمُ : বন্ধ্যা। সন্তান জন্মানোর অনুপযুক্ততা। অর্থহীন।

ع —— ك

اَلْعُكَّازَةُ (ج) عَكَاكِيْزُ : লাঠি। ছড়ি।

اَلْعَكَّاسُ : দোভাষী। প্রতিনিধি।

عَكَّرَ صَفَاءً - تَعْكِيْرًا : পরিবেশ নষ্ট করা। ঘোলাটে বানানো।

عَكَسَ الشَّيْءَ (ض) عَكْسًا : প্রতিনিধিত্ব করা। প্রতিফলন করা।

عَكَسَ الْقَرَارَ كَذَا : প্রতিনিধিত্ব করা।

عَكَسَ الْمُشْكِلَةَ : সমস্যা খাড়া করা। সম্মুখীন করা।

عَكْسِيُّ الْاِتِّجَاهِ : ব্যাকওয়ার্ড।

عَكَفَ عَلَيْهِ (ض) عُكُوْفًا : অভ্যস্ত হওয়া। মনোযোগী হওয়া।

ع ـــ ل

العلاج : চিকিৎসা। মেডিসিন। ঔষধ। আরোগ্য।

علاف الدواب (وا) العلف : গবাদি পশুর খাদ্য। পশুখাদ্য।

العلاقة (ج) علاقات : সম্পর্ক। সম্বন্ধ। আত্মীয়তা।

العلاقة الاجتماعية : সামাজিক সম্পর্ক।

العلاقة التبعية : অধীনস্থতার সম্পর্ক।

العلاقة التجارية : ট্রেডমার্ক। ব্যবসায়িক সম্পর্ক। বাণিজ্যিক সম্পর্ক।

العلاقة الشائكة : খারাপ সম্পর্ক।

العلاقات التبعية : অধীনস্থতার সম্পর্ক।

العلاقات الثلاثية : ত্রিপাক্ষিক সম্পর্ক।

العلاقات الثنائية : দ্বিপাক্ষিক সম্পর্ক।

العلاقات الخارجية : বৈদেশিক সম্পর্ক।

العلاقات الدبلوماسية : কূটনৈতিক সম্পর্ক।

العلاقات الودية : বন্ধুত্বসুলভ সম্পর্ক।

العلامة (ج) علامات : লেবেল। মার্ক। প্রতীক। চিহ্ন। ইঙ্গিত। টোকেন।

علامة الاستفهام : প্রশ্নবোধক-চিহ্ন। (?)

العلامة التجارية : ট্রেডমার্ক। TRADE MARK.

علامة الحصر : বন্ধনী। ( ) BRACKET.

العلامة المميزة : বিশেষ-চিহ্ন। ব্যাজ।

علامات الانهاء بادية عليه : তার উপর পরাজয়ের-চিহ্ন প্রতীয়মান।

علامات التشفي : সান্ত্বনার লক্ষণ।

علامات المرور : ট্রাফিক-সিগন্যাল।

العلاوة (ج) علاوات : এলাউন্স। বাড়তি। বোনাস। ভাতা।

العلاوة الإضافية : অতিরিক্ত ভাতা।

علاوة الترمل : বিধবা ভাতা। বৈধব্য ভাতা।

علاوة الدرجة : বড় ধরনের ভাতা।

العلاوة على السعر : অতিরিক্ত চার্জিং।

علاوة غلاء المعيشة : মূল্যবৃদ্ধির ভাতা। মহার্ঘ ভাতা।

علائم الخير : কল্যাণের চিহ্ন।

علائم الشر : অকল্যাণের চিহ্ন।

علّب ـ تعليبا : প্যাক করা। প্যাকেট করা।

العلبة (ج) علب : ছোট বাক্স। কৌটা। প্যাকেট। বক্স। টিন। পাত্র। পার্সেল।

علبة اللون : কালার বক্স। রঙের বাক্স।

علبة التروس أو المسننات : গিয়ার বক্স।

علت عزيمته : সংকল্প উচ্চ হওয়া।

علف البهائم والدواب : গবাদি পশুর খাদ্য।

علّق تعليقا : টীকা লেখা। মন্তব্য করা।

العلم : পতাকা। ব্যানার। ঝাণ্ডা।

العلم (ج) أعلام : সম্মানিত ব্যক্তিত্ব।

علم الاجتماع : SOCIALOGY. সমাজবিদ্যা।

عِلْمُ الْأَحْيَاءِ : বাইয়োলজী। জীববিদ্যা। জীববিজ্ঞান।

عِلْمُ الْأَدَبِ : সাহিত্যশাস্ত্র।

عِلْمُ الْاِقْتِصَادِ : ইকনমিক্স। অর্থনীতি।

عِلْمُ الْبِيُولُوجِيَا : বাইয়োলজী। জীববিদ্যা।

عِلْمُ التَّارِيخِ : ইতিহাসশাস্ত্র।

عِلْمُ تَدْوِينِ الْحِسَابَاتِ : একাউন্টিং।

عِلْمُ التَّرْبِيَةِ : প্রশিক্ষণ বিজ্ঞান। EDUCATION.

عِلْمُ تَرْكِيبِ الْأَدْوِيَةِ : ফার্মেসিস্ট। ঔষধ তৈরির বিদ্যা।

عِلْمُ التَّنْجِيمِ : জ্যোতির্বিদ্যা। ASTROLOGY.

عِلْمُ الْحِسَابِ : হিসাববিজ্ঞান। ARITHMETIC. অঙ্কশাস্ত্র।

عِلْمُ الْحِكْمَةِ : দর্শনশাস্ত্র।

عِلْمُ الْحَيَاةِ : বাইয়োলজী। জীববিদ্যা।

عِلْمُ الْحُقُوقِ : আইনশাস্ত্র।

عِلْمُ الصَّنَائِعِ وَالْفُنُونِ : টেকনোলজী।

عِلْمُ طَبَقَاتِ الْأَرْضِ : ভূতত্ত্ব। ভূবিদ্যা।

عِلْمُ الظَّوَاهِرِ الْجَوِّيَّةِ : ঋতুবিদ্যা / শাস্ত্র।

عِلْمُ الْفَلَاحَةِ : কৃষিবিদ্যা / বিজ্ঞান।

عِلْمُ الْفَلَكِ : জ্যোতির্বিজ্ঞান।

عِلْمُ الْمُحَاسَبَةِ : হিসাবশাস্ত্র। হিসাববিজ্ঞান।

عِلْمُ النَّحْوِ وَالصَّرْفِ : গ্রামার। ব্যাকরণ। ব্যাকরণশাস্ত্র।

عِلْمُ الْهَنْدَسَةِ : জ্যামিতি। GEOMETRY.

عِلْمًا بِأَنَّهُ : জানানো যাচ্ছে যে। একথা জেনে যে। উল্লেখ্য যে। জ্ঞাতার্থে। অবগতিতার্থে।

اَلْعَلْمَانِيُّ : ধর্মনিরপেক্ষ। সেকুলার।

اَلْعَلْمَانِيَّةُ : SECULARISM. ধর্মনিরপেক্ষতা। ধর্মনিরপেক্ষবাদ।

عُلَمَاءُ الْحَفْرِيَّاتِ : খোদাই কর্মের বিশেষজ্ঞ।

عُلَمَاءُ الذَّرَّةِ : পরমাণু বিশেষজ্ঞ।

اَلْعُلُوُّ الشَّاهِقُ : খুব উঁচু। সুউচ্চ।

اَلْعُلُومُ : বিজ্ঞান। SCIENCE.

اَلْعُلُومُ الْإِدَارِيَّةُ : প্রশাসনিক জ্ঞান।

اَلْعُلُومُ السُّلُوكِيَّةُ : আত্মশুদ্ধি।

عَلَى أَتَمِّ الْاِسْتِعْدَادِ : পূর্ণাঙ্গ প্রস্তুতির সাথে।

عَلَى إِثْرِ شَيْءٍ : পরে।

عَلَى الْأَرْجَحِ : বদ্ধমূল ধারণা এই।

عَلَى الْإِطْلَاقِ : সাধারণত। নিশ্চিতভাবে।

عَلَى الْأَقَلِّ : অন্ততঃ। কমপক্ষে। কমসে কম। সর্বনিম্ন।

عَلَى أَكْثَرِ تَقْدِيرٍ : অধিক থেকে অধিক। সর্বতোভাবে। সর্বোচ্চ।

عَلَى الْاِمْتِدَادِ : সম্পূর্ণ। পুরোপুরি। পূর্ণ।

عَلَى اِمْتِدَادِ الْقُطْرِ : সমগ্র দেশে।

عَلَى اِمْتِدَادِ مَحَاوِرِ الْقِتَالِ : সমগ্র যুদ্ধক্ষেত্রে। যুদ্ধের সকল স্তরে।

عَلَى الْاِنْفِرَادِ : একাকী। এককভাবে।

عَلَى أُهْبَةِ الْاِسْتِعْدَادِ : প্রস্তুত। সম্পূর্ণরূপে প্রস্তুত।

عَلٰى أُهْبَةِ السَّفَرِ : প্রস্থানোদ্যত।
عَلٰى بَيِّنَةٍ : পূর্ণ অভিজ্ঞতার সাথে।
عَلَى التَّوِّ : তৎক্ষণাৎ। দ্রুত। সত্বর। তাড়াতাড়ি।
عَلَى التَّوَالِيْ : উপর্যুপরি। অনবরত। লাগাতার।
عَلَى الْحَدِّ الْأَدْنٰى : কমপক্ষে। অন্ততঃ।
عَلَى الْحَدِّ الْأَقْصٰى : অধিক থেকে অধিক। সর্বতোভাবে। সর্বোচ্চ।
عَلٰى حَدِّ تَعْبِيْرِ فُلَانٍ : অমুকের কথা অনুযায়ী।
عَلٰى حَدٍّ سَوِيٍّ : সমান সমান। একই রকম।
عَلَى الْحِسَابِ : হিসাব অনুযায়ী। চলতি হিসাব।
عَلٰى حِسَابِ الشَّعْبِ : জনগণের অধিকার নষ্ট করে।
عَلٰى حِسَابِ فُلَانٍ : অমুকের খরচের জন্য। অমুকের খরচে।
عَلٰى حِسَابِ كَذَا : অমুক বিষয়ের ভিত্তিতে।
عَلٰى حِسَابِ مَصَالِحِ أَحَدٍ : কারো হিতের বিপরীত। কারো স্বার্থের বিরুদ্ধে।
عَلٰى حَقٍّ : স্বপক্ষে।
عَلٰى حِيْنِ بَغْتَةٍ : হঠাৎ। আকস্মিক। অকস্মাৎ। অজান্তে।
عَلٰى حِيْنِ غَفْلَةٍ : অজান্তে। হঠাৎ। অকস্মাৎ।
عَلٰى خَطِّ التَّلِيْفُوْنِ : টেলিফোনে আলাপকারী।
(مَنْ عَلَى الْخَطِّ) কে বলছেন? [টেলিফোনে]
عَلٰى رَأْسِ الْحُكُوْمَةِ : রাষ্ট্রপ্রধান।
عَلَى الرَّحْبِ : প্রফুল্লচিত্তে। আনন্দের সাথে।
عَلَى الرَّغْمِ مِنْ : এতদসত্ত্বেও যে। যদিও।
عَلٰى ذِمَّةِ التَّحْقِيْقِ : অনুসন্ধানের জন্য। তদন্তের জন্য। যাচাই করার জন্য।

عَلٰى سَبِيْلِ التَّجْرِبَةِ : অভিজ্ঞতার আলোকে। পরীক্ষামূলকভাবে।
عَلَى الشَّرَفِ : সম্মানে। সৌজন্যে।
عَلٰى شَكْلِ الدَّفَعَاتِ : কয়েকটি কিস্তিতে।
عَلَى الصَّعِيْدِ الْإِقْلِيْمِيِّ : প্রাদেশিকভাবে / ক্ষেত্রে।
عَلَى الصَّعِيْدِ الدُّوَلِيِّ : আন্তর্জাতিক মানের। আন্তর্জাতিকভাবে।
عَلَى الصَّعِيْدِ الْعَالِيْ : বিশাল আকারে।
عَلَى الصَّعِيْدِ الْقَوْمِيْ : জাতীয় পর্যায়ে।
عَلَى الطَّرَفِ الْآخَرِ لِخَطِّ التَّلِيْفُوْنِ فُلَانٌ : টেলিফোনের অপর প্রান্তে অমুক বলছে / বলছেন।
عَلَى الطُّوْلِ : সোজা। সোজাসুজি। সরাসরি। অনবরত। উপর্যুপরি।
عَلٰى غِرَّةٍ : হঠাৎ। অকস্মাৎ।
عَلٰى غَيْرِ الْعَادَةِ : রীতিবিরুদ্ধ। অস্বাভাবিকভাবে। অভ্যাসের পরিপন্থি।
عَلٰى قَدَمِ الْمُسَاوَاةِ : সমানে সমানে। সমানভাবে। সমানতালে।
عَلٰى مَا : কি কারণে? কেন?
عَلٰى مَا يَظْهَرُ أَنْ : এমন মনে হচ্ছে। বাহ্যত। স্পষ্টত।
عَلٰى مَتْنِ الطَّائِرَةِ : বিমানযোগে। উড়োজাহাজে করে।
عَلٰى مَدَارِ السَّنَةِ : সারা বছর। পুরো বৎসর।
عَلٰى مُسْتَوَى السُّفَرَاءِ : দূত পর্যায়ের।
عَلٰى مَضَضٍ : অনিচ্ছায়। অনিচ্ছাভরে। নিরানন্দতার সাথে। অতি কষ্টে। অনিচ্ছা সত্ত্বেও।

عَلٰى مَضَضٍ كَذَا : কষ্ট সত্ত্বেও। অনিচ্ছুকভাবে।

عَلٰى مَهْلٍ : সন্তর্পণে। ধীরে ধীরে। আস্তে আস্তে।

عَلٰى مَهْلِكَ : আস্তে কর! সময় নাও! তুমি ধীরে ধীরে চল।

عَلَى النَّحْوِ الضِّمْنِيِّ : আনুষঙ্গিকভাবে। পরোক্ষভাবে।

عَلَى النِّطَاقِ الْجَمَاهِيرِيِّ : গণপর্যায়ে।

عَلٰى نَمَطِ الْحَدِيثِ : ফ্যাশনাবল।

عَلٰى وَشْكِ الْوَضْعِ : জন্মের নিকটবর্তী।

عَلٰى هَامِشِ كَذَا : তার সম্বন্ধে।

عَلَيْهِ عِفْرِيتٌ : জিনগ্রস্ত। তাকে জিনে ধরেছে।

ع —— م

عَمَّ الْاِسْتِيَاءُ الْأَوْسَاطَ الشَّعْبِيَّةَ : জনতার মাঝে অসন্তোষ ছড়িয়ে পড়া।

عَمَّ الْاِضْطِرَابُ (ن) عُمُومًا : বিশৃঙ্খলা ছড়িয়ে পড়া।

عَمَّا إِذَا : এমতাবস্থায়।

اَلْعِمَارَةُ ذَاتُ ثَلٰثَةِ أَدْوَارٍ : তিন তলা বিল্ডিং। ত্রিতল ভবন।

عُمَّالٌ (وا) اَلْعَامِلُ : শ্রমিক। লেবার।

عُمَّالُ الْإِدَارَةِ : স্টাফ। আমলা।

عُمَّالُ الْإِنْقَاذِ : উদ্ধারকর্মী।

عُمَّالُ الشَّحْنِ وَالتَّفْرِيغِ : মাল উঠানামাকারী শ্রমিক।

اَلْعُمَّالُ الْعَرَضِيُّونَ : অস্থায়ী শ্রমিক।

عُمَّالُ السِّكَّةِ الْحَدِيدِيَّةِ : রেলওয়ে কর্মচারী।

اَلْعُمَّالُ الْمُعَطَّلُونَ : বেকার শ্রমিক।

اَلْعِمَالَةُ : এজেন্সি। দালালি। এজেন্টগিরি। শ্রমিকের কাজ। পেশা।

اَلْعُمْرُ (ج) أَعْمَارٌ : বয়স। জীবনকাল।

اَلْعُمْرَانُ : ঘনবসতি। আবাদি।

اَلْعَمَلُ : কাজ। কার্য। কর্ম। বৃত্তি। কার্যক্রম। মুভমেন্ট। ওয়ার্ক। এ্যাক্ট। পদক্ষেপ।

اَلْعَمَلُ الْاِجْتِمَاعِيُّ : সামাজিক কাজ। সোশ্যাল ওয়ার্ক।

عَمَلُ الْاِسْتِفْتَاءِ : মত গ্রহণের কাজ।

عَمَلُ الْاِسْتِفْتَاءِ الشَّعْبِيِّ : জনমত গ্রহণের কাজ।

عَمِلَ بِدِقَّةٍ : সতর্কতার সাথে কাজ করা।

عَمَلُ الْبِنَاءِ : উন্নয়নমূলক কাজ। নির্মাণ কাজ।

اَلْعَمَلُ التَّأْدِيبِيُّ : শিক্ষণীয় পদক্ষেপ।

عَمِلَ تَحْتَ رِئَاسَةٍ : কারো অধীনে কাজ করা।

عَمِلَ التَّرْتِيبَاتِ : ব্যবস্থাপনা করা।

عَمِلَ التَّمَائِمَ وَالتَّعْوِيذَ : তাবিজ-কবচ করা।

اَلْعَمَلُ الْجَادُّ : কঠোর পদক্ষেপ।

اَلْعَمَلُ الْجَبَّارُ : বৃহৎকার্য।

اَلْعَمَلُ الْجَمَاعِيُّ : যৌথ পদক্ষেপ।

عَمِلَ الْحَاجِزَ بَيْنَ : অন্তরায় সৃষ্টি করা।

اَلْعَمَلُ الْحَازِمُ : বলিষ্ঠ পদক্ষেপ।

عَمِلَ الْحِصَارَ الْاِقْتِصَادِيَّ عَلَى الْبُلْدَانِ : কারো বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ জারি করা।

اَلْعَمَلُ الرَّابِحُ : লাভজনক কারবার।

اَلْعَمَلُ الرَّتِيبُ : রুটিন-ওয়ার্ক। অভ্যাসগত কাজ।

اَلْعَمَلُ الرَّسْمِيُّ : সরকারি কাজ।

اَلْعَمَلُ سِرًّا : গোপন ষড়যন্ত্র করা।

اَلْعَمَلُ الشَّرِيفُ : সম্মানজনক কার্য। উত্তম কাজ।

عَمَلُ الصَّفْقَةِ عَلَىٰ شَيْءٍ : চুক্তি প্রতিক্রিয়াশীল হওয়া। চুক্তির প্রভাব পড়া।

عَمَلُ طُولَ الْوَقْتِ : ফুল-টাইম কাজ করা।

عَمَلُ الطَّيَّارِ عَلَى الطَّائِرَةِ : পাইলট প্লেন চালনা করা। বৈমানিক বিমান চালানো।

اَلْعَمَلُ الْعَبْقَرِيُّ : গৌরবান্বিত কার্যাবলি। গৌরবময় কীর্তি।

اَلْعَمَلُ الْعُدْوَانِيُّ : শত্রুতামূলক পদক্ষেপ। কর্মকাণ্ড। আক্রমণাত্মক পদক্ষেপ।

اَلْعَمَلُ عَلَىٰ : চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَىٰ إِبَادَةِ الشَّعْبِ : জনগণের ক্ষতি করার চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَىٰ إِخْرَاجِ الْمُسْتَشْفَى مِنْ وَاقِعِهِ الْمُؤْلِمِ : হাসপাতালকে তার মারাত্মক বিপর্যয় থেকে উদ্ধারের চেষ্টা করা।

اَلْعَمَلُ لِلتَّسْوِيَةِ : সমাধানের চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَىٰ تَفَادِي الْأَخْطَارِ : বিপর্যয় দূর করার চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَىٰ تَمْزِيقِ الْقُوَى الْوَطَنِيَّةِ : জাতীয় শক্তিসমূহকে দুর্বল করার চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَى التَّهْدِئَةِ : শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَىٰ دَعْمِ السِّلْمِ : শান্তি প্রতিষ্ঠার চেষ্টা করা।

اَلْعَمَلُ عَلَىٰ فُقْدَانِ الثِّقَةِ فِي الْقَادَةِ : নেতাদের উপর থেকে আস্থা নষ্ট করার চেষ্টা করা।

اَلْعَمَلُ الْفِدَائِيُّ : আত্মোৎসর্গমূলক দৌড়ঝাঁপ। আত্মত্যাগীমূলক কর্মকাণ্ড।

عَمَلُ الْفَوَاتِيرِ : বিল তৈরি করা।

عَمَلُ الْفَهَارِسِ : ইনডেক্স প্রস্তুতের কাজ।

اَلْعَمَلُ فِي حَقْلِ التَّبْشِيرِ (الْمَسِيحِيِّ) : খ্রিস্টান মিশনারীতে কাজ করা।

اَلْعَمَلُ الْكِتَابِيُّ : ক্লার্কাল ওয়ার্ক। মুন্সিগিরি। কেরানিগিরি।

عَمَلُ الْكَمَائِنِ : ঘাঁটি তৈরি করা।

اَلْعَمَلُ اللَّا أَخْلَاقِيُّ : ভদ্রতাবিরুদ্ধ আচরণ। মানবতাহীন পদক্ষেপ। অভদ্র আচরণ।

اَلْعَمَلُ لِحِسَابِ فُلَانٍ : কারো পক্ষে কাজ করা।

اَلْعَمَلُ الْمُبَاشِرُ : DIRECT ACTION. ডাইরেক্ট এ্যাকশন। সরাসরি পদক্ষেপ। [যেমন– হরতাল, অবরোধ ইত্যাদি]।

اَلْعَمَلُ الْمَدْفُوعُ بِالسَّاعَةِ : টাইম-ওয়ার্ক।

اَلْعَمَلُ الْمُرْهِقُ : কষ্টসাধ্য কাজ।

اَلْعَمَلُ الْمُسَلَّحُ : সশস্ত্র পদক্ষেপ।

اَلْعَمَلُ الْمُشْتَرَكُ : যৌথ পদক্ষেপ। যৌথ কারবার।

اَلْعَمَلُ الْمُكَثَّفُ : খুব ব্যস্ততা।

اَلْعَمَلُ الْمَلْمُوسُ : দর্শনীয় কার্য।

اَلْعَمَلُ الْمَنُوطُ بِأَحَدٍ : অর্পিত কার্য।

اَلْعَمَلُ الْمُوَحَّدُ : ঐক্যবদ্ধ কর্মসূচি।

اَلْعَمَلُ الْمَيْدَانِيُّ : ফিল্ড-ওয়ার্ক। মাঠের কাজ। মাঠকর্ম।

عَمَلُ النَّسْخِ الْعَدِيدَةِ : ডুপলিকেট কপি তৈরি করার কাজ।

اَلْعَمَلُ الْوَحْدَوِيُّ : ঐক্যবদ্ধকরণ কর্মসূচি।

اَلْعَمَلُ الْيَدَوِيُّ : হাতের কাজ। হস্তশিল্প।

عُمْلَاتٌ (وا) اَلْعُمْلَةُ : মুদ্রা।

اَلْعُمْلَاتُ الْحُرَّةُ : স্বাধীন মুদ্রা।

عُمْلَاتٌ مُحْكَمَةُ التَّزْيِيفِ : পূর্ণ জাল মুদ্রা, যা চিনা দুষ্কর কাজ।

اَلْعُمْلَاتُ الْوَرَقِيَّةُ : কাগজের নোট।

اَلْعِمْلَاقُ (ج) عَمَالِقَةٌ : দৈত্য। দানব। মহাশক্তি। অসাধারণ দেহের অধিকারী ব্যক্তি। সুপার পাওয়ার। বিশালকায়। হোৎকা। স্থূলকায়।

اَلْعُمْلَةُ (ج) عُمْلَاتٌ : মুদ্রা। প্রচলিত মুদ্রা। পুঁজি। CURRENCY.

اَلْعُمْلَةُ الْأَجْنَبِيَّةُ : বৈদেশিক মুদ্রা।

اَلْعُمْلَةُ الْأَجْنَبِيَّةُ الْقَابِلَةُ لِلتَّحْوِيلِ : বৈদেশিক চেঞ্জিং মুদ্রা।

اَلْعُمْلَةُ الْجَيِّدَةُ : ভালো মুদ্রা।

اَلْعُمْلَةُ الزَّائِفَةُ : জাল মুদ্রা।

اَلْعُمْلَةُ السَّهْلَةُ : SOFT CURRENCY. সফট কারেন্সি। হালকা মুদ্রা।

اَلْعُمْلَةُ الصَّعْبَةُ : হার্ড কারেন্সি। ভারী মুদ্রা।

اَلْعُمْلَةُ الطَّفِيفَةُ الْقِيمَةِ : সস্তা মুদ্রা।

اَلْعُمْلَةُ الْعَشْرِيَّةُ : দশমিক মুদ্রা।

اَلْعُمْلَةُ غَيْرُ الْقَابِلَةِ لِلتَّحْوِيلِ : অপরিবর্তনীয় মুদ্রা।

اَلْعُمْلَةُ الْقَابِلَةُ لِلتَّحْوِيلِ : পরিবর্তনীয় মুদ্রা।

اَلْعُمْلَةُ الْمُتَدَاوَلَةُ : প্রচলিত মুদ্রা।

اَلْعُمْلَةُ الْمُجَمَّدَةُ : অচল মুদ্রা। রহিত মুদ্রা।

اَلْعُمْلَةُ الْمَحَلِّيَّةُ : স্থানীয় মুদ্রা।

اَلْعُمْلَةُ الْمُزَيَّفَةُ : জাল মুদ্রা। জাল নোট।

اَلْعُمْلَةُ الْمُسَاعِدَةُ : অস্থায়ী মুদ্রা। সহায়ক মুদ্রা।

اَلْعُمْلَةُ الْمَعْدَنِيَّةُ : ধাতব মুদ্রা।

اَلْعُمْلَةُ الْمُنْخَفِضَةُ الْقِيمَةِ : সস্তা মুদ্রা।

اَلْعُمْلَةُ الْوَرَقِيَّةُ : কাগুজে নোট।

اَلْعَمَلِيُّ : কার্যকারিতা। অনায়াসসাধ্য কার্য।

اَلْعَمَلِيَّةُ (ج) عَمَلِيَّاتٌ : পদক্ষেপ। কর্মকাণ্ড। কার্যকলাপ। কর্মতৎপরতা। অপারেশন। অস্ত্রোপচার। ব্যবস্থাপনা। বন্দোবস্ত। কার্যক্রম। বিশেষ কার্য। কেস। মামলা।

عَمَلِيَّةُ الْاِبْتِزَازِ : ব্লাকমেইল। BLACKMAIL. অপহরণ। ছিনতাই। গোপন তথ্য উদ্‌ঘাটন করার হুমকি দিয়ে টাকা আদায় করা।

عَمَلِيَّةُ الْإِجْلَاءِ : শূন্যকরণ পদক্ষেপ। দেশান্তরকরণ পদক্ষেপ।

عَمَلِيَّةُ الْاِسْتِنْزَافِ : রক্তাক্ত পদক্ষেপ।

عَمَلِيَّةُ الاِغْتِيَالِ : হত্যামূলক পদক্ষেপ / আক্রমণ। হত্যাকাণ্ড।

عَمَلِيَّةُ الإِنْتَاجِ : উৎপাদনশীল কার্যক্রম।

اَلْعَمَلِيَّةُ الاِنْتِحَارِيَّةُ : আত্মহত্যার পদক্ষেপ।

عَمَلِيَّةُ الاِنْسِحَابِ : শূন্যকরণ কর্মসূচি। সৈন্য প্রত্যাহার কর্মসূচি।

اَلْعَمَلِيَّةُ التَّحْوِيلِيَّةُ : ট্রান্সফার কার্যক্রম।

عَمَلِيَّةُ تَرْمِيمِ الْمَبْنَى : বিল্ডিং মেরামত ও সংস্কারের কাজ।

عَمَلِيَّةُ التَّعَسُّفِ : স্বেচ্ছাচারিতামূলক পদক্ষেপ।

اَلْعَمَلِيَّةُ التَّعَسُّفِيَّةُ : স্বেচ্ছাচারিতামূলক পদক্ষেপ।

عَمَلِيَّةُ التَّعْمِيَةِ : গোপনীয় পদক্ষেপ।

عَمَلِيَّةُ التَّفْتِيشِ : অনুসন্ধানের কাজ।

عَمَلِيَّةُ التَّوْلِيدِ : ধাত্রীগিরি। নার্সগিরি।

اَلْعَمَلِيَّةُ الْجِرَاحِيَّةُ : সার্জিক্যাল অপারেশন। অস্ত্রোপচার। OPERATION.

اَلْعَمَلِيَّةُ الْجَسُورَةُ : অত্যন্ত সাহসী পদক্ষেপ। নির্ভীকতামূলক পদক্ষেপ।

عَمَلِيَّةُ الْخَتْمِ : সিলমোহর লাগানোর ডিউটি।

عَمَلِيَّةُ الذَّبْحِ : হত্যামূলক পদক্ষেপ।

اَلْعَمَلِيَّةُ السِّرِّيَّةُ : গোপন ষড়যন্ত্র।

اَلْعَمَلِيَّةُ الصَّغِيرَةُ : ক্ষুদ্র অপারেশন।

اَلْعَمَلِيَّةُ الْعَسْكَرِيَّةُ : সামরিক পদক্ষেপ। অপারেশন।

عَمَلِيَّةُ الْعُنْفِ : কঠোর পদক্ষেপ।

اَلْعَمَلِيَّةُ الْكَبِيرَةُ : বড় অপারেশন।

اَلْعَمَلِيَّةُ الْمُشْتَرَكَةُ : যৌথ পদক্ষেপ।

عَمَلِيَّةُ مَقْضِيٌّ عَلَيْهَا بِالْفَشَلِ : বাস্তবরূপে একটি ব্যর্থ পদক্ষেপ।

عَمَلِيَّةُ الْهُجُومِ : আক্রমণাত্মক পদক্ষেপ।

عَمَلِيَّاتُ اِسْتِكْشَافٍ : অনুসন্ধান তৎপরতা। উদ্‌ঘাটন কার্যক্রম।

اَلْعَمَلِيَّاتُ التَّخْرِيبِيَّةُ : নাশকতামূলক কর্মকাণ্ড।

عَمَلِيَّاتُ التَّفْتِيشِ الْوَاسِعَةِ النِّطَاقِ : ব্যাপক অনুসন্ধান। ব্যাপক তল্লাশী চালানো।

اَلْعَمَلِيَّاتُ الْحِسَابِيَّةُ : হিসাব-সম্বন্ধীয় কাজ।

اَلْعَمَلِيَّاتُ السِّرِّيَّةُ : গোপন কার্যক্রম।

اَلْعَمَلِيَّاتُ الْفِدَائِيَّةُ : গেরিলা পদক্ষেপ।

عَمَلِيَّاتُ النَّسْفِ وَالتَّخْرِيبِ : ধ্বংসাত্মক পদক্ষেপ।

اَلْعَمُودُ (ج) أَعْمِدَةٌ ، عُمُدٌ : খুঁটি। স্তম্ভ। [পত্রিকার] কলাম। মোটা বাঁশ। পিলার। পোল।

عَمُودُ التِّلِغْرَافِ : টেলিগ্রাফ পোল।

عَمُودُ الصَّحِيفَةِ : পত্রিকার কলাম।

اَلْعَمُودُ الْفِقْرِيُّ : মেরুদণ্ড।

اَلْعُمُولَةُ : আড়ত। এজেন্টগিরি। কমিশন। দালালি। পারিশ্রমিক।

عُمُولَةُ الْبَنْكِ : ব্যাংক কমিশন।

اَلْعُمُولَةُ التِّجَارِيَّةُ : বাণিজ্যিক এজেন্সি।

عُمُولَةُ السِّمْسَارِ : দালালের কমিশন।

عُمُولَةُ الْوُكَلَاءِ : দালালদের কমিশন।
এজেন্টদের কমিশন।

عُمُومُ الْهِنْدِ : অল্ ইন্ডিয়া।

اَلْعَمِيْدُ (ج) عُمَدَاءُ : সভাপতি। প্রধান।
প্রিন্সিপাল। ডাইরেক্টর। পরিচালক। ডীন।
অধ্যক্ষ। কর্নেল। ব্রিগেডিয়ার।

عَمِيْدُ السِّلْكِ السِّيَاسِيِّ : কূটনৈতিক
দলের সভাপতি।

عَمِيْدُ الْكُلِّيَّةِ : কলেজের প্রিন্সিপাল।

عَمِيْدُ الْجَامِعَةِ : বিশ্ববিদ্যালয়ের
চ্যান্সেলর। RECTOR.

عَمِيْقُ التَّفَكُّرِ : গভীর চিন্তায় মগ্ন ব্যক্তি।

اَلْعَمِيْلُ (ج) عُمَلَاءُ : এজেন্ট। গ্রাহক।
আড়তদার।

ع —— ن

عَنْ : ১. হতে। থেকে। FROM. ২. মাধ্যম।
৩. সম্পর্ক।

عَنْ حَقٍّ : সত্যাশ্রয়ী হয়ে। উপযুক্ত হয়ে।

عَنْ طَرِيْقِ الْأَجْهِزَةِ الدَّوْلِيَّةِ الْمُتَخَصِّصَةِ :
আন্তর্জাতিক স্পেশাল সংগঠনের মাধ্যমে।

عَنْ طَرِيْقِ الْمُفَاوَضَاتِ : আলোচনার মাধ্যমে।

اَلْعِنَادُ : বিরোধিতা। গোঁড়ামি। বিদ্রোহী। অবাধ্যতা।

عَنَاصِرُ (وا) اَلْعُنْصُرُ : উপকরণাদি। জাতি।
জনগণ। গোষ্ঠী।

اَلْعَنَاصِرُ الْاِنْتِهَازِيَّةُ : সুবিধাবাদী সম্প্রদায়।

اَلْعَنَاصِرُ غَيْرُ الرَّاضِيَةِ : অপছন্দনীয় জাতি।

عَنَاصِرُ الْفِتْنَةِ : বিশৃঙ্খলাকারী জাতি।

اَلْعَنَاصِرُ الْمُتَطَرِّفَةُ : বিচ্ছিন্নতাবাদী জাতি।
বিশৃঙ্খল জাতি।

اَلْعَنَاصِرُ الْمُكَتَّلَةُ : জোটবদ্ধ জাতি।

اَلْعَنَاصِرُ الْمُشَاغِبَةُ : সন্ত্রাসী জাতি।
বিশৃঙ্খলাকারী জাতি।

اَلْعَنَاصِرُ النِّضَالِيَّةُ : যুদ্ধপ্রিয় জাতি।
যোদ্ধা সম্প্রদায়।

اَلْعِنَايَةُ : মনোযোগ। গুরুত্ব। যত্ন। লক্ষ্য।
আগ্রহ। দেখাশুনা। অনুগ্রহ।

عِنْدَ الطَّلَبِ : চাহিবামাত্র।

عِنْدَ اللُّزُوْمِ : প্রয়োজনের মুহূর্তে।

اَلْعُنْصُرِيُّ : মৌলিক। সাম্প্রদায়িক।
জাতিগত। মৌল। বর্ণবাদী।

اَلْعُنْفُ : কঠোরতা। বিশাল। শক্ত। কঠোর।
সহিংসতা। কঠোর আচরণ।

عُنْفُوَانُ الْاِسْتِعْمَارِ : সাম্রাজ্যবাদের ভরা যৌবন।

اَلْعُنْوَانُ (ج) عَنَاوِيْنُ : ঠিকানা। ADRESS.
শিরোনাম। কিতাবের নাম।
প্রবন্ধের শিরোনাম।

اَلْعُنْوَانُ بِحَرْفٍ كَبِيْرٍ : শিরোনাম। হেডলাইন।

اَلْعُنْوَانُ الْبَرْقِيُّ : টেলিগ্রামের ঠিকানা।

اَلْعُنْوَانُ الرَّئِيْسِيُّ فِي الصَّحِيْفَةِ : পত্রিকার উপরের প্রধান শিরোনাম। হেডলাইন।

عُنْوَانُ الشَّرِكَةِ : কোম্পানির নাম।

عُنْوَانُ الْمُرَاسَلَةِ : যোগাযোগের ঠিকানা।

عَنْوَنَهُ بِكَذَا عَنْوَنَةً : শিরোনাম দেওয়া। ভূমিকা লেখা।

اَلْعَنِيْدُ : বিদ্রোহী। বিরোধী। অবাধ্য। জিদি। গোঁড়া।

اَلْعَنِيْفُ : শক্ত। কঠোর। কঠোরতামূলক। প্রচণ্ড। জোরালো। তীব্র। জোরদার।

ع —— و

اَلْعَوَاقِبُ : ফলাফল। পরিণতি। পরিণাম।

عَوَاقِبُ الْحَرْبِ : যুদ্ধের ফলাফল।

اَلْعَوَاقِبُ الْوَخِيْمَةُ : অশুভ পরিণতি। খারাপ।

اَلْعَوَامِلُ : উপকরণাদি।

اَلْعَوَامِلُ الْبَشَرِيَّةُ : মানবীয় প্রয়োজন।

اَلْعَوَائِدُ : ট্যাক্স। TAX. মাসুল। কর। শুল্ক।

عَوَائِدُ الْأَمْلَاكِ : সম্পত্তির ট্যাক্স। জমির খাজনা।

اَلْعَوَائِدُ الْجُمْرُكِيَّةُ : কাস্টম ডিউটি।

اَلْعَوَائِدُ الْجُمْرُكِيَّةُ الْإِضَافِيَّةُ : অতিরিক্ত কাস্টম। সারচার্জ।

عَوَائِدُ الدَّلَالَةِ : দালালির ফিস।

اَلْمِخْرَزُ (ج) مَخَارِزُ : চামড়া ছিদ্র করার সুই।

اَلْمِخْرَطَةُ الْكَهْرَبَائِيَّةُ : ইলেক্ট্রিক লেদমেশিন।

اَلْمَخْزَنُ : গুদাম। স্টোর। গুদামঘর। শেড। সপ। দোকান। স্টোর-রুম। স্টোর-হাউস। ডিপো। স্টক-রুম।

مَخْزَنُ اَدْوِيَةٍ : ফার্মেসী। মেডিকেল স্টোর। ঔষধের দোকান।

مَخْزَنُ الْاِيْدَاعِ : আমানত গুদাম। আড়ত।

مَخْزَنُ تَبْرِيْدٍ : কোল্ড-স্টোর।

مَخْزَنُ فَحْمٍ : কয়লার স্টক।

مَخْزَنُ كُتُبٍ : কুতুবখানা। বুকস্টল।

اَلْمَخْزَنُ لِلْبَضَائِعِ : ম্যাগাজিন। (Magezine) অস্ত্রাগার। মালগুদাম।

اَلْمَخْزَنُ لِلْغِلَالِ : শস্যগুদাম।

اَلْمَخْزُوْنُ : স্তূপ। স্টক। সংরক্ষিত। গুদামজাত।

اَلْمَخْزُوْنُ الْعَازِلُ : সংরক্ষিত-স্টক।

اَلْمَخْزُوْنُ النَّفْدُ : ফুরিয়ে যাওয়া স্টক।

اَلْمَخْزُوْنَاتُ : স্টক। স্তূপ।

اَلْمُخَشَّبُ : কাঠের তৈরি। কাষ্ঠনির্মিত।

اَلْمُخَصَّصَاتُ : ফান্ড। বিশেষ পুঁজি। বরাদ্দ। অধিকারাদি।

اَلْمُخَصَّصَاتُ مِنَ الْاِسْمِنْتِ : সিমেন্টের কোটা।

مَخْضُ الرَّأْيِ : প্রস্তাবের সর্বদিক বিবেচনা করা।

مَخْضُ الشَّيْءِ : সজোরে নাড়া দেওয়া।

مَخْضُ اللَّبَنِ : দুধের মাখন বের করা।

مَخَضَتِ الْحَامِلُ (ف) مَخَاضًا : গর্ভবতী মহিলার প্রসববেদনা শুরু হওয়া।

اَلْمُخَطَّطُ (ج) مُخَطَّطَاتٌ : পরিকল্পনা। স্কীম। প্ল্যান। ডিজাইন। লাইন। প্রকল্প।

اَلْمُخَطِّطُ : প্ল্যানার। পরিকল্পনাকারী।

اَلْمُخَطَّطُ الْاَصْلِيُّ : সঠিক পরিকল্পনা।

مُخَطَّطُ التَّخْرِيْبِ : ধ্বংসাত্মক পরিকল্পনা। নাশকতামূলক পরিকল্পনা।

اَلْمخطط التَّسْوِيَةِ : শান্তি পরিকল্পনা।

مُخَطَّطُ التَّوْسِعَةِ : সম্প্রসারণমূলক পরিকল্পনা।

اَلْمُخَطِّطُ الْمُصَمِّمُ : ড্রাফটম্যান।

اَلْمُخَطَّطَاتُ الْاِسْتِسْلَامِيَّةُ : পশ্চাৎপদমূলক পরিকল্পনা।

اَلْمَخْطُوطَةُ (مَكْتُوبَةٌ بِخَطِّ الْمُؤَلِّف) : অটোগ্রাফ। পাণ্ডুলিপি।

اَلْمَخْفَرُ (ج) مَخَافِرُ : পুলিশ-চৌকি। প্রহরাস্থল। গার্ডরুম। (guard room)

مَخْفَرُ الْإِطْفَاءِ : ফায়ার-স্টেশন। ফায়ার-ব্রিগেড।

مَخْفَرُ شُرْطَةٍ : থানা। (Police Station)

مُخْفَضُ الثَّمَنِ : স্বল্পমূল্য।

اَلْمُخِلُّ : গোলমালকারী। বিশৃঙ্খলাকারী। ক্ষতিকর।

اَلْمُخَلَّفَاتُ : খড়কুটো। পরিত্যক্ত জিনিসপত্র। অতিরিক্ত অংশ। বর্জ্য।

اَلْمُخَلَّلُ (ج) مُخَلَّلَاتٌ : আচার। চাটনি। সিরকাযুক্ত।

اَلْمُخَيِّلَةُ : মস্তিষ্ক।

اَلْمُخَيَّمُ (ج) مُخَيَّمَاتٌ : তাঁবু। শিবির। ক্যাম্প। তাঁবু গাড়ার স্থান।

م ——— د

اَلْمَدُّ : সংযোজন করা। প্রশস্ত করা। প্রসার। বিস্তার।

مَدُّ أَجَلِ شَيْءٍ : সময় বাড়িয়ে দেওয়া।

مَدُّ أَحَدٍ بِالسِّلَاحِ : অস্ত্র সাপ্লাই করা।

اَلْمَدُّ الْإِسْلَامِيُّ : ইসলামের উন্নতি। প্রসার।

مَدُّ الْبَصَرِ إِلَى : দৃষ্টিপাত করা।

مَدُّ بَقَاءِ الْقُوَّاتِ : সেনা অবস্থানের সময়সীমা বাড়িয়ে দেওয়া।

مَدُّ التَّأْثِيرِ : প্রভাব বৃদ্ধি করা।

مَدُّ الْجُنْدِ بِالسِّلَاحِ : সেনাবাহিনীর অস্ত্র সরবরাহ করা।

مَدُّ الْفَتْرَةِ : মেয়াদ বাড়ানো।

مَدُّ السَّيْطَرَةِ إِلَى : দখল বৃদ্ধি করা।

مَدُّ الْعَمَلِ بِاتِّفَاقٍ : চুক্তির সময়সীমা বৃদ্ধি করা।

اَلْمِدَادُ : কালি।

اَلْمِدَادُ : ফাউন্টেনপেন। কালিকলম।

مَدَارُ الْأَرْضِ : জমির পরিধি।

مَدَارُ الْبَحْثِ : আলোচনার বিষয়বস্তু।

اَلْمُدَارَاةُ : আতিথেয়তা। আতিথ্য। আপ্যায়ন। সৌজন্য।

مُدَارَاةُ الْمَوْقِفِ : উদ্দেশ্য হাসিল করা।

اَلْمَدَارِسُ الْأَهْلِيَّةُ : প্রাইভেট মাদরাসা।

مَدَارِكُ الْإِنْسَانِ : পঞ্চেন্দ্রিয়। জ্ঞান। অনুভব ক্ষমতা।

اَلْمَدَافِعُ الثَّقِيلَةُ : ভারী কামান।

اَلْمَدَافِعُ الْخَفِيفَةُ : হালকা কামান।

اَلْمَدَافِعُ طَوِيلَةُ الْمَدَى : দূরপাল্লার ক্ষেপণাস্ত্র।

اَلْمَدَافِعُ الْمُضَادَّةُ لِلطَّائِرَاتِ : বিমান বিধ্বংসী ক্ষেপণাস্ত্র।

اَلْمُدَاوِرُ : পরিস্থিতি সৃষ্টিকারী।

اَلْمُدَاوَلَةُ : আলোচনা। মতবিনিময়। পরামর্শ।

اَلْمُدَاوَلَاتُ : আলোচনা। কথাবার্তা।

اَلْمُدَاهَمَةُ : ১. অতর্কিত আক্রমণ। ২. প্রবেশ করা। হঠাৎ পৌঁছে যাওয়া।

اَلْمُدَبِّرُ : এডমিনিস্ট্রেটর। ব্যবস্থাপক। পরিচালক। পরিকল্পনাকারী।

المِدْبَسَة : পিনদানি।

المُدَّة : সময়। সময়কাল। পিরিয়ড।

مُدَّة الإِخْطَار : নোটিশের সময়কাল।

مُدَّة انْعِقَاد المَجْلِس : সভা-সমাবেশের সিজন।

مُدَّة الصَّلَاحِيَة : ব্যবহারের সময়সীমা। [এক্সপ্রিডেট]

مُدَّة الكَمْبِيَالَة : ড্রাফট-এর সময়সীমা।

مُدَّة المُحَاسَبَة : হিসাবের সময়সীমা।

مُدَّة المِيزَانِيَّة : বাজেটের সময়সীমা।

مَدَّتِ الدُّنْيَا لَهُ ذِرَاعَيْهَا : দুনিয়া তার পদতলে পড়েছে।

مَدْحُ الذَّات : আত্মপ্রশংসা।

المُدَّخَر : রিজার্ভ। সেভিং। সংরক্ষিত। সঞ্চিত।

المُدَّخَرَات : সঞ্চিত ধন। স্টক।

المَدْخَل (ج) مَدَاخِل : গেট। প্রবেশপথ।

المَدْخَل التَّارِيخِيّ : ঐতিহাসিক পট পরিবর্তন।

مِدْخَن التَّبْغ : সিগারেট পাইপ।

المِدْخَنَة : চিমনি। ধোঁয়া নির্গমের রাস্তা।

المَدْخُول : আমদানি। উৎপাদন। রাজস্ব।

المَدَد (ج) أَمْدَاد : শক্তিবৃদ্ধি। সহায়তা। সাহায্য। যোগান।

المَدَر : ঢেলা। শুকনা মাটি। গ্রাম। জনপদ।

مِدْرَى وَمِدْرَاة : চিরুনি।

المَدْرَج : রানওয়ে। (Runway) পথ।

المُدَرَّج الرُّومَانِيّ : সার্কাস।

المُدَرِّس : মাস্টার। ওস্তাদ। শিক্ষক। টীচার।

المُدَرِّس المُعَار : সাময়িক শিক্ষক।

المُدَرِّسَة : শিক্ষয়িত্রী। শিক্ষীকা। লেডী-টীচার।

المَدْرَسَة (ج) مَدَارِس : স্কুল। মাদরাসা। বিদ্যালয়।

المَدْرَسَة الابْتِدَائِيَّة : প্রাইমারী-স্কুল। ইবতেদায়ী মাদরাসা।

المَدْرَسَة الأَهْلِيَّة : প্রাইভেট-স্কুল / মাদরাসা।

مَدْرَسَة البَنَات : গার্লস-স্কুল। মহিলা মাদরাসা।

المَدْرَسَة الثَّانَوِيَّة : হাই-স্কুল।

المَدْرَسَة التَّجْهِيزِيَّة : কোচিং সেন্টার।

المَدْرَسَة الجَامِعَة : ইউনিভার্সিটি। বিশ্ববিদ্যালয়।

المَدْرَسَة الدَّاخِلِيَّة : বোডিং-স্কুল। আবাসিক মাদরাসা।

المَدْرَسَة العَالِيَة : হাই-স্কুল। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

المَدْرَسَة العَامَّة : পাবলিক স্কুল।

المَدْرَسَة الفِكْرِيَّة : গবেষণাগার।

المَدْرَسَة الكُلِّيَّة : কলেজ।

المَدْرَسَة المَجَّانِيَّة : ফ্রি-স্কুল। কমন-স্কুল।

مَدْرَسَة المُعَلِّمِين : শিক্ষক প্রশিক্ষণ স্কুল। ট্রেনিং-স্কুল।

المَدْرَسَة المِهْنِيَّة : ট্রেনিং-স্কুল।

المَدْرَسِيّ : স্কুল / মাদরাসা-বিষয়ক।

مُدَّعٍ : দাবিদার। ফরিয়াদি। বাদী।

مُدَّعٍ بِحَقٍّ : হকের দাবিদার।

مُدَّعٍ بِالحَقِّ المَدَنِيّ : দেওয়ানী মামলা দায়েরকারী।

المَدْعَاة : উপকরণ। কারণ।

المَدْعُوّ : নামীয়।

اَلْمَدْعُوُّ بِفُلَانٍ : অমুক নামীয়।

اَلْمَدْعُوُّونَ إِلَى الْعَشَاءِ : ডিনার পার্টির আমন্ত্রিত ব্যক্তিবর্গ।

اَلْمُدَّعِي الْعَامُّ : এটর্নি জেনারেল।

اَلْمُدَّعَى عَلَيْهِ : বিবাদী। অভিযুক্ত।

اَلْمِدْفَأُ : স্টোভ। হিটার (Heater)।

اَلْمِدْفَعُ (ج) مَدَافِعُ : কামান। তোপ। ক্ষেপণাস্ত্র। মিসাইল।

مِدْفَعٌ أُوتُومَاتِيكِيٌّ : মেশিনগান।

اَلْمِدْفَعُ مِنْ عِيَارِ كَذَا : [এত] দূরপাল্লার ক্ষেপণাস্ত্র।

مِدْفَعٌ مُضَادٌّ لِلطَّائِرَاتِ : বিমান বিধ্বংসী মিসাইল / কামান।

اَلْمِدْفَعِيَّةُ : যেখানে কামান রাখা হয় বা তৈরি করা হয়। তোপখানা।

اَلْمِدْفَعِيَّةُ الثَّقِيلَةُ : ভারী কামান রাখার স্থান / তোপখানা।

مِدْفَعِيَّةٌ مُضَادَّةٌ لِلطَّائِرَاتِ : বিমান বিধ্বংসী তোপখানা।

مِدْفَعِيَّةُ مَيْدَانٍ : যুদ্ধক্ষেত্রের তোপখানা।

اَلْمَدْفُوعُ : এ্যাডভান্স। অগ্রিম। আদায়কৃত।

اَلْمَدْفُوعُ عَلَى عَمَلٍ : কোনো কাজের জন্য বাধ্য করা।

اَلْمَدْفُوعُ لَهُ : যাকে আদায় করা হয়েছে।

اَلْمَدْفُوعَاتُ الْمُبَاشِرَةُ : সরাসরি আদায়।

مَدْفُوعٌ مُقَدَّمًا : এ্যাডভান্স আদায়কৃত।

اَلْمَدْفُوعُ مِنْ فُلَانٍ : পূর্ণ। ভরা।

اَلْمَدْفُوعَاتُ التَّعْوِيضِيَّةُ : বিনিময়সুলভ আদায়।

اَلْمَدْفُوعَاتُ الْمُؤَجَّلَةُ : মেয়াদি আদায়।

اَلْمَدْفُوعَاتُ النَّقْدِيَّةُ : নগদ আদায়।

اَلْمَدْقُوقُ : সূক্ষ্ম। পেষাইকৃত। গুঁড়া।

اَلْمُدَمِّرَةُ : বিধ্বংসী। সামুদ্রিক যুদ্ধজাহাজ। ডেস্ট্রয়ার। (Destroyer)

مُدْمِنُ خَمْرٍ : নেশাগ্রস্ত।

اَلْمَدَنِيُّ : সিভিল। সিভিলিয়ান। শহরী। পাবলিক। সিটিজেন। বেসামরিক। শহরের বাসিন্দা। মাদানী। জনগণ সম্পর্কিত।

اَلْمَدَنِيَّةُ : নাগরিক অধিকার। সভ্যতা। সামাজিকতা।

اَلْمِدْوَسُ (ج) مَدَاوِسُ : পেডল। পাদানি।

اَلْمُدَوَّنُ : রেকর্ডকৃত। সংরক্ষিত।

اَلْمَدَوِيُّ : চাকু নির্মাতা।

اَلْمَدَى : সীমান্ত। দূরত্ব। মেয়াদ। শেষ সীমানা। সময়কাল। ব্যাপ্তি। পরিধি।

مَدَى الْأَجْيَالِ : শত শত বর্ষ। দীর্ঘ দিন।

اَلْمَدَى الْأَقْصَى : লিমিট। শেষসীমানা।

مَدَى الْبَصَرِ : দৃষ্টিসীমা পর্যন্ত।

اَلْمَدَى الْبَعِيدُ : সুদীর্ঘ সময়কাল।

مَدَى الْحَيَاةِ : জীবন ব্যাপী।

مَدَى التَّأْثِيرِ عَلَى شَيْءٍ : প্রভাব বিস্তারের আওতা।

مَدَى السُّلْطَةِ : কর্তৃত্বের আওতা। কর্তৃত্বের পরিধি।

مَدَى الشَّيْءِ : বস্তুর দৈর্ঘ্য ও প্রস্থ।

مَدَى الْعُمْرِ : আজীবন। জীবন ব্যাপি।

اَلْمَدَى الْقَصِيْرُ : সংক্ষিপ্ত সময়সীমা।

مَدَى الْكَارِثَةِ : দুর্ঘটনার গভীর রেখাপাত।
দুর্ঘটনার প্রভাব।

مَدَى الْمِدْفَعِ : ক্ষেপণাস্ত্রের পাল্লা।

اَلْمُدْيَةُ (ج) مُدًى : ছুরি। চাকু।

اَلْمَدِيْحُ : প্রশংসা।

اَلْمَدِيْدُ : বিস্তৃত। প্রলম্বিত। প্রসারিত। দীর্ঘায়িত।

اَلْمُدِيْرُ (ج) مُدَرَاءُ : ম্যানেজার।
ডাইরেক্টর। এডমিনিস্ট্রেটর। পরিচালক।
ব্যবস্থাপক। অধ্যক্ষ। মুহতামিম।

مُدِيْرُ الْإِحْصَاءِ : পরিসংখ্যান অফিসার।

مُدِيْرُ إِدَارَةِ الْمَرَاسِمِ : অভ্যর্থনা বোর্ডের
সভাপতি। চীফ অফ প্রটোকল।

مُدِيْرُ الْإِعْلَانَاتِ : বিজ্ঞাপন ম্যানেজার।

مُدِيْرُ الْأَمْنِ : পুলিশ সুপারিন্টেন্ডেন্ট।

مُدِيْرُ الْبُرُوتُوكُولِ : প্রটোকোল ম্যানেজার।
চীফ অফ প্রটোকোল।

مُدِيْرُ التَّحْرِيْرِ : সম্পাদক। এডিটর।

مُدِيْرُ التَّصْدِيْرِ : এক্সপোর্ট ম্যানেজার।

مُدِيْرُ الْجَمَاعَةِ : দলপতি। দলের প্রধান।

مُدِيْرُ الْحَرَكَةِ : ট্রাফিক অফিসার।

مُدِيْرُ الضَّرَائِبِ : ট্যাক্স ডাইরেক্টর।
শুল্ক অফিসার।

مُدِيْرُ عَامِّ الْحِسَابَاتِ : একাউন্টেন্ট জেনারেল।

مُدِيْرُ الْعَمَلِ : ম্যানেজার। ডাইরেক্টর।

اَلْمُدِيْرُ الْعَامُّ : মহাব্যবস্থাপক।
ব্যবস্থাপক। মহাপরিচালক।

اَلْمُدِيْرُ الْعَامُّ لِقُوَى الْأَمْنِ : পুলিশ বিভাগের
জেনারেল ইন্সপেক্টর। আই, জি।

مُدِيْرُ الْعَمَلِيَّاتِ الْحَرْبِيَّةِ : সামরিক
ব্যবস্থাপনার ইনচার্জ।

مُدِيْرُ الْفُرُوْعِ : ব্রাঞ্চ ম্যানেজার।

اَلْمُدِيْرُ لِإِحْدَى الْإِدَارَاتِ الْحُكُوْمِيَّةِ : কমিশনার।

مُدِيْرُ الْمَبَاحِثِ الْجِنَائِيَّةِ : সামরিক
ফৌজদারি অনুসন্ধান।

مُدِيْرُ الْمَبِيْعَاتِ : সেল্‌স ম্যানেজার।

مُدِيْرُ الْمَحَطَّةِ : স্টেশন মাস্টার।

مُدِيْرُ الْمَحَلِّ : স্টোর ম্যানেজার।

مُدِيْرُ الْمَدْرَسَةِ : প্রিন্সিপ্যাল। হেডমাস্টার।
মুহতামিম।

مُدِيْرُ الْمَرَاسِيْمِ : প্রটোকোল অফিসার।

مُدِيْرٌ مُسَاعِدٌ : এ্যাসিস্টেন্ট ম্যানেজার।

مُدِيْرُ الْمُسْتَخْدَمِيْنَ : স্টাফ ম্যানেজার।

مُدِيْرُ مَعْهَدِ الدِّفَاعِ الْمَدَنِيِّ : সিভিল
ডিফেন্স বিভাগের ম্যানেজার।

مُدِيْرُ مَكْتَبِ الْبَرِيْدِ : পোস্টমাস্টার।

مُدِيْرُ مُؤَسَّسَةٍ تِجَارِيَّةٍ : ব্যবসায়ী প্রতিষ্ঠানের
ম্যানেজার।

مُدِيْرُ مُؤَسَّسَةٍ صِنَاعِيَّةٍ : অপারেটর।
কারিগরি প্রতিষ্ঠানের ম্যানেজার।

مُدِيرُ الْأَقْسَامِ : মহাব্যবস্থাপক।

اَلْمُدِيرِيَّةُ : ডাইরেক্টর। পরিচালক।

اَلْمَدِينُ : ঋণগ্রস্ত।

اَلْمَدِينُ لَهُ : প্রতিদানপ্রাপ্ত।

اَلْمَدِينَةُ (ج) مُدُنٌ : সিটি। শহর। নগরী।

مَدِينَةُ السَّلَامِ : বাগদাদ নগরী।

م —— ذ

اَلْمُذَاعُ بِالتِّلِفِزْيُونِ : টেলিভিশনে সম্প্রচারিত।

اَلْمُذَاعُ بِالرَّادِيُو : রেডিও থেকে সম্প্রচারিত।

اَلْمَذَاقُ : টেস্ট। স্বাদ। রুচিবোধ।

اَلْمَذَاقُ السَّلِيسُ : খাঁটি স্বাদ।

اَلْمَذْبَحَةُ (ج) مَذَابِحُ : হত্যাযজ্ঞ। হত্যাকাণ্ড। রক্তপাত। খুন-খারাবি।

اَلْمُذْعِنُ : অনুগত। বশবর্তী।

اَلْمُذَكِّرَةُ (ج) مُذَكِّرَاتٌ : মেমোরেন্ডাম। নোট। স্মারক। নোটবই। নোটবুক।

مُذَكِّرَةٌ تَتَضَمَّنُ اللَّوْمَ : তিরস্কার জাতীয় মেমোরেন্ডাম।

مُذَكِّرَةُ الشَّدِيدَةِ اللَّهْجَةِ : কঠোর ভাষার নোটিস। চূড়ান্ত সতর্কবাণী।

اَلْمَذْكُورُ أَعْلَاهُ : উপরে বর্ণিত।

اَلْمَذْكُورُ عَالِيهِ : উপরে বর্ণিত।

اَلْمُذَنَّبُ : লেজবিশিষ্ট। লেজবিশিষ্ট তারকা। ধূমকেতু।

اَلْمُذْنِبُ : অপরাধী। পাপী।

اَلْمَذْهَبُ : মতবাদ। মতাদর্শ। মাযহাব।

اَلْمَذْهَبُ التَّقْلِيدِيُّ : আনুগত্য মতবাদের চিন্তাধারা। মাযহাবপন্থি চিন্তাধারা।

مَذْهَبُ الْجَبْرِ أَوِ الْجَبْرِيَّةِ : জাবরিয়্যাহ মতবাদ। ইসলামের একটি ফেরকাবিশেষ, যাদের বিশ্বাস নেকী-বদীর কোনো শক্তি মানুষের নেই।

مَذْهَبُ الْحُكْمِ الْمُطْلَقِ : স্বাধীন-সার্বভৌম রাষ্ট্রের চিন্তাধারা।

مَذْهَبُ الْفَوْضَوِيَّةِ : অরাজকতা। সন্ত্রাসবাদ।

اَلْمَذْهَبِيُّ : সাম্প্রদায়িক। মাযহাবপন্থি।

اَلْمَذْهَلُ : হতবুদ্ধিতা।

اَلْمِذْيَاعُ : রেডিও-সেট। বেতারযন্ত্র। ট্রান্সমিটার। মাইক্রোফোন।

اَلْمُذِيعُ : ঘোষক। বেতার-ঘোষক।

م —— ر

اَلْمُرُّ : তিক্ত। তিক্ততা। কষ্টদায়ক।

مَرَّ بِالطَّرِيقِ (ن) مُرُورًا : রাস্তা অতিক্রম করা।

مِرْآبٌ (لِإِصْلَاحِ السَّيَّارَاتِ أَوْ إِصْلَاحِهَا) : গ্যারেজ।

اَلْمُرَابِي : সুদ লেনদেনকারী।

اَلْمِرْآةُ (ج) مَرَائِي : আয়না।

مَرَاتِبُ الْخِدْمَةِ الْمَدَنِيَّةِ : সিভিল সার্ভিসের গ্রেড। পদোন্নতি।

مَرَاجِعُ الْحِسَابَاتِ : হিসাবের অডিটর। হিসাব-নিরীক্ষক।

اَلْمُرَاجَعَةُ : পর্যবেক্ষণ। পুনরাবৃত্তি। পুনঃনিরীক্ষণ। পাঠ পুনরালোচনা। পরামর্শ। চেকিং। চেক করা।

اَلْمُرَاجَعَةُ الْجُزْئِيَّةُ : আংশিক চেক।

مُرَاجَعَةُ الْجَوَازَاتِ : পাসপোর্ট চেক করা।

مُرَاجَعَةُ الْحِسَابَاتِ : হিসাব নিরীক্ষা করা।

اَلْمُرَاجَعَةُ الدَّوْرِيَّةُ : মৌসুমি/ সিজনাল নিরীক্ষণ।

اَلْمُرَاجَعَةُ السَّنَوِيَّةُ : বার্ষিক হিসাব-নিকাশ।

اَلْمُرَاجَعَةُ الْفَصْلِيَّةُ : সিজনভিত্তিক নিরীক্ষণ। সাময়িক নিরীক্ষণ।

اَلْمُرَاجَعَةُ الْكَامِلَةُ : পুঙ্খানুপুঙ্খ নিরীক্ষণ।

اَلْمُرَاجَعَةُ الْمُسْتَمِرَّةُ : ধারাবাহিক নিরীক্ষণ / পর্যবেক্ষণ।

مُرَاجَعَةُ النَّفْسِ : আত্মপর্যালোচনা।

اَلْمُرَاجَعَةُ النِّهَائِيَّةُ : ফাইনাল নিরীক্ষণ।

مَرَاحِلُ الطُّفُوْلَةِ : শৈশবকালের সময়গুলো।

مِرَارًا : বারবার। বহুবার। একাধিকবার।

اَلْمَرَارَةُ : তিক্ততা। পিত্তকোষ।

اَلْمُرَاسِلُ : প্রতিবেদক। সংবাদদাতা। পত্রযোগাযোগকারী।

اَلْمُرَاسِلُ الصَّحَفِيُّ : রিপোর্টার। সাংবাদিক।

اَلْمُرَاسِلُ الْمُتَجَوِّلُ : ভ্রাম্যমান প্রতিবেদক।

اَلْمُرَاسَلَاتُ الدِّبْلُوْمَاسِيَّةُ : কূটনৈতিক পত্রযোগাযোগ।

اَلْمُرَاسَلَاتُ الصَّادِرَةُ : প্রেরিত চিঠিপত্র।

اَلْمُرَاسَلَاتُ الْوَارِدَةُ : প্রাপ্ত চিঠি। আগত চিঠি।

اَلْمُرَاسَلَةُ : সংবাদপ্রেরণ। পত্রযোগাযোগ। প্রতিবেদন তৈরি করা।

اَلْمُرَاسَلَةُ غَيْرُ مُخَلَّصٍ عَلَيْهَا : টিকিটবিহীন চিঠিপত্র।

اَلْمَرَاسِمُ : পর্ব। রসম। রীতিনীতি। অনুষ্ঠান। সৌজন্যতা। আদব-কায়দা।

مَرَاسِمُ تَسَلُّمِ أَوْرَاقِ الْاِعْتِمَادِ : কূটনৈতিক দলিলপত্র পেশ করার আদব।

اَلْمَرَاسِمُ الدِّيْنِيَّةُ : ধর্মীয় রীতিনীতি।

مَرَاسِمُ زِيَارَةِ الْمَرْقَدِ : কবর জেয়ারতের আদব-কায়দা।

مَرَاسِيُّ (وا) الْمَرْسَى : বন্দরনগর।

مَرَاسِيْمُ أَدَاءِ الْيَمِيْنِ : শপথ গ্রহণের পর্ব / নিয়মনীতি।

اَلْمِرَاسُ : শক্তি। ক্ষমতা। বল। প্রতাপ।

مُرَاعَاةُ السِّرِّيَّةِ التَّامَّةِ : পরিপূর্ণ গোপনীয়তা রক্ষা করা।

مُرَاعَاةُ الْخَاطِرِ : লক্ষ্য রাখা।

اَلْمُرَافَعَةُ : আপিল। [কোর্টে]

اَلْمُرَافَعَةُ فِيْ قَضِيَّةٍ : মামলা পরিচালনা করা। মামলার অনুসরণ করা।

اَلْمَرَافِقُ : প্রয়োজনীয় উপাদান। আবশ্যকীয় জিনিসপত্র।

مَرَافِقُ الْحَيَاةِ : জীবনযাপনের উপকরণাদি। জীবনের ধাপসমূহ।

مَرَافِقُ الْخَدَمَاتِ بِالْمَنَازِلِ : বাড়িঘরের সংলগ্ন বিল্ডিং, যেমন- টয়লেট, গোসলখানা ইত্যাদি।

اَلْمَرَافِقُ الْعَامَّةُ : নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র।

مَرَافِقُ الْمَنْزِلِ : নিত্য প্রয়োজনীয় গৃহসামগ্রী।

اَلْمُرَاقِبُ : সুপারভাইজার। পর্যবেক্ষক। পরিদর্শক। কন্ট্রোলার। ইন্সপেক্টর। সুপারিন্টেন্ডেন্ট। গৃহশিক্ষক।

مُرَاقِبُ الْحِسَابَاتِ : হিসাব নিরীক্ষক।

اَلْمُرَاقِبُ السِّيَاسِيُّ : রাজনৈতিক বিশ্লেষক।

اَلْمُرَاقِبُ الْعَامُّ : অডিটর-জেনারেল।

اَلْمُرَاقِبُ الْعَسْكَرِيُّ : সামরিক পর্যবেক্ষক।

مُرَاقِبُ مَطْبُوعَاتٍ : সেন্সর। ছাপার পূর্বে বইপত্র চিঠিপত্র বা সাংবাদাদির পরীক্ষা করা।

اَلْمُرَاقَبَةُ : সুপারভাইজারী। কন্ট্রোলিং। নজরদারি। তত্ত্বাবধান।

اَلْمُرَاقَبَةُ الْإِدَارِيَّةُ : প্রশাসনিক তত্ত্বাবধান।

اَلْمُرَاقَبَةُ التِّلِيفُونِيَّةُ : টেলিফোন সেন্সর।

اَلْمُرَاقَبَةُ الثُّنَائِيَّةُ : ডবল পরিদর্শন। ডবল কন্ট্রোল। অতিরিক্ত পরিদর্শন।

اَلْمُرَاقَبَةُ الْجُمْرُكِيَّةُ : কাস্টম কন্ট্রোল।

مُرَاقَبَةُ الْحُضُورِ : উপস্থিতি পর্যবেক্ষণ।

مُرَاقَبَةُ الْحُكُومَةِ : সরকারি কন্ট্রোল। গভর্নমেন্ট কন্ট্রোল। নিয়ন্ত্রণ।

اَلْمُرَاقَبَةُ الدَّاخِلِيَّةُ : অভ্যন্তরীণ কন্ট্রোল।

اَلْمُرَاقَبَةُ الدَّقِيقَةُ : কড়া নজরদারি। কড়া পাহারা।

مُرَاقَبَةُ السَّاعَةِ : ঘড়ি দেখা।

مُرَاقَبَةُ الصَّادِرَاتِ : এক্সপোর্ট কন্ট্রোল।

مُرَاقَبَةُ قَضِيَّةٍ وَغَيْرِهَا : কেস / মামলা দেখা।

مُرَاقَبَةُ مَطْبُوعَاتٍ : সেন্সরশীপ।

مُرَاقَبَةُ الْمِيزَانِيَّةِ : বাজেটের উপর দৃষ্টি রাখা।

مُرَاقَبَةُ النَّقْدِ : এক্সচেঞ্জ কন্ট্রোল।

مُرَاقِبُو الْأُمَمِ : আন্তর্জাতিক পর্যবেক্ষক।

اَلْمُرَاقِبُونَ : পরিদর্শকবৃন্দ। দর্শকমণ্ডলি।

اَلْمُرَاقِبُونَ الدُّوَلِيُّونَ : আন্তর্জাতিক পর্যবেক্ষকবৃন্দ।

مَرَاكِزُ التَّمْوِينِ : সাপ্লাইকেন্দ্র।

اَلْمِرَانُ : অনুশীলন। চর্চা।

اَلْمُرَاوِغُ : গ্রেপ্তার এড়িয়ে চলাচলকারী। নির্জনতা অবলম্বনকারী। প্রতারক। চতুর। ধোঁকাবাজ।

اَلْمُرَاهَنَةُ : বন্ধক রাখা। শর্তারোপ করা।

اَلْمِرَاءُ : ঝগড়া-বিবাদ।

اَلْمُرْبِحُ (ج) مَرَابِحُ : লাভ। সুদ।

اَلْمُرَبَّى (يُدْهَنُ بِهِ الْخُبْزُ) : জেলি। মোরব্বা। আচার।

مُرْتَاحُ الْبَالِ : সন্তুষ্ট। নিরাপদ। আনন্দিত। খুশি।

اَلْمُرَتَّبُ : গ্রেডপ্রাপ্ত। গ্রেড। বেতন। ভাতা। সম্মানী।

اَلْمُرَتَّبُ (ج) مُرَتَّبَاتٌ : বেতন। মাহিনা। মাইনে। মজুরি।

مُرَتَّبٌ تَرْتِيبًا هِجَائِيًّا : আলিফ-বা-বর্ণ পরম্পরায় বিন্যস্ত। বর্ণানুক্রমিক পদ্ধতিতে সাজানো।

مُرَتَّبُ التَّقَاعُدِ : রিটায়ারমেন্ট পেনশন। অবসর ভাতা।

مُرَتَّبٌ سَنَوِيٌّ مَدَى الْحَيَاةِ : আজীবন বাৎসরিক ভাতা।

اَلْمُرَتَّبُ الْكَامِلُ : পূর্ণ বেতন।

مُرَتَّبٌ لِمَدَى الْحَيَاةِ : আজীবন ভাতা।

اَلْمَرْتَبَةُ الثَّانِيَةُ : সেকেন্ড ক্লাস। দ্বিতীয় শ্রেণি [মর্যাদা হিসেবে]

مَرَّةً تِلْوَ مَرَّةٍ : বারংবার। বারবার।

مَرْتَبَةُ سَفِيْرٍ : দূতের মর্যাদাসম্পন্ন।

اَلْمَرْتَبَةُ الْعُلْيَا : উচ্চমর্যাদা। উচ্চপদস্থ।

اَلْمُرَتَّبَاتُ الْإِضَافِيَّةُ : এলাউন্স। বোনাস।

مُرْتَدُّ الْحِزْبِ : পক্ষত্যাগী। দলত্যাগী। বিদ্রোহী।

اَلْمُرْتَزِقُ : ভাড়াটে। বেতনভোগী। চাটুকার। প্রতিপালিত।

اَلْمُرْتَزِقَةُ : বেতনভুক্ত। চাটুকার। ভাড়াটে।

اَلْمُرْتَزِقَةُ الَّذِيْنَ يَعْمَلُوْنَ لِحِسَابِ الْحُكُوْمَةِ : রাষ্ট্রীয় কল্যাণে নিযুক্ত বেতনভুক্ত কর্মচারী।

اَلْمُرْتَفِعُ (ج) مُرْتَفِعَاتٌ : উচ্চ। হাই। সুউচ্চ।

مُرْتَفِعُ الثَّمَنِ : দ্রব্যমূল্যের উর্ধ্বগতি। দুর্মূল্য।

مُرْتَفِعَاتُ جَوْلَانَ : গোলান মালভূমি। উচ্চভূমি।

اَلْمُرْتَقَبُ : প্রত্যাশিত। প্রতীক্ষিত।

اَلْمَرَجُ : বিশৃঙ্খলা। গণ্ডগোল। হাঙ্গামা।

اَلْمَرْجُ وَالْمَرْجَةُ : তৃণভূমি। শ্যামলিমা। উদ্যান।

اَلْمَرْجِعُ : তথ্যসূত্র। উদ্ধৃতি।

اَلْمِرْجَلُ (ج) مَرَاجِلُ : বয়লার। (Boiler) কড়াই। ডেকচি। চিরুনি।

اَلْمَرْجُوُّ الرَّدُّ : উত্তরের অপেক্ষায়। উত্তর কামনা করি।

اَلْمَرَحُ : প্রচণ্ড খুশি। আনন্দ। উল্লাস। আত্মম্ভরিতা।

اَلْمَرِحُ : উৎফুল্ল। আনন্দ। উল্লাসী। আনন্দে আত্মহারা। নিমগ্ন।

اَلْمِرْحَاضُ (ج) مَرَاحِيْضُ : ল্যাট্রিন। শৌচাগার। বাথরুম। (Bathroom) গোসলখানা। টয়লেট (Toilet)

اَلْمَرْحَلَةُ (ج) مَرَاحِلُ : স্তর। ধাপ। স্টেজ। গ্রেড।

اَلْمَرْحَلَةُ الْاِبْتِدَائِيَّةُ : প্রাথমিক স্তর। প্রথম শ্রেণি।

اَلْمَرْحَلَةُ الْأُوْلَى : প্রথম ধাপ।

اَلْمَرْحَلَةُ الْجَادَّةُ : পূর্ণ মর্যাদা।

اَلْمَرْحَلَةُ الْجَامِعِيَّةُ الْمُبَكِّرَةُ : ইউনিভার্সিটির প্রথম ধাপ।

اَلْمَرْحَلَةُ الْحَاسِمَةُ : সঙ্কটময় মুহূর্ত। নাজুক পর্যায়। ক্রান্তিকাল।

اَلْمَرْحَلَةُ الدَّقِيْقَةُ : নাজুক পরিস্থিতি।

اَلْمَرْحَلَةُ الرَّاهِنَةُ : বর্তমান পর্যায়। বর্তমান পরিস্থিতি।

اَلْمَرْحَلَةُ الْمُبَكِّرَةُ : প্রাথমিক পর্যায়।

اَلْمَرْحَلَةُ الْمُقْبِلَةُ : ভবিষ্যৎ পর্যায়। পরবর্তীকাল / পর্যায়।

اَلْمَرْحَلِيُّ : পর্যায়ক্রমিক।

مَرْحَلِيًّا : পর্যায়ক্রমে।

اَلْمَرْحَى : শাবাশ! মারহাবা।

اَلْمُرَخِّصُ : পারমিটদাতা। আদেশদাতা। নির্দেশক।

اَلْمُرَخَّصُ بِهِ : প্যাটেন্ট।

اَلْمُرَخَّصُ لَهُ : পারমিটপ্রাপ্ত। অনুমতিপ্রাপ্ত। লাইসেন্সপ্রাপ্ত।

اَلْمَرَدُّ : কারণ। হেতু।
اَلْمَرْدُوْدُ : বিতাড়িত। খণ্ডনকৃত। ফলাফল। ফায়দা।
اَلْمَرِسُ : অভিজ্ঞতাসম্পন্ন। দক্ষ। সিদ্ধহস্ত।
مَرْسُ الْيَدِ بِالْمِنْدِيْلِ : রুমাল দ্বারা হাত মোছা। পরিষ্কার করা।
اَلْمُرْسِلُ : প্রেরণকারী। প্রেরক।
مُرْسِلُ الْاِشَارَاتِ بِالرَّايَةِ : পতাকাবাহী। ফ্লাগম্যান।
اَلْمُرْسَلُ الدِّيْنِيُّ : মিশনারী।
اَلْمَرْسَمُ (ج) مَرَاسِمُ : স্টুডিও। (Studio) ডিজাইন। রুম। ফটো তোলার স্থান।
مَرْسُوْمٌ (ج) مَرَاسِيْمُ : ডিজাইন। নকশা। সুচিন্তিত পরিকল্পনা। নির্দিষ্ট। নির্দেশ। ফরমান। সার্কুলার। বিজ্ঞপ্তি। শাহী ফরমান। আইন।
اَلْمَرْسُوْمُ التَّشْرِيْعِيُّ : আইনগত বিজ্ঞপ্তি। অর্ডিন্যান্স। অধ্যাদেশ।
اَلْمَرْسُوْمُ الْمَلَكِيُّ : শাহী ফরমান। রাজাজ্ঞা।
اَلْمُرَشَّحُ : ক্যান্ডিডেট। প্রার্থী। অনুমোদিত।
مُرَشَّحُ الْحِزْبِ : পার্টি ক্যান্ডিডেট। দলীয় প্রার্থী।
اَلْمُرَشَّحُ لِمَنْصَبٍ : পদপ্রার্থী।
اَلْمُرَشَّحُ لِوَظِيْفَةٍ : চাকরিপ্রার্থী।
اَلْمُرْشِدُ : গাইড। পাইলট। পথপ্রদর্শক। ধর্মীয় গুরু। আধ্যাত্মিক নেতা।
اَلْمُرْشِدُ الْبَحْرِيُّ : সামুদ্রিক পথপ্রদর্শক। পাইলট।
مُرْشِدُ السُّفُنِ : জাহাজের পাইলট। কাপ্তান।
اَلْمَرْصَدُ : পর্যবেক্ষণকেন্দ্র। সামরিক ঘাটি।
اَلْمَرْصُوْدُ : যার প্রতি দৃষ্টি রাখা হয়েছে।
مَرَضُ سَرَطَانِ الْجِسْمِ : মরণব্যাধি ক্যান্সার।
مَرَضُ السُّكَّرِ : ডায়াবেটিস। (Diabetes) বহুমূত্র। মেহ।
مَرَضُ الْقَلْبِ : হৃদরোগ।
مَرَضٌ مُعْدٍ : সংক্রামক ব্যাধি।
اَلْمُرَطِّبَاتُ : রিফ্রেশমেন্ট খাদ্য। কোমল পানীয়। সতেজকারক খাবার।
اَلْمُرْعِبُ : ভয়ঙ্কর। ভীতিপ্রদ। ভয়ানক।
اَلْمَرْعَفُ : নাক দিয়ে রক্ত পড়া ব্যাধি।
اَلْمَرْفَأُ (ج) مَرَافِئُ : পোর্ট। বন্দর।
اَلْمِرْفَاعُ : ক্রেন। (Crane)
اَلْمُرْفَقُ بِالْخِطَابِ : চিঠির সাথে সংযুক্ত।
اَلْمُرْفَقُ بِكَذَا أَوْ لِكَذَا : সংশ্লিষ্ট। নথি। গাঁথা।
مِرْفَقَةُ الْمَكْتَبِ : ব্লটিংপ্যাড। যার উপর কাগজ রেখে লেখা হয়।
اَلْمَرْفُوْضُ : অগ্রহণযোগ্য। প্রত্যাখ্যাত।
اَلْمَرْفُوْعُ : উত্তোলিত। উঁচু।
اَلْمَرَقُ : সুপ। ঝোল।
مَرَقَ مِنَ الدِّيْنِ : সে ধর্মান্তরিত হয়েছে।
اَلْمَرْقَبُ الْفَلَكِيُّ : টেলিস্কোপ। সামরিক ঘাঁটির দুরবিন।
اَلْمَرْقَدُ (ج) مَرَاقِدُ : শেষ বিশ্রামস্থল। কবর। সমাধি।
اَلْمَرْقَصُ : নাচগৃহ। ড্যান্সকক্ষ।
اَلْمِرْقَمُ (ج) مَرَاقِمُ : নাম্বারিং মেশিন। অঙ্কন-পেন্সিল। তুলি। কলম।

اَلْمَرْكَبُ (ج) مَرَاكِبُ : সওয়ারি। যানবাহন। জাহাজ।

اَلْمَرْكَبَةُ : গাড়ি। পরিবহন।

مَرْكَبَةُ الْفَضَاءِ : মহাকাশ যান।

اَلْمَرْكَبَةُ الْفَضَائِيَّةُ : মহাকাশ যান।

اَلْمَرْكَزُ (ج) مَرَاكِزُ : সেন্টার। কেন্দ্র।
পজিশন। অবস্থা। চৌকি। বৃত্ত। মেরুদণ্ড।
পোস্ট। পদ। পদমর্যাদা।

مَرْكَزُ أَبْحَاثِ الْفَضَاءِ : মহাকাশ গবেষণাকেন্দ্র।

اَلْمَرْكَزُ الاِجْتِمَاعِيُّ : জমায়েত কেন্দ্র।
মিলনায়তন।

مَرْكَزُ الإِدَارَةِ : হেডকোয়ার্টার। হেডঅফিস।
প্রধান কার্যালয়। ব্যবস্থাপকের কার্যালয়।

مَرْكَزُ إِدَارَةِ الطَّيَرَانِ : উড্ডয়ন বিষয়ক
অফিস। বিমান অফিস।

مَرْكَزُ الاِذَاعَةِ اللَّا سِلْكِيَّةِ : ব্রডকাস্টিং
স্টেশন। বেতারকেন্দ্র।

مَرْكَزُ الأُسْتَاذِ : শিক্ষকতার পদমর্যাদা।

مَرْكَزُ الاِسْتِفْتَاءِ : পোলিং বুথ।

مَرْكَزُ التَّدْرِيْبِ : ট্রেনিং সেন্টার।

مَرْكَزُ التَّفْتِيْشِ : অনুসন্ধানকেন্দ্র।

مَرْكَزُ التَّلِيْفُوْنِ : টেলিফোন এক্সচেঞ্জ।

مَرْكَزُ الخِلَافَاتِ : মতানৈক্যের কেন্দ্রবিন্দু।

مَرْكَزُ رِعَايَةِ الشَّبَابِ : ইয়োথ ওয়েল ফেয়ার
সেন্টার। যুব কল্যাণকেন্দ্র।

اَلْمَرْكَزُ الرَّئِيْسِيُّ : হেডঅফিস। কেন্দ্রীয়
কার্যালয়। প্রধান কার্যালয়।

مَرْكَزُ سَنْتَرَالْ تِلِيْفُوْن : টেলিফোন এক্সচেঞ্জ।

اَلْمَرْكَزُ الْفَارِغُ : শূন্যপদ।

مَرْكَزُ الْقُوَّةِ : পাওয়ার পোজিশন। শক্তিকেন্দ্র।

مَرْكَزُ الْقِيَادَةِ : হেডকোয়ার্টার। কমান্ডিং অফিস।

اَلْمَرْكَزُ الْمَالِيُّ : অর্থনৈতিক অবস্থা।

مَرْكَزُ تَفَرُّجٍ : থিয়েটার। বিনোদনকেন্দ্র।

مَرْكَزُ الْمُرَاقِبِيْنَ الدُّوَلِيِّيْنَ : আন্তর্জাতিক
পর্যবেক্ষকগণের অফিস।

اَلْمُرَكَّزُ : ভরাট। পরিপূর্ণ।

مَرْكَزَةُ شَيْءٍ : সেন্ট্রালাইজ করা।
কেন্দ্রীয়করণ করা।

اَلْمَرْكَزِيُّ : কেন্দ্রীয়। মধ্যবর্তী। সেন্ট্রাল।

اَلْمَرْكَزِيَّةُ : কেন্দ্রীকরণ।

اَلْمَرْمَدُ : শশ্মানঘাট।

اَلْمَرْمَرُ : মর্মর। মার্বেল পাথর।

اَلْمَرْمُوْقُ : লক্ষণীয়। গুরুত্বপূর্ণ। বিশেষ।
কাঙ্ক্ষিত। প্রত্যাশিত।

اَلْمَرْمَى (ج) مَرَامِيْ : চাঁদমারি। গোলপোস্ট।
ভোটকেন্দ্র। নিশানা। (Goal Post)

مَرْمَى النَّظْرِ : দৃষ্টিসীমা।

مَرِنٌ (فِيْ مُفَاوَضَاتٍ مَثَلًا) (ج) أَمْرَانٌ :
কোমল। নমনীয়।

اَلْمُرَوِّجُ : রটনাকারী। দালাল।
প্রচলনকারী। প্রবর্তক।

اَلْمُرُوْرُ : অতিক্রমণ। গমন। যাতায়াত। ট্রাফিক।

اَلْمُرُوْرُ بِدُوْنِ إِشَارَاتٍ : সিগন্যালবিহীন ট্রাফিক।

اَلْمُرُورُ بِمَرْحَلَةٍ حَرِجَةٍ : নাজুক পরিস্থিতি অতিক্রম করা।

اَلْمُرُورُ عَلَى : নিকট দিয়ে যাওয়া।

اَلْمُرُورُ فِي اِتِّجَاهٍ وَاحِدٍ : রানওয়ে ট্রাফিক।

اَلْمُرُورُ فِي الطَّرِيْقِ : ট্রানজিট।

اَلْمَرْؤُوسُ : অধীনস্থ।

اَلْمَرُوعُ : ভয়ানক।

اَلْمُرُوقُ : পথভ্রষ্টতা। ধর্মহীনতা।

اَلْمُرُونَةُ : নমনীয়তা। সরলতা। কোমলতা।

مُرُونَةُ الْقَانُونِ : আইনের দুর্বলতা।

اَلْمُرُوءَةُ - اَلْمُرُوَّةُ : পৌরুষ। মানবিকতা।

اَلْمَرْهُونُ بِكَذَا : মওকুফ। অনুগত।

اَلْمَرْئِيَّاتُ : পরামর্শ।

مَرِيْضُ الصَّرْعِ : মৃগী রোগী।

م —— ز

اَلْمِزَاجُ (ج) أَمْزِجَةٌ : মুড। মেজাজ। স্বভাব। রুচি। সংমিশ্রণ।

اَلْمِزَاحُ : জোকার। ভাঁড়।

اَلْمُزَاحِمُ : প্রতিযোগী। প্রতিদ্বন্দ্বী।

اَلْمُزَاحَمَةُ : কম্পিটিশন। প্রতিযোগিতা। প্রতিদ্বন্দ্বিতা।

اَلْمُزَاحَمَةُ عَلَى الْمَنَاصِبِ : স্বার্থের দ্বন্দ্ব। পদের লড়াই।

اَلْمَزَادُ (ج) مَزَادَاتٌ : নিলাম। (Auction)

اَلْمَزَاعِمُ : দাবিসমূহ। অভিযোগসমূহ।

اَلْمُزَاوَلَةُ : প্রাকটিস। অনুশীলন। অভ্যাস। চর্চা।

مُزَاوَلَةُ السُّلْطَةِ : অধিকার প্রয়োগ করা। ক্ষমতা ব্যবহার করা।

مُزَاوَلَةُ النَّشَاطِ : তৎপরতা শুরু করা।

اَلْمُزَايِدُ : নিলামের ঘোষক।

اَلْمُزَايَدَةُ : নিলাম ডাকা। নিলামি মাল।

اَلْمُزَايَدَةُ فِي الْخُطَبِ : বক্তৃতা প্রতিযোগিতা।

اَلْمُزَايَدَةُ الْمُنَافَسَةُ : প্রতিযোগিতার ডাক।

مُزَايَدَاتٌ سِيَاسِيَّةٌ : রাজনৈতিক প্রতিকূলতা বা জটিলতাসমূহ।

اَلْمَزْبَلَةُ (ج) مَزَابِلُ : ডাস্টবিন।

مَزَجَ (ض) مَزْجًا : মিক্স করা। মিশ্রণ করা।

اَلْمُزَخْرَفُ : সজ্জিত। অলঙ্কৃত।

اَلْمُزَخْرِفُ : ডেকুরেটর। সজ্জিতকারী।

اَلْمُزْدَحِمُ : বিজি। ব্যস্ত। জনাকীর্ণ। ঠাসা। ভিড়।

اَلْمُزْدَوِجُ : ডুপলিকেট। ডবল। দ্বিগুণ। দ্বৈত। যুগ্ম।

مُزْدَوِجُ الْجِنْسِيَّةِ : দ্বৈত নাগরিকত্ববিশিষ্ট।

اَلْمَزْرَعَةُ : ফার্ম। খামার। কৃষিক্ষেত।

اَلْمَزْرَعَةُ التَّعَاوُنِيَّةُ : পরস্পর সহযোগী ফার্ম।

مَزْرَعَةُ دَوَاجِن : মুরগির ফার্ম। পোল্ট্রি ফার্ম।

اَلْمَزْرَعَةُ النَّمُوذَجِيَّةُ : আদর্শ ফার্ম। প্রদর্শনী ফার্ম।

اَلْمُزْعِجُ : ভীতবিহ্বল। ভয়ঙ্কর। বিরক্তিকর।

اَلْمَزْعُومُ : তথাকথিত। ধারণাকৃত।

اَلْمُزَلَّطَةُ : এরারুট।

المَزْلَقَان : রেলওয়ে ক্রসিং।

المُزْمِن : প্রাচীন। দীর্ঘস্থায়ী [ব্যাধি]। পুরাতন। দীর্ঘস্থায়ী।

مُزَوَّد بِالأَسْلِحَةِ الثَّقِيلَةِ : ভারী অস্ত্রে সজ্জিত।

المُزَوَّر : নকল। জাল। [টাকা] বাতিল। অনর্থক।

المُزَوِّر : নকলকারী। জালকারী। প্রতারক।

المِزْوَلُ (ج) مَزَاوِلُ : টেলিফোনের ডায়াল।

المِزْوَلَة : রশ্মিঘড়ি।

المَزِيج : মিক্সার। মিশ্রিতদ্রব্য। মিক্স।

المَزِيد : বর্ধিত। সংযোজন। সংযোজিত।

المُزَايَدَة : [নিলামের] ডাক। নিলাম।

المُزَايَدَات : অনর্থক কথা।

المُزَيِّف : নকলবাজ। জালকারী।

المُزَيِّن : নাপিত। কেশবিন্যাসক। নরসুন্দর।

م ——— س

المَسّ : উন্মাদনা। পাগলামি। মস্তিষ্কবিকৃতি।

المَسّ بِكَرَامَةٍ : সম্মানে আঘাত করা।

مَسّ السِّيَاسِيَّةِ : রাজনৈতিক ধস।

مَسّ شَرَف : সম্মানে আঘাত লাগা।

مَسّ الشَّيْءَ ـ مَسًّا : সম্পৃক্ত হওয়া।

مَسّ كَرَامَةَ أَحَدٍ : কারো সম্মানে আঘাত লাগা।

المَسّ مِنْ جُنُونٍ : মস্তিষ্কবিকৃতি। উন্মাদনা।

المُسَابَقَة : প্রতিযোগিতা। কম্পিটিশন।

مُسَابَقَةُ الجَمَالِ : সুন্দরী প্রতিযোগিতা।

مَسَّاحُ الأَحْذِيَةِ : জুতা পালিশকারী।

مَسَّاحُ الأَرْضِ : সার্ভেয়ার। ভূমি জরিপকারী।

المَسَّاحَة (ج) مَسَّاحَات : মোছার যন্ত্র। রাবার। ডাস্টার।

المَسَاحَة : ক্ষেত্রফল। ক্ষেত্রতত্ত্ব। পরিমিতি [জমির]।

مَسَاحَةُ الأَرَاضِي : ভূমি সার্ভে করা।

مَسَاحَةُ البَيْتِ ٤٠٠ مِتْر مُرَبَّعًا : ঘরের ক্ষেত্রফল ৪০০ মিটার।

المَسَار (ج) مَسَارَات : রাস্তা। গতি। পদ্ধতি। লাইন।

مَسَارُ القَضِيَّةِ : ঝগড়ার গতি।

المُسَارَعَةُ إِلَى تَوْحِيدِ الجُهُودِ : সকল প্রচেষ্টার সমন্বয় সাধনের উদ্যোগ।

المَسَاس : সম্পর্ক। প্রভাব।

المَسَاس بِعَرْضٍ : মানহানি করা।

مَسَاسٌ بِكَذَا : আঁচ। আঘাত। ধাক্কা। ক্ষতি।

المُسَاعِد : হেলপার। এ্যাসিস্টেন্ট। সহকারী। সাহায্যকারী।

مُسَاعِدُ المُحَاسِبِ : এ্যাসিস্টেন্ট একাউন্টেন্ট।

مُسَاعِدُ المُحَرِّرِ : সহকারী সম্পাদক।

مُسَاعِدُ المُدَرِّسِ : মনিটর।

مُسَاعِدُ المُدِيرِ : এ্যাসিস্টেন্ট ম্যানেজার।

مُسَاعِدُ مُدِيرِ الأَمْنِ : ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট পুলিশ (D.S.P)।

مُسَاعِدُ المُدِيرِ العَامِّ : এ্যাসিস্টেন্ট ডাইরেক্টর জেনারেল। ডেপুটি ডাইরেক্টর জেনারেল।

مُسَاعِدُ الْمُفَتِّش : সাব-ইন্সপেক্টর।

اَلْمُسَاعَدَاتُ الْأَجْنَبِيَّةُ : বৈদেশিক সাহায্য।

اَلْمُسَاعَدَاتُ الْاِقْتِصَادِيَّةُ : অর্থনৈতিক সাহায্য।

اَلْمُسَاعَدَاتُ الثُّنَائِيَّةُ : দ্বিপাক্ষিক সহযোগিতা।

اَلْمُسَاعَدَاتُ الْعَيْنِيَّةُ : অর্থনৈতিক সাহায্য।

اَلْمُسَاعَدَاتُ الْفَنِّيَّةُ : টেকনিক্যাল সহযোগিতা।

اَلْمُسَاعَدَةُ : হেল্‌প। সাপোর্ট। গ্রান্ট। সাহায্য। সহায়তা। সমর্থন।

مُسَاعَدَةُ الدُّوَلِ الْمُحْتَاجَةِ : গরিব রাষ্ট্রকে সহায়তা দান।

اَلْمَسَاعِي الْحَمِيْدَةُ (لِلتَّوفِيْقِ بَيْنَ الطَّرفَيْنِ مَثَلاً) : উত্তম প্রচেষ্টা। ভালো প্রশংসনীয় উদ্যোগ।

اَلْمَسَاعِي الْمُخَطَّطَةُ : পরিকল্পিত প্রচেষ্টা।

اَلْمُسَافِرُ : প্যাসেঞ্জার। ভ্রমণকারী। যাত্রী। আগন্তুক।

مَسَّاكَةُ وَرَقٍ : পেপারক্লিপ।

مَسَاكِنُ الْعُمَّالِ : কর্মচারীদের কোয়ার্টার। স্টাফ-কোয়ার্টার।

اَلْمَسْأَلَةُ (ج) مَسَائِلُ : সমস্যা। মাসআলা।

اَلْمَسْأَلَةُ تَحْتَ الْبَحْثِ : আলোচনাধীন মাসআলা / প্রশ্ন।

اَلْمَسْأَلَةُ الطَّبِيْعِيَّةُ : সাধারণ ব্যাপার।

اَلْمَسْأَلَةُ الْمُتَفَجِّرَةُ : বিস্ফোরোন্মুখ সমস্যা।

اَلْمَسْأَلَةُ الْمُجَامَلَةُ : সৌজন্যতার ব্যাপার।

اَلْمُسَالِمُ : শান্তিপ্রিয়। শান্তিকামী।

اَلْمُسَامَحَةُ : ক্ষমাপ্রদর্শন। উদারতা।

اَلْمُسَانَدَةُ : সহায়তা। সহযোগিতা।

اَلْمُسَانَدَةُ فِي عَبَثٍ : অনর্থক কাজে সহযোগিতা করা।

مُسَانَدَةُ الْقُوَّةِ : সেনাবাহিনীর রসদ সরবরাহ করা।

اَلْمُسَاوَاةُ : সাম্য। ভ্রাতৃত্ব।

اَلْمُسَاوَاةُ الْاِجْتِمَاعِيَّةُ : ডেমোক্রিসি। গণতন্ত্র।

اَلْمُسَاوَاةُ السِّيَاسِيَّةُ : গণতান্ত্রিক।

مُسَاوَاةُ الْإِيْرَادِ : আমদানির ভারসাম্যতা।

اَلْمُسَاوَمَةُ : বেচাকেনা। পণ্যদ্রব্য খরিদ। ক্রয়।

اَلْمُسَاوَمَةُ عَلَى السِّيَادَةِ : নেতৃত্ব বা কর্তৃত্বের বিকিকিনি।

اَلْمُسَاوَمَةُ عَلَى الشَّرَفِ : সম্মান বিক্রি করা।

اَلْمُسَاوَمَةُ عَلَى الضَّمِيْرِ : আত্মমর্যাদাবোধ বিকানো।

اَلْمَسَاوِئُ : অনিষ্টসমূহ।

اَلْمُسَاهِمُ : শেয়ার হোল্ডার। অংশীদার।

اَلْمُسَاهَمَةُ : অংশগ্রহণ করা। অংশীদারিত্ব।

اَلْمُسَاهَمَةُ الْفَعَّالَةُ : স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ। ব্যাপক অংশগ্রহণ।

اَلْمُسَاهَمَةُ فِي : [কোনো কাজে] অংশগ্রহণ করা। অংশীদারিত্ব।

اَلْمُسَاهَمَةُ وَالْاِشْتِرَاكُ مَعَ : কারো সাথে অংশীদারিত্ব ও সহযোগিতা করা।

مَسَاءُ الْخَيْرِ : শুভ সন্ধ্যা। গুড ইভেনিং।

اَلْمَسَائِلُ الْكُبْرىٰ : গুরুত্বপূর্ণ বিষয় / সমস্যা।

اَلْمَسَائِلُ الْمُتَعَلِّقَةُ بِالدِّفَاعِ : প্রতিরক্ষামূলক সমস্যা।

اَلْمُسَايَرَةُ : সঙ্গ দেওয়া। তাল মিলিয়ে চলা।

مُسَايَرَةُ الْعَصْرِ : যুগের সাথে তাল মিলিয়ে চলা।

اَلْمِسْبَرُ (ج) مَسَابِيْرُ : গভীরতা জানার যন্ত্র।

مُسَبَّقًا : আগাম। পূর্ব থেকে। পূর্বেই।

اَلْمَسْبَكُ (ج) مَسَابِكُ : ফাউন্ড্রী। (Foundry) ঢালাইখানা।

مَسْبَكُ حُرُوفِ الطِّبَاعَةِ : টাইপ ফাউন্ড্রী।

اَلْمُسْتَاءُ مِنْ كَذَا : অসন্তুষ্ট হওয়া।

اَلْمُسْتَأْنِفُ : আপিলকারী। পুনরারম্ভকারী।

مُسْتَأْنِفُ الدَّعْوى : আপিলকারী।

مُسْتَأْنِفًا : নতুনভাবে।

اَلْمُسْتَبِدُّ : ডিক্টেটর। স্বৈরাচার। একনায়ক। কর্তৃত্বলোভী। অত্যাচারী। জালিম।

اَلْمُسْتَبْعَدُ : অসম্ভাব্য। সুদূর পরাহত।

مُسْتَبْقًى : রক্ষিত। রিজার্ভ।

اَلْمُسْتَثْمِرُوْنَ : বিনিয়োগকারী।

اَلْمُسْتَحْدَثُ : নতুন। আধুনিক। মডার্ন।

اَلْمُسْتَحْدَثَاتُ : নব আবিষ্কৃত জিনিসসমূহ।

اَلْمُسْتَحْضَرَاتُ : তৈরিকৃত জিনিস। রেডিমেট।

اَلْمُسْتَحِقُّ (اَلْقَرْضُ الْمُسْتَحِقُّ مَثَلًا) : উপযুক্ত। হকদার।

مُسْتَحِقُّ الدَّفْعِ : আদায়যোগ্য।

اَلْمُسْتَحِقَّاتُ : দাবিদাওয়াসমূহ।

مُسْتَحْيٍ : লজ্জাশীল। লাজুক।

اَلْمُسْتَخْدَمُوْنَ : স্টাফ।

اَلْمُسْتَخْرَجُ : সারসংক্ষেপ।

اَلْمُسْتَخْرَجُ الْحِسَابِيُّ : হিসাবের সারসংক্ষেপ।

مِسْتَرٌ : মিস্টার। (Mistar)

مُسْتَرِيْحًا : স্বাচ্ছন্দ্যে। অনায়াসে।

اَلْمُسْتَشَارُ (ج) مُسْتَشَارُوْنَ : উপদেষ্টা। পরামর্শদাতা। আচার্য। এ্যাডভাইজার।

اَلْمُسْتَشَارُ الصَّحَفِيُّ : প্রেস এটাচী।

اَلْمُسْتَشَارُ الْفَنِّيُّ : টেকনিক্যাল এ্যাডভাইজার। কারিগরি উপদেষ্টা।

اَلْمُسْتَشَارُ الْمَالِيُّ : অর্থনৈতিক উপদেষ্টা।

اَلْمُسْتَشَارُ الْمَلَكِيُّ : শাহী উপদেষ্টা।

اَلْمُسْتَشْفَى (ج) مُسْتَشْفَيَاتٌ : আরোগ্য নিকেতন। হসপিটাল। হাসপাতাল।

مُسْتَشْفَى أَمْرَاضٍ عَقْلِيَّةٍ : মানসিক হাসপাতাল।

مُسْتَشْفَى الْمَجَاذِيْبِ : মেন্টাল হাসপাতাল। পাগল চিকিৎসালয়।

اَلْمُسْتَضَامُ : অত্যাচারিত। নিপীড়িত।

اَلْمُسْتَطَاعُ : সম্ভাব্য। সম্ভবপর।

اَلْمُسْتَطِيْرُ : বিক্ষিপ্ত। ছড়ানো। অশুভ লোক। নিরাশ।

اَلْمُسْتَعَارُ : কৃত্রিম। ঋণকৃত। মিথ্যা। রূপক। অস্থায়ী।

اَلْمُسْتَعْجِلُ : আর্জেন্ট। দ্রুতগতিসম্পন্ন।

اَلْمُسْتَعْجِلَةُ : দ্রুতগতিসম্পন্ন গাড়ি।

اَلْمُسْتَعِدُّ : প্রস্তুত। উদ্যত। রেডি। ফরওয়ার্ড। তৎপর।

مُسْتَعْصٍ : কষ্টসাধ্য। দুরারোগ্য।

مُسْتَعْطٍ : ভিখারি। ভিক্ষুক।

اَلْمُسْتَعْمِرُ : উপনিবেশিক। সাম্রাজ্যবাদী। উপনিবেশ স্থাপনকারী।

اَلْمُسْتَعْمِرُ الْقَابِعُ عَلَى الْأَرْضِ : সাম্রাজ্যবাদী। এলাকা দখলকারী। দখলদার।

اَلْمُسْتَعْمَرَةُ (ج) مُسْتَعْمَرَاتٌ : উপনিবেশ। কলোনি। বসতি। নতুন বসতি। (Colony)

مُسْتَعْمَرَةُ التَّاجِ : শাহী এলাকা, যা প্রত্যক্ষভাবে বাদশার দখলে।

اَلْمُسْتَعْمَرَةُ الْمُسْتَقِلَّةُ : স্বাধীন বসতি। জমিদারি।

اَلْمُسْتَعْمَرَاتُ : কলোনিসমূহ।

مُسْتَعْمَرَاتُ التَّاجِ : শাহী উপনিবেশ। রাজকীয় এলাকা, যা সরাসরি বাদশাহর নিয়ন্ত্রণে থাকে।

اَلْمُسْتَعْمَلُ : সেকেন্ড-হ্যান্ড। ব্যবহৃত।

اَلْمُسْتَعِيرُ : ঋণগ্রহীতা।

اَلْمُسْتَغْرَبُ : অপরিচিত। অপ্রচলিত। অদ্ভুত।

مُسْتَغْرِقٌ كَامِلٌ سَاعَاتِ الدَّوَامِ الْمُعْتَادَةِ : ফুলটাইম ডিউটিকারী।

اَلْمُسْتَغَلُّ (ج) مُسْتَغَلَّاتٌ : আমদানি। সুবিধা। লাভ।

اَلْمُسْتَغِلُّ : পুঁজিবাদ। উপকার গ্রহণকারী। বিনিয়োগকারী।

اَلْمُسْتَفْتَى عَلَيْهِ : যে সমস্যার / মাসআলার উপর মতামত নেওয়া হয়েছে।

اَلْمُسْتَفِيدُ : যাকে পুঁজি দেওয়া হয়েছে [ব্যাংক থেকে]। মুনাফাভোগী।

اَلْمُسْتَفِيدُونَ مِنَ الْمَعَاشِ : অবসর / পেনশন সুবিধাভোগীগণ।

اَلْمُسْتَقْبَلُ الْمُتَطَوِّرُ : পরিবর্তিত ভবিষ্যৎ।

اَلْمُسْتَقِرُّ : স্থির। স্থায়ী।

اَلْمُسْتَقِلُّ : স্বাধীন। স্বতন্ত্র। মুক্ত।

اَلْمُسْتَقِيلُ : পদত্যাগকারী। অবসরপ্রাপ্ত।

مُسْتَكْرٍ : ভাড়াটে।

اَلْمُسْتَلِمُ : রিসিভার। প্রাপক। গ্রহীতা। গ্রহণকারী।

اَلْمُسْتَمِرُّ : পারমানেন্ট। স্থায়ী। অবিরাম। ধারাবাহিক। নিরবচ্ছিন্ন। চলমান।

اَلْمُسْتَنَدُ (ج) مُسْتَنَدَاتٌ : ডকুমেন্ট। ভাউচার। দলিল। রেকর্ড। প্রমাণ।

اَلْمُسْتَنَدُ الْأَصْلِيُّ : সঠিক কাগজপত্র।

اَلْمُسْتَنَدُ الْخَزِينَةُ : ক্যাশ ভাউচার।

اَلْمُسْتَنَدُ السِّرِّيُّ : গোপন কাগজপত্র।

اَلْمُسْتَنَدَاتُ : প্রমাণ। কাগজপত্র। দলিল। প্রমাণ।

اَلْمُسْتَنَدَاتُ الْجُمْرُكِيَّةُ : কাস্টমের কাগজপত্র।

اَلْمُسْتَنَدَاتُ الْمُؤَيِّدَةُ : সত্যায়িত কাগজপত্র।

اَلْمُسْتَنْقَعُ (ج) مُسْتَنْقَعَاتٌ : কাঁচা পুকুর। জলাভূমি। বিল। হাওর।

اَلْمُسْتَنِيرُ (ج) مُسْتَنِيرُونَ : আলোকিত। শিক্ষার আলোপ্রাপ্ত।

اَلْمُسْتَوْدِعُ : আমানতদার। আমানতকারী। জমাকারী। সংরক্ষিত। বঞ্চিত।

اَلْمُسْتَوْدَعُ (ج) مُسْتَوْدَعَاتٌ : গুদাম। স্টোর-রুম। ডিপো। ম্যাগাজিন। স্টোর-হাউস। স্টকরুম। আড়ত।

مُسْتَوْدَعُ الْأَدَوَاتِ الْحَرْبِيَّةِ : অস্ত্রাগার।

اَلْمُسْتَوْدَعُ الْبَضَائِعُ : মালগুদাম।

اَلْمُسْتَوْدَعُ لِلذَّخِيْرَةِ وَالْمُعِدَّاتِ الْعَسْكَرِيَّةِ : সেনাবাহিনীর মালগুদাম। সামরিক ভাণ্ডার।

اَلْمُسْتَوْرَدُ : আমদানিকৃত। বাহির থেকে আনয়নকৃত।

اَلْمُسْتَوْرِدُ : ইম্পোর্টার। আমদানিকারক।

اَلْمُسْتَوْصَفُ : ডিসপেনসারি। ক্লিনিক। (Clinic)

اَلْمُسْتَوْطَنُ : উপনিবেশ। বসতি।

اَلْمُسْتَوْطِنُ : বসতি স্থাপনকারী। অধিবাসী।

اَلْمُسْتَوْطَنَاتُ : কলোনিসমূহ। উপনিবেশসমূহ। বসতিসমূহ।

مُسْتَوْطَنَاتُ الْفَضَاءِ : মহাকাশের বসতি।

اَلْمُسْتَوْطَنَةُ : কলোনি (Colony)।

مُسْتَوْفٍ لِلشُّرُوطِ : শর্ত পূরণকারী।

مُسْتَوِى ـ مُسْتَوٍ (ج) مُسْتَوَيَاتٌ : প্লেন। সমতল। সমান।

اَلْمُسْتَوِى الْأَخْلَاقِيُّ : চারিত্রিক মাপকাঠি।

مُسْتَوِى الْأَسْعَارِ : মূল্যের মাপকাঠি। মূল্য-ভারসাম্য।

مُسْتَوِى الْاِنْتَاجِ : উৎপাদনের স্তর। মান।

اَلْمُسْتَوِى الرَّفِيْعُ : উচ্চস্তর।

اَلْمُسْتَوِى الْعَالِيُّ : উচ্চস্তর।

مُسْتَوِى الْمَعِيْشَةِ : জীবনযাপনের মান।

مُسْتَوَيَاتُ الْأُجُوْرِ : বেতন স্তর।

اَلْمُسْتَهَامُ : প্রেমের পাগল।

اَلْمُسْتَهْتِرُ : লম্পট। বাচাল। অনর্থক কথা বলে যে।

اَلْمُسْتَهْدَفُ : নিশানা। টার্গেট।

اَلْمُسْتَهَلُّ : প্রথম। সূচনা। আরম্ভ। শুরু।

اَلْمُسْتَهْلِكُوْنَ : ভোক্তা। খরচকারী। ভোগ্যপণ্য ব্যবহারকারী। (Consumer) কনজুমার।

اَلْمُسَجِّلُ (أَمِيْنُ السِّجِلِّ) রেজিস্ট্রার।

اَلْمُسَجَّلُ : রেজিস্ট্রিকৃত। রেজিস্টার্ড। নিবন্ধিত।

مُسَجِّلُ الْعُقُوْدِ : রেজিস্ট্রার।

مُسَجِّلُ الْعُقُوْدِ الرَّسْمِيَّةِ : সরকারি রেজিস্ট্রার।

اَلْمُسَجِّلَةُ : রেকর্ডার।

مُسَجِّلَةُ الشَّرِيْطِ : টেপরেকর্ডার।

مُسَجِّلَةُ النَّقْدِ (مَاكِيْنَةُ تَسْجِيْلِ الْمَبِيْعَاتِ) : ক্যাশ রেজিস্ট্রার।

مُسَجِّلَةُ الْوَقْتِ : টাইমরেকর্ড ঘড়ি।

اَلْمِسْحَاةُ (ج) مَسَاحِيْ ـ مَسَاحٍ : কোদাল। বেলচা।

اَلْمَسْحُ : সার্ভে।

مَسْحُ الْأَرَاضِيْ : ভূমি সার্ভে করা। ভূমি জরিপ করা।

اَلْمَسْحُ بِالدُّهْنِ : তেল মালিশ করা।

مَسْحُ الْخَشَبِ : কাঠ রান্দা করা।

مَسْحُ الدُّمُوْعِ : অশ্রু মোছা।

اَلْمَسْحُ الْمَيْدَانِيُّ : ফিল্ড সার্ভে।

اَلْمِسْحَنَةُ : কাঠের হাতুড়িবিশেষ। চূর্ণনযন্ত্র। জাঁতাকতল। হামানদিস্তা। যা দ্বারা শষ্যাদি কুটে আলাদা করা হয়।

اَلْمَسْحُوْبُ عَلَيْهِ : যার নামে টাকা তোলা হয়েছে।

اَلْمَسْحُوْقُ (ج) مَسَاحِيْقُ : গুঁড়া। গুঁড়াকৃত। পাউডার।

اَلْمِسْخَنُ : হিটার।

اَلْمُسَدَّسُ (ج) مُسَدَّسَاتٌ : ছয় অংশবিশিষ্ট। পিস্তল। রিভলবার।

اَلْمَسْدُوْدُ : টাইট। জমাট। জমাট পুঁজি যা ব্যবহারের অনুমতি নেই। বন্ধ। রুদ্ধ।

اَلْمِسْرَجَةُ (ج) مَسَارِجُ : ল্যাম্প।

اَلْمَسْرَجَةُ (ج) مَسَارِجُ : ল্যাম্প-স্ট্যান্ড। প্রদীপ রাখার পাত্র।

اَلْمَسْرَحُ : থিয়েটার। স্টেজ। কেন্দ্র। আখড়া। মঞ্চ। নাট্যশালা।

مَسْرَحُ الدِّعَايَةِ : প্রোপাগান্ডার আখড়া।

اَلْمَسْرَحُ السِّيَاسِيُّ : রাজনৈতিক মঞ্চ।

اَلْمَسْرَحُ : ল্যাম্প। প্রদীপ। বাতি।

اَلْمُسَرْطَنُ (مُصَابٌ بِالسَّرْطَانِ) : ক্যান্সারের রোগী।

اَلْمِسْطَرُ (ج) مَسَاطِرُ : স্কেল। রুলার।

مِسْطَرَةُ الْمَسَافَاتِ (فِي الْآلَةِ الْكَاتِبَةِ) : রুলার (ruler)।

اَلْمُسَعَّرُ : মূল্য নির্ধারণকৃত।

اَلْمَسْكُ : পাকড়াও। দখল। কবজা।

مَسْكُ الْحِسَابِ : হিসাবযুক্ত করা। হিসাব রাখা।

مَسْكُ اللِّسَانِ : চুপ হওয়া।

اَلْمُسْكِتُ (خَافِضُ الصَّوْتِ) : সাইলেন্সার।

اَلْمَسْكَةُ : হ্যান্ডেল।

اَلْمَسْكَنُ (ج) مَسَاكِنُ : আরামস্থল। বাসস্থান। কোয়ার্টার।

اَلْمَسْكُوْبِيُّ (مع) : রাশিয়ান।

اَلْمَسْكُوْنَةُ : আবাদি। পৃথিবী। বিশ্ব।

مِسْلَاطٌ سِيْنَمَائِيٌّ : বাইস্কোপ।

اَلْمُسَلَّحُ : সশস্ত্র। অস্ত্রসজ্জিত।

اَلْمُسَلْسَلُ : ক্রমিক। ধারাবাহিক প্রোগ্রাম। সিরিয়াল।

اَلْمُسَلْسَلُ الْمُصَوَّرُ : সচিত্র ধারাবাহিক প্রোগ্রাম।

اَلْمَسْلَكُ (ج) مَسَالِكُ : পথ। কর্মপদ্ধতি। রুট।

اَلْمَسْلَكُ السَّخِيْفُ : খারাপ কর্মপদ্ধতি।

مَسْلَكُ فُلَانٍ مَعَ فُلَانٍ : কারো সাথে কারো লেনদেন।

اَلْمِسْمَارُ (ج) مَسَامِيْرُ : পেরেক। পিন (Pin)।

اَلْمِسْمَارُ الْبُرْغِيُّ : পেঁচবিশিষ্ট পেরেক।

اَلْمِسْمَارُ بِصَمُوْلَةٍ : স্ক্রুবোল্ট। বোল্ট। নাট।

مِسْمَارُ اللَّبَنِ : গাভা দুধ। সন্তান জন্মের তিন দিন আগেকার দুধ।

اَلْمِسْمَاعُ : এয়ারফোন। শ্রবণযন্ত্র।

مِسْمَاعُ الصَّدْرِ : স্টেথিস্কোপ।

مُسَمًّى لِاسْمٍ : নামযুক্ত। নামীয়।

اَلْمُسَوَّدَةُ : রাফ কপি। ড্রাফ্‌ট। মুসাবিদা। খসড়া। পাণ্ডুলিপি।

مُسَوَّدَةُ الْخِطَابِ : ড্রাফ্‌ট লেটার।

مُسَوَّدَةُ الْمُعَاهَدَةِ : চুক্তিপত্রের খসড়া।

اَلْمَسْئُوْلُ : দায়িত্বশীল। কর্মকর্তা। জিজ্ঞাসিত।

اَلْمَسْئُوْلُ الْإِدَارِيُّ : রাষ্ট্রের দায়িত্বশীল ব্যক্তি। সরকারী কর্মকর্তা।

مَسْئُوْلُ التَّمْوِيْلِ : সাপ্লাই অফিসার।

اَلْمَسْئُوْلُ عَنْ : ইনচার্জ।

اَلْمَسْئُوْلُ النِّقَابِيُّ (يُنْشِئُ فُرُوْعًا جَدِيْدَةً لِإِحْدَى النِّقَابَاتِ) : অর্গানাইজার।

اَلْمَسْئُوْلُوْنَ : দায়িত্বশীল ব্যক্তিবর্গ।

اَلْمَسْئُوْلِيَّةُ : দায়িত্ব। কার্যভার। দায়িত্বশীলতা। জিম্মাদারি।

اَلْمَسْئُوْلِيَّةُ الْجَمَاعِيَّةُ : সম্মিলিত দায়িত্ব।

مَسْئُوْلِيَّةٌ غَيْرُ مُحَدَّدَةٍ : সীমাহীন দায়িত্ব।

اَلْمَسْئُوْلِيَّةُ الْفَرْدِيَّةُ : একক দায়িত্ব।

اَلْمَسْئُوْلِيَّةُ الْمُشْتَرِكَةُ : যুগ্মদায়িত্ব।

اَلْمَسْئُوْلِيَّاتُ التَّعَاقُدِيَّةُ : চুক্তি-সংক্রান্ত দায়িত্ব।

اَلْمَسِيْحِيُّ : খ্রিস্টান। ঈসায়ী।

اَلْمَسِيْرَةُ : প্যারেড। মার্চ। মিছিল। বিক্ষোভ। ব্যবস্থা গ্রহণ। র‍্যালী। কাজের গতি। মিশন। কাফেলা। অভিযান। প্রচেষ্টা।

مَسِيْرَةُ الْأُمَّةِ : জাতীয় আন্দোলন।

اَلْمَسِيْرَةُ الْإِنْتَاجِيَّةُ : উৎপাদনমূলক অভিযান।

مَسِيْرَةُ التَّحْرِيْرِ : আজাদি আন্দোলন। স্বাধীনতা আন্দোলন।

مَسِيْرَةُ الثَّوْرَةِ : বিপ্লবী আন্দোলন।

مَسِيْرَةُ الْحِدَادِ : শোক র‍্যালী।

مَسِيْرَةُ السَّلَامِ : শান্তি মার্চ।

مَسِيْرَةُ الْفَلَّاحِيْنَ : কৃষক র‍্যালী।

اَلْمَسِيْرَةُ النِّضَالِيَّةُ : সংগ্রামী মিশন। যুদ্ধ মিশন।

اَلْمُسَيْطِرُ : শাসক। ক্ষমতাবান। কর্তৃত্বকারী। নিয়ন্ত্রণকারী। তদারককারী।

اَلْمُسَيْطِرُ عَلَى نَفْسِهِ : আত্মনিয়ন্ত্রণ। নিজেকে কন্ট্রোলে রাখা।

اَلْمُسِيْلُ لِلدُّمُوْعِ : অশ্রু।

م —— ش

اَلْمُشَاةُ : পদাতিক বাহিনী।

اَلْمُشَاحِنُ : শত্রু। দুশমন।

اَلْمُشَاحَنَةُ : শত্রুতা। দুশমনি।

اَلْمُشَادَّةُ : লড়াই। ধস্তাধস্তি। তর্কবিতর্ক।

مُشَادَّةٌ عَنِيْفَةٌ مع أَحَدٍ : কারো সাথে তুমুল বিতর্ক হওয়া।

اَلْمُشَادَّةُ الْكَلَامِيَّةُ : কটু কথা। তর্কাতর্কি হওয়া।

اَلْمُشَارُ إِلَيْهِ : উপরোল্লিখিত।

مُشَارِفُ الْأَرْضِ : উচ্চভূমি।

مُشَارِفُ الْمَدِيْنَةِ : শহরের আশপাশের এলাকা বা উপকণ্ঠ।

اَلْمُشَارِكُ : অংশীদার। অংশগ্রহণকারী।

اَلْمُشَارَكَةُ : অংশগ্রহণ। অংশীদারিত্ব।

مَشَارِيعُ (وا) اَلْمَشْرُوعُ : পরিকল্পনা। প্লান। স্কীম। প্রজেক্ট।

اَلْمَشَارِيعُ الْإِنْشَائِيَّةُ : নির্মাণ প্রজেক্ট।

مَشَارِيعُ التَّنْمِيَةِ : উন্নয়ন পরিকল্পনা।

اَلْمُشَاعُ : ব্যাপক। সাধারণ। সম্মিলিত। যৌথ।

اَلْمَشَاعِرُ : অনুভূতি। প্রেরণা।

مَشَاعِرُ السُّرُورِ : খুশির অনুভূতি।

مَشَاعِرُ الشَّعْبِ الْفَيَّاضَةِ : জনসাধারণের ব্যাপক উদ্দীপনা।

اَلْمَشَاعِرُ الْمَكْتُومَةُ : চাপা সুপ্ত অনুভূতি।

مَشَاعِرُ الْوُدِّ : ভালোবাসার অনুপ্রেরণা।

اَلْمَشَاعِرُ الْوَطَنِيَّةُ : জাতীয় চেতনাবোধ।

اَلْمَشَاعِلِيُّ : মশালধারী।

اَلْمُشَاغِبُ : গুণ্ডা। সন্ত্রাস। ত্রাস সৃষ্টিকারী।

اَلْمُشَاغَبَةُ : সন্ত্রাসী। ফ্যাসাদ সৃষ্টি করা। কারো সাথে গণ্ডগোল করা।

اَلْمُشَافَهَةُ : মুখামুখি হওয়া। সামনা-সামনি আলোচনা করা।

اَلْمُشَاكَسَةُ : শত্রুতা করা। বিরোধিতা করা। লড়াই করা।

مَشَاكِلُ الْعُمَّالِ : শ্রমিকদের সমস্যা।

اَلْمَشَاكِلُ الْمُتَشَعِّبَةُ : নানা রকম সমস্যা।

اَلْمَشَاكِلُ الْمُلِحَّةُ : জটিল সমস্যা। নিষ্পত্তিযোগ্য সমস্যা।

اَلْمُشَاهَدُ : চাক্ষুষ। চোখে দেখা।

اَلْمُشَاهَرَةُ : মাসিক বেতনে কাজ করা।

المشاطرة : অংশীদার বানানো। অংশগ্রহণ করা। ফিফটি ফিফটি গ্রহণ করা।

مُشَاطَرَةُ الْحُزْنِ : দুঃখের অংশীদার হওয়া।

مَشَائِخُ طُرُقٍ : সুফি-সাধকবৃন্দ।

اَلْمُشَايَعَةُ : সাথে সাথে চলা।

اَلْمُشْبِعُ : যথেষ্ট। খাদ্য জাতীয় দ্রব্য। সন্তোষজনক। তৃপ্তিদায়ক। তৃপ্তিকর।

مُشَبَّعٌ بِالْيَائِسِ : নৈরাশ্যের শিকার।

مُشَبَّعٌ بِالْمَاءِ : পানি দ্বারা আর্দ্র। আপ্লুত।

مُشَبَّعٌ بِالْهَوَاءِ : বাতাসে পরিপূর্ণ।

اَلْمِشْبَكُ : ক্লিপ।

مِشْبَكُ الْحِزَامِ : টাইক্লিপ।

مِشْبَكُ الْغَسِيْلِ : ক্লথ-পিন।

مِشْبَكٌ لِلْخِطَابِ : লেটার-ক্লিপ।

مِشْبَكُ الْوَرَقِ : পেপার-ক্লিপ।

اَلْمُشَبَّكَاتُ : জাল। নেট।

اَلْمَشْبُوهُ : অপছন্দনীয়। সন্দেহযুক্ত।

اَلْمُشْتَبَهُ فِي الْأَمْرِ : সন্দেহযুক্ত।

اَلْمُشْتَبَهُ فِيهِمْ : সন্দেহযুক্ত ব্যক্তিবর্গ।

اَلْمُتَشَرِّدُ : বিপথগামী। পথভ্রান্ত। লম্পট। ভবঘুরে।

اَلْمُشْتَرِكُ : যুক্ত। যৌথ। সম্মিলিত। সাধারণ। পরস্পর। প্রচলিত। যুগ্ম।

اَلْمُشْتَرِيَاتُ النَّقْدِيَّةُ : নগদ ক্রেতা।

مُشْتَقَّاتُ الْبِتْرُولِ : পেট্রোলের তৈরি বিভিন্ন জিনিসপত্র।

اَلْمُشْتَقَّاتُ النَّفْطِيَّةُ : পেট্রোলিয়াম পদার্থ।

مُشْتَلٌ زِرَاعِيٌّ : নার্সারি। চারাগাছের বাগান।

مُشْتَمِلَاتٌ : উল্লিখিত। বিষয়ীভূত।

اَلْمَشْتَى : শীতকাল কাটানোর স্থান। শীতকালীন নিবাস। গরম স্থান।

اَلْمِشْجَبُ : হ্যাঙ্গার। [কাপড় ঝুলানোর] হুক। আলনা। র‍্যাক।

اَلْمِشْحَذُ : ধার দেওয়ার যন্ত্র। পাথর। শানপাথর।

اَلْمَشْحُونُ : পরিপূর্ণ। ভর্তি। মালভর্তি। মালভর্তি ট্রাক।

اَلْمَشْحُونُ بِالْعُنْفِ : কট্টর। নিষ্ঠুর। উগ্র।

اَلْمَشْرَبُ : পানি পান করার স্থান। ঘাট। পদ্ধতি। স্বাদ। পানপাত্র। ঝরনা।

اَلْمَشْرَحَةُ : পোস্টমর্টেম রুম। মর্গ। ময়নাতদন্তের ঘর।

اَلْمِشْرَطُ : সার্জারীযন্ত্র।

اَلْمُشَرِّعُ : আইন প্রণেতা।

اَلْمُشْرِفُ : সুপারিন্টেন্ডেন্ট। সুপারভাইজার। তত্ত্বাবধায়ক। পর্যবেক্ষক। পৃষ্ঠপোষক।

اَلْمُشْرِفُ الْاِجْتِمَاعِيُّ : সোশ্যাল ওয়ার্কার।

مُشْرِفٌ عَلَى : নিকটবর্তী। সম্মুখে।

مُشْرِفٌ عَلَى الْعَمَلِ : তত্ত্বাবধায়ক। সুপার ভাইজার।

مُشْرِفُ عُمَّالٍ : ফোরম্যান।

اَلْمُشْرِقُ : উজ্জ্বল। দীপ্তিমান। জ্যোতিষ্মান।

اَلْمَشْرِقِيُّ : ওয়েস্টার্ন। প্রাচ্যের অধিবাসী।

اَلْمَشْرُوبَاتُ (وا) اَلْمَشْرُوبُ : পানীয়। পানযোগ্য।

اَلْمَشْرُوبَاتُ الْمُنْعِشَةُ : শক্তিবর্ধক পানীয়। এ্যানার্জি ড্রিংক।

اَلْمَشْرُوطُ : শর্তযুক্ত। শর্তাধীন।

اَلْمَشْرُوعُ (ج) مَشَارِيعُ : আইন। বৈধ। প্রোজেক্ট। আইডিয়া। পরিকল্পনা। স্কীম। প্ল্যান। শরিয়তসম্মত। প্রকল্প।

اَلْمَشْرُوعُ الْإِنْمَائِيُّ : উন্নয়নমূলক পরিকল্পনা।

اَلْمَشْرُوعُ الْبَدِيلُ : বিকল্প প্ল্যান।

اَلْمَشْرُوعُ التِّجَارِيُّ : ব্যবসায়ী প্রোগ্রাম।

اَلْمَشْرُوعُ تَحْتَ التَّنْفِيذِ : প্রক্রিয়াধীন পরিকল্পনা।

اَلْمَشْرُوعُ التَّمْهِيدِيُّ : প্রাথমিক পরিকল্পনা।

مَشْرُوعُ التَّوْطِينِ : উপনিবেশিক পরিকল্পনা।

اَلْمَشْرُوعُ الشَّامِلُ : ব্যাপক পরিকল্পনা।

مَشْرُوعُ الْقَانُونِ : বিল। আইনের খসড়া।

مَشْرُوعُ الْقَرَارِ : ড্রাফট। প্রস্তাবের খসড়া। রেজুলেশন (Resolution)।

اَلْمَشْرُوعُ الْمَرْحَلِيُّ : পর্যায়ক্রমিক পরিকল্পনা।

مَشْرُوعُ الْمِيزَانِيَّةِ : বাজেটের খসড়া।

مَشْرُوعُ الْمِيزَانِيَّةِ الْعُمُومِيَّةِ : জেনারেল বাজেটের খসড়া।

مَشْرُوعَاتُ اسْتِثْمَارٍ : পুঁজিবাদী পরিকল্পনা।

اَلْمَشْرُوعَاتُ الْإِنْمَائِيَّةُ : উন্নয়নমূলক পরিকল্পনা।

اَلْمَشْرُوعَاتُ الدِّفَاعِيَّةُ : প্রতিরক্ষামূলক পরিকল্পনা।

اَلْمَشْرُوعَاتُ الصِّنَاعِيَّةُ : শিল্পকারিগরি-সম্বন্ধীয় পরিকল্পনা।

مَشْرُوعَاتُ قَوَانِيْنَ تَتَقَدَّمُ بِهَا الْحُكُومَةُ : সরকারি বিল। রাষ্ট্রের পক্ষ থেকে উপস্থাপিত আইনের খসড়া।

اَلْمَشْرُوعَاتُ الْهَنْدَسِيَّةُ : ইঞ্জিনিয়ারিং প্রোজেক্ট।

اَلْمُشْطُ (ج) أَمْشَاطٌ : চিরুনি।

اَلْمَشْعَلُ الْكَهْرَبَائِيُّ (بَطَارِيَةٌ صَغِيرَةٌ) : টর্চ।

اَلْمُشَعْوِزُ : যাদুকর। মাদারী। ভেলকিবাজ।

اَلْمَشْغَلُ : ওয়ার্কশপ। কর্মশালা। কারখানা।

اَلْمَشْغُوفُ بِهِ : আসক্ত। মুগ্ধ। অনুরক্ত।

اَلْمَشْغُولُ : এ্যাঙ্গেজ। বিজি। ব্যস্ত। লিপ্ত। নিয়োজিত।

اَلْمِشْكَاةُ : প্রদীপ। বাতি। হাদীসের একটি কিতাব।

اَلْمُشْكِلَةُ : জটিল সমস্যা। জটিলতা। কঠিন বিষয়। মুশকিল।

اَلْمُشْكِلَةُ الْاِقْتِصَادِيَّةُ : অর্থনৈতিক সমস্যা।

اَلْمُشْكِلَةُ الرَّاهِنَةُ : বর্তমান সমস্যা।

مُشْكِلَةٌ عَسِيْرَةُ الْحَلِّ : অসমাধানযোগ্য সমস্যা।

مُشْكِلَةٌ عَوِيْصَةٌ تَسْتَعْصِيْ عَلَى الْحَلِّ : জটিল সমস্যা। কঠিন বিষয়।

مُشْكِلَةُ الْمَسَاكِنِ : আবাসিক সমস্যা। হাউজিং প্রোবলেম।

اَلْمُشْكِلَةُ النَّفْسِيَّةُ : মানসিক সমস্যা।

مُشْكِلَاتُ السَّاعَةِ : সময়ের সমস্যা।

اَلْمِشْكَوةُ : ওয়াল ল্যাম্প। প্রদীপ রাখার পাত্র।

اَلْمَشْكُولُ : ই'রাব [স্বরচিহ্ন] যুক্ত।

اَلْمَشْكُومِنْهُ : যার ব্যাপারে অভিযোগ করা হয়েছে। অভিযুক্ত।

اَلْمَشْلَحُ : ড্রেসিংরুম।

اَلْمَشْلُولُ : পক্ষাঘাতগ্রস্ত। অকর্মা। বেকার।

اَلْمِشْمِشُ : ফলবিশেষ। খুবানি। (Apricot)

اَلْمُشَمَّعُ : ওয়েল-ক্লথ। মোমপালিশকৃত।

اَلْمُشَمَّعُ الطِّبِّيُّ : কোর্ট-প্লাস্টার।

مَشْمُولٌ بِرِعَايَةٍ : পৃষ্ঠপোষকাধীন। তত্ত্বাবধানে।

اَلْمَشْمُومُ : সুগন্ধিযুক্ত। মেশক। ঘ্রাণ নেওয়ার জিনিস।

اَلْمِشْنَقَةُ : ফাঁসির কাষ্ঠ। ফাঁসির মঞ্চ।

اَلْمَشْنَقَةُ : ফাঁসির দণ্ড।

اَلْمِشْوَاةُ : রোস্টার। গোশত ভুনার যন্ত্র। ফ্রাইপিন।

اَلْمَشُوبُ : মিশ্রিত। ত্রুটিপূর্ণ। মিশ্র। ময়লাযুক্ত।

اَلْمَشُوبُ بِالْحَذَرِ : সাবধানতাপূর্ণ।

اَلْمُشَوَّشُ : দুশ্চিন্তাময়।

مُشَوَّشُ الْفِكْرِ : দুশ্চিন্তাগ্রস্ত।

اَلْمَشُوقُ : আশেক। প্রেমিক। প্রিয়জন।

اَلْمِشْوَلُ : ছোট কাস্তে / কাঁচি।

اَلْمُشَوَّهُ : বিকৃত। বিকলাঙ্গ।

مُشَهٍّ : যৌন আবেদনময়ী। উত্তেজক।

اَلْمَشْهَدُ : ইজতেমা। সম্মেলন। সভা। দৃশ্য। সিনারী।

اَلْمَشْهَدُ الْجَمِيلُ : নয়নাভিরাম দৃশ্য।
اَلْمَشْهُودُ : উপস্থিত। যার সাক্ষ্য দেওয়া হয়েছে। উল্লেখযোগ্য। স্মরণীয় দিন।
اَلْمَشْهُودُ لَهُ : সত্যায়িত।
اَلْمَشْهِيُّ : বাঞ্ছিত। পছন্দনীয়। কাঙ্ক্ষিত। গ্রহণকৃত।
اَلْمَشِيبُ : বার্ধক্য। শুভ্রতা।
اَلْمَشْيَخَةُ : শাইখ। ছোট রাজত্বের প্রধান কর্মকর্তা।
اَلْمَشِيدُ : প্লাস্টারকৃত। পাকা। মজবুত।
اَلْمُشِيرُ : পথপ্রদর্শক। পথিকৃত। নির্দেশক। এ্যাডভাইজার। ফিল্ড-মার্শাল। (Fild marshal)
اَلْمَشِيئَةُ : ইচ্ছা।

م ـــــ ص

مَصَّ (ن) مَصًّا : শোষণ করা। চোষা। চুষে ফেলা।
اَلْمُصَابُ : দুর্ঘটনা। বিপদগ্রস্ত। আক্রান্ত। লিপ্ত। পীড়িত। গ্রস্ত। কবলিত। আঘাতপ্রাপ্ত।
اَلْمُصَابُ بِالْفَقْرِ : অভাবগ্রস্ত।
اَلْمَصَادِرُ : উৎপত্তিস্থল। বুনিয়াদ। ভিত্তি। সূত্রসমূহ। তথ্যসূত্র। গ্রন্থপঞ্জী। জমায়েত। এলাকা। গোষ্ঠী। সম্প্রদায়।
مَصَادِرُ الْإِبْلَاغِ : সংবাদসূত্র। প্রচার মাধ্যম।
اَلْمَصَادِرُ الْأُمُّ : বুনিয়াদি উৎস।
مَصَادِرُ الْإِيرَادِ : আমদানির উৎস / মাধ্যম।
مَصَادِرُ بَيَانَاتٍ : তথ্যসূত্র।

مَصَادِرُ الدَّخْلِ : আমদানির উৎস / মাধ্যম।
اَلْمَصَادِرُ الرَّئِيسِيَّةُ : প্রধান মাধ্যম।
مَصَادِرُ الْمُخَابَرَاتِ : যোগাযোগ মাধ্যম। সংবাদ মাধ্যম।
مَصَادِرُ مُقَرَّبَةٌ مِنْ : নিকট-সম্পর্ক সম্প্রদায়।
مَصَادِرُ الْمِيَاهِ : পানির উৎসসমূহ।
مَصَادِرُ وَثِيقَةُ الصِّلَةِ بِفُلَانٍ : কারো সাথে ঘনিষ্ঠ সম্পর্ক সৃষ্টিকারী সম্প্রদায়।
اَلْمَصَادِرُ الْوِزَارِيَّةُ : মন্ত্রিত্বকারী সম্প্রদায়।
اَلْمُصَادَرَةُ : অতর্কিত আক্রমণ করা। বাজেয়াপ্ত করা। নিয়ন্ত্রণ করা।
مُصَادَرَةُ الْأَمْوَالِ : সম্পত্তি জব্দ করা।
اَلْمُصَادَرَةُ عَلَى الْمُمْتَلَكَاتِ : সম্পত্তি বাজেয়াপ্ত করা।
مُصَادَرَةُ الْكَسْبِ غَيْرِ الْمَشْرُوعِ : অবৈধ আমদানি নিয়ন্ত্রণ করা।
اَلْمُصَادَفَةُ : এক্সিডেন্ট। ঘটনাক্রম। চান্স। সুযোগ। ঘটনাক্রমে কোনো কাজ সংঘটিত হওয়া। আকস্মিকভাবে।
مُصَادَفَةً : ঘটনাক্রমে। আকস্মিকভাবে। অকস্মাৎ।
اَلْمُصَادَفَاتُ : দাঙ্গা। গণ্ডগোল। গোলমাল।
اَلْمُصَادَقَةُ : মঞ্জুরি। অনুমোদন। সত্যায়ন।
اَلْمُصَادَقَةُ عَلَى كَذَا : সমর্থন। আনুকূল্য।
اَلْمُصَادَمَةُ : সংঘর্ষ হওয়া। সংঘাত।
اَلْمُصَارِعُ : পালোয়ান। কুস্তিগির। মল্লযোদ্ধা।
اَلْمُصَارَعَةُ : মল্লযুদ্ধ বাঁধানো। ধরাশায়ী করা। ফেলে দেওয়ার চেষ্টা করা।

مَصَارِفُ (وا) اَلْمَصْرِفُ : ব্যাংক। ব্যয়ের খাত।

مَصَارِيفُ : মূল্য। ব্যয়। মূলধন। খরচ।

اَلْمَصَارِيفُ الْإِدَارِيَّةُ : অফিসিয়াল ব্যয়।

مَصَارِيفُ الْبَنْكِ : ব্যাংক চার্জেজ। ব্যাংকের খরচ।

مَصَارِيفُ الْبَرِيْدِ : ডাক খরচ।

اَلْمَصَارِيفُ التِّجَارِيَّةُ : ব্যবসায়িক খরচ।

مَصَارِيفُ التَّخْلِيصِ الْجُمْرُكِيِّ : কাস্টম থেকে মাল ছাড়ানোর খরচ।

مَصَارِيفُ التَّعْبِئَةِ : প্যাকিং চার্জ। প্যাকিং খরচ।

اَلْمَصَارِيفُ الثَّابِتَةُ : স্বতন্ত্র ব্যয়।

مَصَارِيفُ حَزْمٍ وَلَفٍّ : প্যাকিং চার্জ।

مَصَارِيفُ الْحِفْظِ : হোল্ডিং চার্জ। সংরক্ষণের ব্যয়।

مَصَارِيفُ الدِّعَايَةِ : বিজ্ঞাপন খরচ।

مَصَارِيفُ الدَّعْوٰى : ডিগ্রি খরচ। মামলার খরচ।

اَلْمَصَارِيفُ السَّنَوِيَّةُ : বাৎসরিক ব্যয়।

مَصَارِيفُ شَتّٰى : বিবিধ ব্যয়।

اَلْمَصَارِيفُ الصَّغِيْرَةُ : সামান্য খরচ।

اَلْمَصَارِيفُ الْعَارِضَةُ : সাময়িক ব্যয়।

مَصَارِيفُ النَّقْلِ : পরিবহন খরচ।

مَصَارِيفُ الْقَضِيَّةِ : মকদ্দমার খরচ।

مَصَارِيفُ النَّقْلِ : পরিবহন খাত।

مَصَّاصَاتُ قَصَبِ السُّكَّرِ : আখের ছোবড়া।

مَصَاعِبُ (وا) اَلْمَصْعَبُ : দুশ্চিন্তা। পেরেশানি। মসিবত।

اَلْمُصَافَاةُ : অন্তরঙ্গ বন্ধুত্ব করা। একনিষ্ঠতা প্রদর্শন করা।

اَلْمُصَافَحَةُ : করমর্দন করা। মুসাফাহা করা। হ্যাণ্ডশেক করা।

اَلْمَصَالِحُ : উপকার। স্বার্থ। কল্যাণ। স্বার্থ।

اَلْمَصَالِحُ الْأَهْلِيَّةُ : জাতীয় স্বার্থ।

اَلْمَصَالِحُ الْحَيَوِيَّةُ : জীবনযাপনের উপকরণাদি।

اَلْمَصَالِحُ الضَّخْمَةُ : ব্যাপক স্বার্থসিদ্ধি।

اَلْمَصَالِحُ الْمُتَبَادَلَةُ : পারস্পরিক স্বার্থসিদ্ধি।

اَلْمَصَالِحُ الْمُشْتَرَكَةُ : সম্মিলিত স্বার্থসিদ্ধি।

اَلْمُصَالَحَةُ : সন্ধিস্থাপন। সন্ধি। শান্তি।

مَصَانِعُ (وا) اَلْمَصْنَعُ : মিল (Mills)। কারখানা।

مَصَانِعُ الْحَدِيْدِ : লোহার মিল।

مَصَانِعُ الْغَزْلِ : সুতার মিল।

مَصَانِعُ الْقُطْنِ : কটন মিলস।

اَلْمُصَانَعَةُ : সুদ দেওয়া। শেষ করা। যত্ন নেওয়া। ব্যবহার করা। তৈরি করে রাখা।

اَلْمُصَاهَرَةُ : জামাতা বানানো। বৈবাহিক সূত্রের আত্মীয়তার সম্পর্ক করা।

اَلْمِصْبَاحُ (ج) مَصَابِيْحُ : ল্যাম্প (Lamp). প্রদীপ। বাতি। লণ্ঠন। বাল্ব (bulb).

اَلْمِصْبَاحُ الْأَمَامِيُّ : হেডলাইট।

مِصْبَاحُ تَعْلِيْقٍ : ঝাড়বাতি। ঝুলন্ত ল্যাম্প।

مِصْبَاحُ الْحَائِطِ : ওয়াল ল্যাম্প।

مِصْبَاحُ غَازٍ (نُوْرُ الْغَازِ) : গ্যাস লাইট।

اَلْمِصْبَاحُ فِيْ مُقَدَّمِ الْقَاطِرَةِ أَوِ التِّرَامِ أَوِ السَّيَّارَةِ : হেডলাইট। [বাস-ট্রাক-ট্রেন ইত্যাদির।]

اَلْمِصْبَاحُ الْكَهْرَبِيُّ : লাইট। ইলেক্ট্রিক লাইট। বাল্ব।

اَلْمِصْبَعُ : গোশ্‌ত সেঁকার লোহার শিক।

اَلْمِصْبَعَةُ : গোশ্‌ত সেঁকার লোহার শিক।

اَلْمَصْبَغَةُ : রং করার কারখানা।

اَلْمَصْبَنَةُ : সাবান তৈরির কারখানা।

اَلْمَصْبُوبُ : প্রবাহিত। প্রবাহিত ঘাম।

اَلْمَصَحُّ : স্বাস্থ্যকর স্থান।

مُصَحِّحُ مُسَوَّدَاتِ الطَّبْعِ : প্রুফ-রীডার।

اَلْمُصْحَفُ (ج) مَصَاحِفُ : কিতাব। পাণ্ডুলিপি। গ্রন্থ। বই। পবিত্র গ্রন্থ।

اَلْمُصْحَفُ الشَّرِيفُ : কুরআন শরীফ।

اَلْمَصْحُوبُ : সাথে। সঙ্গে।

مَصْحُوبًا بِكَذَا : সংশ্লিষ্ট। সঙ্গে।

مَصْحُوبًا بِهُبُوبِ الرِّيَاحِ وَالْأَمْطَارِ : ঝড়-তুফানের সাথে।

اَلْمُصَدِّرُ (التَّاجِرُ الْمُصَدِّرُ) : এক্সপোর্টার। রপ্তানিকারক।

اَلْمَصْدَرُ : উৎস। মূল। আসল। মাধ্যম। [ব্যাকরণে] ক্রিয়াবিশেষ্য। মাসদার।

مَصْدَرُ الطَّاقَةِ : শক্তির উৎস।

اَلْمُصَدَّقُ : সার্টিফাইড। সত্যায়িত।

مُصَدَّقٌ عَلَيْهِ مِنْ جِهَةٍ رَسْمِيَّةٍ : সরকারি সত্যায়িত।

اَلْمَصْدُورُ : যক্ষ্মায় আক্রান্ত ব্যক্তি।

اَلْمَصْدُوعُ : ফাটা। মাথাব্যথার রোগী।

اَلْمِصْرُ (ج) أَمْصَارٌ : শহর। সিটি। আবাদ স্থান।

مِصْرُ السُّفْلَى : সমুদ্রের সাথে মিলিত মিশরের এলাকা।

مِصْرُ الْعُلْيَا : মিশরের উচ্চ এলাকা। সমুদ্র থেকে দূরে অবস্থিত। মিশরের এলাকা।

مَصَّرَ الْمَكَانَ ـ تَمْصِيرًا : আবাদ করা।

اَلْمِصْرَاعُ (ج) مَصَارِيعُ : সাটার। (দরজার) পাল্লা। খিল। কপাট। অর্গল।

اَلْمُصَرَّحُ لَهُ : পারমিট গ্রহণকারী। অনুমতি গ্রহণকারী।

اَلْمَصْرَعُ : হত্যা। খুন। ধ্বংস। মৃত্যু। পতিত হওয়া। ধরাশায়ী হওয়ার স্থান।

اَلْمَصْرِفُ (ج) مَصَارِيفُ : ব্যাংক (Bank)। ব্যয়ের খাত।

مَصْرِفُ الدَّمِ : ব্লাড ব্যাংক (Blood Bank)।

مَصْرِفٌ غَيْرُ رِبَوِيٍّ : সুদবিহীন ব্যাংক।

مَصْرِفُ الْمَالِ : ব্যাংক। [Bank]

مَصْرِفُ الْمَاءِ : নর্দমা। নালা।

اَلْمَصْرِفِيُّ (صَاحِبُ الْمَصْرِفِ) : ব্যাংকার।

اَلْمَصْرُوعُ : মৃগী রোগী।

اَلْمَصْرُوفُ (ج) مَصْرُوفَاتٌ : খরচ। যা খরচ হয়েছে।

مَصْرُوفُ الْجَيْبِ : পকেট খরচ।

مَصْرُوفَاتٌ : খরচ। ব্যয় [সমূহ]।

اَلْمَصْرُوفَاتُ الْإِدَارِيَّةُ : দাপ্তরিক খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْأَهْلِيَّةُ : জাতীয় ব্যয়।

اَلْمَصْرُوفَاتُ الْبَيْعِيَّةُ : বিক্রি খরচ।

اَلْمَصْرُوفَاتُ التَّعْوِيْضِيَّةُ : ক্ষতিপূরণ খরচ।

اَلْمَصْرُوفَاتُ الثَّابِتَةُ : নির্দিষ্ট খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْجَارِيَةُ : বর্তমান খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْحُكُومِيَّةُ : সরকারি ব্যয়।

اَلْمَصْرُوفَاتُ السِّرِّيَّةُ : গোপন খরচ।

مَصْرُوفَاتُ شَحْنٍ : বোঝাই খরচ। [মালামাল]

مَصْرُوفَاتُ شِرَاءٍ : ক্রয় খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْعَامَّةُ : পাবলিক খরচ।

مَصْرُوفَاتٌ غَيْرُ عَادِيَةٍ : অসাধারণ খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْقَضَائِيَّةُ : মামলার খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْقَوْمِيَّةُ : জাতীয় খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْمُبَاشِرَةُ : তাৎক্ষণিক খরচ।

اَلْمَصْرُوفَاتُ الْمَحَلِّيَّةُ : লোকাল খরচ।

مَصْرُوفَاتٌ مَدْفُوعَةٌ مُقَدَّمًا : অগ্রীম আদায়কৃত খরচ / ব্যয়।

اَلْمَصْرُوفَاتُ الْمَنْزِلِيَّةُ : ঘরোয়া খরচ। পারিবারিক খরচ।

اَلْمُصْطَحَبُ : সঙ্গ।

اَلْمُصْطَفَى : মনোনীত। বাছাইকৃত। পছন্দনীয়।

اَلْمُصْطَلَحُ (ج) مُصْطَلَحَاتٌ : পরিভাষা।

اَلْمُصْطَلَى : দেয়ালে স্থাপিত চুলা।

اَلْمُصْطَنَعُ : কৃত্রিম। নকল। মিথ্যা। ভুল। তৈরিকৃত।

اَلْمِصْعَدُ (فِي مَبْنًى أَوْ لِنَقْلِ النَّاسِ فِي مُنْحَدَرِ جَبَلٍ) : লিফট (Lift)।

مِصْعَدَةٌ آلِيَةٌ أَوْ كَهْرَبِيَّةٌ : লিফট। বৈদ্যুতিক সিঁড়ি।

اَلْمُصَفُّ : কম্পোজকৃত।

مِصَفُّ الْأَحْرُفِ الْمَطْبَعِيَّةِ : কম্পোজিং স্টিক। যে প্লেটের উপর টাইপ সাজানো হয়। অক্ষর জোড়ানোর পাত।

اَلْمِصْفَاةُ : রিফাইনারী। তেল শোধনাগার। ছাঁকনি। চালনি। চা-ছাঁকনি।

اَلْمُصْفَاةُ : ফিল্টার। শোধনযন্ত্র।

اَلْمُصَفَّحُ : যার উপর লোহার চাদর জড়ানো থাকে। বর্মপরিহিত।

اَلْمِصْقَعُ (ج) مَصَاقِعُ : বাকবিদগ্ধ। বাকপটু। বাগ্মী। প্রত্যুৎপন্নমতিত্বের অধিকারী। উচ্চনিনাদ। সুউচ্চরব। জোরালো কণ্ঠস্বর।

اَلْمَصْقُولُ : উজ্জ্বল। দীপ্তিমান। আলোকিত। তৈলাক্ত। মসৃণ।

اَلْمُصْلِحُ : রিফর্মার। মেরামেতকারী। সংশোধনকারী।

مُصْلِحُ الْمَاكِينَاتِ : ম্যাকানিক।

اَلْمَصْلَحَةُ : ফায়দা। উপযোগিতা। স্বার্থ। আদালত। কোর্ট-কাছারি। দরবার। ডিপার্টমেন্ট। ডিপার্টমেন্টাল। দপ্তর। অফিস। বিভাগ।

مَصْلَحَةُ الْاِسْتِعْلَامَاتِ : অনুসন্ধান অফিস।

مَصْلَحَةُ الْبَرِيْدِ : ডাক বিভাগ।

مَصْلَحَةُ الْبِلَادِ الْعُلْيَا : রাষ্ট্রের ব্যাপক স্বার্থসংশ্লিষ্ট।

مَصْلَحَةُ الْجَمَارِكِ : কাস্টম বিভাগ।

المَصْلَحَةُ الخَاصَّةُ : বিশেষ স্বার্থ।

المَصْلَحَةُ الحُكُومِيَّةُ : সরকারি বিভাগ।

مَصْلَحَةُ الرَّيِّ : সেচ বিভাগ।

مَصْلَحَةُ السِّكَكِ الحَدِيدِيَّةِ : রেলওয়ে অধিদপ্তর।

مَصْلَحَةُ الضَّرَائِبِ : ইনকাম টেক্স অধিদপ্তর।

المَصْلَحَةُ العَامَّةُ : জনকল্যাণ। জনস্বার্থ।

مَصْلَحَةُ العَمَلِ : শ্রম অধিদপ্তর।

مَصْلَحَةُ الكَنْسِ وَالتَّنْظِيفِ : নগর পরিচ্ছন্নকরণ বিভাগ। সিটি কর্পোরেশন অফিস।

مَصْلَحَةُ النَّقْلِ : ট্রান্সপোর্ট অধিদপ্তর।

المَصْلَحَةُ الوَطَنِيَّةُ : জনস্বার্থ। জাতীয় স্বার্থ।

المَصْلَحِيُّ : ডিপার্টমেন্টাল।

المُصَلَّى : নামাজের স্থান। ঈদগাহ।

مُصَلَّى العِيدِ : ঈদগাহ।

المُصَمِّمُ : ডিজাইনার। দৃঢ়সংকল্প।

المَصْنَعِيُّ : শিল্প কারিগরি সম্বন্ধীয়। শৈল্পিক। শিল্পায়িত (Industrialized).

المَصْنَعُ (ج) مَصَانِعُ : কারখানা। প্লান্ট। মিল। (Mill)

مَصْنَعُ التَّعْبِئَةِ : প্যাকিং প্লান্ট।

مَصْنَعُ الزُّبْدَةِ وَالجُبْنِ : ডেইরি ফার্ম।

مَصْنَعُ الرِّجَالِ : মানুষ গড়ার কারখানা।

المَصْنَعُ الصَّغِيرُ : ওয়ার্কশপ।

مَصْنَعُ الطُّوبِ : ইট তৈরির কারখানা।

مَصْنَعُ المَلَابِسِ : ক্লথ-ফ্যাক্টরি। গার্মেন্টস। কাপড়ের মিল।

مَصْنَعُ الوَرَقِ : পেপার মিল।

المَصْنَعِيَّةُ : শ্রমিকের পারিশ্রমিক।

المُصَنَّفُ (ج) مُصَنَّفَاتٌ : বই। কিতাব। রচিত। লিখিত। প্রণীত।

المُصَنِّفُ : সংকলক। প্রণেতা। লেখক। গ্রন্থকার।

المَصْنُوعُ : কৃত্রিম। প্রস্তুতকৃত।

المَصْنُوعَاتُ الزُّجَاجِيَّةُ : কাচের তৈরি।

المَصْنُوعَاتُ المَحَلِّيَّةُ : দেশীয় তৈরি।

المَصْنُوعُ بِالْيَدِ : হাতের তৈরি। হস্তনির্মিত।

المَصْنُوعُ فِي البَيْتِ : ঘরের তৈরি।

المُصَوِّتُ : ভোটার। ভোটদাতা। নির্বাচক।

المُصَوِّرُ : আর্টিস্ট। চিত্রকর। শিল্পী।

المُصَوَّرُ الجُغْرَافِيُّ : ম্যাপ। মানচিত্র।

المُصَوِّرُ السِّينَمَائِيُّ : ক্যামেরাম্যান।

المُصَوِّرُ الشَّمْسِيُّ : ক্যামেরাম্যান।

المُصَوِّرُ الضَّوْئِيُّ : ফটোগ্রাফার।

المُصَوِّرُ الفُوتُوغْرَافِيُّ : ফটোগ্রাফার।

المُصَوِّرَاتِيُّ : ফটোগ্রাফার।

المَصُوغَاتُ : অলঙ্কারাদি। গহনা।

المَصْوَلَةُ : ঝাড়ু।

مَصُونٌ : সুরক্ষিত।

المَصْهَرُ : ফাউন্ড্রী। (Foundry) ইস্পাত কারখানা।

المَصْهُورُ : গলিত। দ্রবীভূত।

المَصِيدَةُ : শিকারের স্থান।

المَصْيَدَةُ (ج) مَصَايِدُ : ফাঁদ। জাল।

مَصْيَدَةُ الفِيرَانِ : ইঁদুর মারার ফাঁদ।

المَصِيرُ : পরিণতি। শেষফল। ফলাফল। প্রত্যাবর্তনস্থল।

مَصِيْرُ الْبِلَادِ : রাষ্ট্রের পরিণতি। দেশের ভাগ্য।
مَصِيْرُ الْحَرْبِ : যুদ্ধের ফলাফল।
اَلْمَصِيْرُ الْقَوْمِيُّ : জাতীয় সমস্যা।
اَلْمَصِيْرُ الْمَحْتُوْمُ : বাস্তব পরিণতি।
اَلْمَصِيْرُ الْمُحْزِنُ : দুঃখজনক পরিণতি।
اَلْمَصِيْرُ الْوَخِيْمُ : খারাপ। অশুভ পরিণতি।
اَلْمَصِيْرِيُّ : বুনিয়াদি। জীবনমৃত্যু-সম্পর্কিত। মৌলিক। ভাগ্য-বিষয়ক। চূড়ান্ত।
اَلْمَصِيْفُ (ج) مَصَايِفُ : গ্রীষ্মনিবাস। ঠাণ্ডা স্থান। শীতল এলাকা।

م ——— ض

اَلْمُضَادُّ : বিরোধী। বিপরীত। পাল্টা। বিধ্বংসী। প্রতিষেধক। নাশক।
اَلْمُضَادُّ لِلثَّوْرَةِ : বিপ্লববিরোধী।
اَلْمُضَادَّةُ : বিরোধিতা করা।
اَلْمُضَادُّ لِلدَّبَّابَاتِ : ট্যাংকবিধ্বংসী [অস্ত্র]।
اَلْمُضَارِبُ التِّجَارِيُّ : ব্যবসায়ের অংশীদার। ব্যবসায়িক পাটনার।
اَلْمُضَارِبُ عَلَى الصُّعُوْدِ : প্রতিযোগিতামূলক মূল্যবৃদ্ধিকারী গ্রাহক।
اَلْمُضَارِبُ عَلَى النُّزُوْلِ : প্রতিযোগিতামূলক মূল্য হ্রাসকারী গ্রাহক।
اَلْمُضَارَبَةُ : প্রতিযোগিতা করা। অন্তরায় সৃষ্টি করা। অংশীদারিত্ব করা।
اَلْمُضَارَبَةُ التِّجَارِيَّةُ : ব্যবসায়িক অংশীদারিত্ব।
اَلْمُضَاعَفَاتُ : প্রতিক্রিয়া। ক্রিয়া।
مُضَاعَفَاتُ الْمَرَضِ : রোগের প্রতিক্রিয়া। রোগবৃদ্ধি।

مُضَاعَفَةُ الْجُهُوْدِ : চেষ্টা বৃদ্ধি করা। শ্রম বৃদ্ধি করা।
اَلْمُضَافَرَةُ : পরস্পর সহযোগিতা করা।
اَلْمُضَايِقُ : বিরক্তিকর। কষ্টকর। অস্বস্তিকর।
مَضَايِقُ (وا) اَلْمَضِيْقُ : সঙ্কীর্ণ। সঙ্কীর্ণ পথ। গিরিসঙ্কট। প্রণালী।
مَضَايِقُ تِيْرَانْ : তিরান প্রণালি।
مَضَايِقُ الْعَقَبَةِ : আকাবা প্রণালির জলপথসমূহ।
اَلْمُضَايَقَاتُ : দুশ্চিন্তাসমূহ। বিপদাপদ।
اَلْمُضَايَقَةُ : কষ্ট দেওয়া। দুশ্চিন্তায় ফেলা।
اَلْمِضْبَطُ : কন্ট্রোল মেশিন।
مَضْبَطَةُ مَجْلِسٍ أَوْ جَلْسَةٍ : রোয়েদাদ। কার্যবিবরণী। কার্যপরিচালনা।
اَلْمَضْبُوْطُ : সঠিক। পরিপক্ক। সুবিন্যস্ত। দৃঢ়।
مَضَتْ مُدَّتُهُ الْقَانُوْنِيَّةُ : আউট অফ ডেট।
اَلْمُضْجِرُ : বিরক্তিকর। অসন্তোষজনক। ক্রোধোদ্দীপক।
اَلْمَضْجَعُ (ج) مَضَاجِعُ : বিছানা। খাট। পালঙ্ক। শয্যা। বেডরুম। শয়নকক্ষ।
اَلْمُضْحِكُ : হাস্যকর। কৌতুকপ্রদ।
اَلْمُضْحِكُ : কৌতুকী। ভাঁড়। জোকার। ব্যঙ্গকারী। রসিক।
اَلْمَضْحَكَةُ : উপহাস। হাসি-ঠাট্টা। মশকরা। হাসির পাত্র। যা দেখে লোকে হাসে।
اَلْمِضَخَّةُ (ج) مِضَخَّاتٌ : পাম্প (Pump)। নলকূপ। টিউবওয়েল।
اَلْمِضَخَّةُ النَّافُوْرِيَّةُ : জেটপাম্প।
مِضَخَّةٌ ذَاتُ ضَغْطٍ عَالِيٍّ : হাইপ্রেসার পাম্প।

اَلْمُضْرِبُ : স্ট্রাইকার। স্ট্রাইককারী। ধর্মঘটকারী।

اَلْمِضْرَبُ (ج) مَضَارِبُ : শিবির। তাঁবু।

مِضْرَبُ التِّنِسْ : র‍্যাকেট। ব্যাট। টেনিস খেলার ব্যাট।

مِضْرَبُ الْكُرَةِ : ব্যাট। [খেলার] হকিস্টিক।

مُضَرَّجٌ بِدَمٍ : রক্তাক্ত।

اَلْمَضْرُوبُ : যে সংখ্যাকে গুণ করা হয়। গুণ্য।

اَلْمَضْرُوبُ فِيهِ : যে সংখ্যা দ্বারা গুণ করা হয়। গুণক।

اَلْمَضْرُورُ : ক্ষতিগ্রস্ত।

اَلْمَضَضُ : ব্যথা। ভয়াল। কষ্ট। পেরেশানি।

اَلْمُضْطَرِمُ : উজ্জ্বল। জ্বলন্ত।

اَلْمُضْطَهِدُ : অত্যাচারী। জালিম।

اَلْمَضْغُوطُ : পেয়ালা। পিষ্ট। চাপ দেওয়া হয়েছে এমন।

اَلْمَضْفُورُ : বিঁড়ে-পাকানো। বেণিকৃত।

اَلْمِضْمَارُ (ج) مَضَامِيرُ : দৌড়ের মাঠ।

مِضْمَارُ الْخَيْلِ : রেসকোর্স। ঘোড়দৌড় ময়দান। রেস-গ্রাউন্ড।

اَلْمُضْمَرُ : গোপন। লুক্কায়িত। গুপ্ত।

اَلْمَضْمُونُ (ج) مَضَامِينُ : বিষয়বস্তু। বন্ধকি। সংরক্ষিত। নির্ভরযোগ্য।

مُضْنًى : ক্লান্ত-শ্রান্ত। দুর্বল।

مُضْنًى بِالْمَتَاعِبِ : বিপদগ্রস্ত।

مَضَى الْبَيَانُ يَقُولُ : বক্তৃতায় কিছু দূর গিয়ে বলা হলো।

مَضَى عَلَى وَجْهِهِ : সে যেদিকে মুখ উঠিয়েছে সেদিকেই চলে গেছে।

مَضَى عَلَى الْأَمْرِ مُضِيًّا : কার্যকর করা।

مَضَى عَلَى الْبَيْعِ مُضِيًّا : বাস্তবায়ন করা।

مَضَى فُلَانٌ قَائِلًا : অমুক আরো বলেছে।

مَضَى وَقْتُهُ : আউট অফ ডেট।

اَلْمِضْيَافُ : অতিথিপরায়ণ।

اَلْمَضِيفُ وَالْمَضِيفَةُ : গেস্ট-হাউজ। অতিথি ভবন। মেহমানখানা।

اَلْمُضِيفُ : স্বাগতিক। আপ্যায়নকারী। মেজবান।

مُضِيفَةٌ بِالطَّائِرَةِ : বিমানবালা। বিমানযাত্রীদের আপ্যায়নকারিণী। ফ্লাইং/এয়ার হোস্টেস।

اَلْمَضِيقُ : প্রণালি। দু-পর্বত বা সমুদ্রের মধ্যবর্তী সঙ্কীর্ণ পথ। গিরিসঙ্কট।

اَلْمُضِيُّ : সমাপনী। সমাপ্ত। গমন। প্রস্থান। অতিক্রমণ।

اَلْمُضِيُّ قُدُمًا فِي كَذَا : অগ্রসর হওয়া।

اَلْمُضِيءُ : উজ্জ্বল। দীপ্তিমান।

م ــــــ ط

مُطَابِقٌ لِلزِّيِّ الْحَدِيثِ : ফ্যাশন্যাবল।

مُطَابَقَةُ الْحِسَابَاتِ : হিসাবের সামঞ্জস্য। মিল।

اَلْمَطَارُ (ج) مَطَارَاتٌ : বিমানবন্দর। (Airport)

مَطَارُ التَّفْرِيغِ : বিমানবন্দর, যেখানে মালামাল নামানো হয়।

اَلْمَطَارُ الْحَرْبِيُّ : যুদ্ধ-সংক্রান্ত বিমানবন্দর।

مَطَارُ الشَّحْنِ : বিমানবন্দর, যেখানে মালামাল বোঝাই করা হয়।

اَلْمَطَارُ يَحْشُدُ اِمْكَانِيَّاتِهِ الْبَشَرِيَّةَ وَالْآلِيَّةَ لِسَلَامَةِ الطَّيَرَانِ وَسُرْعَةِ هُبُوطِ الطَّائِرَاتِ : বিমানবন্দরে সুষ্ঠুভাবে বিমান চলাচল ও দ্রুতগতিতে বিমান অবতরণের যাবতীয় জনবল ও মেশিনপাতি প্রস্তুত রয়েছে।

اَلْمُطَارَدَةُ : পশ্চাদ্ধাবন করা। ধাওয়া করা।

اَلْمَطَّاطُ : রাবার (rubber)। রাবারের ন্যায় প্রসারণযোগ্য।

مَطَّاطٌ اَسْفَنْجِيٌّ : ফোম। স্পঞ্জের রাবার।

مَطَافٌ فِيْ : ট্যুর করা। ঘোরাফেরা করা।

اَلْمُطَاقُ : সহনশীল। সহনীয়। সাধ্য।

اَلْمُطَالَبُ : দায়িত্বশীল। দাবীকৃত। আবেদনকৃত। জবাবদিহি করা।

اَلْمَطَالِبُ : দাবিদার। অভিলাষ। ইচ্ছা। দাবী-দাওয়া। দাবীসমূহ। চাহিদা। প্রয়োজনাদি।

مُطَالِبٌ بِحَقٍّ : দাবিদার। আবেদনকারী।

اَلْمُطَالَبَةُ بِسُلْطَاتٍ وَاسِعَةٍ : ব্যাপক কর্তৃত্বের দাবি করা।

مُطَالِبٌ بِالْعَرْشِ : সিংহাসনের দাবিদার।

مَطَالِبُ الشَّعْبِ : জনগণের চাহিদা।

مَطَالِبُ فَادِحَةٌ : ব্যাপক চাহিদা।

مُطَالَبَاتٌ جُمْرُكِيَّةٌ : কাস্টম-ক্লেইম।

اَلْمُطَالَبَةُ : দাবি। আবেদন। আবদার। অভিযোগ। ডিমান্ড। ডিমান্ড করা। ক্লেইম করা। অভিযোগ করা।

اَلْمُطَالَبَةُ بِتَعْوِيْضٍ : বিনিময় / পারিশ্রমিক চাওয়া।

اَلْمُطَالَبَةُ بِتَعْوِيْضِ الْأَضْرَارِ : ক্ষতিপূরণের অভিযোগ করা।

اَلْمُطَالَبَةُ بِحُقُوْقٍ : অধিকার / প্রতিদান দাবি করা।

اَلْمُطَالَبَةُ بِشَيْءٍ : দাবি করা। প্রার্থনা করা।

اَلْمُطَالَبَةُ بِالْعَمَلِ عَلٰى اِطْلَاقِ السَّرَاحِ : মুক্তির ব্যবস্থা গ্রহণের আবেদন।

اَلْمُطَالَبَةُ بِوَسِيْطٍ جَدِيْدٍ : নতুন সালিসের দাবি করা।

اَلْمُطَالَبَةُ حَدٌّ لِعَمَلِيَّاتِ التَّعْذِيْبِ : শাস্তিপ্রদানের পদক্ষেপ বন্ধের দাবি করা।

اَلْمُطَالِعُ : অধ্যয়নকারী।

اَلْمُطَالَعَةُ : স্ট্যাডি। অধ্যয়ন।

مَطَامِعُ (وا) اَلْمَطْمَعُ : উদ্দেশ্য। চাহিদা। কামনা। প্রত্যাশা। লালসা। লিপ্সা।

اَلْمُطَاوَلَةُ : হটানো। টালবাহানা করা। ছলছুতা করা। মিথ্যা অজুহাত দেখানো।

اَلْمَطْبَخُ (ج) مَطَابِخُ : কিচেন। বাবুর্চিখানা। রেস্টুরেন্ট। রান্নাঘর।

اَلْمِطْبَخُ : চুলা। স্টোভ।

اَلْمُطَبَّعُ : যাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। অভ্যস্তকৃত।

اَلْمَطْبَعَةُ : প্রেস। প্রিন্টিং প্রেস। ছাপার মেশিন। মুদ্রণযন্ত্র।

مِطْبَعَةُ حَجَرٍ : লিথু প্রেস।

اَلْمَطْبَعِيُّ : প্রিন্টার। (Printer) প্রেসম্যান। প্রেসের মালিক। ছাপার কাজ করে যে।

اَلْمَطْبَقُ : সম্পূর্ণ। মাটির নিচে। ভূগর্ভস্থ কয়েদখানা। বিদঘুটে অন্ধকার।

مَطْبُوعٌ عَلَى : কোনো জিনিসের জন্মগত স্বভাব।

اَلْمَطْبُوعَاتُ : সাহিত্যকর্ম। প্রিন্টেড মেটার। ছাপযুক্ত কাগজপত্র।

اَلْمَطْبُوعَاتُ الدَّوْرِيَّةُ : অনিয়মিত প্রকাশনা। ভ্রাম্যমান লিফলেট।

اَلْمَطْبُوقُ : বন্ধ। সীমাবদ্ধ। বন্দি।

اَلْمِطْحَنَةُ (ج) مَطَاحِنُ : আটা পেষাই মেশিন। জাঁতাকল। পেষণযন্ত্র।

اَلْمَطَرُ الْخَفِيفُ : হালকা বৃষ্টি।

اَلْمَطَرُ الْغَزِيرُ : মুষলধার বৃষ্টি। প্রবল বৃষ্টি।

اَلْمَطَرُ الْمِدْرَارُ : মুষলধার বৃষ্টি।

اَلْمُطْرَانُ : আর্চবিশপ। (Archbishop) বড় পাদ্রি।

اَلْمُطْرِبُ : গায়ক। আনন্দদায়ক। বিনোদনমূলক।

اَلْمَطْرَةُ، الْمَطَرَةُ : বৃষ্টির ফোঁটা। বিন্দু। বৃষ্টিকণা।

اَلْمَطْرَحُ (ج) مَطَارِحُ : স্থান। পতনের স্থান। জায়গা। আসন।

اَلْمُطَّرِدُ : বহুলপ্রচলিত। ধারাবাহিক। সাধারণ।

اَلْمِطْرَقُ (ج) مَطَارِقُ : হাতুড়ি।

اَلْمِطْرَقَةُ : হাতুড়ি। মুগুর।

اَلْمَطْرُوحُ : পতিত। প্রত্যাখ্যাত। নিক্ষিপ্ত। বিয়োগকৃত। পেশকৃত।

مَطْرُوحُ الْفِرَاشِ : অসুস্থ। শয্যাশায়ী।

مَطْرُوحٌ مِنْهُ : যে সংখ্যা থেকে ছোট সংখ্যা বাদ দেওয়া হয়েছে। বিয়োগকৃত। বিয়োজিত।

اَلْمَطْرُودُ : দূরত্ব। বহিষ্কৃত। ভবঘুরে। লম্পট।

اَلْمَطْرُوقُ : ব্যবহৃত। প্রচলিত।

اَلْمِطْرِيَّةُ : ছাতা।

مَطَّطَ ـ تَمَطُّطًا : রাবারের ন্যায় টানা।

اَلْمَطْعَمُ (ج) مَطَاعِمُ : রেস্টুরেন্ট। (Resturant) ক্যান্টিন। ক্যাফেটিরিয়া।

اَلْمَطْعَمُ بِلَا خَدَمٍ : সেল্‌ফ সার্ভিস হোটেল।

اَلْمُطْفَأُ : নির্বাপিত। বিবর্ণ। অস্পষ্ট।

اَلْمِطْفَأَةُ : অগ্নিনির্বাপকযন্ত্র। দমকল।

مِطْفَأَةُ الْحَرَائِقِ : ফায়ার ব্রিগেডিয়ার।

مُطِلٌّ عَلَى : সম্মুখে। দৃশ্যমান।

اَلْمَطْلَبُ (ج) مَطَالِبُ : উদ্দেশ্য। স্বার্থ। দাবি। বিষয়বস্তু। আলোচনার বিষয়। ডিমান্ড।

اَلْمَطْلَبُ الْقَوْمِيُّ : জাতীয় স্বার্থ।

مَطْلَعُ الشَّيْءِ وَفَجْرُهُ : সূচনা। সিঁড়ি। কবিতার প্রথম পঙ্‌ক্তি।

مُطَّلِعٌ عَلَى : অবগত। অবহিত। যে উঁকি দিয়ে দেখে।

اَلْمُطْلَقُ : সাধারণ। সীমাহীন। পূর্ণ। পরিপূর্ণ। বাধাহীন। সার্বভৌমত্ব। ডিক্টেটর। একনায়কতন্ত্র। স্বৈরাচার। একনায়কতান্ত্রিক।

مُطْلَقُ التَّصَرُّفِ : একনায়কতন্ত্রী। স্বৈরাচার।

مُطْلَقُ التَّفْوِيضِ : পূর্ণক্ষমতাধর ব্যক্তি।

مُطْلَقُ السَّرَاحِ : আজাদ। স্বাধীন।

مُطْلَقًا : সম্পূর্ণরূপে।

اَلْمِطْلَمَةُ : বেলন, যা দ্বারা রুটি বেলা হয়।

الْمَطْلُوبُ : আদায়যোগ্য। দাবি। আবশ্যক। [বিজ্ঞাপনে] কাঙ্ক্ষিত। তলবকৃত।

مَطْلُوبٌ الْعَمَلِ : কাজের জন্য লোক আবশ্যক।

مَطْلُوبٌ مُدَرِّسٌ : শিক্ষক আবশ্যক [বিজ্ঞাপনে]।

الْمَطْمَعُ (ج) مَطَامِعُ : লালসা। লোভ। উদ্দেশ্য। লিপ্সা।

الْمَطْمَحَةُ : লোভের বস্তু।

الْمَطْمَعُ (ج) مَطَامِعُ : লোভ। লালসা। উদ্দেশ্য। লিপ্সা।

الْمَطْمَعَةُ : লোভের বস্তু। কামনা। বাসনা। কাম্যবস্তু। লালসার পাত্র।

الْمَطْمُوحُ : কাঙ্ক্ষিত। আশান্বিত।

الْمَطْمُورُ : দাফনকৃত। সমাধিস্থ। সমাহিত।

الْمَطْمُوسُ : নিশ্চিহ্ন। বিলুপ্ত। পাঠের অযোগ্য।

الْمَطْمَئِنُّ : নিশ্চিন্ত। নির্ভীক। নিরাপদ।

الْمِطْوَاةُ : পকেট চাকু।

الْمُطَوِّعُ لِخِدْمَةٍ : ভলান্টিয়ার। স্বেচ্ছাসেবক।

الْمُطَوَّقُ : শৃঙ্খলাবদ্ধ। হাতকড়া পরিহিত।

الْمِطْوِيُّ : পকেট চাকু।

الْمَطْوِيُّ : গোছানো; গুটানো; পেঁচানো।

الْمَطِيَّةُ (ج) مَطَايَا : বাহন। সওয়ারি।

الْمُطِيعُ لِلْقَانُونِ : আইন মান্যকারী। আইনের প্রতি শ্রদ্ধাশীল।

م —— ظ

الْمَظَاهِرُ الْجَوْفَاءُ : অন্তঃসারশূন্য দৃশ্য। উপরে ফিটফাট ভিতরে সদরঘাট।

مَظَاهِرُ الْحَيَاةِ : জীবনযাপনের দৃশ্য।

الْمَظَاهِرُ الْخَلَّابَةُ : মনোরম দৃশ্য। চিত্তাকর্ষক দৃশ্য।

الْمُظَاهَرَةُ : বিক্ষোভ প্রদর্শন। সহযোগিতা। বিক্ষোভ। প্রদর্শনী। প্রকাশ করা। প্রদর্শনী করা।

مُظَاهَرَةٌ صَاخِبَةٌ : বিশাল বিক্ষোভ।

مُظَاهَرَةٌ عِدَائِيَّةٌ : শত্রুতামূলক। আক্রমণাত্মক বিক্ষোভ প্রদর্শন।

الْمُظَاهَرَةُ الضَّخْمَةُ : বিশাল বিক্ষোভ প্রদর্শন করা।

مُظَاهَرَةٌ مُعَادِيَةٌ لِلْحُكُومَةِ : রাষ্ট্রবিরোধী বিক্ষোভ।

الْمُظِلُّ : ছায়াদার।

الْمِظَلَّةُ (ج) مِظَلَّاتٌ : শেড। ছাতা। ছত্র। শামিয়ানা।

مِظَلَّةُ التِّلِيفُونِ : টেলিফোন বুথ।

مِظَلَّةُ هُبُوطٍ : প্যারাসুট।

الْمُظْلِمُ : ব্ল্যাক। কালো। অন্ধকারময়। অন্ধকারাচ্ছন্ন।

مُظْلِمٌ قَلِيلًا : ডিম [লাইট]। আবছা আলো।

الْمَظْلِمَةُ (ج) مَظَالِمُ : অত্যাচার। জুলুম। উৎপীড়নের অভিযোগ।

الْمَظْلَمَةُ : ছিনতাইকৃত দ্রব্যের হক দাবি।

الْمَظِنَّةُ (ج) مَظَانُّ : সন্দেহ। কুধারণা।

الْمَظْهَرُ (ج) مَظَاهِرُ : রূপ। আকৃতি। দৃশ্য। বাহ্যিক রূপ।

الْمَظْهَرُ الْخَارِجِيُّ : ফ্রন্ট। চেহারা। মুখাবয়ব।

الْمَظْهَرُ الْعَامُّ : গেট আপ। বাহ্যিকরূপ।

الْمَظْهَرُ : শো। দৃশ্য। সুখময়।

م ـــ ع

مَعَ : সাথে। সঙ্গে।

مَعَ أَنْ : অথচ।

مَعَ بَعْضِهِمُ الْبَعْضَ : পরস্পরে। একে অন্যের সাথে।

مَعَ ذٰلِكَ : এতদসত্ত্বেও।

مَعَ الْوَقْتِ : সময়ের সাথে সাথে।

اَلْمَعَابُ (ج) مَعَايِبُ : দোষ। ত্রুটি। দুর্বলতা। অপরিপক্কতা।

اَلْمُعَاجَلَةُ : অন্যের উপর অগ্রগামী হওয়া।

اَلْمَعَادُ : গন্তব্য। প্রত্যাবর্তনস্থল। পরকাল।

اَلْمُعَادَاةُ : শত্রুতা রাখা।

اَلْمُعَادَلَةُ : সাম্যতা। সমতা। মান নিরূপণ। সমীকরণ। এক সনদ অন্য সনদের সমমান হওয়া। তুলনা করা। পর্যায়ভুক্ত হওয়া। ভারসাম্য।

مُعَادَلَةُ الْإِيرَادِ : আমদানির ভারসাম্যতা।

مُعَادَلَةُ السُّلْطَةِ : কর্তৃত্বের ন্যায়ভিত্তিক বন্টন।

اَلْمَعَاذُ : আশ্রয়। আশ্রয়স্থল।

اَلْمُعَارِضُ : বিরোধী। প্রতিপক্ষ।

اَلْمُعَارِضُ لَهُ : বিপরীত। বিজোড়।

اَلْمُعَارَضَةُ : বিরোধিতা। অপোজিশন। প্রতিবন্ধকতা। প্রতিদ্বন্দ্বিতা করা। দ্বন্দ্ব।

اَلْمُعَارَضَةُ الْبِنَاءَةُ : নির্মাণ-সংক্রান্ত মতানৈক্যতা।

اَلْمُعَارَضَةُ الشَّعْبِيَّةُ : নাগরিক প্রতিবন্ধকতা।

اَلْمُعَارَضَةُ الْعَلَنِيَّةُ : খোলাখুলি বিরোধিতা।

مُعَارَضَةُ كِفَاحٍ : প্রচেষ্টায় প্রতিবন্ধকতা সৃষ্টি করা।

مُعَارَضَةُ الْمُحَامِي : উকিলের প্রতিবাদ করা/ আপত্তি তোলা।

مُعَارِضُونَ وَمُؤَيِّدُونَ : পক্ষ-বিপক্ষগণ।

اَلْمَعَارِكُ : যুদ্ধবিগ্রহ।

مَعَارِكُ طَاحِنَةٌ : তুমুল যুদ্ধ।

مَعَارِكُ طَائِفِيَّةٌ : সাম্প্রদায়িক দাঙ্গা।

اَلْمُعَارَكَةُ : যুদ্ধবিগ্রহ। যুদ্ধ করা।

مَعَارِي الْجِسْمِ : শরীরের বাহ্যিক অংশ।

اَلْمَعَّازُ : বকরির রাখাল।

اَلْمَعَاشُ (ج) مَعَاشَاتٌ : জীবন। জীবিকা। পেনশন। জীবিকা নির্বাহের সামগ্রী। দৈনন্দিন।

مَعَاشُ تَقَاعُدٍ : পেনশন। অবসর ভাতা।

مَعَاشٌ سَنَوِيٌّ : বাৎসরিক পেনশন।

مَعَاشُ الشَّيْخُوخَةِ : বৃদ্ধ ভাতা। বয়স্ক ভাতা।

مَعَاشُ طُولِ الْحَيَاةِ : আজীবন ভাতা।

اَلْمُعَاشَرَةُ : সঙ্গ। মেলামেশা। মিলেমিশে বসবাস করা। সমাজবদ্ধভাবে জীবনযাপন করা।

اَلْمُعَاصِرُ : সময়সাময়িক। সমকালীন। সাম্প্রতিককাল। বর্তমান।

اَلْمُعَاصَرَةُ : সমসাময়িকতা। সমসাময়িক হওয়া।

اَلْمُعَاقِبُ : শাস্তি প্রদানকারী। পরে আগমনকারী।

اَلْمُعَاقَبَةُ : শাস্তি প্রদান করা।

اَلْمُعَاقِدُ : সন্ধি স্থাপনকারী।

اَلْمُعَاقَرَةُ : সম্পৃক্ত হওয়া। আবশ্যকীয় হওয়া। মদের নেশা। মদ্যপান।

اَلْمُعَاكِسُ : পাল্টাপাল্টি। বিরোধী।

اَلْمُعَاكَسَةُ : বৈপরীত্য। বিরোধিতা করা। কষ্ট দেওয়া।

مُعَالٌ : লালনপালনাধীন। দায়িত্বাধীন।

اَلْمُعَالَجَةُ : চিকিৎসা। ঔষধ। তদবির। সমাধান বের করা। স্বভাব যাচাই করা। আলোচনা। বিবেচনা। স্বার্থসিদ্ধি। চিকিৎসা করা।

مُعَالَجَةُ الْأُمُورِ : লেনদেন মিটানো। সমাধান দেওয়া।

اَلْمُعَالَجَةُ بِأَجْرٍ مُقَرَّرٍ : নির্দিষ্ট ফিসে চিকিৎসা করা।

مُعَالَجَةُ الشَّكَاوَى : অভিযোগের সমাধান বের করা।

اَلْمُعَالَجَةُ الْمِثْلِيَّةُ : হোমিওপ্যাথি।

مُعَالَجَةُ الْمَوْضُوعِ : বিষয়ভিত্তিক আলোচনা। কোনো বিষয়ের উপর প্রতিবেদন তৈরি করা।

مَعَالِمُ (وا) اَلْمَعْلَمُ : চিহ্ন। নিশানা। বৈশিষ্ট্য। নিদর্শন। রূপরেখা।

مَعَالِمُ أَثَرِيَّةٍ : পুরাতন বিল্ডিং।

مَعَالِمُ الْاِقْتِرَاحِ : প্রস্তাব / অনুমোদনপত্র।

مَعَالِمُ طَامِسَةٍ : মুছে যাওয়া চিহ্ন।

مَعَالِمُ الْمَدِينَةِ : শহরের চিহ্ন যা দূর থেকে দেখা যায়।

اَلْمُعَامِعُ : যুদ্ধবিগ্রহ।

اَلْمُعَامَلَاتُ التِّجَارِيَّةُ : ব্যবসায়িক লেনদেন।

اَلْمُعَامَلَاتُ الْجُمْرُكِيَّةُ : কাস্টম-সম্বন্ধীয় লেনদেন।

مُعَامَلَةُ أَحَدٍ : ডীলিং। কর্মপদ্ধতি। নিয়মতান্ত্রিকতা অবলম্বন করা।

اَلْمُعَامَلَةُ بِطَرِيقَةٍ وَحْشِيَّةٍ : নিষ্ঠুর, হিংস্র আচরণ করা।

اَلْمُعَامَلَةُ بِالْمِثْلِ : যেমন কুকুর তেমন মুগুর। যে যেমন তার সাথে তেমন আচরণ করা।

مُعَامَلَةٌ تَنْطَوِي عَلَى التَّفْرِقَةِ : ব্যতিক্রম আচরণ।

اَلْمُعَانَاةُ : কষ্ট। ক্লেশ। যন্ত্রণা। দুর্ভোগ। প্রয়াস। কষ্ট স্বীকার করা।

اَلْمُعَانَاةُ الرَّهِيبَةُ : ভয়াবহ পেরেশানি।

اَلْمُعَانَاةُ الْقَاسِيَةُ : কঠিনযন্ত্রণা।

اَلْمُعَانَاةُ مِنَ الْأَزْمَةِ الْعَصَبِيَّةِ : মানসিক যন্ত্রণায় ভোগা।

اَلْمُعَانَاةُ مِنْ كَذَا : যন্ত্রণা ভোগ করা।

اَلْمُعَانِدُ : বিরোধী। অবাধ্য। উদ্ধত। জেদি। একগুঁয়ে।

اَلْمُعَانَدَةُ : বিরোধিতা করা।

مُعَانَقَةُ الرَّجُلِ : আলিঙ্গন করা। কোলাকুলি করা।

اَلْمَعَانِي : বাস্তবতা।

مَعَانِي الْعَطْفِ وَالرِّعَايَةِ : অনুগ্রহ ও দয়ার্দ্রতার অনুপ্রেরণা।

اَلْمُعَاوَدَةُ : ফিরে আসা। প্রত্যাগমন করা। পুনরায় আসা।

مُعَاوَدَةُ الْكُرَةِ : বল দ্বিতীয়বার নিক্ষেপ করা।

اَلْمُعَاوِنُ : সহযোগিতাকারী। সহকারী। এ্যাসিস্টেন্ট। হেলপার।

مُعَاوِنٌ فِي عَمَلٍ يَدَوِيٍّ : হেলপার।

اَلْمُعَاوَنَةُ : কো-অপারেশন। হেলপ। সাহায্য। সহযোগিতা।

اَلْمُعَاهِدُ : চুক্তিবদ্ধ ব্যক্তি। প্রতিজ্ঞাকারী।

اَلْمُعَاهَدَةُ : চুক্তি। সন্ধি। প্রতিজ্ঞা। এগরিমেন্ট।

اَلْمُعَاهَدَةُ التِّجَارِيَّةُ : ব্যবসায়িক চুক্তি।

مُعَاهَدَةُ تَسْلِيمِ الْمُجْرِمِيْنَ : অপরাধী বিনিময় চুক্তি।

مُعَاهَدَةُ تَعَاوُنٍ : পারস্পরিক সহযোগিতার চুক্তি।

مُعَاهَدَةُ صَدَاقَةٍ : বন্ধুত্বের চুক্তি।

مُعَاهَدَةُ عدم الاعتداء : যুদ্ধবিরতি চুক্তি।

اَلْمُعَايِرُ : দোষক্রটি। ক্রটিসমূহ। অসুবিধাসমূহ।

اَلْمُعَايَرَةُ : অহংকার করা। নিরীক্ষা করা। মাপা-মাপি করা। টেস্ট করা।

اَلْمُعَايَشَةُ : কারো সাথে জীবনযাপন করা।

اَلْمُعَايَنَةُ : পরীক্ষা-নিরীক্ষা করা। দেখা। পর্যবেক্ষণ। সার্ভে।

اَلْمُعَبَّأُ فِي صَفَائِحَ : টিনজাত। প্যাকেজিং।

اَلْمُعَبَّأُ فِي عُلْبَةٍ : কোটাবদ্ধ। প্যাকেটকৃত।

اَلْمُعَبَّدُ : সমতল। মেরামতকৃত। সুগম রাস্তা। দাসে পরিণত।

اَلْمَعْبَدُ (ج) مَعَابِدُ : উপাসনালয়। এবাদতখানা। মন্দির। গির্জা।

اَلْمُعَبِّئُ : প্যাকার। প্যাকেটজাতকারী।

اَلْمُعْتَادُ : সচরাচর। প্রচলিত।

اَلْمُعْتَبَرُ : বিবেচিত। গুরুত্বপূর্ণ। হিসাবযোগ্য। মূল্যবান।

مُعْتَدٍ : সীমালঙ্ঘনকারী। আক্রমণাত্মক শত্রু।

اَلْمُعْتَدِلُ : মিডিয়াম। মধ্যপন্থি। উপযুক্ত। সুখময়। সুষম। নাতিশীতোষ্ণ [অঞ্চল]।

اَلْمُعْتَدِي : আক্রমণাত্মক। আক্রমণকারী।

اَلْمُعْتَرِضُ : বিক্ষোভকারী। ছিদ্রান্বেষণকারী। প্রতিবাদকারী। আপত্তিকারী।

اَلْمُعْتَرِفُ بِالْإِحْسَانِ : কৃতজ্ঞ। অনুগ্রহ স্বীকারকারী।

مُعْتَرَفٌ بِهِ : স্বীকৃত। অনুমোদিত।

اَلْمُعْتَزُّ : উচ্চশির। গর্বিত। অহংকারী।

مُعْتَفٍ : নিশ্চিহ্ন। যা মিটে গেছে।

اَلْمُعْتَقَدُ (ج) مُعْتَقَدَاتٌ : বিশ্বাস।

اَلْمُعْتَقِدُ : ভক্ত। মুরিদ। বিশ্বাসী।

مُعْتَقِدًا : এ ধারণায় যে।

اَلْمُعْتَقَلُ : জেলখানা। সাময়িক জেল। নজরবন্দির স্থান।

مُعْتَقَلُونَ : নজরবন্দি লোকসকল।

اَلْمُعْتَكِفُ : নির্জনবাসী। ই'তিকাফকারী।

اَلْمُعْتِمُ : তিমিরাচ্ছন্ন। অন্ধকার।

اَلْمُعْتَمَدُ : সত্যায়িত। ডেপুটি। প্রতিনিধি। বিশ্বস্ত। প্রামাণিক। স্থলাভিষিক্ত। স্বাধীন। মনোনীত।

اَلْمُعْتَمَدُ السِّيَاسِيُّ : ডিপ্লোম্যাটিক এজেন্ট।

اَلْمُعْتَمِدُ عَلَى نَفْسِهِ : স্বয়ংসম্পূর্ণ। আত্মবিশ্বাসী।

مُعْتَنٍ بِكَذَا : দৃষ্টি আকর্ষণ করা। গুরুত্ব প্রদান করা।

اَلْمَعْثُوثُ : পোকায় খাওয়া। ঘুণে খাওয়া।

اَلْمُعْجِبُ : আশ্চর্যজনক।

مُعْجَبٌ بِذَاتِهِ : দাম্ভিক। অহংকারী।

مُعْجَبٌ بِكَذَا : প্রেমিক। প্রিয়। আশেক।

اَلْمُعْجِزَةُ : অলৌকিক বস্তু। মু'জিযা।

اَلْمُعَجَّلُ : আর্জেন্ট। দ্রুত সম্পন্নকৃত। তাৎক্ষণিক।

اَلْمُعْجَمُ : অভিধান। শব্দকোষ (Dictionary)। নুকতাবিশিষ্ট। অস্পষ্ট।

اَلْمِعْجَنُ : বড় মৃৎপাত্র। কড়াই। আটা গোলানোর পাত্র।

مِعْجَن آلِيٌّ : আটা খামির করার স্বয়ংক্রিয় মেশিন।

مُعَجَّنَاتٌ : (فَطَائِرُ) পেস্ট্রি। কেক।

اَلْمَعْجُونُ : পেস্ট। খামির। (Peste)

مَعْجُونُ الْأَسْنَانِ : টুথপেস্ট। (Tooth paste)

مُعَدٌّ : প্রস্তুতকৃত। তৈরি।

مُعَدٌّ لِكَذَا : ফিট হওয়া। মিল হওয়া।

مُعِدَّاتٌ : উপায়। সরঞ্জামাদি। উপকরণাদি।

مُعِدَّاتُ الْإِشَارَةِ : সিগন্যাল লাইট।

مُعِدَّاتُ تَصْوِيرٍ جَوِيٍّ : মহাশূন্যের ছবি তোলার যন্ত্র।

مُعِدَّاتُ الرَّاحَةِ : শান্তির উপকরণাদি।

اَلْمُعِدَّاتُ الْعَسْكَرِيَّةُ : সামরিক সরঞ্জামাদি।

مُعِدَّاتُ الْمَكْتَبِ : অফিসের ফার্নিচার।

اَلْمُعَدَّلُ (ج) مُعَدَّلَاتٌ : এভারেজ। (Average) গড়। রেট। (Rate) সঠিক। সোজা। সংশোধিত।

مُعَدَّلُ الْأُجُورِ : বেতনের মাপকাঠি।

مُعَدَّلُ الْاِسْتِهْلَاكِ فِي السَّاعَةِ : প্রতিঘণ্টায় ব্যয়ের গড়।

مُعَدَّلُ التَّحْوِيلِ : মুদ্রা পরিবর্তনের রেট।

مُعَدَّلُ التَّوَالُدِ : জন্মহার। জন্মের হার।

مُعَدَّلُ الْوَفِيَّاتِ : মৃত্যুহার। মৃত্যুর গড়।

اَلْمُعَدِّنُ : খনি খননকারী। মাটির নিচ থেকে ধাতবদ্রব্য নির্গমনকারী।

اَلْمَعْدِنُ (ج) مَعَادِنُ : ১. খনিজপদার্থ, যেমন- লোহা-তামা ইত্যাদি। ২. মূল। ভিত্তি। খনি।

اَلْمَعْدِنُ الْكَرِيمُ : মূল্যবান খনিজপদার্থ।

اَلْمَعْدِنِيُّ : খনিজ। ধাতব। ধাতুনির্মিত।

اَلْمَعْدُومُ : অনুপস্থিত। অস্তিত্বহীন। হারানো।

مَعْدُومُ الْحَيَاةِ : মৃত। নির্জীব।

اَلْمَعِدِيُّ : পাকস্থলী-সম্বন্ধীয়।

اَلْمُعَدِّيَةُ (ج) مُعَدِّيَاتٌ : খেয়ানৌকা।

اَلْمَعْذِرَةُ (ج) مَعَاذِيرُ : ওজর। দলিল। ক্ষমা। প্রার্থনা।

اَلْمِعْرَجُ (ج) مَعَارِيجُ : সিঁড়ি। সোপান।

اَلْمَعْرِضُ : শো। প্রদর্শনীস্থল। প্রদর্শনী। শো-রুম। প্রদর্শনীর হল-রুম।

اَلْمَعْرِضُ الدُّوَلِيُّ : আন্তর্জাতিক প্রদর্শনী। আন্তর্জাতিক মেলা।

مَعْرِضُ رِسَالَةِ الْجَامِعَةِ : বিশ্ববিদ্যালয় মিশন প্রদর্শনী।

اَلْمَعْرِضُ الزِّرَاعِيُّ : কৃষি প্রদর্শনী।

اَلْمَعْرِضُ الْعَالَمِيُّ : আন্তর্জাতিক প্রদর্শনী।

اَلْمَعْرِفَةُ (ج) مَعَارِفُ : জ্ঞান। শিক্ষা।
পরিচয়। নলেজ।
مَعْرِفَةُ الْجَمِيْلِ : কৃতজ্ঞতা।
اَلْمُعَرَّقُ : মার্বেল পাথর সমৃদ্ধ। মার্বেলিং।
اَلْمُعْتَرَكُ : যুদ্ধক্ষেত্র। রণক্ষেত্র।
اَلْمَعْرَكَةُ : যুদ্ধ। লড়াই। সংগ্রাম। অভিযান।
এ্যাকশন। (Action) ঝগড়া।
مَعْرَكَةٌ اِنْتِخَابِيَّةٌ عَنِيْفَةٌ : ব্যাপক নির্বাচনী
অভিযান।
مَعْرَكَةٌ بِالرَّصَاصِ : গুলিবৃষ্টি।
مَعْرَكَةٌ تِلِفِزْيُوْنِيَّةٌ : টেলিভিশনে দেখানো
যুদ্ধের দৃশ্য। টেলিভিশনে দেখানো বিতর্ক।
اَلْمَعْرَكَةُ الْحَاسِمَةُ : চরম যুদ্ধ। তুমুল যুদ্ধ।
اَلْمَعْرَكَةُ الْحَامِيَةُ بَيْنَ فُلَانٍ وَفُلَانٍ : অমুক
অমুকের মাঝে বাক-বিতণ্ডা চালু রয়েছে।
مَعْرَكَةُ الدَّبَّابَاتِ : ট্যাংক যুদ্ধ।
اَلْمَعْرَكَةُ الشَّرِسَةُ : ভয়ানক যুদ্ধ। তুমুল যুদ্ধ।
اَلْمَعْرَكَةُ الْعَنِيْفَةُ : প্রচণ্ড যুদ্ধ। তীব্র যুদ্ধ।
তুমুল লড়াই।
اَلْمَعْرُوْضُ : বিক্রয়ের জন্য।
اَلْمَعْرُوْضَاتُ : বিক্রয়ের মালামাল। প্রদর্শনী সামগ্রী।
مُعَرًّى : নগ্ন। অনাবৃত। উন্মুক্ত।
টীকা-টিপ্পনীবিহীন। [পুস্তক]
اَلْمِعْزَفُ (ج) مَعَازِفُ : বাদ্যযন্ত্র। পিয়ানো। বাদ্য।
اَلْمِعْزَقَةُ (ج) مَعَازِقُ : বেলচা। কোদাল।
اَلْمَعْزِلُ : নির্জনস্থান। অবসর নিকেতন।

اَلْمَعْزُوْلُ : বিচ্ছিন্ন। অপসারিত। বরখাস্ত।
اَلْمُعْسِرُ : রিক্তহস্ত। নিঃস্ব। দরিদ্র।
اَلْمُعَسْكَرُ (ج) مُعَسْكَرَاتٌ : ক্যাম্প।
(Campe) ব্লক। (Block) ব্যারাক।
সেনাছাউনি। সেনানিবাস। সেনাশিবির।
اَلْمُعَسْكَرُ الْاِشْتِرَاكِيُّ : কমিউনিস্ট ব্লক।
কমিউনিস্ট ক্যাম্প।
مُعَسْكَرُ اِعْتِقَالٍ : নজরবন্দি ক্যাম্প।
বেসামরিক বন্দিশিবির।
مُعَسْكَرٌ رَأْسَمَالِيٌّ : পুঁজিবাদী ব্লক।
مُعَسْكَرُ الشَّرْقِ : প্রাচ্যদেশীয় ব্লক।
اَلْمُعَسْكَرُ الشُّيُوْعِيُّ : কমিউনিস্ট ব্লক।
مُعَسْكَرُ الْغَرْبِ : পাশ্চাত্য ব্লক।
مُعَسْكَرُ عَمَلٍ : লেবার ক্যাম্প।
مُعَسْكَرُ الْعَمَلِ الْاِلْزَامِيِّ : লেবার ক্যাম্প।
مُعَسْكَرُ دَاوُدَ : ক্যাম্প ডেভিড।
اَلْمَعْسَلَةُ : মোমাছির চাক। মৌচাক।
মৌমাছি পালনের বক্স।
اَلْمَعْسُوْلُ : মধুমাখা। সুমিষ্ট। মধুময়।
اَلْمِعْشَارُ : দশমাংশ।
اَلْمُعْشِبُ : অধিক ঘাসবিশিষ্ট। ঘাসবহুল।
اَلْمَعْشَرُ (ج) مَعَاشِرُ : দল। সংগঠন। সম্প্রদায়।
اَلْمِعْصَرَةُ : নিংড়ানোর যন্ত্র। ঘানি।
مَعْصَرَةُ الزَّيْتُوْنِ : অয়েল মিল। ঘানি।
مَعْصَرَةُ قَصَبِ السُّكَّرِ : ইক্ষু মেশিন।
আখের রস বের করার মেশিন।
اَلْمِعْصَمُ (ج) مَعَاصِمُ : কবজি।

اَلْمَعْصُوم : নিষ্পাপ। সংরক্ষিত।
اَلْمَعْصِيَةُ (ج) مَعَاصِي : পাপ। গুনাহ। অপরাধ। অবাধ্যতা। নাফরমানী।
اَلْمُعْضِل : জটিল। সমস্যাসঙ্কুল।
اَلْمُعْضِلَة : প্রবলেম। সমস্যা। জটিলতা। বাধা।
اَلْمُعَضُوض : দন্ত সংযুক্তকৃত। দংশিত।
مُعْطٍ : দাতা। দানশীল।
اَلْمِعْطَال : অকর্মা। বেকার। লম্পট।
اَلْمُعَطَّر : সুরভিত। সুবাসিত।
اَلْمِعْطَف (ج) مَعَاطِف : কোট। ওভারকোট। ফ্রক।
مِعْطَف وَاقٍ مِنَ الْمَطَرِ : ওয়াটার প্রুফ কোট। রেইন কোট।
اَلْمُعَطَّل : পক্ষাঘাতগ্রস্ত। বেকার। অকর্মণ্য। বন্ধ। (Off) অফ। কর্মহীন।
مُعَطِّلَات : প্রতিবন্ধকতাসমূহ।
مُعْطَيَات : ফলাফল। ঋণ। বাস্তবতা। তথ্যসমূহ।
اَلْمُعْظَم : অধিকাংশ। বেশিরভাগ। অধিকতর। চূড়ান্ত। পরিণাম।
اَلْمُعَفَّن : দুর্গন্ধময়। নষ্ট। খারাপ। পচনশীল।
مُعْفًى مِنَ الرُّسُوم : ডিউটির বহির্ভূত।
مُعْفًى مِنَ الضَّرِيبَةِ : শুল্কমুক্ত। ট্যাক্স ফ্রি।
اَلْمُعَقِّبُون : সমালোচক। টীকাকার। পর্যালোচনাকারী।
اَلْمُعَقَّد : পেঁচানো। পেঁচবিশিষ্ট। গিরাবিশিষ্ট। গিঁঠযুক্ত। জটিল। দুর্বোধ্য।

اَلْمُعَقَّف : (اَلْهِلَال) ব্রাকেট। (.......)
اَلْمَعْقِل (ج) مَعَاقِل : দুর্গ। কেল্লা। আশ্রয়স্থল।
اَلْمَعْمَل الْكِيمِيَاوِيّ : ল্যাবরেটরি।
اَلْمَعْقُود : আবদ্ধ। চুক্তিবদ্ধ।
مَعْقُود اللِّسَانِ : নিশ্চুপ। বোবা।
اَلْمُعَلّ : অসুস্থ। রুগ্‌ণ।
اَلْمِعْلَاق : জবান। জিহ্বা।
مُعَلَّبَات : প্যাকেটিং করা জিনিসপত্র। খাবার। টিনজাত খাদ্যদ্রব্য।
اَلْمِعْلَف : ঘাসের পাত্র। পশুকে ঘাস খাওয়ানোর পাত্র।
اَلْمُعَلَّق : মুলতবি। ঝুলন্ত। পেন্ডিং। স্থগিত। সংযুক্ত। নির্ভরশীল।
اَلْمُعَلِّق : টীকাকার। হাশিয়া লেখক। পর্যালোচনাকারী।
مُعَلِّق إِذَاعِيّ : রেডিও ভাষ্যকার।
اَلْمُعَلِّق عَلَى الْأَنْبَاءِ : সংবাদ পর্যালোচনাকারী। সংবাদ বিশ্লেষক।
اَلْمُعَلَّم : চিহ্নিত। যাকে শেখানো হয়েছে। শিক্ষাপ্রাপ্ত।
اَلْمَعْلَم (ج) مَعَالِم : ব্যানার। নিশানা। চিহ্ন। মার্ক (Mark). বৈশিষ্ট্য। রূপরেখা।
اَلْمُعَلِّم : ওস্তাদ। টিচার। মাস্টার। শিক্ষাগুরু।
اَلْمُعَلِّم الْخَاصّ : টিউটর। শিক্ষক। ওস্তাদ। গৃহশিক্ষক।
اَلْمُعَلِّمَة : শিক্ষিকা। শিক্ষয়িত্রী।
اَلْمَعْلُوف : হৃষ্টপুষ্ট। মোটাতাজা। ঘাস পানি খেয়ে মোটাতাজা হওয়া পশু।
اَلْمَعْلُول : রোগাক্রান্ত। ব্যাধিগ্রস্ত। অসুস্থ। পরিণতি।

مَعْلُومَاتٌ : তথ্যাবলি। রেকর্ডস।

مَعْلُومَاتٌ أَوْفَى : পরিপূর্ণ তথ্য।

مَعْلُومَاتٌ سِرِّيَّةٌ : গোপন তথ্য।

مَعْلُومَاتٌ وَثِيقَةٌ وَ أَكِيدَةٌ : নির্ভরযোগ্য তথ্য। প্রামাণিক তথ্য।

اَلْمَعْلُومِيَّةُ : ইলম। জ্ঞান। পরিচিতি।

اَلْمِعْمَارُ : বিল্ডিংনির্মাতা। রাজমিস্ত্রি। স্থপতি।

مَعْمَعَانُ الشِّتَاءِ : শীতের তীব্রতা।

مَعْمَعَانُ الصَّيْفِ : গরমের তীব্রতা।

اَلْمَعْمَعَةُ : আগুন লাগার শব্দ। যুদ্ধের তীব্রতা। প্রচণ্ড গরমে ভ্রমণ করা। শোরগোল করা। হট্টগোল করা।

اَلْمَعْمَعِيُّ : সময়ের সন্তান। যোগ্য সন্তান।

اَلْمَعْمَلُ : মিল। ফ্যাক্টরি। কারখানা।

مَعْمَلُ التَّجْلِيدِ : বাইন্ডিং-হাউস।

مَعْمَلُ تَكْرِيرٍ : রিফাইনারী। তেল ইত্যাদি শোধনাগার।

مَعْمَلُ تَكْرِيرِ السُّكَّرِ : সুগার রিফাইনারী। চিনি শোধনাগার।

اَلْمَعْمَلُ الْعِلْمِيُّ : ল্যাবরেটরি।

اَلْمَعْمَلُ الْكِيمِيَاوِيُّ : ল্যাবরেটরি। রাসায়নিক গবেষণাগার।

اَلْمَعْمُورُ : জনবহুল। আবাদ। বিশ্ব। বসতিপূর্ণ।

اَلْمَعْمُورَةُ : আবাদি। পৃথিবী। দুনিয়া। বিশ্ব।

اَلْمَعْمُولُ : ১. তৈরিকৃত। ২. চিহ্ন। সম্পাদিত। উৎপাদিত। প্রক্রিয়াজাত।

مَعْمُولٌ بِهِ : প্রচলন। জারি। চালু।

مَعْنُونٌ بِاسْمِ فُلَانٍ : কারো নামের সাথে সম্পর্কযুক্ত।

اَلْمَعْنَوِيُّ : আধ্যাত্মিক। অভ্যন্তরীণ। অর্থগত। অনুভূতি ও বাস্তবতার পরিপন্থি। আত্মিক।

اَلْمَعْنَوِيَّةُ : মোর‍্যাল। উদ্দীপনা। আধ্যাত্মিকতা।

اَلْمَعْنَوِيَّةُ الْمُرْتَفِعَةُ : বর্ধিত উদ্দীপনা। উচ্চাকাঙ্ক্ষা। উচ্চাভিলাষ।

مَعْنًى : উদ্দেশ্য। বিষয়বস্তু। বাস্তব।

مَعْنِيٌّ بِكَذَا : এ বিষয়ে সে মনোযোগী, যত্নবান, আগ্রহী।

مَعْنِيُّونَ : সম্পৃক্ত ব্যক্তিবর্গ। পরিবারভুক্ত ব্যক্তিবর্গ। বন্ধু-বান্ধব।

اَلْمُعْوَجُّ : বক্র। বাঁকা। তির্যক।

اَلْمُعْوِزُ : নিঃস্ব। দরিদ্র। মুখাপেক্ষী।

مُعَوِّقَاتٌ : প্রতিবন্ধকতাসমূহ। অন্তরায়।

مُعَوِّقَاتٌ تَسْوِيقِيَّةٌ : ক্রয়বিক্রয়ের সমস্যাবলি।

اَلْمُعَوِّقُونَ : প্রতিবন্ধীসকল।

اَلْمِعْوَلُ (ج) مَعَاوِلُ : কোদাল। কুঠার।

اَلْمُعَوَّلُ : ভরসা। নির্ভরযোগ্যতা।

اَلْمُعَوَّلُ عَلَيْهِ : বিশ্বস্ত। নির্ভরযোগ্য।

اَلْمَعُونَةُ : সাপোর্ট। সাহায্য। সহায়তা। শক্তিবর্ধন। সমর্থন।

اَلْمَعُونَةُ الْاِجْتِمَاعِيَّةُ : সোস্যাল ওয়েলফেয়ার।

اَلْمَعُونَةُ الْاِقْتِصَادِيَّةُ : অর্থনৈতিক সহযোগিতা।

اَلْمَعُونَةُ الْأَمْرِيكِيَّةُ : আমেরিকান সাহায্য।

اَلْمَعُونَةُ الثُّنَائِيَّةُ : দ্বি-পাক্ষিক সহযোগিতা।

اَلْمَعُونَةُ الْعَسْكَرِيَّةُ : সামরিক সহায়তা।

اَلْمَعُوْنَةُ الْفَنِّيَّةُ : শিল্প সহায়তা। কারিগরি সহায়তা।

اَلْمَعُوْنَةُ الْمَالِيَّةُ : আর্থিক সহায়তা।

اَلْمَعُوْنَةُ الْمُتَبَادِلَةُ : পারস্পরিক সহযোগিতা।

اَلْمَعْتُوْهُ : বিপদগ্রস্ত।

اَلْمَعْهَدُ (ج) مَعَاهِدُ : প্রতিষ্ঠান। একাডেমী। শিক্ষা-প্রতিষ্ঠান। সংগঠন।

مَعْهَدُ الْبُعُوْثِ : বহিরাগতদের প্রতিষ্ঠান।

اَلْمَعْهَدُ الْعِلْمِيُّ : ইনস্টিটিউট (Institute)।

اَلْمَعْهُوْدُ : প্রতিশ্রুত। নির্দিষ্ট। পরিচিত।

مَعْهُوْدٌ إِلَيْهِ بِكَذَا : তাকে অমুক কাজের দায়িত্বশীল বানানো হয়েছে। সে অমুক কাজের জিম্মাদার।

اَلْمِعَى (ج) اَمْعَاءٌ، مِعَاءٌ : অন্ত্র। নাড়িভুঁড়ি।

اَلْمِعْيَارُ (ج) مَعَايِيْرُ : টেস্ট। স্ট্যান্ডার্ড। মান। মানদণ্ড। পরিমাপ। কষ্টিপাথর।

اَلْمِعْيَارِيُّ : মানসম্মত। স্ট্যান্ডার্ড।

اَلْمَعِيْبُ : দোষ। দোষযুক্ত। ত্রুটিপূর্ণ। খারাপ।

اَلْمُعِيْدُ : সহকারী অধ্যাপক। ডিমেনিস্ট্রেটর।

مُعِيْدُ الدَّرْسِ : সহকারী অধ্যাপক।

اَلْمُعِيْنُ : সহকারী। এ্যাসিস্টেন্ট।

مُعِيْنٌ لِلصِّيَاغَةِ : প্রুফরিডার।

اَلْمُعِيْرُ : ঋণদাতা।

اَلْمَعِيْشَةُ : জীবিকা। জীবনযাপনের সামগ্রী।

اَلْمُعِيْقُ : বাধা। প্রতিবন্ধক।

اَلْمُعِيْلُ : পরিবার-পরিজনবিশিষ্ট।

اَلْمُعَيَّنُ : নির্দিষ্ট। নির্ধারিত। নিযুক্ত।

اَلْمَعِيْنُ : প্রবাহিত পানির ঝরনা। প্রবহমান পানি। পানির উৎস।

اَلْمُعِيْنُ : সহায়তাকারী।

مُعَيَّنٌ فِيْ مَنْصَبٍ : পদাধিকারী ব্যক্তি। কোনো পদের জন্য নিযুক্ত। ব্যক্তি।

م —— غ

اَلْمُغَادَرَةُ : রওয়ানা হওয়া। স্থান ত্যাগ করা।

اَلْمَغَارُ وَالْمَغَارَةُ (ج) مَغَارَاتٌ : গুহা। গর্ত। পর্বতচূড়া। আক্রমণ। হামলা।

اَلْمُغَازِلُ : সুন্দরের পূজারী। বিলাসী।

اَلْمُغَازَلَةُ : ফুসলানো। প্রলোভিত করা। প্রেমিকসুলভ আচরণ করা। প্রেম করা। সৌখিনতা।

اَلْمَغَاصُ : ডুব দেওয়ার স্থান।

مُغَالَاةٌ : অতিরঞ্জিত করা। বাড়াবাড়ি করা।

اَلْمُغَالَاةُ فِي التَّقْدِيْرِ : অনুমানে বাড়াবাড়ি করা। অতিরিক্ত আন্দাজ করা।

اَلْمُغَالَبَةُ : পারস্পরিক রেশারেশি। বাড়াবাড়ি।

اَلْمُغَالِطُ : প্রতারণাপূর্ণ। বিভ্রান্তিকারী।

اَلْمُغَالَطَةُ : প্রতারণা। প্রবঞ্চনা।

اَلْمُغَالَطَةُ السِّيَاسِيَّةُ : রাজনৈতিক প্রতারণা।

اَلْمُغَامِرُ : দুঃসাহসী। উদ্যোক্তা। উদ্যোগ গ্রহণকারী।

مُغَامَرَاتٌ (وا) اَلْمُغَامَرَةُ : দুঃসাহসিকতা। ঝুঁকিপূর্ণ।

اَلْمُغَامَرَاتُ الْعَسْكَرِيَّةُ : সৈনিকদের দুঃসাহসিক কর্ম।

اَلْمُغَامَرَةُ : ঝুঁকিপূর্ণ কাজ। ভয়াবহ পদক্ষেপ। ভয়াবহ কাজ। দুঃসাহস। উদ্যোগ।

مُغَامَرَةٌ ذَاتُ مَعْنًى : অর্থবহুল দুঃসাহসিক উদ্যোগ।

اَلْمُغَايَرَةُ : বিরোধিতা করা। পরিবর্তন করা। বৈপরীত্য।

اَلْمَغَبَّةُ : পরিণাম। পরিণতি। ফলাফল। শেষ পরিণতি।

اَلْمَغْبُوطُ : সৌভাগ্যবান।

اَلْمَغْبُونُ : প্রতারিত। প্রবঞ্চিত।

اَلْمُغْتَابُ : চুগলখোর। নিন্দুক। পরচর্চাকারী। গীবতকারী।

اَلْمُغْتَاظُ : অসন্তুষ্ট। ক্ষুব্ধ। উত্তেজিত। রাগান্বিত।

اَلْمُغْتَسَلُ : গোসলখানা। গোসলের স্থান। প্রক্ষালনগৃহ। লন্ড্রি।

اَلْمُغْتَصُّ : পরিপূর্ণ। ভর্তি [পাত্র]।

اَلْمُغْتَمُّ : অসন্তুষ্ট। বিরক্ত। বিষণ্ন। দুঃখিত।

مُغْرٍ : উৎসাহব্যঞ্জক। উত্তেজনামূলক। প্ররোচক। প্রলুব্ধকর।

اَلْمَغْرَاةُ : খামির রাখার পাত্র।

اَلْمَغْرِبُ : মরক্কো [দেশ]। পাশ্চাত্য। সূর্যাস্তের স্থান ও দিক। পশ্চিম। মাগরিব [নামাজ]।

اَلْمُغْرَبَلُ : ছিনতাইকৃত।

اَلْمَغْرِبِيُّ : মরক্কো দেশীয়। পাশ্চাত্যের অধিবাসী। পশ্চিমা।

اَلْمُغْرِضُ : উত্তেজনামূলক।

اَلْمِغْرَفَةُ (ج) مَغَارِفُ : বড় চামচ। কাঠের বড় চামচ।

اَلْمَغْرَمُ (ج) مَغَارِمُ : লোকসান। ক্ষতি। জরিমানা।

مُغْرَمٌ بِشَيْءٍ : কোনো জিনিসের আসক্ত হওয়া। আসক্ত। প্রেমিক।

اَلْمَغْرُورُ : প্রতারিত। প্রবঞ্চিত।

مَغْرُورٌ بِنَفْسِهِ : আত্মপ্রবঞ্চনায় নিমজ্জিত। দাম্ভিক।

مُغْرٍ : উত্তেজনামূলক।

اَلْمِغْزَلُ : সুতা কাটার যন্ত্র। চরকা।

اَلْمَغْزَى : ফলাফল। সারমর্ম। তাৎপর্যপূর্ণ। উদ্দেশ্য। কথা। যুদ্ধ। যুদ্ধস্থল।

اَلْمَغْسَلُ : (حُجْرَةُ غَسْلِ الْمَلَابِسِ أَوْ مُؤَسَّسَةٌ لِغَسْلِ الْمَلَابِسِ وَكَيِّهَا) লন্ড্রি। গোসলখানা। প্রক্ষালনগৃহ।

اَلْمِغْسَلُ (ج) مَغَاسِلُ : ধোয়ার জন্য ব্যবহৃত পাত্র। গামলা। বালতি। বেসিন।

اَلْمِغْسَلَةُ : ওয়াশার। ওয়াশিং মেশিন।

اَلْمَغْسَلَةُ : ওয়াশ-স্ট্যান্ড। (Wash stand) বেসিন। (basin)

اَلْمَغْشُوشُ : প্রতারিত। নকল। জাল।

مَغْشِيٌّ عَلَيْهِ : বেহুঁশ। সংজ্ঞাহীন।

اَلْمَغْصُوبُ : বাধ্য। জবরদখলকৃত। লুণ্ঠিত। অপহৃত।

اَلْمُغَضَّنُ : ভাঁজকৃত। কুঞ্চিত। কোঁকড়ানো।

اَلْمِغْطَسُ : গোসল করার বড় পাত্র। বাথটব।

اَلْمَغْفِرَةُ : ক্ষমা। মার্জনা। দান।

اَلْمُغَفَّلُ : মূর্খ। বেকুব। অপরিণামদর্শী। অনভিজ্ঞ। দ্রুত প্রতারণার শিকার হয় এমন।

اَلْمُغِلُّ : হিংসাপরায়ণ। হিংসুক। ফলপ্রসূ।

اَلْمُغْلَطَةُ (ج) مَغَالِطُ : প্রতারণামিশ্রিত কথা। বিভ্রান্তিকর কথা।

اَلْمُغَلَّفُ : আচ্ছাদিত।

اَلْمُغَلَّقُ : ১. বদ্ধ। তালাবদ্ধ। ২. ও ডি একাউন্ট।

اَلْمُغْلَقُ : লকার।

اَلْمُغَلَّلُ : বন্দি। কয়েদকৃত। শৃঙ্খলিত। বেড়িপরিহিত।

اَلْمَغْلُوبُ : পরাজিত। পরাভূত। পরাস্ত।

اَلْمَغْلُوطُ فِيهِ : অশুদ্ধ। ভুল। যে ব্যাপারে ত্রুটি করা হয়েছে।

اَلْمَغْلُولُ : ১. তীব্রপিপাসা। ২. হিংসুক। বন্দি। পিপাসার্ত।

مُغْلِي الْأَعْشَابِ : সিদ্ধ। ফুটানো। চা।

اَلْمَغْمَزُ (ج) مَغَامِزُ : দোষ। ত্রুটি।

اَلْمَغْمُورُ : অপরিচিত। নিমজ্জিত। আচ্ছন্ন। পূর্ণ। পরিবেষ্টিত। প্লাবিত।

اَلْمَغْمُومُ : বিষণ্ন। দুশ্চিন্তাগ্রস্ত।

مُغَنٍّ : গায়ক। গীতিকার।

اَلْمِغْوَارُ (ج) مَغَاوِيرُ : যোদ্ধা। কমান্ডো। দুঃসাহসী। গেরিলা। বীর। দ্রুতগামী।

اَلْمُغِيبُ وَالْمُغِيبَةُ : স্বামী থেকে বিচ্ছিন্ন স্ত্রী।

اَلْمُغِيرُ : আক্রমণকারী।

مُغَيِّرٌ : (نَاقِلُ التُّرُوسِ، مُبَدِّلُ السُّرْعَةِ) গিয়ার শিফট। মোটরের গতি পরিবর্তন করার যন্ত্র।

مُغَيِّرُ التُّرُوسِ : গিয়ার-লেভার।

اَلْمُغِيظُ : অসন্তুষ্ট। বিরক্তিকর।

م ——— ف

مُفَاجَأَةٌ : আকস্মিকতা। তাৎক্ষণিক পরিস্থিতি। হঠাৎ।

اَلْمُفَاجَأَةُ بِشَيْءٍ : অকস্মাৎ জ্ঞাত হওয়া। হঠাৎ সংঘটিত হওয়া।

اَلْمُفَاجِيءُ : আকস্মিক। হঠাৎ। তাৎক্ষণিক। অনাকাঙ্ক্ষিত। হঠাৎ আগমনকারী।

اَلْمُفَارَقَةُ : পৃথক হওয়া। বিচ্ছিন্ন হওয়া।

اَلْمَفَازَةُ : বন। জঙ্গল। মরুভূমি। নির্জন প্রান্তর। সাফল্য। সফলতা।

اَلْمُفَاضَلَةُ فِي الْأَسْعَارِ : মূল্যের হ্রাস-বৃদ্ধি।

اَلْمُفَاعِلُ النَّوَوِيُّ : পারমাণবিক রি-এক্টর।

اَلْمُفَاكَهَةُ : রসিকতা করা। ঠাট্টা-বিদ্রূপ করা।

اَلْمُفَاوَضَةُ : আলোচনা। কথাবার্তা।

مُفَاوَضَاتٌ : আলোচনা। কথাবার্তা।

مُفَاوَضَاتُ الْأَسْلِحَةِ : অস্ত্র-সম্পর্কিত আলোচনা।

مُفَاوَضَاتٌ ثُنَائِيَّةٌ : দ্বি-পাক্ষিক আলোচনা।

مُفَاوَضَاتُ السَّلَامِ : শান্তি আলোচনা।

مُفَاوَضَاتٌ سِلْمِيَّةٌ : শান্তি আলোচনা।

مَفَاهِيمُ : নীতিমালা। মতবাদ। ধ্যানধারণা।

اَلْمِفْتَاحُ (ج) مَفَاتِيحُ : চাবি। রেলওয়ে লাইনের কাঁটা পরিবর্তনের যন্ত্র। সুইচ (Switch)

مِفْتَاحُ مُسَافَاتِ الْأَسْطُرِ : [টাইপ রাইটারের] লাইন স্পেচ (Line spece)।

مِفْتَاحُ إِنْطِلَاقِ الْعَرَبَةِ : [রাইপটারের] কিয়ার্জ লেভার।

مِفْتَاحُ بَدْءِ حَرَكَةِ الْأُتُومْبِيلِ : স্টার্টার।

مِفْتَاحُ التَّرْجِيعِ (فِي الْآلَةِ الْكَاتِبَةِ) : ব্যাক স্পীকার। [কম্পিউটারের]

مِفْتَاحُ تَغْيِيرِ الشَّرِيطِ عَلَى الْآلَةِ الْكَاتِبَةِ : রুম-সুইচ।

مِفْتَاحُ حَلِّ الْأُسْطُوَانَةِ الدَّاخِلِيَّةِ : পেপার রীলজ। [টাইপ রাইটারের]

مِفْتَاحُ حَلِّ الْهَامِشِ : মার্জিন রীলজ। [টাইপ রাইটারের]

مِفْتَاحُ الشَّفْرَةِ : টেলিগ্রাফের চাবি।

مِفْتَاحُ صَوْلَةٍ : ক্যাবল খোলার চাবি।

اَلْمِفْتَاحُ الْكَهْرَبَائِيُّ : সুইচ (Swithc)। ইলেকট্রিক সুইচ।

اَلْمِفْتَاحَجِيُّ : রেলওয়ের কাঁটা পরিবর্তনকারী।

اَلْمُفْتَخَرُ : গৌরবান্বিত। মর্যাদাশীল। সুশোভিত। জাকজমকপূর্ণ। বর্ণাঢ্য।

اَلْمُفْتَخِرُ : অহংকারী। গর্বিত। গৌরবজনক। বিলাসবহুল।

مُفْتَرٍ : অপবাদদাতা। অভিযোগ উত্থাপনকারী।

اَلْمُفْتَرِسُ : হিংস্র। রক্তখেকো। শিকারি।

اَلْمُفَتِّشُ : কন্ট্রোলার। ইন্সপেক্টর। পরিদর্শক। তদারককারী (Inspector) নিরীক্ষক।

اَلْمُفَتِّشُ الْأَوَّلُ : চীপ-ইন্সপেক্টর।

مُفَتِّشُ التَّذَاكِرِ : টিকেট-কন্ট্রোলার। টিকেট চেকার।

مُفَتِّشٌ ثَانٍ : সাব-ইন্সপেক্টর। (Sub inspector)

مُفَتِّشُ الضَّرَائِبِ : ট্যাক্স-ইন্সপেক্টর।

اَلْمُفَتِّشُ الْعَامُّ : ইন্সপেক্টর জেনারেল।

اَلْمُفْتَعَلُ : মনগড়া। জাল। নকল।

اَلْمَفْتُوحُ : প্যাটেন্ট। উন্মুক্ত। খোলা। বিজিত। [ব্যাকরণে] ফাতহাযুক্ত।

اَلْمَفْتُوقُ : বিদীর্ণ। ফাটলযুক্ত।

مَفْتُولُ الْعَضَلِ : শক্তিশালী। সামর্থ্যবান।

اَلْمَفْتُونُ : উন্মাদ। প্রেমিক। প্রেমাসক্ত।

اَلْمُفْحَمُ : নিরুত্তরকারী। লা-জওয়াবকারী। নির্বাককারী।

اَلْمَفْخَرَةُ (ج) مَفَاخِرُ : গর্বের বস্তু। গৌরবজনক কাজ।

اَلْمُفَخَّمُ : সম্মানিত। বড়। আড়ম্বরপূর্ণ।

اَلْمَفَرُّ : পলায়নস্থল। পালানোর রাস্তা।

اَلْمُفْرِحُ : আনন্দদায়ক।

اَلْمُفْرَدُ : সিঙ্গেল। এক। একক। একাকী।

مُفْرَدَاتٌ : এককসমূহ। (Items) বাক্যসমূহ। শব্দসমূহ। শব্দতালিকা।

مُفْرَدَاتُ الْمِيزَانِيَّةِ : বাজেট-আইটেম।

مِفْرَشُ السَّرِيرِ : গদি। খাটের তোষক।

مِفْرَشُ السُّفْرَةِ : দস্তরখান। টেবিলক্লথ।

اَلْمُفْرِطُ : সীমাতিরিক্ত। সীমালঙ্ঘনকারী। বাড়াবাড়িকারী।

اَلْمُفَرِّطُ : বিচ্ছিন্নতাবাদী। অপচয়কারী। চরমপন্থি।

اَلْمَفْرِقُ : ঝগড়ার কেন্দ্রবিন্দু। মতবিরোধের মূল।

مَفْرِقُ الطُّرُقِ : চৌরাস্তা। জংশন।

مُفَرْقَعَاتٌ : বিস্ফোরক দ্রব্যাদি।

مِفْرَمَةُ اللَّحْمِ : গোশ্‌ত কিমা করার যন্ত্র।

اَلْمَفْرُوزُ : বিচ্ছিন্ন। পরীক্ষিত। যাচাইকৃত।

اَلْمَفْرُوشُ : বিস্তৃত। আসবাবপত্রে সজ্জিত।

مَفْرُوشَاتٌ : আসবাবপত্র। ফার্নিচার।

اَلْمَفْرُوضُ : ধার্যকৃত। চূড়ান্ত। আরোপিত। অত্যাবশ্যক।

مَفْرُوغٌ مِنْهُ : সমাপ্ত। সমাপিত। শেষকৃত।

اَلْمَفْرُومُ : টুকরা টুকরা গোশ্‌ত। কিমা।

مُفْرَزَةٌ : (جَمَاعَةٌ مِنَ الْجُنْدِ يُنَاطُ بِهَا أَدَاءُ مُهِمَّةٍ مَا) দল। স্কোয়াড। প্লাটুন।

اَلْمُفْصِحُ : স্পষ্ট। প্রকাশ্য। নির্মল। মেঘমুক্ত।

اَلْمِفْصَدُ (ج) مَفَاصِدُ : অস্ত্রোপচারের যন্ত্র।

اَلْمِفْصَلَةُ : কবজা।

اَلْمَفْصِلُ (ج) مَفَاصِلُ : গ্রন্থি। জোড়। [দুই হাড়ের] সন্ধিস্থান।

اَلْمُفَصَّلُ : কাটিংকৃত কাপড়। বিস্তারিত। বিশদ। বিভিন্ন অধ্যায়ে বিভক্ত।

اَلْمَفْصِلِيُّ : জোড়াবিশিষ্ট।

اَلْمَفْصُولُ : পৃথক। বিচ্ছিন্ন। আলাদাকৃত। অপসারিত।

اَلْمِفْضَلُ : অত্যন্ত দয়ালু।

اَلْمُفَضَّلُ : পছন্দনীয়। অগ্রাধিকারপ্রাপ্ত। সুযোগপ্রাপ্ত।

اَلْمَفْطُومُ : দুধ ছাড়ানো শিশু।

اَلْمُفْظِعُ : ভয়াবহ। ভয়ঙ্কর। অপছন্দনীয়। কুশ্রী। কুৎসিত।

مُفْعَمٌ بِكَذَا : কানায় কানায় পূর্ণ।

مُفْعَمٌ بِكَذَا : অমুক জিনিস দ্বারা পূর্ণ।

اَلْمَفْعُولُ : প্রভাব। কাজ। কৃত। সম্পাদিত।

اَلْمَفْقُودُ : হারানো। বিনষ্ট।

اَلْمِفَكُّ : স্ক্রু-ড্রাইভার। (Screw driver)

اَلْمُفَكِّرَةُ : নোট। নোটবুক। স্মরণিকা। মেমোরেন্ডাম। এজেন্ডা।

مُفَكِّرَةُ جَيْبٍ : নোটবুক।

اَلْمُفَكِّرَةُ الْيَوْمِيَّةُ : ডায়েরি। রোজনামচা।

اَلْمُفَكِّرُونَ : চিন্তাবিদ। বুদ্ধিজীবীগণ।

اَلْمَفْكُوكُ : উন্মুক্ত। অনাচ্ছাদিত। খোলা।

اَلْمُفْلِحُ : সফলকাম। কৃতকার্য।

مُفْلِسٌ سِيَاسِيًّا : রাজনৈতিকভাবে দেউলিয়া।

اَلْمَفْلُوجُ : পক্ষাঘাতগ্রস্ত। বেকার।

اَلْمَفْلُوقُ : বিভক্ত। বিদীর্ণ। খণ্ডিত।

مُفَنٌّ : আর্টিস্ট। চিত্রাঙ্কনকারী।

اَلْمُفَوْتِرُ : বিল তৈরির মেশিন। বিলার।

اَلْمُفَوَّضُ : স্থলাভিষিক্ত। কমিশনার। প্রতিনিধি। পরিচালক। নিয়োগপ্রাপ্ত।

اَلْمُفَوَّضُ السَّامِيُّ : হাই-কমিশনার। (High commissioner)

اَلْمُفَوَّضِيَّةُ : ছোট দূতাবাস। হাই-কমিশন। (High Commission).

اَلْمُفَوَّهُ : বাগ্মী। বাকপটু।

اَلْمَفْهُومُ : অর্থ। তাৎপর্য। ভাব।

م —— ق

اَلْمُقَابِلُ : সম্মুখের দিক। বিপরীতে। মুখোমুখি। সামনাসামনি। বিপক্ষ।

مُقَابِلُ الْحُضُورِ : উপস্থিত ফিস।

اَلْمُقَابَلَةُ : মিলানো। সাক্ষাৎকার। এক গ্রন্থকে অন্য গ্রন্থের সাথে তুলনা করা। সামনাসামনি অবস্থান। প্রতিযোগিতা।

مُقَابَلَةُ الاِحْتِيَاجَاتِ : প্রয়োজন সামনে আশা। প্রয়োজনের মুখোমুখি হওয়া।

مُقَابَلَةُ الاِقْتِرَاحِ بِالرَّفْضِ الشَّدِيدِ : প্রস্তাবকে কঠোরভাবে প্রত্যাখ্যান করা।

مُقَابَلَةٌ تِلْفِزْيُونِيَّةٌ : টেলিভিশন ইন্টারভিউ। টি ভি সাক্ষাৎকার।

اَلْمُقَابَلَةُ الدَّافِئَةُ : উষ্ণ সাক্ষাৎকার।

اَلْمُقَابَلَةُ الشَّخْصِيَّةُ عِنْدَ التَّوَظُّفِ : এপয়েন্টমেন্ট ইন্টারভিউ। সাক্ষাৎকার।

مُقَابَلَةُ الشَّغْبِ بِحَزْمٍ وَشِدَّةٍ : কঠোরভাবে সন্ত্রাসীদের মোকাবিলা করা।

اَلْمُقَابَلَةُ الصَّحَفِيَّةُ : পত্রিকার ইন্টারভিউ। প্রেস সাক্ষাৎকার।

اَلْمُقَابَلَةُ الْعَاجِلَةُ : তাৎক্ষণিক সাক্ষাৎ।

مُقَابَلَةُ الْعَمَلِ بِالْعَرْقَلَةِ : কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি করা।

اَلْمُقَابَلَةُ مع أَحَدٍ : ইন্টারভিউ। সাক্ষাৎকার।

اَلْمُقَابَلَةُ مَعَ صَحِيفَةٍ كَذَا : পত্রিকায় ইন্টারভিউ দেওয়া।

اَلْمُقَاتِلُ : সিপাহী। যোদ্ধা।

مُقَاتِلاَتٌ قَاذِفَةُ الْقَنَابِلِ : বোমারু বিমান।

اَلْمُقَاتَلَةُ بِالْبَسَالَةِ : বীরত্বের সাথে যুদ্ধ করা।

اَلْمُقَارَنَةُ : তুলনা করা। যাচাই করা। সমকক্ষতা। ভারসাম্যতা।

مُقَارَنَةُ الْحِسَابَاتِ : হিসাবের ব্যালেন্স রাখা। ভারসাম্য রক্ষা করা।

مُقَاسَاتٌ (وا) اَلْمُقَاسُ : সাইজ।

مُقَاسَاةٌ : কষ্ট সহ্য করা। বিপদে পতিত হওয়া।

اَلْمُقَاسَمَةُ : অংশিদারিত্ব। অংশগ্রহণ।

مُقَاطِعًا كَلاَمَكُمْ : আপনাদের কথা প্রত্যাখ্যান করে।

اَلْمُقَاطَعَةُ (ج) مُقَاطَعَاتٌ : জেলা। প্রদেশ। বিভাগ। বয়কট। (Boycott) বিচ্ছিন্নতা। প্রসাশনিক এলাকা। বর্জন।

اَلْمُقَاطَعَةُ الاِقْتِصَادِيَّةُ : অর্থনৈতিক বয়কট। অর্থনৈতিক নিষেধাজ্ঞা।

اَلْمُقَاطَعَةُ التِّجَارِيَّةُ : ব্যবসায়িক বয়কট।

مَقَاعِدُ الْمَجْلِسِ النِّيَابِيِّ : পার্লামেন্টারী সিট / আসন।

اَلْمَقَالُ الاِفْتِتَاحِيُّ : সম্পাদকীয়। স্বাগত ভাষণ।

مَقَالٌ رَئِيسِيٌّ (بِمَجَلَّةٍ): লীডিং আর্টিক্যাল। প্রধান পিচার। সম্পাদকীয় নিবন্ধ।

اَلْمَقَالَةُ : প্রবন্ধ। নিবন্ধ। আর্টিক্যাল। রচনা।

اَلْمَقَالَةُ الاِفْتِتَاحِيَّةُ : এডিটোরিয়াল। লীডিং আর্টিক্যাল। সম্পাদকীয় নিবন্ধ।

اَلْمَقَالَةُ الإِنْشَائِيَّةُ : সৃজনশীল প্রবন্ধ।

اَلْمَقَالَةُ الرَّئِيسِيَّةُ : সম্পাদকীয়। এডিটোরিয়াল।

اَلْمَقَالَةُ الْقَصِيرَةُ (فِي صَحِيفَةٍ يَوْمِيَّةٍ) : নোট। প্যারাগ্রাফ। কলাম।

مَقَالِيدُ الْأُمُورِ : কাজের দায়িত্ব অর্পণ।

اَلْمَقَامُ : স্থান। স্তর। অবস্থান। পজিশন। প্রেস্টিজ। সম্মান। বাসস্থান। স্থান। স্থাপিত।

اَلْمُقَامَرَةُ السِّيَاسِيَّةُ : রাজনৈতিক মারপ্যাঁচ।

اَلْمُقَامَرَةُ عَلَى الْكِيَانِ : জুয়ায় লাগানো। জীবনের বাজি লাগানো।

اَلْمُقَاوَاةُ : ক্ষমতা পাওয়া। আয়ত্তে আনা।

اَلْمُقَاوَضَةُ : আদান-প্রদান।

اَلْمُقَاوِلُ : ঠিকাদার। কন্ট্রাকটর (Contractor)।

اَلْمُقَاوِلُ الْمَبَانِي : বিল্ডিং-ঠিকাদার। বিল্ডিং-কন্ট্রাকটর।

اَلْمُقَاوَلَةُ عَلَى أَمْرٍ : কোনো কাজের ঠিকা।

اَلْمُقَاوِمُ : বিরোধী। প্রতিরোধকারী।

اَلْمُقَاوَمَةُ : প্রতিরোধ। বিরোধ।

اَلْمُقَاوَمَةُ بِالْقُوَّةِ : প্রতিরোধ করা। শক্তি দ্বারা প্রতিরোধ করা।

اَلْمُقَاوَمَةُ حَتَّى آخِرِ طَلْقَةٍ : শেষ গুলি থাকা পর্যন্ত প্রতিরোধ চালিয়ে যাওয়া।

اَلْمُقَاوَمَةُ الشَّعْبِيَّةُ : জনতার প্রতিরোধ।

مَقَاهِي (وا) اَلْمَقْهَى : কফি হাউস।

اَلْمُقَايَسَةُ : অনুমান। এস্টিমেট।

اَلْمُقَايَسَةُ التَّقْرِيبِيَّةُ : রাফ এস্টিমেট।

اَلْمُقَبَّبُ : গম্বুজবিশিষ্ট।

اَلْمِقْبَضُ : কবজা। হ্যান্ডেল। হাতল।

اَلْمُقْبِلُ : আগামী। ভবিষ্যৎ।

مُقْبِلٌ إِلَى : সম্মুখে আগত ব্যক্তি।

مُقْبِلٌ عَلَى : সূচনাকারী। মনোনিবেশকারী।

اَلْمَقْبُوضُ : দখলকৃত। ধৃত। আদায়কৃত।

مَقْبُوضٌ عَلَيْهِ : গ্রেপ্তার।

اَلْمَقْبُوضَاتُ النَّقْدِيَّةُ : নগদ উসুলকৃত। নগদপ্রাপ্তি।

اَلْمَقْبُولُ : গৃহীত। গ্রহণযোগ্য। [পরীক্ষায়] পাস। [প্রতিষ্ঠানে] ভর্তিকৃত।

اَلْمُقْتَبَسُ : চয়নকৃত। নির্বাচিত। বাছাইকৃত।

مُقْتَبَلُ الشَّبَابِ : নবযৌবন।

اَلْمُقْتَتَلُ : রণক্ষেত্র। যুদ্ধক্ষেত্র।

اَلْمُقْتِرُ : কৃপণ। বখিল। দরিদ্র। অভাবী।

مُقْتَرَحَاتٌ : প্রস্তাবাদি।

اَلْمُقْتَرِعُ : ভোটার। ভোটদাতা। নির্বাচক।

اَلْمُقْتَرِفُ : অপরাধী।

اَلْمُقْتَرِنُ : বিবাহিত। সম্পৃক্ত। যুক্ত।

اَلْمُقْتَصِدُ : মিতব্যয়ী। সঞ্চয়ী।

اَلْمُقْتَصَرُ : সংক্ষিপ্ত।

